কীদৃশৈরণ্ডকোষ প্রমাণাদ্দশগুণোত্তরোত্তরোঽধিকৈঃ যেষু তৈঃ ন কেবলময়মেকএব অপিতু অন্যেপি লক্ষ্যন্তে। ৪১।
সর্ব্বেষাং কারণানাং কারণং ধাম স্বরূপং। ৪২।
।*। ইতি তৃতীয়ে একাদশঃ ।*।
দ্বাদশেতু কুমারাদি মনঃ সর্গাঽসমেধনাৎ। কায়দ্বৈধেন যৌনস্তু মনুসর্গোঽনু বর্ণ্যতে। ১।

ক্রমসন্দর্ভঃ।

অন্যে চ লক্ষ্যন্তে ইতি অনাদ্যাবরণস্ত পুর্ব্বোক্তযুক্ত্যৈবমেব সর্ব্বেষামবগন্তব্যং। ৪১।
যদ্যপি পূর্ব্বোক্তরীত্যা মহাপুরুষোঽপি কালাধীনো ন ভবত্যেব। তথাপ্যাবির্ভাব তিরোভাব লীলত্বাদক্ষরশব্দবাচ্যো ন ভবতি। কিন্তু তস্য পরমস্বরূপং স্বয়ং ভগবানেব নিত্যাবির্ভাবত্বাৎ তদাচ্য ইত্যাহ তদাহুরিতি। মহাত্মনো বিষ্ণোর্মহাবিষ্ণ্বাখ্যস্য সাক্ষাৎ পরং ধাম স্বরূপং সিদ্ধং পরমাংশিরূপং তত্বং তদেবাক্ষরং নিত্যাবির্ভাবং ব্রহ্ম পরিপূর্ণভগবত্ত্বমাহুঃ। যতঃ সর্ব্বকারণস্য পুরুষস্যাপি কারণমিতি। ৪২।
।*। ইতি শ্রীমদ্ভাগবতে তৃতীয়স্কন্ধে শ্রীজীবগোস্বামিকৃত ক্রমসন্দর্ভস্য একাদশোঽধ্যায়ঃ সমাপ্তঃ ।*।

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

বিষ্ণোঃ কারণার্ণবশায়িনো ধাম দেহঃ গৃহদেহত্বিট্ প্রভাবা ধামনীত্যমরঃ। ৪২।
।*। ইতি সারার্থদর্শিন্যাং হর্ষিণ্যাং ভক্তচেতসাং। একাদশস্তৃতীয়স্য সঙ্গতঃ সঙ্গতঃ সতাং ।*।
সনকাদি মরীচ্যাদি ধর্ম্মাধর্ম্মাদি সৃষ্টিভিঃ। দ্বাদশে সর্গবৃদ্ধ্যর্থং মিথুনং দেহতোঽসৃজৎ।*।
মহিমা প্রভাবঃ। ১।

ঐ সপ্ত পদার্থের পরিমাণও অল্প নহে, ব্রহ্মাণ্ডের পরিমাণ অপেক্ষা উত্তরোত্তর দশগুণ অধিক। যাহাতে এতাদৃশ কোটি কোটি এবং রাশি রাশি ব্রহ্মাণ্ড প্রবিষ্ট হইয়া পরমাণু তুল্য লক্ষিত হয় ॥ ৪১ ॥
পণ্ডিতেরা তাহাকেই অক্ষর এবং সকল কারণের কারণ স্বরূপ পরম ব্রহ্ম বলিয়া নির্দেশ করেন। বৎস! তিনিই পরম পুরুষ বিষ্ণুর পরম ধাম ॥ ৪২ ॥
॥ * ॥ ইতি তৃতীয়ে একাদশ ॥ * ॥
দ্বাদশাধ্যায়ে ব্রহ্মার সৃষ্টি বর্ণন ॥ * ॥
মৈত্রেয় কহিলেন হে অনাদির বিদুর! পরমাত্মার কাল নামক প্রভাব এই তোমার নিকট বর্ণন করিলাম, এখন বেদগর্ভ ব্রহ্মা যে প্রকারে সৃষ্টি করেন তাহা বলি শ্রবণ কর ॥ ১ ॥

সসর্জ্জাগ্রেঽন্ধতামিস্রমথ তামিস্রমাদিকৃৎ। মহামোহঞ্চ মোহঞ্চ তমশ্চাজ্ঞানবৃত্তয়ঃ ॥ ২ ॥

দৃষ্ট্বা পাপীয়সীং সৃষ্টিং নাত্মানং বহ্বমন্যত। ভগবদ্ধ্যানপূতেন মনসান্যাং ততোঽসৃজৎ ॥ ৩ ॥

সনকঞ্চ সনন্দঞ্চ সনাতনমথাত্মভূঃ। সনৎকুমারঞ্চ মুনীন্ নিষ্ক্রিয়ানূর্দ্ধরেতসঃ ॥ ৪ ॥

শ্রীধরস্বামী।

অগ্র ইতি ব্রহ্মা স্রষ্টা প্রথমমবিদ্যাবৃত্তীঃ সসর্জ্জ। তত্র তমোনাম স্বরূপাপ্রকাশঃ মোহো দেহাদ্যহং বুদ্ধিঃ। মহামোহো ভোগেচ্ছা। তামিস্রঃ তৎপ্রতিঘাতে ক্রোধঃ। অন্ধতামিস্রঃ তন্নাশেঽহমেব মৃতোঽস্মীতি বুদ্ধিঃ। তদেবোক্তং বৈষ্ণবে। তমোঽবিবেকো মোহঃ স্যাদন্তঃকরণবিভ্রমঃ। মহামোহস্তু বিজ্ঞেয়ো গ্রাম্যভোগ সুখৈষণা। মরণং হ্যন্ধতামিস্রং তামিস্রঃ ক্রোধ উচ্যতে। অবিদ্যা পঞ্চপর্ব্বৈষা প্রাদুর্ভূতা মহাত্মন ইতি। পাতঞ্জলেপ্যেত এবোক্তাঃ। অবিদ্যাঽস্মিতা রাগ দ্বেষাভিনিবেশাঃ পঞ্চক্লেশা ইতি। শ্রীবিষ্ণুস্বামি প্রোক্তা বা। অজ্ঞান বিপর্য্যাস ভেদ ভয় শোকাঃ। তদুক্তং স্বাদৃত্তথবিপর্য্যাসেত্যাদি। ২।

নবহ্বমন্যত নাত্যানন্দৎ ॥ ৩ ॥

যদ্যপি প্রতিকল্পং সনকাদি সৃষ্টির্নাস্তি তথাপি ব্রাহ্ম সর্গত্বাদিহোচ্যতে। বস্তুতস্তু মুখ্য সর্গাদয় এব প্রতিকল্পং ভবন্তি সনকাদয়স্তু ব্রাহ্মকল্প সৃষ্টা এবানুবর্ত্তন্তে ॥ ৪ ॥

ক্রমসন্দর্ভঃ।

দৃষ্ট্বেতি যুগ্মকং অসৃজৎ ব্রাহ্মকল্পসৃষ্টানেব তান্ ত্রৈলোক্য সৃষ্টৌ। তত্র প্রকটয়ামাসেত্যর্থঃ। ১। ২। ৩। ৪।

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

অবিদ্যাবৃত্তয়ঃ পূর্ব্ব সিদ্ধা এব সৃষ্ট্যারম্ভে ব্রহ্মতঃ সকাশাৎ তম আদিরূপেণাবির্ব্বভূবুরিত্যাহ সসর্জ্জেতি। তত্র তমো নাম জীবস্য স্বরূপাপ্রকাশঃ। মোহো দেহাদাবহন্তারোপঃ মহামোহো ভোক্তব্যবিষয়েষু মমত্বারোপঃ। তামিস্রঃ ভোগপ্রতিঘাতে সত্যন্তঃকরণ ধর্ম্মস্য ক্রোধস্য স্বীকারঃ। ততশ্চান্ধতামিস্রঃ ক্রোধতম্ময়ীভাবরূপা মূর্চ্ছেব মরণং। এতে জীবস্যাসন্তোপ্যবিদ্যয়া সৃষ্টাঃ। যথোক্তং বৈষ্ণবে। তমো বিবেকো মোহঃ স্যাদন্তঃকরণবিভ্রমঃ। মহামোহস্তু বিজ্ঞেয়ো গ্রাম্যভোগসুখৈষণা। মরণং হ্যন্ধতামিস্রং তামিস্রং ক্রোধ উচ্যতে। অবিদ্যা পঞ্চপর্ব্বৈষা প্রাদুর্ভূতা মহাত্মন ইতি পাতঞ্জলেপ্যেত এবোক্তাঃ অবিদ্যা অস্মিতা রাগদ্বেষাভিনিবেশাঃ শ্রীবিষ্ণুস্বামি প্রোক্তা অজ্ঞানবিপর্য্যাস ভেদভয়শোকা বস্তুতস্ত্ববিদ্যায়া আবরণ বিক্ষেপাবেব দ্বৌ ধর্ম্মৌ তাবেব অবিদ্যা অস্মিতা শব্দাভ্যাং অজ্ঞানবিপর্য্যাসশব্দাভ্যাঞ্চোচ্যেতে। রাগদ্বেষাভিনিবেশাস্ত্বন্তঃকরণ ধর্ম্মা অপি বিক্ষেপাংশস্য প্রাধান্যাদ্বিক্ষেপ প্রপঞ্চ তয়ৈবোচ্যন্ত ইতি জ্ঞেয়ং। ২ ॥

অবিদ্যায়া নিবর্ত্তিকা বিদ্যৈবেতি জ্ঞাপয়িতুং বিদ্যাবৃত্তয়োপি তস্মাদেব সনকাদিরূপেণাবির্বভূবুরিত্যাহ দৃষ্ট্বেত্যাদিনা মহাকল্পেষু ব্রহ্মাদীনাং জীবত্বমেব প্রথমপরার্দ্ধান্তে পরমেশ্বরে প্রবেশাৎ পাদ্মকল্পে যথা ব্রহ্মা পদ্মাদুদপদ্যত তথা ব্রহ্মাপি সনকাদীন্ পুনরুৎপাদয়ামাসেত্যাহ। ৩।

সনকঞ্চেতি। সাংখ্যযোগবৈরাগ্যতপাংসীতি চত্বার্য্যেব বিদ্যায়াশ্চতস্রো বৃত্তয়স্তাসামেব সনকাদিচতুষ্টয়রূপেণাবির্ভাবঃ। কিঞ্চ ভক্ত্যা বিনা বিদ্যায়া বৈফল্যাত্তদ্বৃত্তিষু তপ আদিষ্বপি ভক্তিগুণীভূতা সতী তিষ্ঠেদিতি সনকাদয়োপি ভক্তিমন্ত এব দৃষ্টাঃ। মুখ্য ভক্তেরাবির্ভাবস্তু নারদরূপেণাগ্রে বক্ষ্যতে। ৪।

আদি কর্ত্তা ব্রহ্মা সৃষ্টির অগ্রে তমঃ (জীবগণের স্বরূপের অপ্রকাশ) মোহ (দেহাদিতে অহং বুদ্ধি) মহামোহ (ভোক্তব্য বিষয়ে আমার ইত্যাকার জ্ঞান) তামিস্র (ভোগেচ্ছা প্রতিঘাতে অন্তঃকরণ ধর্ম্ম স্বরূপ ক্রোধের স্বীকার) অন্ধতামিস্র (ভোগ্যবস্তু নাশে আমি মৃত হইলাম এইরূপ বুদ্ধি) ইত্যাদি অজ্ঞান বৃত্তি সকল সৃষ্টি করিলেন ॥ ২ ॥

কিন্তু এই সৃষ্টিকে পাপীয়সী দেখিয়া তাঁহার অন্তরে আনন্দানুভব হইল না, এ নিমিত্ত ভ[illegible] ধ্যান করিয়া তদ্দ্বারা পবিত্রীভূত মনে অন্যান্য সৃষ্টি করিতে প্রবৃত্ত হইলেন ॥ ৩ ॥

অর্থাৎ সনক, সনন্দ, সনাতন ও সনৎকুমার এই চারি জন মুনির সৃষ্টি করিলেন কিন্তু তাঁহারা সকলেই নিষ্ক্রিয় এবং ঊর্দ্ধরেতা হইলেন ॥ ৪ ॥

তান্ বভাষে স্বভূঃ পুত্রান্ প্রজাঃ সৃজত পুত্রকাঃ। তন্নৈচ্ছন্মোক্ষধর্ম্মাণো বাসুদেবপরায়ণাঃ ॥৫॥
সোঽবধ্যাতঃ সুতৈরেবং প্রত্যাখ্যাতানুশাসনৈঃ। ক্রোধং দুর্ব্বিষহং জাতং নিয়ন্তুমুপচক্রমে ॥৬
ধিয়া নিগৃহ্যমানোঽপি ভ্রুবোর্ম্মধ্যাৎ প্রজাপতেঃ। সদ্যোঽজায়ত তন্মন্যুঃ কুমারো নীললোহিতঃ।
স বৈ রুরোদ দেবানাং পূর্ব্বজো ভগবান্ ভবঃ। নামানি কুরু মে ধাতঃ স্থানানিচ জগদ্গুরো।
ইতি তস্য বচঃ পাদ্মো ভগবান্ পরিপালয়ন্। অভ্যধাদ্ভদ্রয়া বাচা মারোদীস্তৎ করোমি তে ॥ ৭
যদরোদীঃ সুরশ্রেষ্ঠ সোদ্বেগ ইব বালকঃ। ততস্ত্বামভিধাস্যন্তি নাম্না রুদ্র ইতি প্রজাঃ ॥ ৮ ॥

শ্রীধরস্বামী।

স্বভূর্ব্রহ্মা ॥ ৫ ॥
অবধ্যাতঃ অবজ্ঞাতঃ প্রত্যাখ্যাতমনুশাসনং যৈঃ ॥ ৬ ॥
সচাসৌ মন্যুশ্চ তন্মন্যুঃ ॥ ৭ ॥
বালক ইব ॥ ৮ ॥

ক্রমসন্দর্ভঃ।

তানিতি অনিচ্ছায়াং হেতুর্মোক্ষধর্ম্মাণ ইতি। নমু প্রজাপতীনামপি মোক্ষধর্ম্মিত্বং দৃশ্যতে তত্রাহ বাসুদেবপরায়ণাঃ। দেবর্ষি ভূতাপ্ত নৃণাং পিতৄণামিত্যাদিবত্তাঃ ॥ ৫। ৬। ৭। ৮। ৯। ১০। ১১। ১২। ১৩। ১৪ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

তন্নৈচ্ছন্নিতি জ্ঞান যোগঃ খল্বাবিদ্যক কর্ম্ম যোগনিরাসক এব স্যাদিতি দ্যোতিতং ॥ ৫ ॥
অবধ্যাতো অবজ্ঞাতঃ নিয়ন্তুমুপচক্রম ইতি ব্রহ্মণো রাজসত্ত্বাবত্বং ব্যক্তং। এবং তম আদি সনকাদ্যোঃ সৃষ্টৌ তামস সাত্ত্বিক ভাবোদয়ৌ তস্য পূর্ব্বং জ্ঞেয়ৌ ॥ ৬ ॥
অবিদ্যায়া নিবর্ত্তিকা যথা বিদ্যায়া অপি কচিন্নিবর্ত্তিকা তথা অবিদ্যা স্যাদিতি দর্শয়িতুং বিদ্যোদয়বত্যাপি ব্রহ্মণি অবিদ্যাবৃত্তি মুখ্যস্য তামিস্রাভিধানস্য ক্রোধস্য রুদ্ররূপেণাবির্ভাবমাহ ধিয়েতি তন্মন্যুঃ তস্য প্রজাপতের্ম্মন্যুঃ সচাসৌ মন্যুশ্চেতি বা নীললোহিত ইতি ক্রোধোপি তদ্বর্ণএব ॥ ৭ ॥
তল্লীলামাহ সবা ইতি ॥ ৮ ॥

অতএব ব্রহ্মা ঐ সকল মুনিকে সৃষ্টি করিয়া যখন বলিলেন অহে পুত্রগণ। তোমরা প্রজা সৃজন কর, তখন তাঁহাদের তদ্বিষয়ে প্রবৃত্তি হইল না, ফলতঃ তাঁহারা মোক্ষকেই পরম ধর্ম্ম জ্ঞান করিতেন এবং ভগবান্ বাসুদেবই তাঁহাদের পরমাশ্রয় হইয়াছিলেন, ইহাতে তাঁহাদের প্রজা সৃজনে প্রবৃত্তির সম্ভাবনা কি ?॥ ৫ ॥

পুত্রগণ ঐ প্রকারে অনুজ্ঞা উল্লঙ্ঘন পূর্ব্বক অবজ্ঞা করিলে ব্রহ্মার দুর্ব্বিষহ ক্রোধ উৎপন্ন হইল, কিন্তু তাহা প্রকাশ না করিয়া মনোমধ্যেই সম্বরণ করিতে যত্ন করিলেন ॥ ৬ ॥

পরন্তু বুদ্ধি পূর্ব্বক সম্বরণ করিলেও তাঁহার ঐ ক্রোধ ভ্রূদ্বয়ের মধ্যস্থান হইতে নির্গত হইয়া নীল লোহিত কুমার আকারে প্রাদুর্ভূত হইল, সেই ভগবান্ নীললোহিতই দেবগণের পূর্ব্বজ, তিনি উৎপন্ন হইয়া এই বলিয়া রোদন করিতে লাগিলেন,হে ধাতঃ। হে জগদ্গুরো। আমার নাম এবং স্থান নির্দ্দিষ্ট করিয়া দিউন। ভগবান্ পদ্মযোনি তাঁহার ঐ বাক্য প্রতিপালন করত সান্ত্বনা পূর্ব্বক ভদ্র বচনে বলিলেন বৎস। রোদন করিও না এখনি তোমার নাম এবং স্থান নির্দ্দিষ্ট করিয়া দিতেছি ॥ ৭ ॥

তদনন্তর কহিলেন হে সুরশ্রেষ্ঠ। তুমি বালকের ন্যায় উদ্বিগ্ন হইয়া রোদন করিলে এই কারণে প্রজাগণ তোমাকে রুদ্র এই নাম দিয়া আহ্বান করিবে ॥ ৮ ॥

হৃদিন্দ্রিয়াণ্যসুর্ব্যোম বায়ুরগ্নির্জলং মহী। সূর্য্যশ্চন্দ্রস্তপশ্চৈব স্থানান্যগ্রে কৃতানি তে ॥ ৯ ॥
মন্যুর্মনুর্মহিনসো মহাঞ্ছিব ঋতধ্বজঃ। উগ্ররেতা ভবঃ কালো বামদেবো ধৃতব্রতঃ ॥
ধীর্ধৃতী রসলোমাচ নিযুৎসর্পিরিলাম্বিকা। ইরাবতী স্বধা দীক্ষা রুদ্রাণ্যো রুদ্র তে স্ত্রিয়ঃ ॥
গৃহাণৈতানি নামানি স্থানানি চ সযোষণঃ। এভিঃ সৃজ প্রজাবহ্বীঃ প্রজানামসি যৎপতিঃ ॥১০॥
ইত্যাদিষ্টঃ স্বগুরুণা ভগবান্নীললোহিতঃ। সত্ত্বাকৃতি স্বভাবেন সসর্জাত্ম সমাঃ প্রজাঃ ॥ ১১ ॥
রুদ্রাণাং রুদ্রসৃষ্টানাং সমন্তাদ্ গ্রসতাং জগৎ। নিশাম্যাসংখ্যশো যূথান্ প্রজাপতিরশঙ্কত ॥

শ্রীধরস্বামী।

অগ্রে পূর্ব্বমেব মযা কৃতানি ॥ ৯ ॥
সযোষণঃ সস্ত্রীকঃ। এভিঃ স্থানৈর্নামভিশ্চ যুক্তঃ প্রজাঃ সৃজ ॥ ১০ ॥
সত্ত্বং বলং। আকৃতিঃ নীললোহিততা স্বভাবঃ তীব্রতা তৈঃ ॥ ১১ ॥
রুদ্রাণাং যূথানি দৃষ্ট্বা অশঙ্কত ত্রাসং প্রাপ্তঃ ॥ ১২ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

হৃদীতি হৃদাদীনামহঙ্কারকার্য্যত্বাদহঙ্কারাধিষ্ঠাতৃ রুদ্রস্য তত্তৎ স্থানৌচিত্যাৎ ক্রোধপক্ষেতু। হৃৎ ক্রোধস্য জন্মস্থানমেব স তত্র প্রবৃদ্ধো নেত্রপাণিপাদেন্দ্রিয়েষ্বপি তিষ্ঠতি তত্তদ্ব্যাপারসূচ্যঃ। তথৈবাসুষু প্রাণেষ্বপি নাসাশ্বাসাধিক্যসূচ্যঃ। তথা বহি রাকাশস্য প্রচণ্ডঘোরসিংহাদিশব্দৈর্ব্বায়্বগ্নিজলানাং শোষকত্ব দাহকত্ব প্লাবকত্বৈঃ মহ্যাঃ স্ববিকারৈর্মুদ্গরাদিভিস্তথা তেষাং সংঘাতৈঃ সিংহ-ব্যাঘ্রসর্পাদিভিঃ। সূর্য্যচন্দ্রয়োস্তাপহিমাভ্যাং মারকত্বমস্তীতি তেষ্বপি ক্রোধস্তিষ্ঠতি। তপ ইত্যুপলক্ষণং সাংখ্যযোগ বৈরাগ্যানা-মপি তেষামপি ভক্তিপাল্যত্বাভাবে ক্রোধস্থানত্বং দৃষ্টং তপোদীপিতমন্যব ইত্যাদিবাক্যে রত্ন এবোক্তমারুহ্য কৃচ্ছ্রেণ পরং পদং ততঃ পতন্ত্যধোনাদৃত যুষ্মদঙ্ঘ্রয় ইতি ॥ ৯ ॥
মন্যুরিত্যাদীন্যেকাদশ রুদ্রাণাং নামানি ॥
ধীরিত্যাদীন্যেকাদশ তচ্ছক্তীনাং নামানি ॥
সযোষণঃ সস্ত্রীকঃ। এভিঃ স্থানৈর্নামভিশ্চ যুক্তঃ সন্ প্রজাঃ সৃজ ॥ ১০ ॥
সত্ত্বং বলমাকৃতি নীললোহিততা স্বভাব তীব্রতা ॥ ১১ ॥
রুদ্রসৃষ্টানাং রুদ্রাণাং যূথানি দৃষ্ট্বা ত্যবয়ঃ ॥ ১২ ॥

অপর হে বৎস! হৃদয়, ইন্দ্রিয়, প্রাণ, আকাশ, বায়ু, অগ্নি, জল, পৃথিবী, সূর্য্য, চন্দ্র এবং তপস্যা এই সকল স্থান, তোমার নিমিত্ত অগ্রেই নির্দ্দিষ্ট করিয়া রাখিয়াছি ॥ ৯ ॥

আর মন্যু, মনু, মহিনস্, মহান্, শিব, ঋতধ্বজ, উগ্ররেতা, ভব, কাল, বামদেব, ধৃতব্রত, এই একাদশটী তোমার নাম। এবং ধী, ধৃতি, রসলা, উমা, নিযুৎ, সর্পি, ইলা, অম্বিকা, ইরাবতী, স্বধা, দীক্ষা তথা রুদ্রাণী, এ সকল তোমার স্ত্রী। বৎস! তুমি স্ত্রীগণের সহিত ঐ সকল নাম এবং স্থান গ্রহণ কর। তুমি প্রজাপতি অতএব এই সকল নাম এবং স্থান যুক্ত হইয়া প্রজা সৃষ্টি কর ॥ ১০ ॥

ভগবান্ নীললোহিত স্বীয় গুরু ব্রহ্মা কর্তৃক এই রূপ আদিষ্ট হইয়া সত্ত্ব অর্থাৎ বল, আকৃতি অর্থাৎ নীললোহিততা এবং স্বভাব অর্থাৎ তীব্রতা অনুসারে আত্মতুল্য প্রজা সৃষ্টি করিতে প্রবৃত্ত হইলেন ॥ ১১ ॥

সেই রুদ্র হইতে যে সকল রুদ্র সৃষ্ট হইলেন তাঁহারা অসংখ্য দলবদ্ধ হইয়া জগৎগ্রাস করিতে উদ্যম করাতে তদ্দর্শনে ব্রহ্মার ভয় উৎপন্ন হইল, তাহাতে রুদ্রকে সম্বোধন করিয়া কহিতে লাগিলেন,

অলং প্রজাভিঃ সৃষ্টাভি রীদৃশীভিঃ সুরোত্তম। ময়া সহ দহন্তীর্ভির্দিশ শ্চক্ষুভিরুল্বণৈঃ ॥ ১২ ॥
তপ আতিষ্ঠ ভদ্রং তে সর্ব্বভূতসুখাবহং। তপসৈব যথা পূর্ব্বং স্রষ্টা বিশ্বমিদং ভবান্ ॥
তপসৈব পরং জ্যোতি র্ভগবন্তমধোক্ষজং। সর্ব্বভূত গুহাবাসমঞ্জসা বিন্দতে পুমান্ ॥
শ্রীমৈত্রেয় উবাচ ॥
এবমাত্মভুবাদিষ্টঃ পরিক্রম্য গিরাং পতিং। বাঢ়মিত্যমুমামন্ত্র্য বিবেশ তপসে বনং ॥
অথাভিধ্যায়তঃ সর্গং দশপুত্রাঃ প্রজজ্ঞিরে। ভগবচ্ছক্তিযুক্তস্য লোকসন্তানহেতবঃ ॥
মরীচিরত্র্যঙ্গিরসৌ পুলস্ত্যঃ পুলহঃ ক্রতুঃ। ভৃগুর্বশিষ্ঠো দক্ষশ্চ দশমস্তত্র নারদঃ।
উৎসঙ্গান্নারদো জজ্ঞে দক্ষোঽঙ্গুষ্ঠাৎ স্বয়ম্ভুবঃ। প্রাণাদ্বশিষ্ঠঃ সংজাতো ভৃগুস্ত্বচি করাৎ ক্রতুঃ ॥
পুলহো নাভিতো জজ্ঞে পুলস্ত্যঃ কর্ণয়োঋষিঃ। অঙ্গিরা মুখতোঽক্ষ্ণোঽত্রির্মরীচির্মনসোঽভবৎ।

শ্রীধরস্বামী।

স্রষ্টা স্রক্ষ্যতি ॥ ১৩ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

তপ আতিষ্ঠেতি সৃষ্টিস্থিতি সময়ে রুদ্রস্য লীলা ন ভবত্যেবেতি তপসি প্রবর্ত্তনা যথা পূর্ব্বং স্রষ্টেতি বিপরীতলক্ষণা। যথা পূর্ব্ব কল্পান্তে বিশ্বং সমহরস্তথা ইত ঊর্দ্ধমপি সংহর্ত্তাসীত্যর্থঃ। কচিৎ কল্পে শিবোপি ব্রহ্মেব প্রজাঃ সসর্জ্জেত্যেকে। সৃজামি তপসা বিশ্বং গ্রসামি তপসা পুনঃ। বিভর্ম্মি তপসা বিশ্বং বীর্য্যং মে দুস্তরং তপ ইত্যুক্তবতা ভগবতা শিবভক্তেকাদিদমুক্তমিত্যপরে ॥
যদ্যদাচরতি শ্রেষ্ঠস্তত্তদেবেতরো জন ইতি ন্যায়েন যত্তস্তপঃ শিক্ষিত্বা সাংসারিকোলোকোঽপি নিস্তরিষ্যতীত্যাহ তপসৈবেতি ॥
কর্ম্মযোগস্যাপি মরীচ্যাদিরূপেণাবির্ভাবমাহ মরীচিরিতি জ্ঞানবৈরাগ্য তপোযোগ কর্ম্মণাং সাফল্যং ভক্ত্যৈব তথা স্বয়মপি নিরপেক্ষ ভক্তৈব ভক্তিঃ সর্ব্বফলদাতৃ স্বয়ং ফলরূপাচেতি সর্ব্বাস্ত ভক্তে নারদ রূপেণাবির্ভাবমাহ দশম ইতি ॥
উৎসঙ্গাৎ প্রকৃতিস্থানাৎ স্নেহেন উৎকৃষ্টাৎ সঙ্গাৎ সাধুসঙ্গাদিত্যর্থঃ। আপো নারা ইতি প্রোক্তা ইত্যাদি দৃষ্টের্নরশব্দেন পরমেশ্বর উচ্যতে নরস্যেদমিত্যর্থে তস্যেদমিত্যণা নারং ভগবদ্দাস্যসখ্যাদিকং দদাতীতি নারদো ভক্তিযোগঃ।
ভক্তিযোগস্য কর্ম্মযোগস্যচ বিহিতস্যানুষ্ঠানে পরমো ধর্ম্মোধর্ম্মশ্চ ভবতীতি ধর্ম্মোৎপত্তিমাহ ধর্ম্ম ইতি। স্তনাদিতি সর্ব্বোৎকৃষ্টস্থানস্য

হে দেবোত্তম। আর ঈদৃশী প্রজা সৃষ্টিতে প্রয়োজন নাই, ইহারা সকলে প্রখর চক্ষুর্দ্বারা আমার সহিত দিক্ সকল দগ্ধ করিতে লাগিল ॥ ১২ ॥

অতএব বৎস। তুমি সর্ব্ব প্রাণির সুখাবহ তপস্যা কর, তোমার মঙ্গল হউক। এই বিশ্ব পূর্ব্বে যেমন ছিল, তুমি তপো যোগে পুনরায় তদ্রূপ সৃষ্টি করিতে পারিবে, বৎস। তপস্যায় কি না হয়? পুরুষ সকল তপঃ প্রভাবেই পরম জ্যোতিঃস্বরূপ সর্ব্ব প্রাণির অন্তর্যামী ভগবান্ অধোক্ষজকে প্রাপ্ত হয়। মৈত্রেয় কহিলেন সেই নীললোহিত রুদ্র এই রূপে ব্রহ্মা কর্তৃক আদিষ্ট হইয়া তাঁহাকে প্রদক্ষিণ করত প্রণাম করিলেন এবং যে আজ্ঞা বলিয়া সম্ভাষণ করণানন্তর তপস্যা নিমিত্ত বনে প্রবিষ্ট হইলেন।

অনন্তর ব্রহ্মা ভগবানের শক্তিযুক্ত হইয়া সৃষ্টি বিষয়ে চিন্তা করিতে লাগিলেন, তাহাতে লোক [illegible] কারী দশটী পুত্র উৎপন্ন হইল ॥

যথা, মরীচি, অত্রি, অঙ্গিরা, পুলস্ত্য, পুলহ, ক্রতু, ভৃগু, বশিষ্ঠ, দক্ষ এবং নারদ এই দশ জন জন্মিলেন তন্মধ্যে নারদ ব্রহ্মার ক্রোড় হইতে, দক্ষ অঙ্গুষ্ঠ হইতে, বশিষ্ঠ প্রাণ হইতে, ভৃগু ত্বক্ হইতে, পুলস্ত্য কর্ণদ্বয় হইতে, অঙ্গিরা মুখ হইতে, অত্রি চক্ষুর্দ্বয় হইতে, মরীচি মনঃ হইতে উৎপন্ন হইলেন।

ধর্ম্মস্তনাদ্দক্ষিণতো যত্র নারায়ণঃ স্বয়ং। অধর্ম্মঃ পৃষ্ঠতো যস্মান্মৃত্যুর্লোকভয়ঙ্করঃ॥ ১৩॥
হৃদি কামো ভ্রুবোঃ ক্রোধো লোভশ্চাধরদচ্ছদাৎ।
আস্যাদ্বাক্ সিন্ধবো মেঢ্রান্নির্ঋতিঃ পায়োরঘাশ্রয়ঃ॥
ছায়ায়াঃ কর্দ্দমো জজ্ঞে দেবহুত্যাঃপতিঃ প্রভুঃ। মনসো দেহতশ্চেদং জজ্ঞে বিশ্বকৃতো জগৎ॥১৪
বাচং দুহিতরং তন্বীং স্বয়ম্ভূর্হরতীং মনঃ। অকামাং চকমে ক্ষত্তঃ সকাম ইতি নঃ শ্রুতং।
তমধর্ম্মে কৃতমতিং বিলোক্য পিতরং সুতাঃ। মরীচিমুখ্যা মুনয়ো বিস্রম্ভাৎ প্রত্যবোধয়ন্॥ ১৫॥

শ্রীধরস্বামী।

অধরচ্ছদাৎ অধরোষ্ঠাৎ॥ ১৪॥

দেহান্তরেণ কৃতং সর্ব্বং বক্তুং তদ্দেহত্যাগে কারণমাহ বাচমিত্যাদিনা॥ ১৫॥

ক্রমসন্দর্ভঃ।

বাচং দুহিতরমিত্যাদি কথনং বেদান্তর্মুখানাং ভীষণার্থং তদ্বহির্মুখানাং তদ্দৃষ্টান্ত তয়া তথা প্রবৃত্ত্যা তদবজ্ঞয়া বালশাসনার্থঞ্চ॥১৫ ১৬। ১৭। ১৮। ১৯। ২০। ২১। ২২॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

হৃদয়স্থাপ্যুত্তমঃ প্রদেশাদতিপ্রিয়াৎ ধর্ম্মস্যৈব বিহিতস্যাকরণে নিষিদ্ধস্য চ করণে অধর্ম্ম ইত্যধর্ম্মস্যাপ্যুৎপত্তিমাহ অধর্ম্ম ইতি। পৃষ্ঠত ইত্যপকৃষ্টস্থানাদনতিপ্রিয়াৎ॥ ১৩॥

অধর্ম্মঃ কথং স্যাদিতি তৎপ্রবর্ত্তকানাং কামাদীনামুৎপত্তিমাহ। হৃদি মনসীতি মনসঃ পুরুষানধীনত্বাত্তস্যৈব কামস্যোন্মূলনং দুঃশকমিতি দ্যোতয়তি। ক্রোধাদীনামপি মনস এবোৎপন্নানাং ভ্রু প্রভৃতিপ্রাকট্যস্থানমেব জ্ঞেয়ং। কামক্রোধাদিমত্ত্বেপি শাস্ত্র-জ্ঞানময়ং পাণ্ডিত্যং সংভবেদিতি দর্শয়িতুং তদৈব সরস্বত্যা উৎপত্তিমাহ আস্যাদিতি॥

সদা তামসরাজস ভাববতামপি কদাচিৎ কিঞ্চিৎ সাত্ত্বিকভাবোদয়ঃ স্যাদিতি দর্শয়িতুমাহ। ছায়ায়াঃ কান্তেঃ॥ ১৪॥

অতিবিদুষামতি বিবেকিনামপি কামজয়ো ন ভবেদতঃ কন্যা ভগিন্যাদিভিঃ সহ রহসি ন বসেদিতি জ্ঞাপয়িতুমাহ বাচমিতি। ইতি ন শ্রুতমিত্যনেন তত্ত্বতঃ মনর্হমপি তজ্জ্ঞানার্থমপরাধাবিত্তাদদোষদৃগেব ব্রবীমীতি দ্যোতিতং। দোষদৃষ্টৌতু মরীচিপুত্রাণামিবাধঃপাতঃ স্যাদিতি ভীষণাচ জ্ঞেয়া। তথা ন শ্রুতমিত্যেতৎ কল্পভবানাং কেষাঞ্চিদ্দৃষ্টমপ্যেতন্ন ভবেদিতি প্রসঙ্গতোঽস্তি পূর্ব্বকল্পগতমেবৈতৎ কর্ম্ম সংপ্রত্যুক্তমিতি ভাবঃ। চতুঃশ্লোকী ভাগবতোপদেশ প্রাপ্ত্যনন্তরমেতদঘটমানাৎ। যদুক্তং ভগবতা এতন্মতং সমাতিষ্ঠ পরমেণ সমাধিনা। ভবান্ কল্পবিকল্পেষু ন বিমুহ্যতি কর্হিচিদিতি॥

বিস্রম্ভাৎ জন্যজনকসম্বন্ধোত্থ সখ্যাৎ নতু পাপদর্শনোত্থকোপাদিত্যর্থঃ। যদ্বা মহতাং বিকর্ম্মাপি নাপকারকমিতি বিশ্বাসাৎ কেবলমনু প্রবৃত্তলোকানিষ্টশঙ্কয়ৈব প্রবোধয়ামাসেতি মরীচ্যাদীনামপরাধাভাবো দ্যোতিতঃ॥ ১৫॥

এবং ধর্ম্ম তাঁহার দক্ষিণ স্তন হইতে প্রকাশ পাইলেন। সেই স্তনে স্বয়ং নারায়ণ বিরাজমান ছিলেন। অপর অধর্ম্ম তাঁহার পৃষ্ঠ দেশ হইতে জন্মিল,ঐ অধর্ম্ম হইতেই লোকের ভয়ঙ্কর মৃত্যু ঘটিয়া থাকে॥১৩

অপর তাঁহার হৃদয় হইতে কাম, ভ্রূদ্বয় হইতে ক্রোধ, অধর ও ওষ্ঠ হইতে লোভ,মুখ হইতে বাক্য, মেঢ্র দেশ হইতে সিন্ধু, পায়ু হইতে পাপাশ্রয় নির্ঋতি উৎপন্ন হইল। আর দেবহূতির পতি যে কর্দ্দম নামা ঋষি তিনি তাঁহার ছায়া হইতে জন্ম গ্রহণ করিলেন। এই রূপে এই জগৎ সেই বিশ্ব স্রষ্টার মনঃ ও দেহ হইতে উৎপন্ন হইল॥ ১৪॥

অহে বিদুর! ব্রহ্মার বাক্ নামে একটী মনোহারিণী কন্যা উৎপন্ন হইয়াছিল, শুনিয়াছি ব্রহ্মা কামোন্মত্ত হইয়া সেই কন্যায় অভিলাষ করিয়াছিলেন, কিন্তু ঐ কন্যার তাঁহাতে কামনা হয় নাই। মরীচি প্রভৃতি মুনিগণ পিতার ঐ প্রকার অধর্ম্মে প্রবৃত্তি দেখিয়া তাঁহাকে জন্য জনক সম্বন্ধ নিবন্ধন সবিনয় বচনে এই রূপ বুঝাইয়াছিলেন॥ ১৫॥

নৈতৎ পূর্ব্বৈঃ কৃতং ত্বদেব ন করিষ্যন্তি চাপরে। যস্তং দুহিতরং গচ্ছেরনিগৃহ্যাঙ্গজং প্রভুঃ ॥ ১৬ ॥
তেজীয়সামপি হ্যেতন্ন সুশ্লোক্যং জগদ্গুরো যদ্বৃত্তমনুতিষ্ঠন্ বৈ লোকঃ ক্ষেমায় কল্পতে ॥
তস্মৈ নমো ভগবতে য ইদং স্বেন রোচিষা ॥ আত্মস্থং ব্যঞ্জয়ামাস স ধর্ম্মং পাতুমর্হতি ॥ ১৭ ॥
স ইত্থং গৃণতঃ পুত্রান্ পুরো দৃষ্ট্বা প্রজাপতীন্। প্রজাপতিপতিস্তন্বং তত্যাজ ব্রীড়িতস্তদা
তাং দিশো জগৃহুর্ঘোরাং নীহারং যদ্বিদুস্তমঃ ॥ ১৮ ॥
কদাচিদ্ধ্যায়তঃ স্রষ্টুর্বেদা আসংশ্চতুর্মুখাৎ। কথং স্রক্ষ্যাম্যহং লোকান্ সমবেতান্ যথা পুরা ॥১৯

শ্রীধরস্বামী।

ত্বৎ ত্বত্তো যে পূর্ব্বে ব্রহ্মাদয়োঽন্যে বা তৈরেতন্নকৃতং অঙ্গজং কামং ॥ ১৬ ॥
তেজীয়সামিতি তেজস্বিনামপি সুশ্লোক্যং সৎকীর্ত্তিদং ন ভবতি যেষাং তেজীয়সাং বৃত্তং ॥ ১৭ ॥
তন্বং তনুং ॥ ১৮ ॥
কথং স্রক্ষ্যামীত্যভিধ্যায়তঃ স্রষ্টুর্ব্রহ্মণঃ চতুঃসংখ্যা যুক্তান্ মুখাৎ সমবেতান্ সুসঙ্গতান্ যথা পুরা প্রাক্কল্পে ॥ ১৯ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

পূর্ব্বৈঃ পূর্ব্বকল্পগতৈস্তৈস্তৈঃ। ত্বত্তঃ পূর্ব্বে যে ব্রহ্মাদয়স্তৈর্ব্বা অঙ্গজং কামং ॥ ১৬ ॥
সুশ্লোক্যং সৎকীর্ত্ত্যর্হং বৃত্তং চরিত্রং ॥
এবং প্রবোধিতোপি ব্রহ্মা যদা ন প্রাবুধ্যত। তদা ভগবৎকৃপাং বিনা কামঃ প্রকারান্তরেণ নোপশাম্যেদিতি সিদ্ধান্তমনুস্মৃত্য তে মুনয়ো ভগবন্তমেব প্রাপদ্যন্তেত্যাহ তস্মা ইতি ॥ ১৭ ॥
তন্বং তনুং তত্যাজেতি মহাপাতকস্য প্রাণান্তমেব প্রায়শ্চিত্তং মুখ্যমিতি জ্ঞাপয়ামাস। দ্বিপরার্দ্ধমধ্যে তস্য তনুত্যাগাসম্ভবাত্তাব ত্যাগ এব তনুত্যাগত্বেনোক্তঃ। দিশ ইতি তা এব তমসা অদ্যাপ্যাব্রিয়ন্তে ॥ ১৮ ॥
তেজীয়সাং ন দোষায় বহ্নেঃ সর্ব্বভুজো যথেত্যাদিবচনাৎ স্বকন্যানুগামিনোপি ব্রহ্মণো মালিন্যং নাশঙ্কনীয়মিতি বক্তুং ব্রহ্মণস্তেজস্বিত্বমাহ কদাচিদিত্যাদিনা. নানাশক্ত্যুপবৃংহিতমিত্যন্তেন গ্রন্থেন যথা পুরাহমসৃজং তথা কথং স্রক্ষ্যামীতি ধ্যায়তঃ বেদা আসন্নিতি বেদেষু সৃষ্টিপ্রকারঃ সর্ব্ব এব বর্ত্তত ইতি তদ্দৃষ্ট্যা সুখেন সৃজেতি ভগবদাজ্ঞাবশাদিতি ভাবঃ॥ ১৯ ॥

পিতঃ। আপনি যে কর্ম্মে প্রবৃত্ত হইতেছেন, আপনার পূর্ব্ব কল্পবর্ত্তি কোন ব্রহ্মা অথবা কোন ব্যক্তি ঈদৃশ গর্হিত কর্ম্ম করেন নাই, পরেও কেহ করিবেন না। কি ঘৃণার বিষয়! আপনি সকলের প্রভু, আপনি কি না কাম নিগ্রহে অসমর্থ হইয়া কন্যা গমনে উদ্যত হইলেন? ॥ ১৬ ॥

গুরো! আপনি তেজস্বী সত্য, কিন্তু এরূপ চরিত্র যশস্য নহে, ভবাদৃশ ব্যক্তির সৎকর্ম্ম করাই উচিত, যে হেতু লোকেরা তদ্রূপ অনুষ্ঠান করিয়া আপন আপন কুশল সাধন করিতে সক্ষম হইবে। অথবা আমাদের এ কথায় কোন প্রয়োজন নাই, আমরা সেই ভগবান্‌কে নমস্কার করি, যিনি আত্ম-জ্যোতির্দ্বারা আত্মস্থ এই বিশ্ব প্রকাশ করিয়াছেন, তিনিই ধর্ম্ম রক্ষা করিবেন ॥ ১৭ ॥

প্রজাপতিদিগের পতি ব্রহ্মা আপনার অগ্রে আত্ম তনয় প্রজাপতিগণকে ঐ প্রকার বাক্য প্রয়োগ করিতে দেখিয়া অতিশয় লজ্জিত হইলেন এবং ব্রীড়া বশতঃ তাঁহাদের সমক্ষেই আপনার তনু পরিত্যাগ করিলেন। তাহাতে দিক্ সকল তাঁহার সেই দেহ গ্রহণ করিল, পণ্ডিতেরা তাহাকেই নিহারময় তমঃ বলিয়া থাকেন ॥ ১৮ ॥

অহে বিদুর! ঐ ব্রহ্মা অপর এক সময়ে এইরূপ চিন্তা করিলেন, এই সকল সুসঙ্গত লোক পূর্ব্ব কল্পে যে রূপ ছিল সেই রূপে ইহাদিগকে কি প্রকারে সৃজন করিব। ঐ রূপ চিন্তা করিতে করিতে তাঁহার চারি মুখ হইতে বেদ সকল নির্গত হইল ॥ ১৯ ॥

চাতুর্হোত্রং কর্ম্মতন্ত্রমুপবেদ নয়ৈঃ সহ। ধর্ম্মস্য পাদাশ্চত্বারস্তথৈবাশ্রমবৃত্তয়ঃ ॥ ২০ ॥

শ্রীবিদুর উবাচ ॥

স বৈ বিশ্বসৃজামীশো বেদাদীন্ মুখতোঽসৃজৎ। যদ্যদ্যেনাসৃজদ্দেব স্তন্মে ব্রূহি তপোধন ॥ ২১

শ্রীমৈত্রেয় উবাচ ॥

ঋগ্যজুঃ সামাথর্ব্বাখ্যান্ বেদান্ পূর্ব্বাদিভির্মুখৈঃ। শাস্ত্রমিজ্যাং স্তুতিস্তোমং প্রায়শ্চিত্তং ব্যধাৎ ক্রমাৎ ॥২২

আয়ুর্ব্বেদং ধনুর্ব্বেদং গান্ধর্ব্বং বেদমাত্মনঃ। স্থাপত্যঞ্চাসৃজদ্বেদং ক্রমাৎ পূর্ব্বাদিভির্মুখৈঃ।

ইতিহাস পুরাণানি পঞ্চমং বেদমীশ্বরঃ। সর্ব্বেভ্য এব বক্তেভ্যঃ সসৃজে সর্ব্বদর্শনঃ ॥ ২৩ ॥

শ্রীধরস্বামী।

চাতুর্হোত্রং হোত্রাদীনাং চতুর্ণাং কর্ম্ম। কর্ম্মতন্ত্রং যজ্ঞ বিস্তারঃ। উপবেদৈঃ নয়ৈশ্চ সহ। আশ্রমাস্তদ্বৃত্তয়শ্চাসন্ ॥ ২০ ॥

মুখতঃ মুখেভ্যঃ ॥ ২১ ॥

চাতুর্হোত্র সৃষ্টিক্রমমাহ শাস্ত্রং অপ্রগীত মন্ত্রস্তোত্রং হোতুঃ কর্ম্ম। ইজ্যামধ্বর্য্যোঃ কর্ম্ম স্তুতিস্তোমং স্তুতিঃ সঙ্গীতং স্তোত্রং। স্তোমং তদর্থমৃক্ সমুদায়ং। ত্রিবিৎ স্তোমো ভবতীত্যাদি বিহিতমুদ্গাতৃ প্রযোজ্যং। প্রায়শ্চিত্তং ব্রাহ্মং ॥ ২২ ॥

উপবেদ ক্রমমাহ। আয়ুর্ব্বেদমিতি। আত্মনো মুখৈঃ স্থাপত্যং বিশ্বকর্ম্মশাস্ত্রং ॥ ২৩ ॥

ক্রমসন্দর্ভঃ।

ইতি হাসেতি যুগ্মকং। ইতিহাসেত্যাদিকং প্রথমস্কন্ধে বিবৃতমস্তি ॥ ২৩ ॥ ২৪ ॥ ২৫ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী

হোতা উদ্গাতা অধ্বর্য্যু ব্রহ্মেতি চতুর্ণাং হোতৄণাং কর্ম্ম চাতুর্হোত্রং কর্ম্মতন্ত্রং যজ্ঞ বিস্তারঃ। উপবেদৈর্নয়ৈর্ন্যায়ৈশ্চ সহ। আশ্রমাস্তদ্বৃত্তয়শ্চাসন্ ॥ ২০ ॥

মুখতো মুখেভ্যঃ ॥ ২১ ॥

চাতুর্হোত্রস্য সৃষ্টিমাহ শাস্ত্রং অপ্রগীতমন্ত্রস্তোত্রং হোতুঃ কর্ম্ম ইজ্যাং অধ্বর্য্যোঃ কর্ম্ম স্তুতিস্তোমং স্তুতিঃ সংগীত স্তোত্রং। স্তোমং তদর্থমৃক্ সমুদায়ং ত্রিবৃৎস্তোমো ভবতীত্যাদি বিহিতমুদ্গাতুঃ কর্ম্ম প্রায়শ্চিত্তং ব্রহ্মণঃ কর্ম্ম ॥ ২২ ॥

উপবেদানাং সৃষ্টিমাহ আয়ুরিতি স্থাপত্যং স্থপতেঃ কর্ম্ম বিশ্বকর্ম্মশাস্ত্রং ॥

সর্ব্বেভ্য ইতি সর্ব্ববেদবিবরণরূপত্বাত্তেষাং ॥ ২৩ ॥

এবং চাতুর্হোত্র অর্থাৎ হোতা, উদ্গাতা, অধ্বর্য্যু, ব্রহ্মা, এই চারিজন দ্বারা নিষ্পন্ন কর্ম্ম, উপবেদ ও নীতিসারের সহিত তন্ত্র অর্থাৎ যজ্ঞ বিস্তার, ধর্ম্মের চারি চরণ, এবং আশ্রম সকলের বৃত্তি এ সকলও উৎপন্ন হইল ॥ ২০ ॥

বিদুর জিজ্ঞাসা করিলেন মুনে! আপনি কহিলেন, বিশ্বস্রষ্টৃগণের ঈশ্বর ব্রহ্মার পূর্ব্বাদি মুখ চতুষ্টয় হইতে যথাক্রমে ঋক্ যজুঃ সাম অথর্ব্ব এই চারি বেদ আবির্ভূত হয়, আর তিনি হোতার কর্ম্ম যে শাস্ত্র অর্থাৎ অপ্রগীত মন্ত্র স্তোত্র এবং অধ্বর্য্যুর কর্ম্ম যে ইজ্যা ও উদ্গাতার কর্ম্ম যে স্তুতিস্তোম অর্থাৎ সঙ্গীত স্বরূপ ও স্তোত্রার্থকৃত ঋক্ সমুদায়, অপর ব্রহ্মার কর্ম্ম যে প্রায়শ্চিত্ত ইত্যাদি কর্ম্মও যথাক্রমে বিধান করিলেন ॥ ২২ ॥

অপর আয়ুর্ব্বেদ, ধনুর্ব্বেদ, গান্ধর্ব্ববেদ, এবং স্থাপত্যবেদ অর্থাৎ বিশ্বকর্ম্ম শাস্ত্র ইত্যাদি উপবেদ সকলও আপনার পূর্ব্বাদিমুখ হইতে যথাক্রমে সৃজন করিলেন। অপর পঞ্চম বেদ যে ইতিহাসও পুরাণ, এ সকলের সৃষ্টি তাঁহার সমস্ত বদন হইতে হইল ॥ ২৩ ॥

ষোড়শ্যুক্থৌ পূর্ব্ববক্ত্রাৎ পুরীষ্যগ্নিষ্টুতাবথ। আপ্তোর্যামাতিরাত্রৌচ বাজপেয়ং সগোসবং॥ ২৪
বিদ্যা দানং তপঃ সত্যং ধর্ম্মস্যেতি পদানিচ। আশ্রমাংশ্চ যথাসংখ্যমসৃজৎ সহ বৃত্তিভিঃ॥ ২৫
সাবিত্রং প্রাজাপত্যঞ্চ ব্রাহ্মঞ্চাথ বৃহত্তথা। বার্ত্তা সঞ্চয়শালীন শিলোঞ্ছ ইতি বৈ গৃহে॥ ২৬॥
বৈখানসাবালিখিল্যৌড়ুম্বরাঃ ফেণপাবনে। ন্যাসে কুটীচকঃ পূর্ব্বং বহ্বোদো হংসনিষ্ক্রিয়ৌ॥২৭

শ্রীধরস্বামী।

কর্ম্মতন্ত্র ক্রমমাহ ষোড়শ্যুক্থাবিতি পুরীষীচয়নং অগ্নিষ্টুৎ অগ্নিষ্টোমং॥ ২৪॥

বিদ্যেতি শৌচং ক্ষেত্রজ্ঞস্যেশ্বরজ্ঞানাদ্বিশুদ্ধিঃ পরমা মতেতি স্মৃতেঃ। দানমিতি দয়া ভূতাভয় প্রদানস্য কলাং নার্হন্তি ষোড়শীমিতি বচনাৎ এবঞ্চ তপঃ শৌচং দয়া সত্যমিতি পাদাঃ কৃতে কৃতা ইতি প্রথমস্কন্ধোক্তেরবিরোধঃ॥ ২৫॥

সাবিত্রং ব্রহ্মচর্য্যং উপনয়নাদারভ্য গায়ত্রীমধীয়ানস্য ত্রিরাত্রং প্রাজাপত্যং ব্রতান্যাচরতঃ সম্বৎসরং ব্রাহ্মং বেদগ্রহণান্তং বৃহন্নৈষ্ঠিকং বার্ত্তা অনিষিদ্ধ কৃষ্যাদি বৃত্তিঃ সঞ্চয়ো যাজনাদি বৃত্তিঃ শালীনং অযাচিত বৃত্তিঃ শিলোঞ্ছঃ পতিত কণিশকণ বৃত্তিঃ এক বচনমার্ষং ইত্যেতা গৃহে বৃত্তয় ইতি। যদ্বা শিলোঞ্ছ ইতি দ্বন্দ্বৈক্যে সপ্তমী এবং বৃত্তিভেদে সতি গৃহে স্থিতা ভবন্তীত্যর্থঃ॥ ২৬॥

বনে স্থিতাশ্চত্বারঃ তত্র বৈখানসা অকৃষ্টপচ্য বৃত্তয়ঃ। বালিখিল্যা নবেঽন্নে লব্ধে পূর্ব্ব সঞ্চিতান্ন ত্যাগিনঃ। ঔড়ুম্বরাঃ প্রাতরুত্থায়

ক্রমসন্দর্ভঃ।

সাবিত্রমিত্যাদয়ো ব্রহ্মচর্য্যভেদাঃ বার্ত্তেতি সর্ব্বোঽপি দ্বন্দ্বোবিভাষয়ৈকবদ্ভবতীতি ন্যায়াৎ। উকারোহ্রস্বদীর্ঘপ্লুত ইতি বৎ॥২৬ ২৭॥ ২৮॥ ২৯॥ ৩০॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

কর্ম্মতন্ত্রসৃষ্টিমাহ ষোড়শ্যুক্থাবিতি। পুরীষী চয়নং অগ্নিষ্টুৎ অগ্নিষ্টোমঃ এতৌ দক্ষিণবক্ত্রাদিত্যেবং ক্রমঃ সর্ব্বত্র দ্রষ্টব্যঃ॥ ২৪॥

বিদ্যেতি শৌচং ক্ষেত্রজ্ঞস্যেশ্বরজ্ঞানাদ্বিশুদ্ধিঃ পরমা মতেতি স্মৃতেঃ। দানমিতি দয়াভূতাভয়প্রদানস্য কলাং নার্হন্তি ষোড়শীমিতি বচনাৎ। এবং তপঃ শৌচং দয়া সত্যমিতি পাদাঃ কৃতে কৃতা ইতি প্রথমস্কন্ধোক্তেরবিরোধঃ॥ ২৫॥

উপনয়নাদারভ্য গায়ত্রীমধীয়ানস্য ত্রিরাত্রং ব্যাপ্য ব্রহ্মচর্য্যং সাবিত্রং। ব্রতান্যাচরতঃ সংবৎসরপর্য্যন্তং প্রাজাপত্যং। বেদ গ্রহণপর্য্যন্তং ব্রাহ্মং। মরণ পর্য্যন্তং বৃহদিতি চতুর্ব্বিধং ব্রহ্মচর্য্যং। বার্ত্তা অনিষিদ্ধকৃষ্যাদিবৃত্তিঃ সঞ্চয়ো যাজনাদিবৃত্তিঃ শালীনমযাচিতবৃত্তিঃ শিলোঞ্ছনং পতিতকণিশকণবৃত্তিঃ শিলোঞ্ছ ইতি দ্বন্দ্বৈক্যং উকারোঽজ্ হ্রস্ব দীর্ঘ প্লুত ইতিবৎ। গৃহে ইতি জীবিকা-চাতুর্ব্বিধ্যাৎ গার্হস্থ্যমপি চতুর্ব্বিধমিত্যর্থঃ॥ ২৬॥

বৈখানসা অকৃষ্টপচ্যবৃত্তয়ঃ। বালিখিল্যা নবেঽন্নে লব্ধে পূর্ব্বসঞ্চিতান্নত্যাগিনঃ। ঔড়ুম্বরাঃ প্রাতরুত্থায় যাং দিশং প্রথমং

পরন্তু ষোড়শী ও উক্থ অর্থাৎ যজ্ঞাঙ্গ প্রধান কর্ম্ম বিশেষ এবং পুরীষী অর্থাৎ অগ্নিচয়ন ও অগ্নিষ্টোম, তথা আপ্তোর্যাম এবং অতিরাত্র তথা বাজপেয় ও গোসব এই সকল যজ্ঞ কর্ম্ম তাঁহার পূর্ব্ব দিকের মুখ হইতে উৎপন্ন হইল॥ ২৪॥

অপর তিনি বিদ্যা অর্থাৎ শৌচ, দান, (দয়া) এবং তপস্যা ও সত্য, ধর্ম্মের এই চারিটী পদ যথাক্রমে আশ্রম সকল বৃত্তির সহিত সৃজন করিলেন॥ ২৫॥

আর সাবিত্র (ব্রহ্মচর্য্য) প্রাজাপত্য (উপনয়নাবধি গায়ত্রী অধ্যয়ন করির ত্রিরাত্র ব্রত) ব্রাহ্ম (ব্রতাচরণ শীলের সম্বৎসর মধ্যে বেদ গ্রহণ) বৃহৎ (নৈষ্ঠিক ব্রহ্মচর্য্য) অপর বার্ত্তা (অনিষিদ্ধ কৃষ্যাদি বৃত্তি) সঞ্চয় (যাজনাদি বৃত্তি) শালীন (অযাচিত বৃত্তি) এবং শীলোঞ্ছ (পতিত কণিকাশন বৃত্তি) ইত্যাদি ভিন্ন ভিন্ন বৃত্তিও তাঁহা হইতে উৎপন্ন হইল॥ ২৬॥

অপিচ চারি প্রকার বানপ্রস্থধর্ম্ম, যথা বৈখানস (অকৃষ্টপচ্যবৃত্তি) বালিখিল্য (নূতন অন্ন প্রাপ্ত হইলে পূর্ব্ব সঞ্চিত অন্ন ত্যাগী) ঔডুম্বর (প্রাতঃ কালে গাত্রোত্থান করিয়া যে দিকে দৃষ্টিপাত হয় সেই

আন্বীক্ষিকী ত্রয়ীবার্ত্তা দণ্ডনীতিস্তথৈবচ। এবং ব্যাহৃতয়শ্চাসন্ প্রণবোহ্যস্য দহ্রতঃ ॥ ২৮ ॥
তস্যোষ্ণিগাসীল্লোমভ্যো গায়ত্রী চ ত্বচো বিভোঃ। ত্রিষ্টুম্মাংসাৎ স্নুতোহনুষ্টুব্ জগত্যস্থ্নঃ প্রজাপতেঃ।
মজ্জায়াঃ পঙ্‌ক্তিরুৎপন্না বৃহতী প্রাণতোহভবৎ ॥ ২৯ ॥
স্পর্শস্তস্যাভবজ্জীবঃ স্বরো দেহ উদাহৃতঃ। উষ্মাণমিন্দ্রিয়াণ্যাহুরন্তস্থাবলমাত্মনঃ।

### শ্রীধরস্বামী।

যাং দিশং প্রথমং পশ্যন্তি তত আহৃতৈঃ ফলাদিভি র্জীবন্তঃ। ফেণপাঃ স্বয়ং পতিতৈঃ ফলাদিভি র্জীবন্তঃ। কুটীচকঃ স্বাশ্রম ধর্ম্ম প্রধানঃ। বহ্বোদঃ কর্ম্মোপসর্জ্জনীকৃত্য জ্ঞানাভ্যাস প্রধানঃ। হংসো জ্ঞানাভ্যাসনিষ্ঠঃ নিষ্ক্রিয়ঃ প্রাপ্ততত্ত্বঃ এতেচ সর্ব্বে যথোত্তরং শ্রেষ্ঠাঃ ॥ ২৭ ॥

ন্যায়াদীনাং ক্রমেণ পূর্ব্বাদি ক্রমেণোৎপত্তিমাহ আন্বীক্ষিকীতি আন্বীক্ষিক্যাদ্যা মোক্ষ ধর্ম্ম কামার্থ বিদ্যাঃ। ব্যাহৃতয়ঃ ভূর্ভুবঃ স্বরিতি ব্যস্তা স্তিস্রঃ সমস্তা চতুর্থী। যথাহ আশ্বলায়নঃ এবং ব্যাহৃতয়ঃ প্রোক্তা ব্যস্তাঃ সমস্তা ইতি যদ্বা মহ ইতি চতুর্থী তথাচ শ্রুতিঃ ভূর্ভুবঃ স্বরিতি বা এতা স্তিস্রো ব্যাহৃতয়ঃ। তাসামুহ স্মৈতাং চতুর্থীমাহাচমস্যঃ প্রবেদয়তে মহ ইতীতি দহ্রতঃ হৃদয়াকাশাৎ ॥ ২৮ ॥

স্নুতঃ স্নায়ুতঃ অনুষ্টুপ্ স্নাবান্ ইতি শ্রুতেঃ ॥ ২৯ ॥

মহাকল্পে ব্রহ্মা শব্দব্রহ্মরূপোঽভবদিত্যুক্তং। তদেব দর্শয়ন্ বর্ণানামুৎপত্তিমাহ স্পর্শ ইতি সার্দ্ধেন। স্পর্শঃ কাদিবর্গ পঞ্চকং

### শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

পশ্যন্তি তত আহৃতৈঃ ফলাদিভির্জীবন্তঃ ফেণপাঃ স্বয়ং পতিতৈঃ ফলাদিভির্জীবন্তঃ। বনে ইতি বৃত্তিভেদেন নামভেদাদ্বান প্রস্থাশ্রমোপি চতুর্ব্বিধঃ। ন্যাসে ইতি সন্ন্যাসোপি চতুর্ব্বিধঃ। তত্র কুটীচকঃ স্বাশ্রমকর্ম্মপ্রধানঃ। বহ্বোদঃ কর্ম্মোপসর্জ্জনীকৃত্য জ্ঞানপ্রধানঃ হংসো জ্ঞানাভ্যা স নিষ্ঠঃ নিষ্ক্রিয়ঃ প্রাপ্ততত্ত্বঃ ইতি যথোত্তরং শ্রেষ্ঠাঃ ॥ ২৭ ॥

ন্যায়াদীনাং পূর্ব্বাদিক্রমেণোৎপত্তিমাহ। আন্বীক্ষিক্যাদ্যা মোক্ষধর্ম্মকামার্থবিদ্যা ভূর্ভুবঃ স্বরিতি ব্যস্তাস্তিস্রঃ সমস্তা চতুর্থীত্যেবং চতস্রো ব্যাহৃতয়ঃ। যথাহাশ্বলায়নঃ এবং ব্যাহৃতয়ঃ প্রোক্তা ব্যস্তাঃ সমস্তা অপি হৃৎস্বতঃ হৃদয়াকাশাৎ দহ্রত ইতি পাঠে স এবার্থঃ ॥ ২৮ ॥

ছন্দসামুৎপত্তিমাহ তস্যেতি। স্নুতঃ স্নায়ুতঃ সর্ব্বাঙ্গাচ্ছাদক নাড়ীত ইত্যর্থঃ। অনুষ্টুপ্ স্নাবা ইতি শ্রুতেঃ ॥ ২৯ ॥

বর্ণানামুৎপত্তিমাহ স্পর্শ ইতি সার্দ্ধেন। কাদিবর্গপঞ্চকং স্পর্শঃ স্বরো অকারাদিঃ। উষ্মাণঃ শষসহ চতুষ্কং। অন্তস্থাঃ

---

দিক্ হইতে আহৃত ফলাদি দ্বারা জীবিকাকরী) ফেণপ অর্থাৎ স্বয়ং পতিত ফলাদি দ্বারা জীবিকা কারী, অপর সন্ন্যাসির ধর্ম্ম চারি প্রকার, যথা কুটীচক অর্থাৎ আপনার আশ্রম ধর্ম্মে প্রধান, বহ্বোদ অর্থাৎ কর্ম্ম অপ্রধান বিবেচনা করিয়া জ্ঞানাভ্যাসে প্রধান) হংস (জ্ঞানাভ্যাস নিষ্ঠ) এবং নিষ্ক্রিয় (প্রাপ্ত তত্ত্ব) এই সকল যথোত্তর শ্রেষ্ঠ অর্থাৎ যে যে পরবর্ত্তী তাহা তাহা প্রধান। এ সমস্তও তাঁহা হইতেই সৃষ্ট হইল ॥ ২৭ ॥

অপর আন্বীক্ষিকী, অর্থাৎ তর্কবিদ্যা, ত্রয়ীবার্ত্তা, অর্থাৎ বেদবিদ্যা এবং দণ্ডনীতি, অর্থাৎ অর্থ শাস্ত্র, তথা তিন ব্যাহৃতি ভূ র্ভুবঃ স্বঃ এবং প্রণব, ইত্যাদি তাঁহার হৃদয়াকাশ হইতে উৎপন্ন হইল ॥ ২৮ ॥

পরন্তু সেই বিভুর লোম সকল হইতে উষ্ণিক্, ত্বক্ হইতে গায়ত্রী, মাংস হইতে ত্রিষ্টুপ্, স্নায়ুঃ অর্থাৎ সর্ব্বাঙ্গাচ্ছাদক নাড়ী বিশেষ হইতে অনুষ্টুপ্, অস্থি হইতে জগতী, মজ্জা হইতে বৃহতী প্রভৃতি ছন্দ সকল উৎপন্ন হইল ॥ ২৯ ॥

এইরূপে তাঁহার জীব, স্পর্শ সংজ্ঞক বর্ণ অর্থাৎ ককারাদি পঞ্চবর্গ এবং তাঁহার দেহ স্বর বর্ণ অর্থাৎ অকা-

স্বরাঃ সপ্তবিহারেণ ভবন্তিস্ম প্রজাপতেঃ ॥ ৩০ ॥

শব্দব্রহ্মাত্মনস্তস্য ব্যক্তাব্যক্তাত্মনঃ পরঃ। ব্রহ্মাবভাতি বিততো নানাশক্ত্যুপবৃংহিতঃ ॥ ৩১ ॥

ততোঽপরামুপাদায় স সর্গায় মনোদধে ॥ ৩২ ॥

ঋষীণাং ভূরি বীর্য্যাণামপি সর্গমবিস্তৃতং। জ্ঞাত্বা তদ্ধৃদয়ে ভূয়শ্চিন্তয়ামাস কৌরব।

অহো অদ্ভুতমেতন্মে ব্যাপৃতস্যাপি নিত্যদা। নহ্যেধন্তে প্রজা নূনং দৈবমত্র বিঘাতকং ॥ ৩৩ ॥

---

শ্রীধরস্বামী।

স্বরঃ অকারাদি উষ্মাণং শ ষ স হ চতুষ্কং। অন্তস্থাঃ য র ল বাঃ।। সপ্তস্বরাঃ ষড়জাদয়ঃ। বিহারেণ ক্রীড়য়া ॥ ৩০ ॥

অতএব শব্দ তনুত্বাদ্ব্রহ্মণঃ পরমেশ্বরো নিত্যং প্রকাশতে ইত্যাহ ব্যক্তা বৈখরী অব্যক্তঃ প্রণব স্তদাত্মন স্তস্য ব্রহ্মণঃ পরঃ পরমেশ্বরঃ আবির্ভাতি কীদৃশঃ ব্রহ্ম পরিপূর্ণঃ। তত্রাব্যক্তাত্মনো ব্রহ্মরূপোঽবিততো ঽবভাতি। ব্যক্তাত্মনো নানাশক্ত্যুপবৃংহিত ইন্দ্রাদিরূপোঽবভাতি ॥ ৩১ ॥

যা পূর্ব্বং বিসৃষ্টা সতী নীহারং তমোঽভবৎ ততোঽপরাং অনিষিদ্ধ কামাসক্তাং তনুং শব্দব্রহ্ম তনুস্ত সদাস্ত্যেব ॥ ৩২ ॥

তদন্তর গ্রহণে কারণমাহ ঋষীণামিত্যাদিনা ॥ ৩৩ ॥

---

ক্রমসন্দর্ভঃ।

শব্দ ব্রহ্মেতি। ব্যক্তাব্যক্তৌ বৈখরীপ্রণবৌ; তত্তদাত্মকাৎ সর্ব্বস্মাদপি বেদান্তস্য পরমেশ্বর এবাভাতি। স এব চ ব্রহ্ম পরিপূর্ণরূপঃ। তত্র হেতুঃ স্বরূপতোবিততঃ শক্তিশ্চ নানেতি ॥ ৩১ ॥ ৩২ ॥ ৩৩ ॥ ৩৪ ॥ ৩৫ ॥ ৩৬ ॥ ৩৭ ॥ ৩৮ ॥

---

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

যরলবাঃ সপ্তস্বরাঃ ষড়জাদয়ঃ বিহারেণ ক্রীড়য়া ॥ ৩০ ॥

পরমেশ্বরস্ফূর্ত্ত্যৈব ব্রহ্মণস্তেজস্বিত্বমধিকমিত্যাহ শব্দব্রহ্ম বেদ স্তন্ময়এব আত্মা দেহো যস্য তস্য। যতো ব্যক্তা বৈখরী অব্যক্তঃ প্রণবস্তদাত্মনস্তস্য ব্রহ্মণ উপাস্যত্বেন পরঃ পরমেশ্বরঃ আভাতি সম্যক্ স্ফুরতি। স এব নির্ব্বিশেষ শুদ্ধজ্ঞানগম্যত্বেন ব্রহ্ম। স বিশেষ শুদ্ধজ্ঞানগম্যত্বেন নানাশক্ত্যুপবৃংহিতো ভগবানিত্যতস্তস্য কন্যানুগমন জন্যমালিন্যং নাস্তীতি সাধিতং ॥ ৩১ ॥

যা পূর্ব্বং বিসৃষ্টা সতী নীহারং তমোঽভবৎ ততোঽপরামনিষিদ্ধকামাসক্তাং তনুং শব্দ ব্রহ্ম তনুস্ত সদা অস্ত্যেব ॥ ৩২ ॥

নমু তেন পূর্ব্বসৃষ্টা মরীচ্যাদয়এব বহুতরাঃ প্রজাঃ সৃজন্তীতি সর্গে তস্যালং পুনঃ প্রযত্নেনেত্যত আহ ঋষীণামিতি ॥ ৩৩ ॥

---

রাদি বর্ণ বলিয়া বিখ্যাত হইল। আর তাঁহার ইন্দ্রিয় সকল উষ্মবর্ণ শ ষ স হ এবং তাঁহার বল, অন্তস্থ বর্ণ য র ল ব হইল। অপর তাঁহার ক্রীড়া হইতে ষড়জ প্রভৃতি সপ্তস্বর জন্মিল ॥ ৩০ ॥

অপর সেই ব্রহ্মা শব্দমূর্ত্তি এবং ব্যক্ত অর্থাৎ বৈখরী নামিকা বাক্যরূপা ভাষা ও অব্যক্ত অর্থাৎ প্রণব এই উভয়াত্মক, অতএব ঐ প্রণব হইতে পরিপূর্ণ স্বরূপ পরমেশ্বর নিত্যই আবির্ভূত হয়েন অর্থাৎ তাঁহার অব্যক্ত মূর্ত্তি হইতে নানা শক্তি ইন্দ্রাদি দেবতা প্রকাশিত হয়েন ॥ ৩১ ॥

সে যাহা হউক, ঐ ব্রহ্মা পূর্ব্বে যে মূর্ত্তি ধারণ করিয়াছিলেন তাহা নীহার ময় তমো হওয়াতে তদ্ভিন্ন অন্য একটী মূর্ত্তি গ্রহণ করেন, ঐ মূর্ত্তিতে কামাদ্যাসক্তি নিষিদ্ধ ছিল না, তদনন্তর তিনি সৃষ্টি বিষয়ে মনোনিবেশ করিলেন ॥ ৩২ ॥

ব্রহ্মার দেহান্তর গ্রহণের কারণ এই, তিনি দেখিলেন মহাবীর্য্যশালি ঋষিগণের সৃষ্টিও বিস্তৃত হইল না, অতএব হে কৌরব্য! তিনি বিস্ময় প্রকাশ পূর্ব্বক মনোমধ্যে চিন্তা করিলেন, অহো! একি আশ্চর্য্য! আমি সর্ব্বত্র ব্যাপ্ত হইয়া রহিয়াছি, তথাচ আমার প্রজা নিত্য বৃদ্ধিশীল হইতেছে না, এখন আমার নিশ্চয় বোধ হইল এ বিষয়ে দৈবই প্রতিকূল আছেন ॥ ৩৩ ॥

এবং যুক্তকৃতস্তস্য দৈবঞ্চাবেক্ষতস্তদা। কস্য রূপমভূদ্দ্বেধা যৎ কায়মভিচক্ষতে।
তাভ্যাং রূপবিভাগাভ্যাং মিথুনং সমপদ্যত ॥ ৩৪ ॥
যস্তু তত্র পুমান্ সোঽভূন্মনুঃ স্বায়ম্ভুবঃ স্বরাট্। স্ত্রী যাসীচ্ছতরূপাখ্যা মহিষ্যস্য মহাত্মনঃ ॥ ৩৫ ॥
তদা মিথুনধর্ম্মেণ প্রজাহ্যেধাং বভূবিরে ॥ ৩৬ ॥
সচাপি শতরূপায়াং পঞ্চাপত্যান্যজীজনৎ। প্রিয়ব্রতোত্তানপাদৌ তিস্রঃ কন্যাশ্চ ভারত।
আকূতি র্দেবহূতিশ্চ প্রসূতিরিতি সত্তম। আকূতিং রুচয়ে প্রাদাৎ কর্দ্দমায় তু মধ্যমাং ॥ ৩৭ ॥
দক্ষায়াদাৎ প্রসূতিঞ্চ যত আপূরিতং জগৎ ॥ ৩৮ ॥

॥ * ॥ ইতি শ্রীভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং তৃতীয়স্কন্ধে বিদুর-মৈত্রেয় সম্বাদে সৃষ্টিবর্ণনং দ্বাদশোঽধ্যায়ঃ ॥ * ॥ ১২ ॥ * ॥

শ্রীধরস্বামী।

যুক্তকৃতঃ যথোচিতং কুর্ব্বতঃ। অতএব কস্য ব্রহ্মণঃ ইদং দ্বিধাভূতং ইত্যাশ্চর্য্যাৎ কায়মদ্যাপি অভিচক্ষতে ॥ ৩৪ ॥
যা স্ত্রী সাঽস্য মহিষ্যাসীৎ ॥ ৩৫ ॥
এধাংবভূবিরে বৃদ্ধিং প্রাপ্তাঃ ॥ ৩৬ ॥
তদেবাহ স চাপীতি ॥ ৩৭ ॥ যতঃ যাসাং সন্ততিভিঃ ॥ ৩৮ ॥

॥ * ॥ ইতি তৃতীয়ে দ্বাদশঃ ॥ * ॥

ক্রমসন্দর্ভঃ।

॥ * ॥ ইতি শ্রীমদ্ভাগবতে তৃতীয়স্কন্ধে শ্রীজীবগোস্বামিকৃত ক্রমসন্দর্ভস্য দ্বাদশোঽধ্যায়ঃ সমাপ্তঃ ॥ * ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

যুক্তকৃতঃ যথোচিতং কুর্ব্বতঃ। দৈবং স্বীয় দিষ্টমেবাবেক্ষমাণস্য কস্য ব্রহ্মণঃ রূপং একমেব দ্বিধা একং শ্মশ্রুযুক্তমপরং কুচদ্বয়যুক্তমিতি দ্বিবিধমভূৎ। যদুভয়মপি কায়ং কসম্বন্ধিত্বাৎ কায়শব্দবাচ্যং নড়াদিত্বাৎ য়ন মলোপশ্ছান্দসঃ ॥ ৩৪। ৩৫। ৩৬ ॥
সচ স্বায়ম্ভুবঃ ॥ ৩৭ ॥
যতঃ যাসাং সন্ততিভিঃ ॥ ৩৮ ॥

॥ * ॥ ইতি সারার্থদর্শিন্যাং হর্ষিণ্যাং ভক্তচেতসাং। তৃতীয়ে দ্বাদশোঽধ্যায়ঃ সঙ্গতঃ সঙ্গতঃ সতাং ॥ * ॥

এইরূপ চিন্তা করিয়া যাহা কর্ত্তব্য তাহাই করিলেন এবং ঐ দৈবের প্রতিও দৃষ্টি রাখিলেন। ঐ প্রকার ভাবনা করিতে করিতে ব্রহ্মার ঐ মূর্ত্তি আপনা হইতে অত্যাশ্চর্য্য রূপে দুই ভাগে বিভক্ত হইল, তাহাতেই অদ্যাপি লোকে তাঁহার মূর্ত্তিকে কায় বলিয়া থাকে, সে যাহা হউক ঐ দুই অংশ দ্বারা তিনি মিথুন অর্থাৎ স্ত্রী পুরুষ হইলেন ॥ ৩৪ ॥

তন্মধ্যে যিনি পুরুষ তিনি স্বায়ম্ভুব মনু হইলেন, আর যিনি স্ত্রী তাঁহার নাম শতরূপা হইল, ঐ স্ত্রী মহাত্মা মনুর মহিষী হইলেন ॥ ৩৫ ॥

তদবধি মিথুন অর্থাৎ স্ত্রী পুরুষের পরস্পর সহযোগ দ্বারা প্রজা সকল বৃদ্ধি প্রাপ্ত হইতে লাগিল ॥৩৬

হে সাধো! উক্ত মনু শতরূপা নাম্নী মহিষীতে পাঁচটী অপত্য উৎপাদন করেন, তন্মধ্যে পুত্র দুই এবং কন্যা তিন। পুত্রদ্বয়ের নাম প্রিয়ব্রত এবং উত্তানপাদ। কন্যাত্রয়ের নাম আকূতি, দেবহূতি এবং প্রসূতি। মনু আকূতিকে রুচি মুনিকে প্রদান করেন এবং মধ্যমা দেবহূতির কর্দ্দম ঋষির সহিত বিবাহ দেন ॥ ৩৭ ॥

আর প্রসূতিকে দক্ষ প্রজাপতির হস্তে সম্প্রদান করেন, ইহাঁর সন্তানেই জগৎ পরিপূর্ণ হয় ॥ ৩৮ ॥

॥ * ॥ ইতি তৃতীয়ে দ্বাদশ ॥ * ॥

শ্রীশুক উবাচ ॥

নিশম্য বাচং বদতো মুনেঃ পুণ্যতমাং নৃপ। ভূয়ঃ পপ্রচ্ছ কৌরব্যো বাসুদেবকথাদৃতঃ ॥ ১ ॥

শ্রীবিদুর উবাচ ॥

স বৈ স্বায়ম্ভুবঃ সম্রাট্ প্রিয়ঃ পুত্রঃ স্বয়ম্ভুবঃ। প্রতিলভ্য প্রিয়াং পত্নীং কিং চকার ততো মুনে ॥ ২

চরিতং তস্য রাজর্ষেরাদিরাজস্য সত্তম। ব্রূহি মে শ্রদ্দধানায় বিষ্বক্‌সেনাশ্রয়ো হ্যসৌ ॥ ৩ ॥

শ্রুতস্য পুংসাং সুচিরশ্রমস্য নন্বঞ্জসা সূরিভিরীড়িতোঽর্থঃ।

তত্তদ্গুণানুশ্রবণং মুকুন্দপাদারবিন্দং হৃদয়েষু যেষাং ॥ ৪ ॥

শ্রীশুক উবাচ ॥

---

শ্রীধরস্বামী।

ত্রয়োদশে সিসৃক্ষায়াং মনোরাকস্মিকাপ্লুতাং। ধরামুদ্ধর্ত্তুমুদ্ভূতাৎ ক্রোড়াদ্দৈত্যোত্রস্থদনং ॥ ১ ॥

স্বয়ম্ভুবঃ পুত্রঃ তদ্দেহাংশত্বাৎ ॥ ২ ॥

বিষ্বক্‌সেনো হরিরেবাশ্রয়ো যস্য সঃ ॥ ৩ ॥

অতস্তস্য চরিতং শ্রোতব্যমিত্যাহ। সুচিরং শ্রমো যস্মিন্ তস্য পুংসাং শ্রুতস্য অয়মেবার্থ ঈড়িতঃ স্তুতঃ। নন্বু যৎ মুকুন্দ-পাদারবিন্দং যেষাং যেষাং হৃদয়েষস্তি তেষাং তেষাং গুণানুশ্রবণং ॥ ৪ ॥

---

ক্রমসন্দর্ভঃ।

আদৃতি রস্যাস্তীত্যাদৃতঃ সাদর ইত্যর্থঃ অর্শ আদিত্বাদচ্ ॥ ১ । ২ । ৩ । ৪ ॥

---

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

ত্রয়োদশে মনোর্বাচা ধ্যায়তো ব্রহ্মণো নসঃ। উদ্ভূয় গাং গতঃ ক্রোড়ো গামুদ্দধ্রে দ্বিজৈঃ স্তুতঃ ॥ ০ ॥

আদৃতিরস্যাস্তীত্যর্শ আদ্যচ্ আদৃতঃ সাদর ইত্যর্থঃ। যদ্বা কথয়ৈব কর্ত্র্যা মামসৌ বিদুরঃ শৃণোতু। মন্মাধুর্য্যমেতৎ কর্ত্তৃকাস্বাদাৎ সার্থকং ভবত্বিত্যাদৃতঃ। যদ্বা কথায়ামাদৃতঃ বক্তৃভিঃ শ্রোতৃভিশ্চেত্যর্থাৎ ॥ ১ । ২ । ৩ ॥

বৈষ্ণবকথাশ্রবণং বিনা বিদুষামপি বিদ্যা বিফলা ভবতীত্যাহ। সুচিরং শ্রমো যস্মিন্ তস্য গুরুমুখাৎ শ্রুতস্য শাস্ত্রাদ্যধ্যয়নস্যে-ত্যর্থঃ। অয়মেবার্থঃ প্রয়োজনং। ঈড়িতঃ স্তুতঃ তদন্যস্তু নিন্দিত ইত্যর্থঃ। সচ কঃ যেষাং যেষাং হৃদয়েষু কৃষ্ণপাদপদ্মং বর্ত্ততে তেষাং তেষাং গুণানুশ্রবণকীর্ত্তনাদীত্যর্থঃ ॥ ৪ ॥

---

ত্রয়োদশ অধ্যায়ে ব্রহ্মার আদেশানুসারে স্বায়ম্ভুব মনু লোক সৃজনার্থ প্রবৃত্ত হইলে বরাহ দেব কর্ত্তৃক জলমগ্না ধরার উদ্ধার এবং আদিদৈত্য হিরণ্যাক্ষের বধ সূচনা ॥ ০ ॥

শুকদেব কহিলেন হে রাজন্! কুরুশ্রেষ্ঠ বিদুর মৈত্রেয় মুনির প্রমুখাৎ এই সকল পুণ্যতমা কথা শ্রবণ করিয়া ভগবান্ বসুদেবের কথায় অনুরাগ প্রকাশ করত পুনর্ব্বার জিজ্ঞাসা করিলেন ॥ ১ ॥

মুনে! ব্রহ্মার প্রিয়তম পুত্র সম্রাট্ স্বায়ম্ভুব মনু, প্রিয়পত্নী লাভ করিয়া তাহার পরে কি করিলেন ॥ ২ ॥

হে সত্তম! সেই রাজর্ষি আদিরাজ এবং তিনি ভগবান্ হরির আশ্রিত ছিলেন, তাঁহার বিশুদ্ধ চরিত্র বর্ণন করুন, আমি শ্রদ্ধান্বিত হইয়া শ্রবণ করিব ॥ ৩ ॥

হে মুনে! যাঁহাদের হৃদয় মধ্যে ভগবান্ মুকুন্দের পদারবিন্দ দেদীপ্যমান, তাঁহাদের যে গুণানুবাদ শ্রবণ, তাহাই পুরুষ সকলের চিরকালের শ্রমোপার্জ্জিত শ্রবণাদির অর্থ এবং পণ্ডিতেরা তাহারই যথার্থ রূপে স্তব করিয়া থাকেন ॥ ৪ ॥

ইতি ব্রুবাণং বিদুরং বিনীতং সহস্রশীর্ষ্ণশ্চরণোপধানং।
প্রহৃষ্টরোমা ভগবৎ কথায়াং প্রণীয়মানো মুনিরভ্যচষ্ট ॥
শ্রীমৈত্রেয় উবাচ ॥
যদা স্বভার্য্যয়া সার্দ্ধং জাতঃ স্বায়ম্ভুবো মনুঃ। প্রাঞ্জলিঃ প্রণতশ্চেদং বেদগর্ব্ভমভাষত ॥ ৫ ॥
ত্বমেকঃ সর্ব্বভূতানাং জন্মকৃদ্‌বৃত্তিদঃ পিতা। তথাপি নঃ প্রজানাং তে শুশ্রূষা কেনবা ভবেৎ ॥ ৬
তদ্বিধেহি নমস্তুভ্যং কর্ম্মস্বীড্যাত্ম শক্তিষু। যৎকৃত্বেহ যশো বিষ্বগমুত্রচ ভবেদ্গতিঃ ॥ ৭ ॥
শ্রীব্রহ্মোবাচ ॥

শ্রীধরস্বামী।

সহস্রশীর্ষ্ণা শ্রীকৃষ্ণস্ত চরণাবুপধীয়েতে যস্মিন্‌। শ্রীকৃষ্ণঃ প্রীত্যা যস্তোৎসঙ্গে চরণৌ প্রসারয়তীত্যর্থঃ। তমভ্যচষ্ট অভ্যভাষত প্রণীয়মানঃ স্তেন প্রবর্ত্ত্যমানঃ ॥ ৫ ॥

ত্বমেবৈকঃ পিতা সর্ব্বেষাং। যতো জন্মকৃৎ। বৃত্তিপ্রদঃ পোষকশ্চ ত্বমেব অতস্তব যদ্যপি অন্যাপেক্ষা নাস্তি। তথাপ্যস্মাকং তে শুশ্রূষা কেন কর্ম্মণা ভবেত্তদ্বিধেহীত্যুত্তরেণান্বয়ঃ ॥ ৬ ॥

হে ঈড্য আত্মশক্তিষু অস্মচ্ছক্যেষু কর্ম্মসু মধ্যেষু কেন কর্ম্মণা ভবেত্তদ্বিধেহি ইদং কর্ত্তব্যমিতি কথয়। যৎ কৃত্বা যস্মিন্‌ কৃতে সতি বিষ্বক্‌ সর্ব্বতঃ ॥ ৭ ॥

ক্রমসন্দর্ভঃ।

সহস্রাণামনন্তসংখ্যানাং তৎপ্রাদুর্ভাবানাং শীর্ষ্ণঃ শ্রেষ্ঠরূপস্ত শ্রীকৃষ্ণস্য চরণোপধানমিতি মহাভারতে শ্রীভগবত স্তদাগৃহভোজনে প্রসিদ্ধং। শীর্ষস্য শীর্ষ্ণঃ ছন্দসীতি ভগবান্‌ পাণিনিঃ ॥ ৫ ॥ ৬ ॥

যৎ কৃত্বেত্যত্র স্থিতস্যেত্যধ্যাহার্য্যং ॥ ৭ ॥ ৮ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

সহস্রশীর্ষ্ণা বিদুরশঙ্কা নিবৃত্ত্যর্থং তদাগৃহে ধৃত সহস্রশীর্ষবিগ্রহঃ শ্রীকৃষ্ণস্তস্ত চরণয়োরুপধানমুপবর্হরূপং মহাভারতে বিদুরগৃহে ভোজনে ভগবাংস্তদুৎসঙ্গে চরণৌ নিধায় সুষ্বাপেতি প্রসিদ্ধেঃ। প্রণীয়মানঃ তেন প্রবর্ত্ত্যমানঃ ॥ ৫ ॥ ৬ ॥

হে ঈড্য আত্মশক্তিষু অস্মচ্ছক্যেষু কর্ম্মসু মধ্যে কেন কর্ম্মণা তে শুশ্রূষা ভবেত্তদ্বিধেহি আজ্ঞাপয়েত্যর্থঃ। যৎ কৃত্বা স্থিতস্য মমেত্যধ্যাহার্য্যং ॥ ৭ ॥

শুকদেব কহিলেন ভগবান্‌ শ্রীকৃষ্ণ প্রীতি পূর্ব্বক যে বিদুরের ক্রোড়ে আপনার চরণদ্বয় প্রসারিত করিতেন, সেই বিদুর বিনীত হইয়া ঐ রূপ কহিলে মৈত্রেয় মুনি আনন্দে পুলকিত হইয়া কহিতে লাগিলেন ॥

অহে বিদুর! স্বায়ম্ভুব মনু আপন্যার ভার্য্যার সহিত উৎপন্ন হইয়া প্রণাম পূর্ব্বক কৃতাঞ্জলিপুটে ব্রহ্মাকে কহিলেন ॥ ৫ ॥

হে ব্রহ্মন্‌! আপনি এই সমস্ত প্রাণির পিতা, যে হেতু জন্ম দিয়াছেন এবং পোষণ করিতেছেন, অতএব যদিও আপনকার অন্যাপেক্ষা নাই তথাপি আমরা আপনকার সন্তান, আপনকার শুশ্রূষা করাই আমাদিগের কর্ত্তব্য, কোন্‌ কর্ম্ম দ্বারা আপনকার শুশ্রূষা করিব, আজ্ঞা করুন ॥ ৬ ॥

হে ঈড্য! আমাদের শক্তি সাধ্য কর্ম্ম সকলের মধ্যে কোন্‌ কর্ম্ম দ্বারা আপনকার শুশ্রূষা হইতে পারে? প্রভো! আপনাকে নমস্কার করি কহিতে আজ্ঞা হউক, হে ব্রহ্মন্‌! ঐ কর্ম্ম করিলে আমাদের ইহ লোকে যশঃ এবং পরলোকে সদ্গতি হইবে ॥ ৭ ॥

প্রীতস্তুভ্যমহং তাত স্বস্তিস্তাদ্বাং ক্ষিতীশ্বর। যন্নির্ব্যলীকেন হৃদা শাধি মেত্যাত্মনার্পিতং ॥ ৮ ॥
এতাবত্যাত্মজৈর্বীর কার্য্যা হ্যপচিতি গুরৌ। শক্ত্যাঽপ্রমত্তৈ র্গৃহ্যেত সাদরং গতমৎসরৈঃ ॥ ৯ ॥
সত্বমস্যামপত্যানি সদৃশান্যাত্মনো গুণৈঃ। উৎপাদ্য শাস ধর্ম্মেণ গাং যজ্ঞৈঃ পুরুষং যজ ॥ ১০ ॥
পরং শুশ্রূষণং মহ্যং স্যাৎ প্রজা রক্ষণান্নৃপ। ভগবাংস্তে প্রজাভর্ত্তু র্হৃষীকেশোঽনুতুষ্যতি ॥ ১১ ॥
যেষাং ন তুষ্টো ভগবান্ যজ্ঞলিঙ্গো জনার্দ্দনঃ। তেষাং শ্রমো হ্যপার্থায় যদাত্মানাদৃতঃ স্বয়ং ॥১২

শ্রীধরস্বামী।

বাং যুবাভ্যাং স্বস্তি ভদ্রং স্তাৎ ভূয়াৎ যৎ যতঃ মা মাং শাধি অনুশিক্ষয়েতি আত্মনা স্বয়মেবার্পিতং নিবেদিতং অতঃ প্রীতোস্মি ॥ ৮
অপচিতিঃ পূজা গৃহ্যেত ইতি আজ্ঞেতি শেষঃ। সনকাদয়ো নকুর্ব্বন্তি বয়ং কিমিতি করিষ্যাম ইত্যেবং ভূতো গতো মৎসরো যেভ্যঃ ॥ ৯ ॥
গাং শাস শাধি পালয়েত্যর্থঃ। পুরুষং হরিং ॥ ১০ ॥ প্রজাপালকস্য তে তুষ্টো ভবিষ্যতি ॥ ১১ ॥
যজ্ঞলিঙ্গঃ যজ্ঞমূর্ত্তিঃ অপগতঃ অর্থো যস্মাৎ কেবল শ্রমায়ৈবেত্যর্থঃ। যদযস্মাৎ আত্মৈব স্বয়ং নাদৃত। তস্মিন্ন তুষ্টে স্বার্থস্যৈবাসিদ্ধেঃ। সর্ব্বাত্মত্বাচ্চ তস্য ॥ ১২ ॥

ক্রমসন্দর্ভঃ।

মৎসরোন্যসুখদ্বেষঃ সচাত্রৈকাকিতয়া গুর্ব্বাজ্ঞা কর্ত্তৃত্বদকর্ত্তৃষু সজাতীয়েষু সংভবতীতি গতমৎসরৈরিত্যুক্তং ॥ ৯। ১০। ১১ ॥
অপার্থায় অপার্থত্বায়েত্যর্থঃ। যদাত্মানাদৃতঃ স্বয়মিতি পরমাত্মানাদরেণ স্বত এবাত্মানাদরাৎ ॥ ১২ ॥ ১৩ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

তুভ্যং প্রীত ইতি পত্যে শেতে ইতিবৎ সংপ্রদানং। অতো বাং যুবাভ্যাং স্ত্রীপুংসাভ্যামেব স্বস্তিস্তাৎ। যদ্যতঃ মা মাং শাধি অনুশিক্ষয় ইতি আত্মনা স্বয়মেবার্পিতং বিশেষ্যপদানুক্ত্যা অহন্তাস্পদ মমতাস্পদাদিকং সর্ব্বমেব নিবেদিতমিত্যর্থঃ ॥ ৮ ॥
অপচিতিঃ সেবা গৃহ্যেত আজ্ঞেতি শেষঃ। সনকাদয়ো ন কুর্ব্বন্তি বয়ং কিমিত্যাজ্ঞাং কুর্ম্ম ইত্যেবম্ভূতো গতো মৎসরো যেভ্য ইতি তৈঃ ॥ ৯ ॥
গাং পৃথ্বীং শাস শাধি পালয়েত্যর্থঃ ॥ ১০ ॥
মহ্যং মম মাং প্রীণয়িতুমিতি বা ॥ ১১ ॥
যজ্ঞৈ র্যজনৈঃ অর্চ্চন শ্রবণকীর্ত্তনাদ্যৈরেব লিঙ্গ্যতে জ্ঞায়তে ইতি সঃ। যদযস্মাদাত্মৈবনাদৃতঃ পরমাত্মানাদরেণ স্বত এবাত্মানাদরাৎ তস্মিন্নতুষ্টে স্বার্থস্যৈবাসিদ্ধেঃ ॥ ১২ ॥

সায়ম্ভুব মনুর ঐ রূপ বাক্য শ্রবণ করিয়া ব্রহ্মা স্নেহ প্রকাশ পূর্ব্বক কহিলেন, হে তাত! হে ক্ষিতীশ্বর! তোমাদের দুই জনের মঙ্গল হউক, তোমরা অকপট চিত্তে স্বয়ং এই যে নিবেদন করিলে "আমাদিগকে উপদেশ দিউন" ইহাতে আমি তোমাদের প্রতি সাতিশয় প্রীত হইলাম ॥ ৮ ॥

হে বীর! পিতার প্রতি পুত্রদিগের এই রূপ ভক্তি করা উচিত, পিতার আজ্ঞা পালন ও তাঁহার অর্চ্চন, অপ্রমত্ত এবং নির্ম্মৎসর হইয়া আদর পূর্ব্বক করিতে হয় ॥ ৯ ॥

যাহা হউক, এক্ষণে তুমি আপনার এই পত্নীতে আত্মসদৃশ গুণশালী অপত্য সকল উৎপাদন করিয়া ধর্ম্মত এই পৃথিবী পালন করিতে প্রবৃত্ত হও এবং যজ্ঞের দ্বারা ভগবান্ যজ্ঞপুরুষের আরাধনা কর॥ ১০

হে রাজন্! যদি তুমি উত্তমরূপে প্রজাপালন করিতে পার, তাহাতেই আমার পরম শুশ্রূষা হইবে, আর তোমাকে প্রজাপালক দেখিলে ভগবান্ হৃষীকেশও তোমার প্রতি প্রসন্ন হইবেন ॥ ১১ ॥

বৎস! যজ্ঞ মূর্ত্তি ভগবান্ জনার্দ্দন যাহাদের প্রতি প্রসন্ন না হয়েন তাহাদের শ্রম বিফল, কেন না তাহারা আত্মারই অনাদর করে, ফলতঃ ভগবান্ হরি সকলের আত্ম স্বরূপ, তিনি তুষ্ট না হইলে তাহাদের স্বার্থ সিদ্ধ হয় না ॥ ১২ ॥

শ্রীমনুরুবাচ ॥

আদেশেঽহং ভগবতো বর্ত্তেয়ামীবসূদন। স্থানন্ত্বিহানুজানীহি প্রজানাং মম চ প্রভো ॥ ১৩ ॥

যদোকঃ সর্ব্বভূতানাং মহী মগ্না মহাম্ভসি। অস্যা উদ্ধরণে যত্নো দেব দেব্যা বিধীয়তাং ॥ ১৪

শ্রীমৈত্রেয় উবাচ ॥

পরমেষ্ঠী ত্বপাং মধ্যে তথা সন্নামবেক্ষ্য গাং। কথমেনাং সমুন্নেষ্য ইতি দধ্যৌ ধিয়া চিরং ॥ ১৫ ॥

সৃজতো মে ক্ষিতির্বার্ভিঃ প্লাব্যমানা রসাং গতা। অথাত্র কিমনুষ্ঠেয়মস্মাভিঃ সর্গযোজিতৈঃ ॥ ১৬ ॥

শ্রীধরস্বামী।

বর্ত্তেয় বর্ত্তিষ্যে। হে অমীবসূদন পাপনাশন অনুজানীহি, অত্র স্থাতব্যমিতি অনুজ্ঞাং দেহি ॥ ১৩ ॥

মহীতি চেৎ অত আহ যদোকঃ স্থানং সা মহী হে দেব অস্যা দেব্যাঃ ॥ ১৪ ॥

পূর্ব্বং পানে কৃতেপি পুনরকাণ্ড এব উদ্ভূতানামপাং মধ্যে সন্নাং অবসন্নাং নিমগ্নাং কথমুন্নেষ্যে উদ্ধরিষ্যামি ॥ ১৫ ॥

চিন্তামেবাহ সৃজতঃ সতঃ বার্ভিঃ অদ্ভিঃ রসাং রসাতলং। ঈশ্বরেণ সর্গনিযুক্তৈরস্মাভিঃ ॥ ১৬ ॥

ক্রমসন্দর্ভঃ।

যদোক ইত্যাদিকং পাদ্মপ্রসঙ্গে ব্রহ্মকথাসূচনবদ্ বর্ত্তমানকল্পজশ্বেতবরাহকথাসূচনং জ্ঞেয়ং। যত্রৈব স্বায়ম্ভুবপ্রসঙ্গে প্রাচেতস-দক্ষদৌহিত্র হিরণ্যাক্ষবধরূপা চাক্ষুষকথাপি ভবিষ্যতি। অত্র তু শ্যামতয়াবির্ভূত ইতি তমালনীল ইতি বক্ষ্যতি। মহাম্ভসি গর্ভোদকে ॥ ১৪ ॥ ১৫ ॥

রসাং গতেতি তদবকাশদেশপর্য্যন্তং মগ্নেত্যর্থঃ। রসায়া অপি মহীবিবরত্বাৎ ॥ ১৬ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

বর্ত্তে বর্ত্তিষ্যে স্থানং বসতিস্থলং অনুজানীহি পরামৃশ। অমীবসূদন হে পাপনাশন ॥ ১৩ ॥

ননু পূর্ব্বপূর্ব্বকল্পে মনবঃ কুত্র স প্রজা আসন্নিতি শাস্ত্রজ্ঞত্বাৎ ত্বং জানাসি নবেতি চেৎ সত্যং জানাম্যেবেত্যাহ যদোক ইতি ॥ ১৪ ॥ ১৫ ॥

রসাং রসাতলোপলক্ষিতং গর্ভোদমিত্যর্থঃ। রসাতলস্য ভূবিবরত্বাত্তত্র ভুবো মজ্জনানুপপত্তেঃ ॥ ১৬ ॥

মনু কহিলেন হে ভগবন্! হে পাপনাশন! আপনকার আদেশানুরূপ আচরণ অবশ্যই করিব, আপনি অনুগ্রহ করিয়া প্রজাগণের এবং আমার নিমিত্ত কিঞ্চিৎ স্থান প্রদান করুন অর্থাৎ "এই স্থানে অবস্থিতি কর" এইরূপ অনুজ্ঞা দিউন ॥ ১৩ ॥

হে দেব! সর্ব্বপ্রাণির বাসস্থান স্বরূপা যে পৃথিবী ছিল, তাহা প্রলয়কালীন সমুদ্র জলে নিমগ্ন হইয়াছে। অতএব আমাদিগকে যদি স্থান দানের অভিপ্রায় হয় তবে পৃথিবীর উদ্ধার্থে যত্ন করুন ॥ ১৪ ॥

অনন্তর মৈত্রেয় মুনি বিদুরকে সম্বোধন করিয়া কহিলেন বিদুর! পরমেষ্ঠি ব্রহ্মা মনুর ঐ রূপ বাক্য শ্রবণ করিয়া এবং জল মধ্যে ধরণীকে নিমগ্না দেখিয়া বহুক্ষণ পর্য্যন্ত চিন্তা করিলেন, আমি পূর্ব্বে একবার সকল জল পান করিয়াছি, আবার অকস্মাৎ কি প্রকারে ঐ জল উৎপন্ন হইল? যাহা হউক, এখন এই জল মধ্যে নিমগ্না অবনীকে কি প্রকারে উদ্ধার করি ॥ ১৫ ॥

কি আশ্চর্য্য! আমি সৃষ্টি করিতেছিলাম, আমার নিকট হইতে এই ক্ষিতি জল দ্বারা প্লাবিতা হইয়া রসাতল গতা হইয়াছে? যাহা হউক পরমেশ্বর আমাদিগকে সৃজনার্থে নিযুক্ত করিয়াছেন এখন এ বিষয়ে কর্ত্তব্য কি? ॥ ১৬ ॥

যস্যাহং হৃদয়াদাসং স ঈশো বিদধাতু মে ॥ ১৭ ॥
ইত্যভিধ্যায়তো নাসাবিবরাৎ সহসানঘ। বরাহতোকো নিরগাদঙ্গুষ্ঠপরিমাণকঃ ॥ ১৮ ॥
তস্যাভিপশ্যতঃ খস্থঃ ক্ষণেন কিল ভারত। গজমাত্র প্রববৃধে তদদ্ভুতমভূন্মহৎ ॥ ১৯ ॥
মরীচি প্রমুখৈর্বিপ্রৈঃ কুমারৈর্মনুনা সহ। দৃষ্ট্বা তচ্ছৌকরং রূপং তর্কয়ামাস চিত্রধা।
কিমেতচ্ছৌকরব্যাজং সত্ত্বং দিব্যমবস্থিতং। অহো বতাশ্চর্য্যমিদং নাসায়া মে বিনিঃসৃতং ॥ ২০ ॥
দৃষ্টোঽঙ্গুষ্ঠ শিরোমাত্রঃ ক্ষণাদ্গণ্ডশিলা সমঃ। অপি স্বিদ্ভগবানেষ যজ্ঞো মে খেদয়ন্মনঃ ॥ ২১ ॥

শ্রীধরস্বামী।

মেঽনুষ্ঠেয়ং। সএব বিদধাতু সম্পাদয়তু ॥ ১৭ ॥
বরাহতোকঃ সূক্ষ্মো বরাহঃ ॥ ১৮ ॥
খস্থঃ আকাশে স্থিতঃ সন্ ॥ ১৯ ॥
চিত্রধা অনেকধা ॥ ২০ ॥
পূর্ব্বমঙ্গুষ্ঠাগ্র প্রমাণো দৃষ্টঃ। গণ্ডশিলা স্থূল পাষাণঃ তৎ সমঃ যজ্ঞো বিষ্ণুঃ। নিজরূপ তিরোধানেন মে মনঃ খেদয়ন্ ॥ ২১ ॥

ক্রমসন্দর্ভঃ।

যস্যেত্যর্দ্ধকং। হৃদয়াদাসং সঙ্কল্পমাত্রাৎ ॥ ১৭ ॥
বরাহতোকো নিরগাদিতি তাদৃশ ভাবাভাবায় পুত্রত্বাদিব্যবহার ইতি জ্ঞাপিতং। অঙ্গুষ্ঠ পরিমাণক ইতি কচিৎ কিন্তু স্বামিভিরগ্রে অঙ্গুষ্ঠাগ্রপ্রমাণ ইত্যেব লিখিষ্যতে ॥ ১৮ । ১৯ । ২০ ॥
খেদয়ন্ অদৃষ্টরূপাবির্ভাবেন সংশয়ৈর্মনঃ ক্ষোভয়ন্ ॥ ২১ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

বিদধাত্বিতি অনুষ্ঠেয়মিত্যস্ত পূর্ব্বস্থানুষঙ্গঃ ॥ ১৭ ॥
বরাহতোকঃ সূক্ষ্মো বরাহঃ ॥ ১৮ ॥
গজমাত্রঃ হস্তিশরীরপরিমিতঃ ॥ ১৯ ॥ ২০ ॥
যজ্ঞঃ প্রথমমন্বন্তরাবতারঃ। খেদয়ন্ অদৃষ্টরূপাবির্ভাবেন সংশয়ৈর্মনঃ ক্ষোভয়ন্ ॥ ২১ ॥ ২২ ॥

অথবা আমার চিন্তায় কি হইবে? যে ভগবানের হৃদয় হইতে আমি উৎপন্ন হইয়াছি, তিনিই এ বিষয়ে আমার যাহা অনুষ্ঠেয় তাহা সম্পাদন করুন ॥ ১৭ ॥

অহে নিষ্পাপ বিদুর! ব্রহ্মা এইরূপ চিন্তা করিতে থাকিলে তাঁহার নাসারন্ধ্র হইতে সহসা একটী সূক্ষ্ম বরাহ নির্গত হইল, তাঁহার পরিমাণ অঙ্গুষ্ঠমাত্র ॥ ১৮ ॥

অহে বিদুর! সেই বরাহ দেখিতে দেখিতে ব্রহ্মার সমক্ষেই, আকাশস্থ হইয়া ক্ষণমাত্রে হস্তির আকারে পরিবর্দ্ধিত হইল তাহাতে যে কি রূপ আশ্চর্য্য দর্শন হইল তাহা বলা যায় না ॥ ১৯ ॥

ব্রহ্মা বিস্মিত হইয়া মরীচি প্রভৃতি ব্রাহ্মণগণ এবং কুমার ও মনুর সহিত সেই শূকর রূপ অবলোকন করত বহুবিধ তর্ক বিতর্ক করিয়া কহিতে লাগিলেন এ কি? শূকর ছলে কোন দিব্যপ্রাণী আসিয়া আবির্ভূত হইলেন না কি? এ যে বড় আশ্চর্য্য দেখি! নাসাবিবর হইতে এতাদৃশ বরাহ বিনিঃসৃত হইল? ॥ ২০ ॥

এই বরাহ প্রথমতঃ অঙ্গুষ্ঠের শিরোমাত্র পরিমাণ দৃষ্ট হইয়াছিল, ক্ষণকাল মধ্যে স্থূল পাষাণ সদৃশ হইল। ইনিই ত ভগবান্ বিষ্ণু হইবেন না? বুঝি তিনিই নিজ রূপ সংগোপন করিয়া আমাদের মনকে ক্ষুব্ধ করিতেছেন ॥ ২১ ॥

ইতি মীমাংসতস্তস্য ব্রহ্মণঃ সহ সূনুভিঃ । ভগবান্ যজ্ঞপুরুষো জগর্জাগেন্দ্রসন্নিভঃ ॥ ২২ ॥
ব্রহ্মাণং হর্ষয়ামাস হরিস্তাংশ্চ দ্বিজোত্তমান্ । স্বগর্জিতেন ককুভঃ প্রতিস্বনয়তা বিভুঃ ॥ ২৩ ॥
নিশম্য তে ঘর্ঘরিতং স্বখেদ ক্ষয়িষ্ণু মায়াময়শূকরস্য ।
জনস্তপঃ সত্য নিবাসিন স্তে ত্রিভিঃ পবিত্রৈ র্মুনয়ো গৃণন্ স্ম ॥ ২৪ ॥
তেষাং সতাং বেদবিতানমূর্ত্তি র্ব্রহ্মাবধার্য্যাত্মগুণানুবাদং ।
বিনদ্য ভূয়ো বিবুধোদয়ায় গজেন্দ্রলীলো জলমাবিবেশ ॥ ২৫ ॥

শ্রীধরস্বামী ।

ইতি মীমাংস মানস্য সতঃ জগর্জ অগর্জৎ গিরীন্দ্রতুল্যঃ ॥ ২২ ॥
গর্জনপ্রয়োজনমাহ ব্রহ্মাণমিতি ॥ ২৩ ॥
ঘর্ঘরিতং তজ্জাত্যনুকরণ ধ্বনিং অনিশ্চয়েন যঃ স্বখেদঃ তস্য ক্ষয়িষ্ণু ক্ষপয়িষ্ণু নাশকং তে ইতি পুনরুক্তিঃ প্রসিদ্ধি খ্যাপনার্থাঃ ত্রিভিঃ পবিত্রৈঃ ঋগ্‌যজুঃ সামমন্ত্রৈঃ অস্তুবন্ ॥ ২৪ ॥
বেদৈর্বিতন্যতে স্তূয়তে মূর্ত্তি র্যস্য সঃ অতএব আত্মনো গুণাননুবদতীতি তথা তৎ তেষাং ব্রহ্ম উচ্চরিত বেদমবধার্য্য জ্ঞাত্বা ॥২৫

ক্রমসন্দর্ভঃ ।

জগর্জ্জ তদনুমতিং কুর্ব্বন্ হুঙ্কৃতবানিব । অগেন্দ্রো মহান্ গিরিঃ ॥ ২২ ॥
স্বেন অসাধারণেন গর্জ্জিতেন ॥ ২৩ ॥
মায়াত্র কৃপৈব ॥ ২৪ । ২৫ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী

ককুভো দিশঃ প্রতিস্বনয়তা প্রতিধ্বনিমতীঃ কুর্ব্বতা ॥ ২৩ ॥
মায়াময়স্য কৃপাময়স্য জ্ঞানময়স্যেতি বা মায়য়া অবিদ্যায়া অপি আময়ো রোগো যস্মাৎ তস্যেতি বা ঘর্ঘরিতং তজ্জাত্যনুকরণ ধ্বনিং । স্বেষাং তদনিশ্চয়েন পৃথিব্যা অনুপলাস্তেন বা যঃ খেদস্তস্য ক্ষয়িষ্ণু ক্ষপয়িষ্ণু নাশকং তে ব্রহ্মাদয়োঽগৃণন্ অস্তুবন্ তথা তে প্রসিদ্ধা জন আদি বাসিনো ভৃগ্বাদয়ো মুনয় স্ত্রিভিঃ পবিত্রৈঃ ঋগ্‌যজুঃ সামমন্ত্রৈরস্তুবন্নিতি তে ইত্যস্য দ্বিঃপাঠাদ্ব্যাখ্যেয়ং ॥ ২৪ ॥
বেদবিতানরূপা সর্ব্ববেদময়ী নতু প্রাকৃতী মূর্ত্তির্যস্য সঃ । বেদানাং ভগবন্নিঃশ্বাসরূপত্বাৎ ভগবন্নিশ্বাসস্যৈব লীলয়া ব্রহ্মনাসা প্রবিষ্টস্য শূকররূপত্বং জ্ঞেয়ং । অতস্তেষাং মুনীনাং আত্মগুণানুবাদং তন্মুনিকর্ত্তৃকমাত্ম গুণানুকথনমেব ব্রহ্মবেদং অবধার্য্য জ্ঞাত্বা ॥ ২৫ ॥

ব্রহ্মা আপনার পুত্রগণের সহিত ঐ রূপ তর্ক বিতর্ক করিয়া শেষে আপনিই মীমাংসা করিতেছেন এমত সময়ে তাঁহার সমক্ষে গিরীন্দ্র তুল্য ভগবান্ যজ্ঞ পুরুষ বরাহ একটা ভয়ঙ্কর গর্জ্জন করিলেন ॥২২

তাঁহার সেই গর্জন ধ্বনিতে দিক্ সকল হইতে প্রতিধ্বনি হইতে লাগিল, তাহাতে ব্রহ্মা এবং সেই সকল দ্বিজোত্তম হৃষ্ট চিত্ত হইলেন ॥ ২৩ ॥

পরন্তু জনলোক তপোলোক এবং সত্য লোক নিবাসি মুনিগণের সেই মায়াময় শূকরের তজ্জাত্যনুকরণ ধ্বনি শ্রবণ করিয়া অনিশ্চয় রূপ খেদ সমস্ত বিনষ্ট হইল এবং তাঁহারা ঋক্ যজুঃ সাম এই বেদ ত্রয়ের মন্ত্র দ্বারা তাঁহার স্তব করিতে লাগিলেন ॥ ২৪ ॥

ঐ বরাহ মূর্ত্তি বেদ সকলেরও কর্ত্তা অতএব গজেন্দ্র তুল্য লীলা করিতে করিতে ঐ সকল মুনির উচ্চারিত বেদমন্ত্র সকল বস্তুতঃ আপনার গুণানুবাদ অবধারণ করিয়া দেবগণের অভ্যুদয়ের নিমিত্ত পুনর্ব্বার গর্জ্জন করিলেন, তাঁহার পরেই জলমধ্যে প্রবিষ্ট হইলেন ॥ ২৫ ॥

উৎক্ষিপ্তবালঃ খচরঃ কঠোরঃ সটাবিধুন্বন্ খররোমশত্বক্।
খুরাহতাভ্রঃ সিতদংষ্ট্রঈক্ষাজ্যোতির্বভাসে ভগবান্ মহীধ্রঃ ॥ ২৬ ॥
ঘ্রাণেন পৃথ্ব্যাঃ পদবীং বিজিঘ্রন্ ক্রোড়াপদেশঃ স্বয়মধ্বরাঙ্গঃ।
করাল দংষ্ট্রোপ্যকরালদৃগ্‌ভ্যামুদ্বীক্ষ্য বিপ্রান্ গৃণতো বিশৎ কং ॥ ২৭ ॥
সবজ্র কূটাঙ্গ নিপাতবেগ বিশীর্ণ কুক্ষিঃ স্তনয়ন্নুদন্বান্।

শ্রীধরস্বামী।

কথম্ভূতঃ সন্নাবিবেশ ইত্যপেক্ষায়ামাহ দ্বাভ্যাং উচ্চৈঃ ক্ষিপ্তঃ বালঃ পুচ্ছং যেন। খচরঃ আকাশচারী। কঠোরঃ কঠিনঃ। সটাঃ স্কন্ধবালান্ খরাণি তীব্রাণি রোমাণি যস্যাং সা ত্বক্ যস্য। খুরৈরাহতানি অভ্রাণি যেন সিতদংষ্ট্রঃ অতিশুভ্রদংষ্ট্র। ঈক্ষা নিরীক্ষণমেব জ্যোতিঃ আলোকো যস্য তদা প্রকাশান্তরাভাবাৎ। বভাসে অশোভত। মহীধ্রঃ পৃথিব্যা উদ্ধর্তা ॥ ২৬ ॥

ক্রোড়াপদেশঃ বরাহচ্ছদ্মা স্বয়মধ্বরাঙ্গোপি। পশুরিব ঘ্রাণেন বিজিঘ্রন্ গৃণতঃ স্তোতৃন্ বিপ্রানুদ্বীক্ষ্য ঊর্দ্ধং বীক্ষ্য কং জলম্ বিশৎ ॥ ২৭ ॥

তদানীন্তনং সমুদ্রধ্বনিমুৎপ্রেক্ষতে। উদন্বান্ সমুদ্র আর্ত্ত ইব স্তনয়ন্ শব্দং কুর্ব্বন্ তো যজ্ঞেশ্বর মা মাং পাহি মা ভিন্ধীত্যেবং চুক্রোশ ইব। আর্ত্তসাদৃশ্যমাহ। উৎসৃষ্টাঃ প্রসারিতাঃ দীর্ঘা ঊর্ম্ময় এব ভুজা তৈ র্বিশিষ্টঃ আর্ত্তত্বে হেতুঃ বজ্রকূটো বজ্রময়ঃ পর্ব্বতঃ তদ্বদঙ্গং

ক্রমসন্দর্ভঃ।

খরাণি রোমাণি সন্তি যস্যাঃ সা ত্বক্ যস্য ॥ ২৬ ॥

ক্রোড়াপদেশঃ প্রাকৃতক্রোড়ব্যাজঃ। স্বয়ং তু অধ্বরাঙ্গত্বাদপ্রাকৃতক্রোড়াকৃতিরিত্যর্থঃ। স্বভাবেঽপি ক্রোড়ত্বস্যৈব দর্শিত ইত্যাহ ঘ্রাণেনেতি। আকৃত্যা অন্যোন্যমুগ্রোঽপি কৃপাদৃষ্ট্যা ভক্তানাং পরমসুকোমল ইত্যাহ করালেতি ॥ ২৭। ২৮। ২৯ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

জলং প্রবিশতস্তস্য ধ্যানমাহ উচ্চৈঃ ক্ষিপ্তো বালঃ পুচ্ছং যেন সঃ। খচর ইতি ব্রহ্মলোকাদাকাশমার্গেণৈব ত্রিলোক্যামবতীর্ণ ইত্যর্থঃ। খররোমযুক্তা ত্বগ্ যস্য সঃ। ঈক্ষৈব জ্যোতিষী চন্দ্রসূর্য্যাবিব যস্য সঃ। মহীধ্রঃ পৃথিব্যা উদ্ধর্তা পর্ব্বততুল্যো বা ॥২৬

তস্য লীলামাহ ঘ্রাণেনেতি। অধ্বরাঙ্গঃ স্বয়ং বেদএব ক্রোড়াপদেশো বরাহচ্ছদ্মেতি। স্তনাপদেশং ফলযুগ্মমেব ধত্তে মূঢ়ঃ কাঞ্চনবল্লিরিবেতি বদপহ্নুত্যলঙ্কারেণ ক্রোড়ত্বস্যৈব বাস্তবত্বং প্রত্যায্যতে। প্রকৃতং যন্নিষিধ্যান্যৎ স্থাপ্যতে সাপহ্নুতিরিতি লক্ষণাৎ। কং জলং ॥ ২৭ ॥

তদানীন্তনং সমুদ্রধ্বনিমুৎপ্রেক্ষতে। বজ্রকূটো বজ্রময়ঃ পর্ব্বতঃ তদ্বদঙ্গং যস্তগবতস্তস্য নিপাতবেগেন বিশীর্ণা কুক্ষির্যস্য সঃ উদন্বান্

পরন্তু পৃথিবীর উদ্ধার কর্ত্তা সেই বরাহ জল প্রবেশের পূর্ব্বে ঊর্দ্ধভাগে পুচ্ছ উৎক্ষেপণ করিয়া উল্লম্ফন পূর্ব্বক গগণ চারী হইলেন এবং তাঁহার স্কন্ধস্থিত কঠোর সটা সকল কম্পিত হইতে লাগিল, আর তিনি খুর দ্বারা মেঘ সকল আহত করিলেন। অপর তাঁহার দন্ত শুভ্রবর্ণ এবং শরীর অতিশয় কঠিন ও ত্বকের উপরে তীক্ষ্ণ রোম ছিল। তৎকালে দিক্ সকল তিমিরাবৃত ছিল বটে, কিন্তু তাঁহার নিরীক্ষণে আলোকময় হইয়া উঠিল ॥ ২৬ ॥

তিনি স্বয়ং যজ্ঞ মূর্ত্তি হইলেও বরাহ ছলে পশুর ন্যায় ঘ্রাণ দ্বারা পৃথিবীর পদবী অনুসন্ধান করিতে লাগিলেন এবং যদিও তাঁহার নেত্রদ্বয় করাল ছিল তথাপি তাহা অকরাল করিয়া স্তবকারি বিপ্রগণের প্রতি ঊর্দ্ধদিকে নিরীক্ষণ করিতে করিতে জল মধ্যে প্রবেশ করিলেন ॥ ২৭ ॥

ঐ বরাহ উল্লম্ফন পূর্ব্বক সমুদ্র সলিলে পতিত হইলে তাঁহার পর্ব্বত সদৃশ অঙ্গনিপাত নিমিত্ত বেগে সাগরের কুক্ষি বিদীর্ণ হইয়া গেল, অতএব জলনিধি আর্ত্ত তুল্য হইয়া শব্দ করিলেন এবং স্বরূপ

উৎসৃষ্টদীর্ঘোর্মিভুজৈরিবার্ত্তশ্চুক্রোশ যজ্ঞেশ্বর পাহি মেতি ॥ ২৮ ॥
খুরৈঃ ক্ষুরপ্রৈর্দরয়ং স্তদাপ উৎপারপারং ত্রিপরূরসায়াং।
দদর্শ গাং তত্র সুষুপ্সুরগ্রে যাং জীবধানীং স্বয়মভ্যধত্ত ॥ ২৯ ॥
স্বদংষ্ট্রয়োদ্ধৃত্য মহীং বিলগ্নাং স উত্থিতঃ সংরুরুচে রসায়াঃ ॥ ৩০ ॥
তত্রাপি দৈত্যং গদয়াপতন্তং সুনাভসন্দীপিততীব্রমন্যুঃ।

শ্রীধরস্বামী।

যৎ ভগবতস্তস্যা নিপাতবেগেন বিদীর্ণা কুক্ষির্যস্য ॥ ২৮ ॥

নানুগৃহ্নন্তি ন নিকট গমনাদিকমনুমন্যন্তে ॥ ৪১ ॥

কৃতেতি সার্দ্ধকং ॥ ৪২ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

কিয়ত্তয়োরায়ুরিতি চেৎ শৃণ্বিত্যাহ। প্রাণিনামিত্যাদি প্রাণিষ্বিত্যর্থঃ। শতপর্ব্বধৃক্ বজ্রধর ইন্দ্র ইব ॥ ৩৮ ॥

সুনাভেন চক্রেণ উদারো বাহুর্যস্য তেনেতি তস্য তমতিসুন্দরং বাহুমুন্নমস্তঃ পুত্রৌ মে দ্রক্ষ্যত ইতি ভাগ্যবত্তাবেব পুত্রৌ মে ভবিষ্যতঃ তথা মরণস্যাবশ্যকত্বেপি তদ্ধস্ততো মরণাৎ সর্ব্বপাপেভ্যো নিস্তারশ্চ তয়োর্ভাবী। আশাসে বাঞ্ছামি মহ্যং মামপি নিস্তারয়িতুমিতি তাদৃশপুত্রয়োর্মাতা অহমপি জন্মমধ্যেপ্যদৃষ্টভগবদ্রূপাপি পুত্র সম্বন্ধেন ভগবদ্দর্শিনীবাভিমংস্যে। ক্রুদ্ধাদ্বিপ্রাদ্বধং মা আশাসে ইতি। কোপিতেষু মহাত্মস্বিতি স্বত্তুক্ত্যা ব্রহ্মশাপাদেব পুত্রৌ মে মরিষ্যত ইতি শঙ্কিতচিত্তা ব্যাকুলৈবাহমথিদ্যং সংপ্রতি ভগবদ্ধস্ততো বধং শ্রুত্বা স্থিরচিত্তৈ বাভূবমিতি ভাবঃ ॥ ৩৯ ॥ ৪০ ॥

যতঃ নব্রহ্মেত্যাদি দ্বিতীয়ার্থে ষষ্ঠ্যৌ নারকা অপি তথা যাং যাং যোনিমসৌ গতো ভবতি তত্রস্থাশ্চ নানুগৃহ্নন্তি ॥ ৪১ ॥

কৃতো যোঽপরাধস্তেন শোক স্ততোঽনুতাপস্তেন। প্রত্যবমর্ষণাৎ যুক্তাযুক্তবিচারাৎ এতৈঃ পঞ্চভিঃ কারণৈঃ পুত্রস্থ হিরণ্য-

কিন্তু যখন নিরপরাধ দীনহীন প্রাণিদিগকে বধ করিতে এবং স্ত্রীগণকে নিগ্রহ করিতে আরম্ভ করিয়া মহাত্মা সকলের কোপ উদ্ভাবন করিবে ॥ ৩৮ ॥

তখন লোক ভাবন ভগবান্ বিশ্বেশ্বর ক্রুদ্ধ হইয়া অবতার গ্রহণ পূর্ব্বক যেমন বজ্রধর ইন্দ্র, পর্ব্বত সকলে বজ্রাঘাত করিয়াছিলেন তাহার ন্যায়, তাহাদিগকে বিনষ্ট করিবেন ॥ ৩৯ ॥

দিতি কহিলেন প্রভো! আমার সন্তান দুইটী যদি নিতান্তই বধ্য হয় তবে এই প্রার্থনা করি, যে ভগবানের বাহু সুনাভচক্র দ্বারা উদার হইয়াছে তিনি স্বয়ং যেন তাহাদিগকে বধ করেন, ক্রুদ্ধ ব্রাহ্মণের শাপ হইতে যেন তাহারা বিনষ্ট না হয় ॥ ৪০ ॥

কারণ যে ব্যক্তি ব্রহ্মদণ্ডে দগ্ধ এবং ভূত সকলের ভয়প্রদ হয়, তাহাকে নারকিরাও কৃপা করে না এবং সে ব্যক্তি যে যে যোনিতে জন্ম প্রাপ্ত হয়, তত্রত্য প্রাণিগণেরও অনুগ্রহ ভাজন হইতে পারে না ॥ ৪১

কশ্যপ কহিলেন প্রিয়ে! তুমি যে অপরাধ করিলে তাহার নিমিত্ত শোক ও অনুতাপ করিতেছ

পুত্রস্যৈব চ পুত্রাণাং ভবিতৈকঃ সতাং মতঃ। গাস্যন্তি যদযশঃ শুদ্ধং ভগবদযশসা সমং ॥ ৪৩ ॥
যোগৈ র্হেমেব দুর্ব্বর্ণং ভাবয়িষ্যন্তি সাধবঃ। নির্ব্বৈরাদিভিরাত্মানং যচ্ছীলমনুবর্ত্তিতুং ॥ ৪৪ ॥
যৎ প্রসাদাদিদং বিশ্বং প্রসীদতি যদাত্মকং। স স্বদৃক্ ভগবান্ যস্য তোষ্যতেহনন্যয়া দৃশা ॥ ৪৫
স বৈ মহাভাগবতো মহাত্মা মহানুভাবো মহতাং মহিষ্ঠঃ।

শ্রীধরস্বামী।

পঞ্চভিঃ কারণৈঃ ॥ ৪২ ॥

পুত্রস্য হিরণ্যকশিপোঃ পুত্রাণাং মধ্যে একঃ সতাং মতো ভবিষ্যতি তমেব বর্ণয়তি গাস্যন্তীতি সার্দ্ধৈঃ পঞ্চভিঃ সমং সহ সদৃশং বা ॥ ৪৩ ॥

হীনবর্ণং হেম যথা যোগৈর্দাহাদিভিঃ উপায়ৈঃ শোধ্যতে তথা যস্য শীলং স্বভাবং অনুবর্ত্তিতুং অনুগন্তুং প্রাপ্তুং নির্ব্বৈরাদিভি র্যোগৈ রাত্মানং ভাবয়িষ্যন্তি শোধয়িষ্যন্তি ॥ ৪৪ ॥

বিশ্বপ্রসাদে হেতুঃ যদাত্মকং স্বদৃক্ আত্মসাক্ষী। যস্তানন্যয়া ভগবানেব সত্য ইত্যেবং ভূতয়া দৃশা তোষ্যতে তোষং প্রাপ্স্যতে ॥৪৫

তত্র হেতুঃ স বা ইতি মহাত্মা অপরিচ্ছিন্ন দৃষ্টিঃ। মহানুভাবঃ মহাপ্রভাবঃ। মহতামপি মধ্যে মহিষ্ঠঃ অতিশয়েন মহান্।

ক্রমসন্দর্ভঃ।

গাস্যন্তীতি সার্দ্ধত্রিকং ॥ ৪৩ ॥

তদযশোগানস্য ফলমাহ যোগৈরিতি। অনুবর্ত্তিতুমনুমোদনেনানুগন্তুং ॥ ৪৪ ॥

অনন্যয়া তদেক স্ফূর্ত্তিময্যা ॥ ৪৫ ।'

মহাভাগবতত্বমেব বিবৃণোতি মহাত্মেত্যাদিনা কুণ্ডলমণ্ডিতাননমিত্যন্তেন ॥ ৪৬ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

কশিপোঃ পুত্রাণাং মধ্যে একঃ সতাং মতো ভবিষ্যতি ॥ ৪২ ॥

সন্তএব গাস্যন্তি সমং সহ সদৃশং বা ॥ ৪৩ ॥

হীনবর্ণং হেমযোগৈর্দাহাদিভির্যথা শোধ্যতে তথা যস্য শীলং স্বভাবমনুবর্ত্তিতং অনুগন্তুং প্রাপ্তুং নির্ব্বৈরাদিভির্যোগৈরাত্মানং ভাবয়িষ্যন্তি শোধয়িষ্যন্তি ॥ ৪৪ ॥

যস্য ভগবতঃ প্রসাদাদ্ধেতো র্যস্মৈ প্রহ্লাদায় ইদং বিশ্বমেব প্রসীদতি কীদৃশং সৎ সএবাত্মা অন্তর্যামী যস্য তৎ অন্তর্যামিরূপেণ তথা লোকান্ প্রেরয়তি যথা তৎ পিতৃবৈরিণ ইন্দ্রাদ্যা অপি প্রহ্লাদায় প্রসীদন্তীত্যর্থঃ। স্বীয়ান্ ভক্তানেব প্রীত্যা পশ্যতীতি স্বদৃক্। নবিদ্যতেহন্যো যস্যাং তাদৃশ্যা দৃশা বুদ্ধ্যা যদ্বুদ্ধৌ অন্যঃ প্রবেষ্টুং ন শক্নোতীত্যর্থঃ ॥ ৪৫ ॥

মহাত্মা মহাধৃতির্মহাবুদ্ধির্ব্বা মহান্তএব স্তম্ভ স্বেদাদ্যাঃ প্রেমানুভাবা যস্য সঃ। তত্র হেতুঃ। প্রবৃদ্ধয়া ভক্ত্যা অনুভাবিতে অনুভাবং প্রাপিতে আশয়ে মনসি বৈকুণ্ঠং কৃষ্ণং বৈকুণ্ঠস্থং বস্তুমাত্রং বা নিবেশ্য ইদং মায়িকং লোকং ত্যক্ষ্যতি ॥ ৪৬ ॥

এবং সদ্যই তোমার যুক্তাযুক্ত বিচার হইল ও ভগবান্ হরির প্রতি তোমার যথেষ্ট ভক্তি আছে, আর তুমি রুদ্রকে এবং আমাকে অতিশয় আদর করিয়া থাক এই পঞ্চ কারণে ॥ ৪২ ॥

তোমার হিরণ্যকশিপু নামে যে পুত্র হইবে তাহার পুত্রদিগের মধ্যে প্রহ্লাদ নামে একজন সাধু সম্মত হইবেন, লোকে ভগবানের যশের তুল্য তাঁহার বিশুদ্ধ যশঃ গান করিবে ॥ ৪৩ ॥

প্রিয়ে। হীন বর্ণ সুবর্ণকে যেমন দাহাদি উপায় দ্বারা সংশোধিত করে তাহার ন্যায়, সাধুগণ তাঁহার স্বভাব প্রাপ্ত হইবার নিমিত্ত নির্ব্বৈরাদি যোগ দ্বারা আপন আপন অন্তঃকরণ সংশোধন করিবেন ॥৪৪

অপর এই বিশ্ব যাঁহার স্বরূপ এবং যাঁহার প্রসাদে ইহা প্রসন্ন হয়, আত্ম সাক্ষী সেই ভগবান্ ঐ ব্যক্তির "ভগবানই সত্য" এই রূপ নিষ্ঠা দ্বারা সন্তোষ প্রকাশ করিবেন ॥ ৪৫ ॥

প্রিয়ে। ভগবান্ যে তোমার সেই পৌত্রের প্রতি প্রসন্ন হইবেন তাহার কারণ এই, সে ব্যক্তি

প্রবৃদ্ধভক্ত্যাহনুভাবিতাশয়ে নিবেশ্য বৈকুণ্ঠমিমং বিহাস্যতি ॥ ৪৬ ॥

অলম্পটঃ শীলধরো গুণাকরো হৃষ্টঃ পরর্দ্ধ্যা ব্যথিতো দুঃখিতেষু।

অভূতশত্রুর্জগতঃ শোকহর্ত্তা নৈদাঘিকং তাপমিবোড়ুরাজঃ ॥ ৪৭ ॥

অন্তর্বহিশ্চামলমব্জনেত্রং স্বপূরুষেচ্ছানুগৃহীতরূপং।

পৌত্রস্তব শ্রীললনাললামং দ্রষ্টা স্ফুরৎকুণ্ডলমণ্ডিতাননং ॥ ৪৮ ॥

শ্রীমৈত্রেয় উবাচ ॥

শ্রুত্বা ভাগবতং পৌত্রং মুমোদাতি দিতির্ভৃশং। পুত্রয়োশ্চ বধং কৃষ্ণাদ্বিদিত্বাসীন্মহামনাঃ ॥ ৪৯

শ্রীধরস্বামী।

প্রবৃদ্ধয়া ভক্ত্যানুভাবিতে সংশোধিতে চিত্তে বৈকুণ্ঠং হরিং নিবেশ্য দেহাদ্যভিমানং ত্যক্ষ্যতি ॥ ৪৬ ॥

মহাভাগবতত্বমেবাহ। অলম্পট ইতি শীলধরঃ সুস্বভাবঃ। গুণানাং ধৈর্য্যাদীনাং আকরো জন্মভূমিঃ পরেষাং সমৃদ্ধ্যা হৃষ্টঃ। পরেষু দুঃখিতেষু সৎসু দুঃখিতঃ। ন ভূতো ন জাতঃ শত্রুর্যস্য নিদাঘভবং তাপং চন্দ্রো যথা হরতি এবং জগতঃ শোকহর্ত্তা ভবিষ্যতি ॥ ৪৭ ॥

অপরিচ্ছিন্ন দৃষ্টিত্বমাহ অন্তরিতি স্বপুরুষাণামিচ্ছয়া পুনঃ পুন গৃহীতানি রূপাণি যেন। শ্রিয়েব ললনা সুন্দরী তস্যা ললামং মণ্ডনং। দ্রষ্টা দ্রক্ষ্যতি ॥ ৪৮ ॥

মহামনা মহোৎসাহ চিত্তা হরিণা সহ যুদ্ধেন মরণে পুত্রয়োঃ কীর্ত্তিঃ সদ্গতিশ্চ ভবেদিতি ॥ ৪৯ ॥

ক্রমসন্দর্ভঃ।

অলম্পট ইতি যুগ্মকং ॥ ৪৭ ॥ ৪৮ ॥

মহামনা গম্ভীরচিত্তা আসীৎ। তেনাপি সহ বৈরং ভবিষ্যতীতি দুঃখস্য তেনৈব তৌ হনিষ্যেতে ইতি সুখ জাতস্য চ পরঃ

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

তস্য ভক্তিং ভক্ত্যুত্থানমহাগুণাংশ্চাবোচং অন্যানপি ভক্ত্যনুকূলান্ স্বাভাবিকান্ গুণান্ শৃণ্বিত্যাহ অলম্পট ইতি। বক্তুমশক্যা এব গুণা ইত্যাহ গুণানামাকরঃ। পরেষাং ঋদ্ধ্যা সম্পত্ত্যা পরেষু দুঃখিতেষু সৎসু নিদাঘভবং তাপং চন্দ্রো যথা তথা জগতঃ শোকহর্ত্তা ভবিষ্যতি ॥ ৪৭ ॥

অন্তরন্তঃকরণে ধ্যানেন বহিঃ সাক্ষান্নেত্রাভ্যাঞ্চ পৌত্রঃ প্রহ্লাদো দ্রষ্টা দ্রক্ষ্যতি। শ্রিয়েব ললনা কান্তা তস্যা ললামং মণ্ডনরূপং ॥৪৮

ভৃশং অমোদত। হন্ত হন্ত মদ্বিকর্ম্মাপি মৎ কর্ম্মাপি সৎকর্ম্মশিরোমণি ছুর্দ্দৈবং ফলং ধ্যাস্যতীত্যহো মে ভাগ্যমিত্যানন্দ।

মহাভাগবত, অপরিচ্ছিন্ন দৃষ্টি, মহাপ্রভাব এবং মহৎ লোকদের মধ্যে অতিশয় মহৎ হইবে। সে প্রবৃদ্ধ ভক্তি দ্বারা সংশোধিত চিত্তে ভগবান্ হরিকে সংস্থাপন পূর্ব্বক দেহাদির অভিমান পরিত্যাগ করিবে ॥ ৪৬ ॥

প্রিয়ে! তোমার এই পৌত্র মহাভাগবত কেন হইবে শ্রবণ কর। সে ব্যক্তি অলম্পট, সুশীল এবং ধৈর্য্যাদি গুণের আকর, পর সমৃদ্ধিতে হৃষ্ট এবং পর দুঃখে দুঃখিত হইবে, আর তাহার কেহই শত্রু হইবে না। সে এ রূপ হইয়া নক্ষত্ররাজ চন্দ্র যেমন নিদাঘ জনিত তাপ দূর করেন তাহার ন্যায় জগতের শোকা হরণ করিবে ॥ ৪৭ ॥

অপর হে প্রিয়তমে! যে ভগবান্ অন্তরে ও বহির্ভাগে অমল, যাঁহার নেত্রদ্বয় পদ্ম সদৃশ মনোহর, যিনি আপনার ভক্তগণের বাসনানুরূপ রূপ ধারণ করিয়া থাকেন, আর যিনি লক্ষ্মীরূপা ললনার ভূষণ স্বরূপ ও যাঁহার কর্ণদ্বয়ে কুণ্ডল বিদ্যোতিত হওয়াতে মুখ মণ্ডল সদা সুমণ্ডিত, সেই ভগবানকে তোমার ঐ পৌত্র সর্ব্বদা দর্শন করিবে ॥ ৪৮ ॥

মৈত্রেয় কহিলেন অহে বিদুর! আপনার এক পৌত্র ভাগবত হইবে ইহা শুনিয়া দিতি অতিশয়

॥ * ॥ ইতি শ্রীভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং তৃতীয়স্কন্ধে বিদুর মৈত্রেয় সম্বাদে দিতিগর্ভাধানং চতুর্দ্দশোঽধ্যায়ঃ ॥ * ॥ ১৪ ॥ * ॥

শ্রীমৈত্রেয় উবাচ ॥

প্রাজাপত্যং হি তত্তেজঃ পরতেজোহনং দিতিঃ। দধার বর্ষাণি শতং শঙ্কমানা সুরার্দ্দনাৎ ॥ ১ ॥

লোকে তেনাহতালোকে লোকপালা হতৌজসঃ। ন্যবেদয়ন্ বিশ্বসৃজে ধ্বান্তব্যতিকরং দিশাং ॥২

শ্রীধরস্বামী।

॥ ০ ॥ ইতি তৃতীয়ে চতুর্দ্দশঃ ॥ ০ ॥

হতপ্রভৈঃ সুরৈঃ স্পৃষ্টঃ প্রাহ পঞ্চদশে বিধিঃ। তদ্বীজং বিপ্রশাপাদি বৈকুণ্ঠে বিষ্ণুভৃত্যয়োঃ ॥ ০ ॥

তদেবং দেবানাং ব্রহ্মণশ্চ সম্বাদ প্রস্তাবমুক্ত্বা ইদানীং তং সম্বাদং বক্তুমাহ প্রাজাপত্যং কাশ্যপং তেজো বীর্য্যং পরেষাং তেজো হন্তীতি তথা আর্ষঃ স্বপুত্রাভ্যাং করিষ্যতে যৎ সুরাণাং মর্দ্দনং পীড়নং তস্মাচ্ছঙ্কমানা ॥ ১ ॥

তেন গর্ভতেজসা আহতা লোকে নিরস্ত সূর্য্যাদি প্রকাশে। হতৌজসঃ হতপ্রভাবাঃ। ধ্বান্তেন ব্যতিকরং সঙ্করং ॥ ২ ॥

ক্রমসন্দর্ভঃ।

স্পর্শোপমর্দ্দাৎ ॥ ৪৯ ॥

॥ ০ ॥ ইতি শ্রীমদ্ভাগবতে তৃতীয়স্কন্ধে শ্রীজীবগোস্বামি কৃত ক্রমসন্দর্ভস্য চতুর্দ্দশোঽধ্যায়ঃ সমাপ্তঃ ॥ ০ ॥

শঙ্কমানেতি। গর্ভে প্রসূতে নূনমসুরার্দ্দনো হনিষ্যতীতি। টীকায়াং আর্ষ ইতি। তেজোহমিতি বক্তব্যে তেজোহনমিতি প্রয়োগ আর্ষঃ। অমনুষ্যকর্তৃকেচেতি টচি তেজোঘ্নমিত্যেব স্যাৎ ॥ ১ ॥ ধ্বান্তেন ব্যতিকরমাসঙ্গং ॥ ২ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী

মহামনাঃ পুত্রয়োর্মে সৎকীর্ত্তি সদ্গতী ভবিষ্যত ইতি সোৎসাহচিত্তাঃ ॥ ৪৯ ॥

॥ ০ ॥ ইতি সারার্থদর্শিন্যাং হর্ষিণ্যাং ভক্তচেতসাং। চতুর্দ্দশস্তৃতীয়স্য সঙ্গতঃ সঙ্গতঃ সতাং ॥ ০ ॥

সুরৈঃ পৃষ্টো বিধিস্তত্বং বক্তুং দিতিতনূজয়োঃ। শাপাৎ পঞ্চদশে বিষ্ণুপার্ষদোর্বিপ্রতোঽভ্যধাৎ ॥ ০ ॥

ততো দিতের্গর্ভস্য কা বার্ত্তেত্যপেক্ষায়ামাহ। প্রাজাপত্যং প্রজাপতেঃ কশ্যপস্য সম্বন্ধি। পরেষাং তেজো হন্তীতি তথা তৎ পচাদ্যচ্। সুরাণামর্দ্দনং পীড়নং তস্মাৎ শঙ্কমানা অসুরার্দ্দনাদ্বিষ্ণোরিতি বা তত্তস্ততো মৃত্যুশ্রবণাৎ ॥ ১ ॥

তেন গর্ভতেজসা হতালোকে আহতালোক ইতিচ পাঠঃ। ব্যতিকরং ব্যাপ্তং ॥ ২ ॥

হৃষ্ট চিত্ত হইলেন এবং শ্রীকৃষ্ণ হইতে পুত্র দুইটীর ভাবি বধের কথা শ্রবণেও তাঁহার চিত্তে মহোৎসাহ উপস্থিত হইল। অতএব তিনি এই বিবেচনায় মনকে প্রবোধ দিলেন, পুত্রেরা যদি ভগবানের সহিত যুদ্ধ করিয়া নিধন প্রাপ্ত হয় তাহাতে তাহাদের কীর্ত্তি ও সদ্গতি হইতে পারিবে ॥ ৪৯ ॥

॥ * ॥ ইতি তৃতীয়ে চতুর্দ্দশ ॥ * ॥

পঞ্চদশ অধ্যায়ে দিতির গর্ভ উৎপন্ন হওয়াতে তদ্দ্বারা দেবগণ হতপ্রভ হইয়া ব্রহ্মাকে জিজ্ঞাসা করেন তাহাতে ব্রহ্মা কর্তৃক বৈকুণ্ঠস্থ বিষ্ণুভক্তদ্বয়ের বিপ্রশাপাদির বৃত্তান্ত বর্ণন ॥ ০ ॥

মৈত্রেয় কহিলেন দিতির গর্ভে প্রজাপতি কশ্যপের যে বীর্য্য নিহিত হইল, তিনি শতবর্ষ পর্য্যন্ত তাহা ধারণ করিলেন। ঐ বীর্য্য সামান্য ছিল না তাহা অন্য তেজের বিনাশকারী, কিন্তু তাহাতে যে দুই সন্তান জন্মিবে তাহাদের দ্বারা দেববৃন্দের পীড়ন হইবে এই বার্ত্তা ভর্ত্তার প্রমুখাৎ শ্রবণ করাতে দিতির অন্তঃকরণে বিশেষ পরিতোষ জন্মিল না সর্ব্বদা শঙ্কিত চিত্ত হইয়া রহিলেন ॥ ১ ॥

তাঁহার গর্ভের তেজঃ দ্বারা চন্দ্র সূর্য্যাদির প্রকাশ নিরস্ত হওয়াতে ত্রিলোক একেবারে আলোক শূন্য হইল, তদ্দর্শনে লোকপাল সকল হতপ্রভ হইয়া বিশ্বস্রষ্টা বিধাতার সন্নিধানে গমন পূর্ব্বক উদ্বিগ্ন চিত্তে দিক্ সকলের তিমিরাচ্ছন্ন হইবার কথা নিবেদন করিলেন ॥ ২ ॥

শ্রীদেবা ঊচুঃ ॥

তম এতদ্বিভো বেত্থ সংবিগ্না যদ্বয়ং ভৃশং। নহ্যব্যক্তং ভগবতঃ কালেনাস্পৃষ্টবর্ত্মনঃ ॥ ৩ ॥

দেবদেব জগদ্ধাতর্লোকনাথশিখামণে। পরেষামপরেষাং ত্বং ভূতানামসি ভাববিৎ ॥ ৪ ॥

নমো বিজ্ঞানবীর্য্যায় মায়য়েদমুপেয়ুষে। গৃহীতগুণভেদায় নমস্তেঽব্যক্তযোনয়ে ॥ ৫ ॥

যে ত্বানন্যেন ভাবেন ভাবয়ন্ত্যাত্মভাবনং। আত্মনি প্রোতভুবনং পরং সদসদাত্মকং ॥ ৬ ॥

---

শ্রীধরস্বামী।

বেত্থ জানাসি যতোবয়ং সংবিগ্না ভীতা অব্যক্তং অজ্ঞাতং ন স্পৃষ্টং বর্ত্ম জ্ঞান প্রচারো যস্য ॥ ৩ ॥

ব্রহ্মাণং পরমেশ্বরত্বেন স্তুবন্তং প্রার্থয়ন্তে দেবদেবেতি সপ্তভিঃ। লোকনাথানাং শিখামণে। ভাববিৎ অভিপ্রায়জ্ঞোসি। কেনাভিপ্রায়েণ দিতের্গর্ভো বর্দ্ধতে ইতি জানাসীত্যর্থঃ ॥ ৪ ॥

বিজ্ঞানং বীর্য্যং বলং যস্য ইদং ব্রহ্মদেহমুপেয়ুষে প্রাপ্তবতে গৃহীতো গুণভেদো রজো গুণো যেন ব্যক্তস্য প্রপঞ্চস্য যোনয়ে কারণায়। নব্যক্তা কেনাপি প্রমাণেন বিজ্ঞাতা যোনি র্যস্যেতি বা ॥ ৫ ॥

সকামতয়া প্রতিক্ষণং দুঃখমনুভবন্তো নিষ্কাম ভক্তান্ স্তুবন্ত আহু র্যাভ্যাং যে ত্বা ত্বাং অনন্যেন নিষ্কামেণ ভাবেন ভক্ত্যা ধ্যায়ন্তি। আত্মনো জীবান্ ভাবয়তীতি তথা। যস্মিন্ প্রোতানি প্রথিতানি ভুবনানি যেন চেতনাচেতন প্রপঞ্চকারণমিত্যর্থঃ

---

ক্রমসন্দর্ভঃ।

অত্র দেবা উচুরিতি ক্বচিৎ। তম ইত্যাদিনা পরমেশ্বরাভেদেন ব্রহ্মাণং স্তুবন্তি ॥ ৩ ॥

লোকপালেতি পুণ্যারণ্যঃ ॥ ৪ ॥

নম ইত্যাদিনা পরমেশ্বরাভেদেন স্তুতিঃ ॥ ৫ ॥

যে ত্বেতি। অনন্যভক্ত্যা লব্ধযুষ্মৎ প্রসাদঃ ততঃ সুনির্ব্যূঢ় ভক্তিযোগত্বেন স্বতএব শ্বাসাদিজয় ইতিক্রমঃ ॥ ৬। ৭। ৮। ৯ ॥

---

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

বেত্থ জানাস্যেব যতো ভগবতঃ সর্ব্বজ্ঞস্য তব কালেনালুপ্ত জ্ঞানমার্গস্য ॥ ৩ ॥

লোকনাথানামিন্দ্রাদীনাং শিখামণেঃ ॥ ৪ ॥

ইদং ব্রহ্মদেহং উপেয়ুষে প্রাপ্তবতে গুণভেদো রজঃ। অব্যক্তঃ পরমেশ্বর এব যোনিঃ কারণং যস্য তস্মৈ ॥ ৫ ॥

তদপি অনন্যেন পরমেশ্বরাদভিন্নেন ভাবেন যে হিরণ্যগর্ভোপাসকাঃ। যদ্বা। অনন্যেন নিষ্কামেন ভাবেন ভক্ত্যা ভাবয়ন্তি ধ্যায়ন্তি আত্মনো জীবান্ ভাবয়তি সৃজতীতি তথা। সমষ্টিত্বাদাত্মনি যস্মিন্ প্রোতানি গ্রথিতানি ভুবনানি যেন তং। অতঃ

---

দেবগণ কহিলেন প্রভো। আমরা এই যে অন্ধকার দেখিয়া ভীত হইতেছি ইহা কি? আপনি অবশ্য জ্ঞাত আছেন। প্রভো আপনি সর্ব্বজ্ঞ, আপনার জ্ঞান প্রচারে কাল কদাচ হস্তক্ষেপ করিতে পারে না, ইহাতে কোন বিষয়ই আপনার অজ্ঞাত নাই ॥ ৩ ॥

হে দেব! আপনি জগতের ধারণকর্ত্তা এবং ইন্দ্রাদি লোকপালের চূড়ামণি, পর অথবা অপর কোন ভূতেরই অভিপ্রায় আপনার অগোচর নাই, কি অভিপ্রায়ে দিতির এই ভয়ঙ্কর গর্ভ বৃদ্ধিশীল হইতেছে আপনি তাহা অবগত আছেন ॥ ৪ ॥

হে ব্রহ্মন্! জ্ঞানই আপনকার বল, আপনাকে নমস্কার, আপনি মায়া দ্বারা এই ব্রহ্মদেহ এবং গুণ বিশেষ অর্থাৎ রজো গুণ গ্রহণ করিয়াছেন, অপর আপনিই এই প্রপঞ্চ জগতের কারণ স্বরূপ, আপনকার উৎপত্তি-কোন প্রমাণে পরিজ্ঞাত হইতে পারা যায় না অতএব আপনাকে নমস্কার করি ॥ ৫ ॥

প্রভো! আপনি এই সমস্ত ভুবন আপনাতেই গ্রথিত করিয়া রাখিয়াছেন এবং স্বয়ং এই চেতনাচেতন প্রপঞ্চের কারণ স্বরূপ হইয়া বস্তুতঃ ইহাতে ভিন্ন হইয়াছেন। হে দেব! আপনা হইতেই এই

তেষাং সুপক্কযোগানাং জিতশ্বাসেন্দ্রিয়াত্মনাং। লব্ধযুষ্মৎ প্রসাদানাং ন কুতশ্চিৎ পরাভবঃ ॥ ৭
যস্য বাচা প্রজাঃ সর্ব্বা গাবস্তন্ত্যেব যন্ত্রিতাঃ। হরন্তি বলিমায়ত্তা স্তস্মৈ মুখ্যায় তে নমঃ ॥ ৮ ॥
স ত্বং বিধৎস্ব শং ভূমন্ লোকানাং লুপ্তকর্ম্মণাং। অদভ্রদয়য়া দৃষ্ট্যা আপন্নানর্হসীক্ষিতুং ॥ ৯ ॥
এষ দেব দিতের্গর্ভ ওজঃ কাশ্যপমর্পিতং। দিশস্তিমিরয়ন্ সর্ব্বা এধতে হগ্নিরিবৈধসি ॥ ১০ ॥
শ্রীমৈত্রেয় উবাচ ॥

শ্রীধরস্বামী।

তত্র হেতুঃ সদসদাত্মকং কার্য্যকারণ রূপং বস্তুতস্তাভ্যাং পরং ॥ ৬ ॥
জিতঃ শ্বাস ইন্দ্রিয়াণি আত্মা মনশ্চ যৈঃ অতঃ সুপক্কযোগানাং অতএব প্রাপ্তা যুষ্মৎ প্রসাদা যৈ স্তেষাং ॥ ৭ ॥
অন্যেতু নিত্যং কর্ম্ম ক্লেশিন ইত্যাহুঃ যস্যেতি। তন্ত্র্যা দামন্যা আয়ত্তা অধীনাঃ মুখ্যায় নিয়ন্ত্রে। প্রাণরূপায় ইতি বা। তথাচ শ্রুতিঃ। যস্য বাকৃতন্তি র্নামানি দামানীত্যাদি ॥ ৮ ॥
তমসা অহোরাত্র বিভাগাভাবেন লুপ্তানি কর্ম্মাণি যেষাং আপন্নান্ আপদ্গতানস্মান্ ॥ ৯ ॥
আপৎকারণমাহুঃ এষ গর্ভস্তস্য বিশেষণং অর্পিতং নিক্ষিপ্তং কাশ্যপমোজো বীর্য্যং দিশস্তিমিরয়ন্ তমো ব্যাপ্তাঃ কুর্ব্বন্ ॥ ১০ ॥

ক্রমসন্দর্ভঃ।

গর্ভনিদানমেব পৃচ্ছামঃ। গর্ভাস্তমোজাতমিতি তু জানীম এবেত্যাহ এষ ইতি এধতে ইতি কচিৎ পাঠঃ ॥ ১০ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

সন্তোঽসন্তশ্চ আত্মনো দেবাসুরাদ্যা জীবা যস্মিং স্তং ॥ ৬ ॥ ৭ ॥
বাচা বেদলক্ষণয়া। তথাচ শ্রুতিঃ। তস্য বাক্ তন্তির্নামানি দামানীত্যাদি ॥ ৮ ॥
তমসা অহোরাত্র বিভাগাভাবেন। আপন্নান্ অস্মান্। অদভ্রদয়য়া অনল্প কৃপয়া ॥ ৯ ॥
নমু বিশেষবার্ত্তাং ব্রূতেতি তত্রাহুঃ। কাশ্যপমোজো বীর্য্যং অর্পিতং সৎ দিতের্গর্ভঃ ॥ ১০ ॥

সমস্ত জীব উৎপন্ন হয়। যে সকল ব্যক্তি নিষ্কাম হইয়া একান্ত ভক্তি দ্বারা আপনার ধ্যান করেন ॥ ৬ ॥

তাঁহাদের প্রাণাদি বায়ু, ইন্দ্রিয়গণ ও মনঃ জিত হইয়াছে এবং তাঁহাদের যোগও সুপক্ক হইয়াছে ও তাঁহারা আপনকার প্রসাদও লাভ করিয়াছেন, অতএব তাঁহাদের আর কোথা হইতেও পরাভব হইবে না ॥ ৭ ॥

প্রভো! গোসকল যেমন রজ্জুতে নিবদ্ধ থাকে তাহার ন্যায় এই সমস্ত প্রজা যাঁহার বেদরূপ বাক্যের অধীন হইয়া পূজোপহার আহরণ করিতেছে, আপনি সেই নিয়ামক পুরুষ আপনাকে নমস্কার করি ॥ ৮ ॥

হে ভগবন্! আপনি এ প্রকার, অতএব এই সমস্ত লোকের কল্যাণ বিধান করুন, ভয়ঙ্কর অন্ধকার সর্ব্বত্র পরিব্যাপ্ত হওয়াতে অহোরাত্র বিভাগাভাবে যাগ যজ্ঞ প্রভৃতি কর্ম্ম সকল বিলুপ্ত হইল, অতএব আমরা মহা আপদে পতিত হইয়াছি অনল্প কৃপাদৃষ্টি দ্বারা আমাদিগকে নিরীক্ষণ করিতে যোগ্য হউন ॥ ৯ ॥

হে দেব! প্রজাপতি কশ্যপ কর্ত্তৃক নিক্ষিপ্ত বীর্য্যে দিতির যে গর্ভ উৎপন্ন হইয়াছে ইহা সকল দিক্ তিমিরাচ্ছন্ন করিয়া কাষ্ঠাহিত অগ্নির ন্যায় প্রজ্বলিত হইয়া উঠিতেছে ॥ ১০ ॥

স প্রহস্য মহাবাহো ভগবাঞ্ছব্দগোচরঃ। প্রত্যাচষ্টাত্মভূর্দেবান্ প্রীণন্ রুচিরয়া গিরা ॥ ১১ ॥

শ্রীব্রহ্মোবাচ ॥

মানসা মে সুতা যুষ্মৎ পূর্ব্বজাঃ সনকাদয়ঃ। চেরুর্বিহায়সা লোকান্ লোকেষু বিগতস্পৃহাঃ ॥১২

ত একদা ভগবতো বৈকুণ্ঠস্যামলাত্মনঃ। যযুর্বৈকুণ্ঠনিলয়ং সর্ব্বলোক নমস্কৃতং ॥ ১৩ ॥

বসন্তি যত্র পুরুষাঃ সর্ব্বে বৈকুণ্ঠমূর্ত্তয়ঃ। যেঽনিমিত্ত নিমিত্তেন ধর্ম্মেণারাধয়ন্ হরিং ॥ ১৪ ॥

শ্রীধরস্বামী।

দিতেঃ কুচেষ্টিতং জ্ঞাত্বা প্রহস্য দেবানাং যে শব্দা বিজ্ঞপ্তি বাক্যানি তেষাং গোচরো বিষয়ভূতঃ প্রত্যভাষত ॥ ১১ ॥

যুষ্মৎ সকাশাৎ পূর্ব্বং জাতাঃ ॥ ১২ ॥

বৈকুণ্ঠাখ্যং লোকং যযুঃ ॥ ১৩ ॥

তং বর্ণয়ন্তি বসন্তীত্যাদি স্বাদশভিঃ বৈকুণ্ঠস্য হরেরিব মূর্ত্তির্যেষাং তে। নিমিত্তং ফলং ন নিমিত্তং প্রবর্ত্তকং যস্মিন্ নিষ্কামেণ ধর্ম্মেণেত্যর্থঃ। আরাধয়ন্ আরাধিতবন্তঃ ॥ ১৪ ॥

ক্রমসন্দর্ভঃ।

বৃদ্ধো বালকান্ প্রতীব প্রহস্য। শব্দমাত্রগোচর ইতি ব্রহ্মণঃ সাধারণগোচরত্বং ব্যজ্য মহিমানং দর্শয়তি ॥ ১১। ১২। ১৩ ॥

বৈকুণ্ঠস্যেব নিত্যানন্দরূপা মূর্ত্তি র্যেষাং তে যত্র বসন্তি। তথা ন বিদ্যতে নিমিত্তং কারণং যস্য স শ্রীভগবানেব নিমিত্তং ফলং যত্র তেন ধর্ম্মেণ ভাগবতাখ্যেন যে চ হরিমারাধয়ন্ তে চ যত্র বসন্তীত্যন্বয়ঃ। হরিপদানতিমাত্র দৃষ্টৈরিতি বয় ব্রজন্তীত্যাদিবক্ষ্যমাণাৎ ॥ ১৪ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

অহো অজ্ঞা মামেবং স্তুবন্তি এতদ্বিপত্তিত্রাণে কোঽহং বরাক ইতি বৃদ্ধো বালান্ প্রতীব প্রহস্য। শব্দা দেবানাং বিজ্ঞপ্তি বাক্যানি তেষাং গোচরঃ বিষয়ঃ ॥ ১১ ॥

এতদ্বিপৎকারণবতীং প্রাচীনামদ্ভুতাং কথাং তাবৎ শৃণুতেত্যাহ মানসা ইতি ॥ ১২ ॥

অমলাঃ শুদ্ধা ভবন্ত্যাত্মনোঽন্তঃকরণানি যতস্তস্য ॥ ১৩ ॥

বৈকুণ্ঠমূর্ত্তয়ঃ ভগবৎ সারূপ্যবন্তঃ অনিমিত্তং স্বপ্রয়োজনাভাব এব নিমিত্তং প্রবর্ত্তকং যস্মিং স্তেন নিষ্কামেন পরম ধর্ম্মেণ ইত্যর্থঃ। আরাধয়ন্ পূর্ব্বমারাধিতবন্তঃ ॥ ১৪ ॥

মুনিবর মৈত্রেয় এই সকল বর্ণনানন্তর দেবগণের স্তুতি কথা কহিয়া বিদুরকে সম্বোধন পূর্ব্বক কহিলেন অহে বিদুর! ভগবান্ ব্রহ্মা দেববৃন্দের বিজ্ঞপ্তি বাক্য শ্রবণ করিয়া দিতির কুচেষ্টিত জ্ঞানে হাস্য করিলেন এবং প্রীতি প্রকাশ করত মনোহর বাক্য দ্বারা প্রত্যুত্তর দিলেন ॥ ১১ ॥

ব্রহ্মা কহিলেন অহে দেবগণ! তোমাদের পূর্ব্বজাত সনকাদি চতুষ্টয় আমার মানসপুত্র, লোক মধ্যে নিস্পৃহ হইয়া আকাশমার্গে বিচরণ করিতে প্রবৃত্ত হইয়াছিলেন ॥ ১২ ॥

তাঁহারা এক সময় অমলাত্মা ভগবান্ হরির সর্ব্বলোক নমস্কৃত বৈকুণ্ঠ ধামে গমন করেন ॥ ১৩ ॥

সেই বৈকুণ্ঠ ধামে যে সকল পুরুষ বাস করেন তাঁহাদের সকলেরই ভগবান্ বৈকুণ্ঠের তুল্য মূর্ত্তি। সেই সকল ব্যক্তি নিষ্কাম ধর্ম্মের অনুষ্ঠান করিয়া ভগবানের আরাধনা করিয়াছিলেন, তাহাতেই তাঁহারা তৎস্বরূপী হইয়া তদীয় ধামে বিরাজ করিতেছেন ॥ ১৪ ॥

যত্র চাদ্যঃ পুমানাস্তে ভগবাঞ্ছব্দগোচরঃ। সত্ত্বং বিষ্টভ্য বিরজং স্বানাং নো মৃড়য়ন্ বৃষঃ ॥ ১৫ ॥
যত্র নৈঃশ্রেয়সং নাম বনং কাম দুঘৈদ্রু মৈঃ। সর্ব্বর্ত্তু শ্রীভির্বিভ্রাজৎ কৈবল্যমিবমূর্ত্তিমৎ ॥ ১৬ ॥
বৈমানিকাঃ সললনাশ্চরিতানি শশ্বদ্গায়ন্তি যত্র শমল ক্ষপণানি ভর্ত্তুঃ।
অন্তর্জলেঽনু বিকসন্ মধু মাধবীনাং গন্ধেন খণ্ডিতধিয়োঽপ্যনিলং ক্ষিপন্তঃ ॥ ১৭ ॥

শ্রীধরস্বামী।

শব্দগোচরঃ বেদান্তৈকবেদ্যঃ বিরজং সত্ত্বং মূর্ত্তিং বিষ্টভ্য ধৃত্বা। বৃষো ধর্ম্মমূর্ত্তিঃ স্বানাং স্বান্ ॥ ১৫ ॥
তত্রত্যং বনং বিশিনষ্টি যত্রেতি চতুর্ভিঃ সর্ব্বেষপি ঋতুষু শ্রীঃ পুষ্পাদি সম্পদ্ যেষাং তৈঃ ॥ ১৬ ॥
চরিতানি চরিত্রাণি ভর্ত্তুঃ প্রভোঃ। অনু বিকসন্তঃ মধু মকরন্দঃ তদ্‌যুক্তাঃ মাধব্যো বাসন্ত্যো লতাঃ। যদ্বা অনুবিকসন্মধবঃ প্রসরন্মকরন্দাঃ মাধব্যঃ মধুকালীনাঃ সুমনসঃ তাসাং গন্ধেন খণ্ডিতাঃ বিস্মিতা ধীর্যেষাং তেপি তদ্গন্ধ প্রাপকমনিলং ক্ষিপন্তস্তং তিরস্কুর্ব্বন্তো গায়ন্তি অনেন ভগবৎ পার্ষদানাং নিরতিশয় বিষয় সুখেপি ভজনানন্দাসক্তি দর্শিতা ॥ ১৭ ॥

ক্রমসন্দর্ভঃ।

সত্ত্বং গুণং সান্নিধ্যেনোপকৃত্য বৃষঃ সর্ব্বানন্দবর্ষী ॥ ১৫ ॥
কৈবল্যং শুদ্ধং ভক্তিসুখং তদেব মূর্ত্তিমদিব জাতং। তদেকসম্পন্ময়ত্বাৎ ॥ ১৬ ॥
তাদৃশত্বেনৈব বর্ণয়তি বৈমানিকা ইত্যাদিভিঃ। অন্তর্ম্মধ্যে জল ইতি তত্তদুপবনশোভাশৈত্যাদিকং ধ্বনিতং। গন্ধেন শ্রীভগবদ্বিভূতি রূপত্বাত্তৎসৌরভ্যানুকারিতয়া তৎস্মরণবিশেষকর্ত্রা তেন খণ্ডিতধিয়ঃ পরানন্দং মোহং প্রাপ্তা অপি ভগবদ্‌গুণগণাগ্রহেণ তদ্গন্ধবাহং ক্ষিপন্তঃ ॥ ১৭ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

বিরজং সত্ত্বং শুদ্ধসত্ত্বং বিষ্টভ্য ধৃত্বা যস্য নামরূপলীলাদিকং সর্ব্বমেব শুদ্ধসত্ত্বমিত্যর্থঃ। স্বানাং স্বান্ বৃষঃ সাক্ষাৎ পরম ধর্ম্মরূপঃ ॥ ১৫ ॥
কৈবল্যমূর্ত্তিমদিবেতি বনস্পতিসমূহস্য নিত্যসিদ্ধত্বং একরসং নিরুদ্বেগপরমানন্দময়ত্বং আত্মারাম বিহঙ্গমস্পৃহণীয়ত্বঞ্চোক্তং ॥ ১৬ ॥
শমলেতি ব্রহ্মাণ্ডবর্ত্তিজীবানাং সর্ব্বমালিন্য ক্ষপণানি স্বেষান্তু তদ্বিরহদুঃখোপশমকানি। বৈমানিকাঃ স্বরবিশেষোদ্ভাবনার্থং বিমানাদবতীর্য্য সরোবরস্যান্তর্জলে কণ্ঠদঘ্নজলে ইত্যর্থঃ। যদ্বা তটবর্ত্তিনীনামেব জলসংলগ্নবৃক্ষশাখামারুহ্য তাঃ স্ব পত্রাদিভিরাচ্ছাদয়ন্তীনামন্তর্জলএব বিকসন্তীনাং মধুযুক্তমাধবীনাং গন্ধেন খণ্ডিতাঃ ভগবচ্চরিতাস্বাদনৈকতানত্বে সবিঘ্নীকৃতা ধীর্যেষাং তথা ভূতা অপি গায়ন্ত্যেব নতু গানাদ্বিরমন্তীত্যর্থঃ কিন্ত্বনিলং ক্ষিপন্তঃ। অরে মাধবী পুষ্পামোদ তুন্দিল সুমন্দশীতানিল। ভগবল্লীলামৃত মাধুর্য্যেষু নিমজ্জিতা অস্মাকং ধিয়ো বৃত্তীঃ কথমাক্রষ্টুং যতসে কিং ত্বং তেভ্যোঽপ্যাত্মানং মধুরং মন্যসে ধিক্ ত্বাং মূঢ়েতি নিন্দন্তঃ তেন কৈবল্যমিবমূর্ত্তিমদিতি পূর্ব্বোক্তেস্তদ্বনস্থ পুষ্পামোদাদীনাং ব্রহ্মানন্দরূপত্বেপ্যাক্ষেপাৎ ব্রহ্মানন্দাদপি ভজনানন্দোঽত্যধিক ইতি দ্যোতিতং ॥ ১৭ ॥

অপর যে স্থানে বেদান্তৈকবেদ্য ভগবান্ আদ্য পুরুষ সত্ত্বমূর্ত্তি ধারণ পূর্ব্বক ধর্ম্মরূপী হইয়া স্বজনগণকে হর্ষিত করিতেছেন ॥ ১৫ ॥

সেই ধামে নিঃশ্রেয়স নামে একটী বন আছে সেখানকার সকল তরুই বাসনানুরূপ ফল প্রদান করিয়া থাকে তাহাতে সেই বন অতি মনোহর শোভা ধারণ করে, ফলতঃ তাহা এবম্বিধ রূপে প্রকাশ পাইতেছে যেন মূর্ত্তিমান্ মোক্ষই বিরাজ করিতেছে ॥ ১৬ ॥

অপর সেই স্থানে বিমানচারী গন্ধর্ব্বগণ সস্ত্রীক হইয়া নিরন্তর ভগবানের জগদ্বিশোধক চরিত্র সকল গান করিতেছে। তাহাদের ঐ বিষয়ে এতাদৃশ অনুরাগ যে উপবনস্থ সরোবরের জল মধ্যে বিকাসশীল মকরন্দযুক্ত মাধবীলতার সৌগন্ধ্যে বুদ্ধি বিভ্রংশিত হইলেও যে বায়ু সহ ঐ গন্ধ আসিয়া থাকে তাহাকে দূরে নিক্ষিপ্ত করিয়া দেয়, তথাচ সঙ্গীত পরিত্যাগ করে না ॥ ১৭ ॥

পারাবতান্যভৃত সারস চক্রবাক দাত্যূহ হংস শুক তিত্তিরি বর্হিণাং যঃ ।
কোলাহলো বিরমতেঽচির মাত্রমুচ্চৈ র্ভৃঙ্গাধিপে হরিকথামিব গায়মানে ॥ ১৮ ॥
মন্দার কুন্দ কুরবোৎপল চম্পকার্ণ পুন্নাগ নাগ বকুলাম্বুজ পারিজাতাঃ ।

শ্রীধরস্বামী ।

অন্যভৃতঃ কোকিলাঃ দাত্যূহা শ্চাতকাঃ অচির মাত্রং ক্ষণমাত্রং বিরমতি অনেন তত্রত্য পক্ষিণামপি কথা শ্রবণাদি পরমানন্দো দর্শিতঃ ॥ ১৮ ॥

মন্দার পারিজাতৌ সুরতরু বিশেষৌ । কুরব তিলকবৃক্ষঃ । উৎপলং রাত্রিবিকাশি । অম্বুজং দিনবিকাশি নাগো নাগকেশরঃ । এতাঃ সুমনসঃ পুষ্পজাতয়ঃ সুগন্ধয়োপি তুলসীকাভরণেন শ্রীহরিণা তুলস্যা গন্ধেঽর্চ্চিতে সতি । যস্মিন্ বনে তুলস্যা স্তপো

ক্রমসন্দর্ভঃ ।

দাত্যূহো জলচরো বর্ষাসু ককেতি প্রায় ভাষী । ভৃঙ্গাধিপোবনমালাধিকারী কোপি মুখ্যোভৃঙ্গঃ তস্যাতিশয়েন ভগবৎ প্রিয়ত্বাৎ শ্রীগরুড়বৎ স্বভাবত এব তত্তদক্ষরময়শব্দাত্মকং গানমেব তেষু হরিকথেতি জ্ঞেয়ং । ইবেতি তৎপার্ষদাদিকর্ত্তৃক হরিকথা সাদৃশ্যং জ্ঞাপয়তি বীণাদিবৎ ॥ ১৮ ॥

যত্র স্থাবরা অপি জ্ঞানশালিনঃ পরকীয় ভগবৎ শ্রীগুণগুণশ্লাঘিন শ্চেত্যাহ মন্দারেতি । অর্ণমপি পুষ্পবিশেষঃ সুমনস স্তত্তদধি-

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী ।

বৈমানিকা ইব তত্রত্যাঃ পক্ষিণোপি পরমভক্তা নির্ম্মৎসরাশ্চেত্যাহ পারাবতাঃ কপোতাঃ অন্যভৃতাঃ কোকিলাঃ দাত্যূহা ডাহুক ইতি খ্যাতাঃ । অচিরমাত্রং শীঘ্রমেব হংহো সংপ্রতি হরিকথা প্রবর্ত্ততে তদ্বয়ং সর্ব্বে তাবত্তূষ্ণীমেব শৃণুম ইত্যেবং কোলাহলো বিরমতি । কদা ভৃঙ্গাধিপে ভগবদ্বনমালাধিকারিণি হরিকথামিব হরিকথাতুল্যামেব কিমপি ঘুনাক্ষরন্যায়েন গায়তি সতি হরিহরীত্যাকারক স্বপক্ষশব্দং কুর্ব্বতীত্যর্থঃ । ন জানে তস্মিন্ সাক্ষাদ্ধরিকথাং গায়তি সতি পক্ষিণাং তেষাং তস্মিন্ কীদৃশ আদরো ভবেদিতি ভাবঃ ॥ ১৮ ॥

পক্ষিণ ইব তত্রত্যা বৃক্ষা অপি স্পর্দ্ধাসূয়াদিরহিতাঃ পরমভক্তা এবেত্যাহ মন্দার পারিজাতৌ সুরতরুবিশেষৌ কুরবস্তিলকবৃক্ষঃ । অর্ণং পুষ্পবিশেষঃ নাগো নাগকেশরঃ এতে বৃক্ষাঃ পরমসুগন্ধকুসুমা অপি তুলসিকাভরণেন শ্রীহরিণা বনবিহরণ সময়ে তস্যাস্তুলস্যা গন্ধে অর্চ্চিতে আদৃতে সতি যস্মিন্ বনে অহো ধন্যাসি ত্বং তুলসীতি তস্যা এব তপো বহুমানয়ন্তি নতু স্বেষামিতি তেন যদ্যস্যাস্তপো জানীমঃ তর্হি তদেব তপো বয়মিতো ভারতভূমিং গত্বা আচরাম ইতি তেষাং মনোঽনুলাপো ধ্বন্যতে । ততশ্চ বৈকুণ্ঠবাসিনোপি ভারতভূমৌ জন্ম বাঞ্ছন্তীতি বৈকুণ্ঠাদপি ভারতভূমেরুৎকর্ষো ধ্বনিতস্তে বহুমানয়ন্ত্যেব নত্বসূয়ন্তীত্যর্থঃ । যতঃ সুমনসঃ শুদ্ধচিত্তাঃ পক্ষে পুষ্পতরবঃ তেন বৈমানিকা ইতি পারাবতেতি মন্দারেত্যাদিভির্জলস্থলজাতজ্যোতিষ্মন্ত্রয়এব তত্র হরিং ভজন্তো বর্ত্তন্তে

তথায় ভৃঙ্গ সকল হরিকথা গানের ন্যায় গুণ গুণ ধ্বনি আরম্ভ করিলে তত্রস্থ পারাবত, কোকিল, সারস, চক্রবাক, দাত্যূহ ( ডাক পক্ষী ) হংস, শুক, তিত্তির, ( টিরট পক্ষী ) ময়ূর প্রভৃতি পক্ষি সমূহের কোলাহল ক্ষণকাল বিরত হয়, ফলতঃ তত্রত্য পক্ষিগণেরও হরিকথা শ্রবণাদিতে পরমানন্দ অনুভব হইয়াছিল, অতএব ভ্রমর সমূহ শব্দ করিতে আরম্ভ করিলেই হরিকথা গান হইতেছে মনে করিয়া তাহারা নিঃশব্দ হয় ॥ ১৮ ॥

অপর যে বনে মন্দার পারিজাত, কুন্দ, কুরব, ( তিলক পুষ্প ) চম্পক, পুন্নাগ, নাগকেশর, বকুল, উৎপল, কমল প্রভৃতি পুষ্প জাতি সকল স্বয়ং সৌরভ যুক্ত হইয়াও তুলসী ভূষণ ভগবান্ কর্ত্তৃক তুলসীর গন্ধ অর্চ্চিত দেখিয়া তাঁহার তপস্যাকেই বহু করিয়া মানিয়া থাকে অর্থাৎ তত্রত্য বৃক্ষগণের গুণ

গন্ধেহর্চ্চিতে তুলসিকাভরণেন তস্যা যস্মিংস্তপঃ সুমনসো বহু মানয়ন্তি ॥ ১৯ ॥
তৎ সঙ্কুলং হরিপদানতিমাত্র দৃষ্টৈ র্বৈদূর্য্য মারকত হেমময়ৈ র্বিমানৈঃ।
যেষাং বৃহৎ কটিতটাঃ স্মিতশোভিমুখ্যঃ কৃষ্ণাত্মনাং ন রজ আদধুরুৎস্ময়াদ্যৈঃ ॥ ২০ ॥
শ্রীরূপিণী ক্বণয়তী চরণারবিন্দং লীলাম্বুজেন হরিসদ্মনি মুক্তদোষা।

শ্রীধরস্বামী।

বহু মানয়ন্তি। অনেন তত্রত্যা গুণগ্রাহিণ এব ন মৎসরিণ ইত্যুক্তং। এবং ভূতং বনং যত্র তদ্বৈকুণ্ঠং বপুরিতি পূর্ব্বেণৈবান্বয়ঃ ॥ ১৯
পুনর্বৈকুণ্ঠমেব বিশিনষ্টি। তৎ সঙ্কুলং ব্যাপ্তং ভবতি। কৈঃ হরিপদয়োঃ যানতিঃ প্রণামঃ তাবন্মাত্রেণ দৃষ্টৈ র্ভক্তানাং বিমানৈঃ ন কর্ম্মাদি প্রাপ্যৈঃ। বৈদূর্য্য মারকতৈঃ হেমময়ৈশ্চ বিমানৈঃ। বৃহন্তি কটি তটানি যাসাং স্মিতশোভীনি মুখানি যাসাং তা অপি কৃষ্ণে আত্মা যেষাং রজঃ কামং উৎস্ময়াদ্যৈঃ পরিহাসাদিভিঃ ন আদধুঃ ন জনয়ামাসুঃ ॥ ২০ ॥
শ্রীর্লক্ষ্মীঃ রূপিণী মনোহর মূর্ত্তিধারিণী সতী শ্রীহরেঃ সদ্মনি সম্মার্জ্জনং কুর্ব্বতীব যস্মিন্ লোকে সংলক্ষ্যতে। চরণারবিন্দং ক্বণয়ন্তী নূপুরেণ শব্দয়ন্তী মুক্তো দোষশ্চাপল্যং যয়া। যদ্বা মুক্তেন দোষা প্রসারিতেন বাহুনা। কীদৃশে সদ্মনি স্ফটিকময়ানি কুড্যানি

ক্রমসন্দর্ভঃ।

টীকাত্র্যা দেবতা জ্ঞেয়াঃ ॥ ১৯ ॥
তদ্বৈকুণ্ঠং মরকতমেব মারকতং রজো ন দধুঃ কিন্তু তাসামপি পরমভক্তত্বাত্তৎপ্রদীপনত্বমেব জাতমিত্যর্থঃ ॥ ২০ ॥
মুক্তদোষা অপহতপাপ্মেতি বৎ নিত্যমেব দোষরহিতা। যত এব ভক্ত্যাত্যন্তাধীনং মন্যামেন সংমার্জ্জনকর্ত্রী বা কাচিৎ

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

নতু চতুর্থঃ স্বেদজোহবর্ণনাদিতি জ্ঞেয়ং ॥ ১৯ ॥
অন্তিতো বর্ত্তিনীমুদ্যানশোভাং বর্ণয়িত্বা মধ্যবর্ত্তিনীং বৈকুণ্ঠশোভাং বর্ণয়তি তদিতি হরিপাদয়োরানতিঃ প্রণতিস্তাবন্মাত্রেণাপি ভজনেন দৃষ্টৈঃ নতু সংপূর্ণাভৈরপি জ্ঞানকর্ম্মাদিভিরিত্যর্থঃ। কিঞ্চ তত্র ভজনানন্দনির্বৃতেষু পূর্ব্বোক্তযুক্ত্যা ব্রহ্মানন্দোপি ন প্রভবতি। কিং পুনর্বিষয়ানন্দ ইত্যাহ বৃহৎকটিতটাঃ পরমসুন্দর্য্যোপি যেষাং কৃষ্ণাত্মনাং কৃষ্ণনিমগ্নমনসাং উৎস্ময়াদ্যৈঃ উৎকৃষ্টস্মিতাবলোক গত্যালাপাদিব্যাপারৈঃ স্বাভাবিকৈ রজঃ কামং ন আদধু র্ন জনয়ামাসুস্তৈশ্চ সংকুলং ॥ ২০ ॥
সর্ব্বে হরিভজনানন্দবন্ত ইতি কিং বক্তব্যং। সাক্ষাল্লক্ষ্মীরপি যত্র সদা ভজন্তী বর্ত্তত ইত্যাহ স্বাভ্যাং। রূপিণী পরমসৌন্দর্য্যবতী চরণারবিন্দং ক্বণয়তী মন্দগত্যা নূপুরেণ শব্দয়ন্তী হরেঃ সদ্মনি স্ফটিককুড্যে স্ফটিকময়ভিত্তৌ উপেতহেম্নি মধ্যে মধ্যে শোভার্থং সংযুক্তসুবর্ণে। মুক্তদোষা প্রসারিতেন ভুজেন লীলাম্বুজেন পাণিধৃতেন সম্মার্জ্জতীব স্বচ্ছভূমিভিত্তৌ প্রতিবিম্বিতা শোধন্যা সংমার্জ্জনং

গ্রাহিতা গুণ প্রভাবে অন্যের সৌভাগ্য দেখিয়াও তাহাদের মাৎসর্য্য উৎপন্ন হয় না, এবম্বিধ বন সর্ব্বদাই বিরাজমান ॥ ১৯ ॥

অপর সেই বৈকুণ্ঠে ভগবদ্ভক্ত গণের ভূরি ভূরি বৈদূর্য্য মারকত এবং স্বর্ণময় বিমানে পরিব্যাপ্ত, ঐ সকল বিমান ভক্তগণের কর্ম্ম দ্বারা লব্ধ নহে, ভগবানের চরণ যুগলে প্রণতি মাত্রে লাভ হইয়াছে। তাঁহাদিগের প্রণাম মাত্রে এতাদৃশ প্রসাদ লাভ বিচিত্র নহে, তাঁহাদিগের মনঃ শ্রীকৃষ্ণচরণারবিন্দে এরূপ রত যে,যে সকল পরমসুন্দরী রমণীর বিশাল নিতম্ব এবং ঈষদ্ধাস্যে শোভমান মনোহর বদন, তাহারাও আপনাদিগের স্বাভাবিক পরিহাসাদি ব্যাপার দ্বারা ঐ সকল ব্যক্তির কাম জন্মাইতে সমর্থ হয় না, অতএব তাদৃশ চিত্ত ভক্তগণের প্রতি ঐ প্রকার অনুগ্রহ হওয়া অসম্ভব নহে ॥ ২০ ॥

অপর যে লক্ষ্মীর অনুগ্রহ লাভার্থ ব্রহ্মাদি দেবগণও যত্ন করিয়া থাকেন, সেই লক্ষ্মী মনোহর মূর্ত্তি ধারণ করিয়া ইতস্ততঃ পাদ নিক্ষেপ পূর্ব্বক গমন করিতেছেন তাহাতে [illegible]

সংলক্ষ্যতে স্ফটিককুড্য উপেত হেম্নি সম্মার্জ্জতীব যদনুগ্রহণেঽন্যযত্নঃ ॥ ২১ ॥
বাপীষু বিদ্রুম তটাস্বমলামৃতাপ্সু প্রেষ্যান্বিতা নিজবনে তুলসীভিরীশং।
অভ্যর্চ্চতী স্বলকমুন্নসমীক্ষ্য বক্তু মুচ্ছেষিতং ভগবতেত্যমতাঙ্গ যচ্ছ্রীঃ ॥ ২২ ॥

### শ্রীধরস্বামী।

যস্মিন্। মধ্যে মধ্যেচ শোভার্থং উপেতং সংযুক্তং হেম যস্মিন্। যস্যা অনুগ্রহণে শ্রীরনুগ্রহং করোত্বিত্যেতদর্থং অন্যেষাং ব্রহ্মাদীনাং যত্নঃ সা। অয়ং ভাবঃ যদ্যপি তত্র রজো নাস্ত্যেব তথাপি স্বর্ণপট্টিকাবিচ্ছিন্ন ভিত্তিভাগেষু বহুধা প্রতিবিম্বিতা সতী লীলাম্বুজং ভ্রাময়ন্তী বিনয়ভক্তিভ্যাং তথা লক্ষ্যত ইতি ॥ ২১ ॥

অঙ্গ হে দেবাঃ যদ্বস্মিন্ লোকে শ্রীরেব মমত অমংস্ত মেনে। কিং কুর্ব্বতী বিদ্রুমময়ানি তটানি যাসাং। অমলা অমৃত তুল্যা আপো যাসাং তাসু বাপীষু নিজবনে লক্ষ্মীবনে পরিচারিকাভিরন্বিতা তুলসীভিঃ শ্রীবিষ্ণুং পূজয়ন্তী তদা উদকে প্রতিবিম্বিতং শোভনালকযুক্তং উৎকৃষ্ট নাসিকঞ্চ স্ববক্ত্রং বীক্ষ্য ভগবতা উচ্ছেষিতং চুম্বিতমিত্যমস্ত। অনেন লক্ষ্ম্যা অপি সৌভাগ্য সুখং ভগবদনুগ্রহেণৈবেতি দ্যোতিতং ॥ ২২ ॥

### ক্রমসন্দর্ভঃ।

সৈব লক্ষ্যতে নতু প্রেয়সীবৎ। যথোক্তং কুরুক্ষেত্রযাত্রায়াং শ্রীকালিন্দ্যা অহং তদ্গৃহমার্জ্জনীতি লীলাম্বুজেনেত্যুপলক্ষণে তৃতীয়া ॥২১

বাপীষ্বিতি পত্যুরেব পরম দেবরূপত্বাৎ ততঃ সৌভাগ্যলাভার্থং স এব পূজ্য ইত্যভিপ্রায়েণ। তত্র চ জলে ধ্যানেন তৎস্ফূর্ত্তে স্তত্র স্বপ্রতিবিম্বদৃষ্ট্যা স্বমূর্ত্তেশ্চ সংযোগাচ্চুম্বিতত্বভানমপি সঙ্গতং। যদ্বা। উচ্ছেষিতমুপভুক্তমিত্যমন্যত পূর্ব্বপূর্ব্বানুভূততয়া স্মৃতবতীত্যর্থঃ ॥ ২২ ॥

### শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

কুর্ব্বতীব সংলক্ষ্যতে লীলাম্বুজমত্র শোধনীস্থানীয়ং। যদ্বা সম্মার্জ্জতীব সম্মার্জ্জনকারিণ্যন্যা দাসীব যদুক্তং কুরুক্ষেত্র যাত্রায়াং সাহং তদ্গৃহমার্জ্জনীতি। তদা মুক্তদোষা নির্দ্দোষা। লীলাম্বুজেনেত্যুপলক্ষণে তৃতীয়া নচানেন সাম্যমাহাত্ম্যা মন্তব্যেত্যাহ। যস্যা অনুগ্রহণে শ্রীরনুগ্রহং করোত্বিত্যেতদর্থমন্যেষাং ব্রহ্মাদীনাং যত্নঃ সা ॥ ২১ ॥

পরিচরণভক্তিমুক্ত্বা সাধকভক্তানামিব তস্যা অর্চ্চনভক্তিমাহ বাপীষু দীর্ঘিকাসু অমৃততুল্যজলাসু নিজবনে নিঃশ্রেয়সবনৈক দেশস্থে লক্ষ্মীবনে তুলসীভিরীশং শ্রীনারায়ণং অভ্যর্চ্চতী অভ্যর্চ্চয়িতুং প্রাতঃস্নানং করিষ্যন্তী প্রথমং মুখক্ষালনার্থং সোপানতটমধ্যাসীনা জলে প্রতিবিম্বিতং শোভনালকং উৎকৃষ্টনাসিকাযুক্তঞ্চ স্বমুখমীক্ষ্য ঈক্ষিত্বা ভগবতা উচ্ছেষিতমুচ্ছিষ্টীকৃতং চুম্বনাধর পানাভ্যামিত্যমত অমস্তত যদ্বা তত্র জলে নীলোৎপল প্রতিবিম্বে মিলিতং স্ববক্ত্র প্রতিবিম্বং বীক্ষ্য ভগবতা তন্মুখং চুম্বিতং জাতমিতি ভাবোদয়ো জাতঃ ॥ ২২ ॥

প্রিয় ধ্বনি হইতেছে এবং তিনি বাহু প্রসারণ পূর্ব্বক হস্তধৃত লীলাকমল দ্বারা ঐ বৈকুণ্ঠে হরিমন্দির সম্মার্জ্জন করিতেছেন ইহা সুস্পষ্ট দৃষ্ট হয়। তত্রস্থ গৃহের ভিত্তি সকল স্ফটিক ময় এবং মধ্যে মধ্যে শোভার্থ সুবর্ণ খচিত হওয়াতে যদ্যপি তথায় ধূলির সম্পর্ক মাত্র নাই তথাচ লক্ষ্মী স্বর্ণপট্টিকা ময় ভিত্তিভাগে বহু প্রকারে প্রতিবিম্বিতা হইয়া লীলাপদ্ম ঘূর্ণিত করাতে তাঁহার বিনয় ও ভক্তি দ্বারা ঐ রূপ বোধ হইয়া থাকে ॥ ২১ ॥

অপর হে দেবগণ! সেখানকার সরোবর সকলের জল স্বচ্ছ ও অমৃত তুল্য এবং তট সকল বিদ্রুম ময়, লক্ষ্মী সেই তটের নিকটবর্ত্তি স্বীয় বনে উপবিষ্ট হইয়া পরিচারিকাগণের সহিত ভগবানের অর্চ্চনা করিতে করিতে সরোবরের জলে প্রতিবিম্বিত আপনার শোভন কুটিল কুন্তল এবং উৎকৃষ্ট নাসিকা যুক্ত বদন অবলোকন করিয়া মনে করেন, ভগবান্ বুঝি আমার মুখ চুম্বন করিলেন ॥ ২২ ॥

যন্ন ব্রজন্ত্যঘভিদো রচনানুবাদাচ্ছৃণ্বন্তি যেঽন্য বিষয়াঃ কুকথা মতিঘ্নীঃ।
যাস্তু শ্রুতা হতভগৈর্ নৃভিরাত্তসারাস্তাং স্তান্ ক্ষিপন্ত্যশরণেষু তমঃসু হন্ত ॥ ২৩ ॥
যেঽভ্যর্থিতামপিচ নো নৃগতিং প্রপন্না জ্ঞানঞ্চ তত্ত্ববিষয়ং সহ ধর্ম্ম যত্র।

শ্রীধরস্বামী।

পুনঃ কথম্ভূতং তৎ যৎ বৈকুণ্ঠং ন ব্রজন্তি কে যে কুকথাঃ শৃণ্বন্তি কাস্তাঃ অঘং ভিনত্তীত্যঘভিৎ তস্য হরেঃ রচনা সৃষ্ট্যাদিলীলা তস্যা অনুবাদাদন্য বিষয়া অর্থকামাদি বার্ত্তাঃ মতিভ্রংশিকাঃ। তেষামব্রজনে হেতুঃ যাস্তু হতভাগ্যৈ র্নৈরৈঃ শ্রুতাঃ সত্যঃ তাং স্তান্ শ্রোতৄন্ অশরণেষু নিরাশ্রয়েষু তমঃসু নরকেষু ক্ষিপন্তি হন্তেতি খেদে। কথং ভূতাঃ আত্তসারাঃ আত্তঃ সারঃ শ্রোতৄণাং পুণ্যং যাভিস্তাঃ ॥ ২৩ ॥

প্রসঙ্গাৎ তা নন্থ শোচতি নোঽস্মাভি র্ব্রহ্মাদিভিরভ্যর্থিতাং নৃগতিং মনুষ্যজাতিং প্রপন্নাঃ প্রাপ্তাঃ সন্তোপি হরেরারাধনং ন কুর্ব্বন্তি। কীদৃশীং নৃগতিং যত্র যস্যাং ধর্ম্ম সহিতং তত্ত্বজ্ঞানং ভবতি তদুভয় সাধকত্বাত্তস্যাঃ। তেঽমুষ্য ভগবতো বিস্তৃতয়া মায়য়া

ক্রমসন্দর্ভঃ।

অঘভিদোঽঘাসুরহন্তুরঘোপি যৎ স্পর্শন ধূতপাতক ইত্যত্র তথা প্রসিদ্ধস্য তস্য রচনায়া অনুবাদং পরিত্যজ্য অন্যৎ অন্যদীয়ং যদ্রচনং তদেব বিষয়ো যাসাং তাঃ কথা ইতি। ভগবৎকথাং কদাচিদপি যে ন শৃণ্বন্তীত্যর্থঃ। তমঃসু নরকপ্রায়েষু সংসার গর্ত্তেষু। সারোবিবেকাদিঃ ॥ ২৩ ॥

যেঽভ্যর্থিতামিতি। যত্র যস্যাং ভগবদ্ধর্ম্ম পর্য্যন্তো ধর্ম্মো ভবতি। ভগবৎ ধর্ম্ম পর্য্যন্তস্য তত্ত্বস্য জ্ঞানঞ্চ ভবতীত্যর্থঃ। তাং প্রাপ্তা অপি সর্ব্বেষাং ধর্ম্মাণাং জ্ঞানানাঞ্চ মূলং যে ভগবত আরাধনং ন বিতরন্তি ন কুর্ব্বন্তি তে সম্মোহিতাঃ তদুক্তং বিলেবতোরুক্রম বিক্রমান্ যে ইত্যাদি। তথা চ ব্রহ্মবৈবর্ত্তে। প্রাপ্যাপি দুর্ল্লভতরং মানুষ্যং বিবুধেপ্সিতং। যৈরাশ্রিতো ন গোবিন্দ স্তৈ রাত্মা বঞ্চিতশ্চিরং। অশীতিঞ্চ চতুশ্চৈব লক্ষাং স্তান্ জীবজাতিষু। ভ্রমদ্ভিঃ পুরুষৈঃ প্রাপ্তং মানুষ্যং বিবুধেপ্সিতং। তদপ্যফলদং জাতং তেষামাত্মাভিমানিনাং। বরাকাণামনাশ্রিত্য গোবিন্দচরণদ্বয়মিতি। যদ্বা যত্র তত্ত্ববিষয়ং জ্ঞানং ধর্ম্মশ্চ সর্ব্বোঽপি জন্মে তাদৃশীমপি নৃ

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

তত্র গন্তুং কেঽধিকারিণ ইত্যপেক্ষায়াং প্রথমমনধিকারিণ আহ অঘভিদঃ শ্রীকৃষ্ণস্য রচনা লীলা কথা তস্যা অনুবাদাৎ অনুকীর্ত্তনাৎ অন্য বিষয়া এব কথাঃ ন্যায়াদিশাস্ত্রবিষয়া অপি কথাঃ কুকথাস্তা যে শৃণ্বন্তি তে যদ্বৈকুণ্ঠং ন ব্রজন্তি তর্হি কিং ব্রজন্তি তত্রাহ যাঃ কুকথা হতভগৈঃ শ্রুতা ইতি হতভগা এব তত্রাধিকারিণঃ। অতো হতভগৈর্নৃভিরেবাত্তো গৃহীতঃ সারঃ শ্রোতব্যত্বেনাত্মসংহিতং মহত্বং যাসাং অতএব তাং স্তান্ হতভগান্ তমঃসু নরকেষু তাঃ কথা এব বলাৎকারেণ ক্ষিপন্তি ॥ ২৩ ॥

হন্ত হন্ত যদ্যপি তত্র গন্তুং নৃজাতয় এবাধিকারিণো নতু দেবাদি জাতয়স্তদপি ভক্তিরহিত শাস্ত্রতাৎপর্য্য ভ্রংশিত বুদ্ধয়ো নৃজাতয় এবাধিকারিণো নতু দেবাদিজাতয়স্তদপি ভক্তিরহিত শাস্ত্রতাৎপর্য্যভ্রংশিত বুদ্ধয়ো নৃজাতয়এব কেচিদ্বঞ্চিতা ভবন্তীতি তান্ শোচতি যে ইতি হা হন্ত ভারতভূমৌ কদা নৃজন্মনো ভূত্বা বয়ং কৃষ্ণং ভজন্তঃ ক্ষণমাত্রেণৈব বৈকুণ্ঠং প্রাপ্স্যামেতি নোঽস্মাভি র্ব্রহ্মাদিভি রপ্যভ্যর্থিতাং নৃগতিং যে প্রপন্নাঃ প্রাপ্তাঃ যত্র যস্যাং তত্ত্ববিষয়ং ব্রহ্মবিষয়কং ধর্ম্মসহিতং জ্ঞানঞ্চ ভবতি তদপি ভগবত আরাধনং ন বিতরন্তি ন কুর্ব্বন্তি চেত্তে অমুষ্য মায়য়া মোহিতাঃ ধর্ম্মজ্ঞানয়োরপি ভক্তিং বিনা ফলাসিদ্ধেরিতি ভাবঃ। যদ্বা যত্র ধর্ম্মসহিতং জ্ঞানং

হে অমর সকল! যে সকল ব্যক্তি পাপনাশন ভগবানের সৃষ্ট্যাদি লীলানুবাদ হইতে বিমুখ হইয়া অর্থ কামাদি বিষয়ের মতি ভ্রংশিকা কুকথা শ্রবণ করে, তাহারা কখন সেই বৈকুণ্ঠ ধামে গমন করিতে পায় না। তাহাদের দৌর্ভাগ্যের কথা কি কহিব, অন্য বিষয়ক কুকথা তাহাদের শ্রবণ গোচর হইয়া তাহাদের পূর্ব্ব সঞ্চিত পুণ্য সকল হরণ করত তাহাদিগকে নিরাশ্রয় নরকে নিক্ষেপ করে ॥ ২৩ ॥

আহা! যে মনুষ্য জন্মে ধর্ম্মের সহিত তত্ত্বজ্ঞান হওয়াতে আমরাও যাহার প্রশংসা করিয়া থাকি,

নারাধনং ভগবতো বিতরন্ত্যমুষ্য সম্মোহিতা বিততয়া বত মায়য়া তে ॥ ২৪ ॥
যচ্চ ব্রজন্ত্যনিমিষামৃষভানুবৃত্ত্যা দূরে যমা হ্যুপরি নঃ স্পৃহণীয় শীলাঃ।
ভর্তুর্মিথঃ সুযশসঃ কথনানুরাগ বৈক্লব্য বাষ্পকলয়া পুলকীকৃতাঙ্গাঃ ॥ ২৫ ॥

### শ্রীধরস্বামী।

নমু সম্মোহিতাঃ বতেতি খেদে যদি বা এবং সম্বন্ধঃ ন কেবলং তএব ন ব্রজন্তি। কিন্তু যে ভগবদারাধনং ন কুর্ব্বন্তি তেপি তেষাং মায়াবিমোহিতত্বাদিতি ॥ ২৪ ॥

পুনঃ কথম্ভূতং। যচ্চ ন উপরিস্থিতং ব্রজন্তি। কে অনিমিষাং দেবানাং ঋষভঃ শ্রেষ্ঠো হরিঃ তস্যানুবৃত্ত্যা দূরে যমো যেষাং। যদ্বা দূরীকৃত যম নিয়মাঃ। দূরেহহম ইতি পাঠে দূরীকৃতা অহঙ্কারা ইত্যর্থঃ। স্পৃহণীয়ং করুণাদিশীলং যেষাং। কিঞ্চ ভর্তুর্হরের্যং সুযশস্তস্য মিথঃ কথনে যোঽনুরাগ স্তেন বৈক্লব্যং বৈবশ্যং তেন বাষ্পকলা তয়া সহ পুলকীকৃতমঙ্গং যেষাং। যদ্বা ন উপরীতি ব্রজতাং বিশেষণং নিরহঙ্কারত্বাৎ অস্মত্তোপি যেঽধিকা স্তে যদ্ব্রজন্তীত্যর্থঃ ॥ ২৫ ॥

### ক্রমসন্দর্ভঃ

গতিং প্রপন্না য ইতি পঞ্চনির্দ্ধিশেষ্যা ব্যাবৃত্তাঃ ॥ ২৪ ॥

অনিমিষাং কালানধীনানামিত্যর্থঃ ॥ ২৫ ॥

### শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

কুর্ব্বন্তি নত্বারাধনং তে মোহিতাঃ। যদ্বা ভগবতঃ এবারাধনং ভগবতে ন দদাতি তৎসুখ তাৎপর্য্যতয়া ন কুর্বন্তি তে সকামভক্তা অপীতি ॥ ২৪ ॥

অথাধিকারিণ আহ। যচ্চেতি অনিমিষামৃষভো হরিস্তস্যানুবৃত্ত্যা দূরে যমো যেষাং। যদ্বা দূরীকৃতা যম নিয়মাঃ। দূরেঽহম ইতি পাঠে দূরীকৃতাহঙ্কারাঃ নোঽস্মাকমপ্যুপরিভূতাঃ অধিকাঃ যতোঽস্মাভিঃ স্পৃহণীয়মেব নতু প্রাপ্যং শীলং যেষাং তে কিং তৎশীলং তত্র তেষাং প্রমাণমাহ ভর্তুঃ প্রভোর্মিথ ইতি পরস্পর প্রণয়বত্বেন কথনেনাস্বাদ বিশেষোপলব্ধেঃ কচিৎ পুরাণাদাবসুরাণামপি কদাচিৎ কেষাঞ্চিৎ তত্র যৎ ক্ষণিকাগমনং শ্রূয়তে তত্তু তত্রত্য চিদ্বিভূতিসুখানুভবাভাবাৎ গমনমপ্যগমনায়মানমেব যথা বিবিধসৌরভ্যাদি গুণযুক্তেষু মণিময় রাজসদনেষু ব্যাঘ্রভল্লুকাদীনাং প্রবেশঃ স্বপুরস্থপরিজন বৃন্দাস্তেব কৌতুক বিশেষবশাৎ দর্শয়িতুমিচ্ছো রাজ্ঞ এবাজ্ঞয়া ভবতি তথৈব শ্রীয়া প্রাকৃত নিত্যধাম নিবাসিনঃ স্বজনান্ কৌতুক বশাদ্দর্শয়িতুং প্রাকৃত পদার্থান কদাচিৎ ঘোরসত্ত্বান্ অসুরান্ কদাচিৎ সাত্ত্বিকান্ ভৃগ্বাদীন্ কদাচিত্রিগুণাতিক্রমিণঃ সনকাদীংশ্চ স্বেচ্ছয়ৈব ভগবানেবানয়তি পুনঃ শীঘ্রমেব তদযোগ্যত্বাত্ততো নিঃসারয়তি চ। ঐকান্তিকভক্তিসিদ্ধাংস্তু স্বপার্ষদদ্বারা বিমানৈ র্বৈকুণ্ঠমানয়তি তত্র সদা নিবাসয়তি স্বধামমাধুর্য্যং স্বসেবামাধুর্য্যং স্বলীলাদিমাধুর্য্যং তানেবাস্বাদয়তীতি বিবেচনীয়ং ॥ ২৫ ॥

সেই মানব জন্ম প্রাপ্ত হইয়া তাহারা ভগবানের আরাধনা করে না, কি দুঃখের বিষয় তাহারা ভগবানের মায়ায় কি একেবারে বিমোহিত ? ॥ ২৪ ॥

হে দেবগণ! যাঁহারা অহঙ্কার শূন্য এবং আমাদের অপেক্ষাও অধিক যোগী, তাঁহারা সেই বৈকুণ্ঠ ধামে গমন করিতে পারেন। তাঁহারা ভগবান্ হরির নিরন্তর অনুবৃত্তি করাতে এরূপ প্রভাবশালী যে যমও তাঁহাদের নিকটে যাইতে সমর্থ হয়েন না, তাঁহাদের ভক্তির কথা কি বলিব পরস্পর বসিয়া ভগবানের যশঃ কথনে এমত অনুরাগ প্রকাশ করেন যে, তজ্জন্য অবশতা ও বাষ্পোদ্গম হওয়াতে শরীর লোমাঞ্চিত হয়, এ নিমিত্তই তাঁহাদের কারুণ্যাদি স্বভাব সকলেরই স্পৃহণীয় ॥ ২৫ ॥

তদ্বিশ্বগুর্ব্বধিকৃতং ভুবনৈকবন্দ্যং দিব্যং বিচিত্র বিবুধাগ্র্য বিমানশোচিঃ।
আপুঃ পরাং মুদমপূর্ব্বমুপেত্য যোগমায়াবলেন মুনয়স্তদথো বিকুণ্ঠং ॥ ২৬ ॥
তস্মিন্নতীত্য মুনয়ঃ ষড়সজ্জমানাঃ কক্ষাঃ সমান বয়সাবথ সপ্তমায়াং।
দেবাবচক্ষত গৃহীতগদৌ পরার্দ্ধ্যকেয়ূরকুণ্ডলকিরীটবিটঙ্কবেশৌ ॥ ২৭ ॥
মত্তদ্বিরেফ বনমালিকয়া নিবীতৌ বিন্যস্তয়াসিত চতুষ্টয় বাহুমধ্যে।

শ্রীধরস্বামী।

ততদা তদপূর্ব্বং বিকুণ্ঠং অথোঽনন্তরমুপেত্য মুনয়ঃ পরামুৎকৃষ্টাং মুদমাপুঃ। অপূর্ব্বত্বে হেতবঃ। বিশ্বগুরুণা হরিণা অধিকৃতং অধিষ্ঠিতং ভুবনানামেকমেব বন্দ্যং দিব্যমলৌকিকং। বিচিত্রাণি বিবুধাগ্র্যাণাং বিমানানি তেষাং শোচিদীপ্তির্যস্মিন্। যোগমায়া বলেনেতি অষ্টাঙ্গযোগপ্রভাবেণোপেত্য পরমেশ্বরেতু যোগমায়েতি চিচ্ছক্তি বিলাস ইতি দ্রষ্টব্যং ॥ ২৬ ॥

তস্মিন্ বিকুণ্ঠে ষট্ কক্ষাঃ প্রাকার দ্বারাণি। অসজ্জমানা ভগবদ্দর্শনোৎকণ্ঠয়া তত্তদদ্ভুত দর্শনে আসক্তিমকুর্ব্বাণাঃ। দ্বারপালৌ দেবাবপশ্যন্ সমানং বয়ো যয়োঃ গৃহীতে গদে যাভ্যাং। পরার্দ্ধ্যৈঃ কেয়ূরাদিভিঃ বিটঙ্কঃ সুন্দরো বেশো যয়োঃ ॥ ২৭ ॥

তাবেব বর্ণয়তি মত্তা দ্বিরেফাঃ ভ্রমরাঃ যস্যাং তয়া বনমালয়া নিবীতৌ কণ্ঠলম্বিনা৷ অলঙ্কৃতৌ। অসিতা নীলাঃ চতুষ্টয়ে চতুঃ

ক্রমসন্দর্ভঃ।

যোগমায়াবলেন ভগবচ্ছক্তি প্রভাবেণৈব ন তু স্বশক্ত্যা। মনীষিতানুভাবোঽয়ং মম লোকাবলোকনমিতি শ্রীভগবতোক্তত্বাৎ ॥২৬
তস্মিন্নিতি যুগ্মকং ॥ ২৭। ২৮ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

তত্র তত্র সনকাদীনাং গমনং বর্ণয়তি। অথো তদ্বিকুণ্ঠং যোগমায়ায়া ভগবদিচ্ছানুবর্ত্তিন্যা ভগবচ্ছক্তের্বলেন নতু স্ববলেন উপেত্য ভগবৎকৃপয়া পরাং মুদং অপূর্ব্বং যথাস্যাত্তথা আপুঃ অত্র পরামপূর্ব্বমিতি পদাভ্যাং তদীয় ব্রহ্মানুভবমুদোপি সকাশাৎ বৈকুণ্ঠীয় মুদ আধিক্যং দর্শিতং। বিকুণ্ঠং কীদৃশং তেনৈব বিশ্বগুরুণা হরিণা স্বয়মধিকৃতমিতি নাত্র তন্মায়াশক্তেরধিকার ইত্যর্থঃ। কৃপয়া স্বীয়ভক্তিমুপদেষ্টুমেব মুনীনপ্যানিনায়েতি বিশ্বগুরু পদব্যঙ্গ্যং যত্র বিচিত্রাণি বিবুধাগ্র্যাণি বিমানানি তেষাং শোচির্যত্র তৎ ॥ ২৬ ॥

ততশ্চ তস্মিন্ বিকুণ্ঠে ষট্ কক্ষাঃ প্রাকারদ্বারাণি অতিক্রম্য। অসজ্জমানাঃ অস্মত এব ব্রহ্মানুভবিত্বাৎ। তত্র তত্র দ্বারপ্রাকারাদৌ সৌরূপ্য সৌরভ্য সৌন্দর্য্যাদিষু বিষয়বুদ্ধ্যা আসক্তিমকুর্ব্বাণাঃ। অথ সপ্তম্যাং কক্ষায়াং দেবৌ দ্বারপালৌ জয়বিজয়াবপশ্যন্ গৃহীতগদৌ তত্রাপি বক্ত্রং মনাগ্রভসং কিঞ্চিৎ কোপক্ষুব্ধং চ দধানৌ। কেন লক্ষণেনেত্যপেক্ষায়ামাহ। ভ্রুবেত্যাদি স্ফুট নির্গমাভ্যামিত্যস্য নাসাশ্বাসাভ্যামিতি বিশেষ্য পদমধ্যাহার্য্যং ॥ ২৭। ২৮ ॥

হে অমর বৃন্দ! তদনন্তর মুনিগণ যোগমায়াবলে অর্থাৎ অষ্টাঙ্গ যোগ প্রভাবে উক্ত বৈকুণ্ঠ ধামে উপনীত হইয়া পরমোৎকৃষ্ট হর্ষ প্রাপ্ত হইলেন। বিশ্বগুরু ভগবান্ তথায় অধিষ্ঠিত হইয়াছিলেন, সুতরাং ঐ স্থল অতি অপূর্ব্ব ও সমস্ত ভুবনের বন্দনীয় ছিল, আর সেই স্থানের চারিদিকে প্রধান প্রধান দেবগণের বিচিত্র বিমান সকল দীপ্তি পাইতেছিল তাহাতে ঐ স্থান সর্ব্বদা দেদীপ্যমান হইয়া রহিত ॥২৬

সে যাহা হউক, মুনিগণ ভগবদ্দর্শনার্থ উৎসুক ছিলেন, অতএব ঐ সমস্ত আশ্চর্য্য দর্শনে তাঁহাদের অন্তঃকরণ আসক্ত হইল না, তাঁহারা ক্রমে ক্রমে ছয় কক্ষা অর্থাৎ প্রাকার দ্বার অতিক্রমণ করিয়া সপ্তম কক্ষাতে গিয়া দুইজন দ্বারপালকে দেখিতে পাইলেন। ঐ দুই ব্যক্তির বয়স সমান, দুই জনই গদাধারী অত্যুৎকৃষ্ট কেয়ূর কুণ্ডল ও কিরীট দ্বারা অলঙ্কৃত এবং অতিশয় সুন্দর বেশ ধারণ করিয়াছিল ॥ ২৭ ॥

তাহাদের কণ্ঠদেশে বনমালা লম্বিতা ও নীলবর্ণ বাহু চতুষ্টয় মধ্যে তাহা বিস্তৃতা হওয়াতে মহতী শোভা হইয়াছিল, অধিকন্তু তন্মধ্যে ভ্রমর নিকর মত্ত হইয়া পতিত হইতেছিল, তাহাতেই মনোহর

বক্তুং ভ্রুবা কুটিলয়া স্ফুট নির্গমাভ্যাং রক্তেক্ষণেনচ মনাগ্রভসং দধানৌ ॥ ২৮ ॥
দ্বার্য্যেতয়ো নির্বিবিশুর্মিষতোরপৃষ্ট্বা পূর্ব্বা যথা পুরটবজ্র কপাটিকায়াঃ।
সর্ব্বত্র তে বিষময়া মুনয়ঃ স্বদৃষ্ট্যা যে সঞ্চরন্ত্যবিহতা বিগতাভিশঙ্কাঃ ॥ ২৯ ॥
তান্ বীক্ষ্য বাতবসনাংশ্চতুরঃ কুমারান্ বৃদ্ধান্ দশার্দ্ধবয়সো বিদিতাত্মতত্ত্বান্।
বেত্রেণ চাস্খলয়তামতদর্হণাংস্তৌ তেজোবিহস্য ভগবৎ প্রতিকূলশীলৌ ॥ ৩০ ॥

শ্রীধরস্বামী।

সংখ্যকা বাহব স্তেষাং মধ্যে বিন্যস্তয়া। বক্তুঞ্চ মনাগ্রভসং কিঞ্চিৎ ক্ষুব্ধং দধানৌ। স্ফুটৌ উৎফুল্লৌ নির্গমৌ শ্বাসমার্গৌ নাসাপুটে তাভ্যাং ॥ ২৮ ॥

এতয়োর্মিষতোঃ পশ্যতোঃ ভাবনাদৃত্য অপৃষ্ট্বৈব যাঃ পূর্ব্বাঃ ষট্ দ্বারঃ পুরটালঙ্কৃত বজ্রময় কবাটিকা যাসু। তা যথা বিবিশুঃ তথা সপ্তমায়ামপি দ্বারি বিবিশুঃ। অপ্রশ্নে হেতুঃ সর্ব্বত্র যেঽবিহতা অনিবারিতাঃ সঞ্চরন্তি। নিঃশঙ্কত্বে হেতুঃ অবিষময়া স্বদৃষ্ট্যেতি ॥২৯

বাতবসনান্ নগ্নান্ বৃদ্ধানপি পঞ্চবর্ষ বালকবৎ প্রতীয়মানান্। চকারাদাজ্ঞয়াচ অস্খলয়তাং নিবারিতবন্তৌ। ন তৎ স্খলন মর্হন্তীতি তথা তান্। অহো অত্রাপি ধার্ষ্ট্যমিতোবং তেষাং তেজো বিহস্য ভগবতো ব্রহ্মণ্যদেবস্য প্রতিকূলং শীলং যয়োঃ ॥ ৩০ ॥

ক্রমসন্দর্ভঃ।

মনাগ্রভসত্বে হেতুর্দ্বারীতি ॥ ২৯ ॥

ভগবৎ প্রতিকূলশীলাবিত্যস্যায়ং ভাবঃ ভগবাংস্তাবদাত্মনা সর্ব্বতঃ পরমেশ্বর ইতি নিজস্য পরমৈশ্বর্য্যস্য ব্রাহ্মণাদিভি রতিক্রমণং সহতে তদীয়সেবকাস্তস্য স্বতরাং তু তন্নিয়োগ প্রাপ্ত পালনাধিকারস্য তদংশস্য কেনাপ্যতিক্রমং সোঢ়ুং ন শক্নুবন্তীতি ভগবতো বিপরীতস্বভাবৌ তাবিদং ন সহতে ইতি। দৃষ্টান্তশ্চ চিত্রকেতু শিবশিবা বৃত্তান্ত এব জ্ঞেয়ঃ ॥ ৩০। ৩১ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

তয়োঃ কোপকারণমাহ। এতয়োর্মিষতোঃ পশ্যন্তৌ এতাবপ্রশ্নাদিনাদৃত্য যাঃ পূর্ব্বাঃ ষট্ দ্বারঃ পুরটপট্টিকা হীরককীলময় কবাটিকাবত্যস্তা যথা বিবিশুঃ তথা সপ্তম্যামপি দ্বারি তে বিবিশুঃ। প্রশ্নাকরণে হেতুঃ তেষাং স্বভাবমেবাহ। সর্ব্ব এতে সঞ্চরন্তি যে অবিহতাঃ কেনাপ্যশক্যাভিঘাতাঃ ॥ ২৯ ॥

বাতস্থ রশনা ক্ষুদ্রঘণ্টিকা তদুপলক্ষিতানি সর্ব্বাণি বস্ত্রালঙ্কারাদীনি যেষাং তে বৃদ্ধান্ ব্রহ্মসম বয়স্কানপি পঞ্চবর্ষবালকবৎ প্রতীয়মানান্ ব্রহ্মজ্ঞান্ বীক্ষ্য বেত্রেণ তির্য্যগ্বেত্র ধারণেন চকারাৎ সহসা ভগবদন্তঃপুরমিতো মাবিশতেতি বাচাচ অস্খলয়তাং নিবারয়ামাসতুঃ। ন তৎ স্খলনমর্হন্তীতি তথা তান্ তৌ জয়বিজয়ৌ অহো অত্রাপি ব্রহ্মজ্ঞাদহঙ্কারেণ ধার্ষ্ট্যমিতোবং তেষাং তেজো বিহস্য ভগবতো ব্রহ্মণ্যদেবস্য প্রতিকূলশীলাবিতি দাসদ্বারাপি স্বব্রহ্মণ্যতা বিখ্যাতো নৈব সম্মতো যতঃ প্রভোর্মনোঽনুসারিশীলা এব ভৃত্যাঃ অদণ্ড্যাঃ কুশলিনো ভবন্তীতি ভাবঃ ॥ ৩০ ॥

দর্শন হইয়াছিল। কিন্তু উৎফুল্ল নাসাপুট এবং অরুণ বর্ণ লোচন ও কুটিল ভ্রুযুগ দ্বারা দুইজনেরই বদন ঈষৎ কোপক্ষুব্ধ দেখাইতেছিল ॥ ২৮ ॥

যাহা হউক ঐ দুই দ্বারী দণ্ডায়মান হইয়া দেখিতে থাকিলেও সেই মুনিগণ তাহাদিগকে কোন কথা জিজ্ঞাসা করিলেন না পূর্ব্বে যেমন ছয় কক্ষায় পুরটালঙ্কৃত বজ্রময় কবাট উদ্ঘাটন পূর্ব্বক দ্বারে প্রবেশ করিয়াছিলেন, সপ্তম কক্ষার দ্বারেও তদ্রূপ প্রবিষ্ট হইলেন। তাঁহাদের জিজ্ঞাসা করিবার অপেক্ষাও ছিল না সর্ব্বত্র আপনাদের অবিষম দৃষ্টি প্রযুক্ত সকল স্থানেই নিঃশঙ্ক চিত্তে ভ্রমণ করিয়া বেড়াইতেন কুত্রাপি কেহ নিবারণ করিত না ॥ ২৯ ॥

অপর ঐ মুনিগণের আত্মতত্ত্ব জ্ঞান হইয়াছিল ইহাতে তাঁহারা বৃদ্ধ হইলেও পঞ্চবর্ষীয় বালক সদৃশ প্রকাশ পাইতেছিলেন অতএব বেত্রাদি দ্বারা তাঁহাদিগকে নিবারণ করা কদাপি যোগ্য হয় না, কিন্তু ঐ দুই জন দ্বারপালের স্বভাব ভগবান্ ব্রহ্মণ্যদেবের স্বভাবের প্রতিকূল থাকাতে তাহারা তাঁহাদিগকে বিবস্ত্র দেখিয়া উপহাস পূর্ব্বকতির্য্যগ্বেত্র দ্বারা যাইতে নিষেধ করিল ॥ ৩০ ॥

তাভ্যাং মিষৎস্বনিমিষেষু নিষিধ্যমানাঃ স্বর্হত্তমা হ্যপি হরেঃ প্রতিহারপাভ্যাং ।
ঊচুঃ সুহৃত্তমদিদৃক্ষিতভঙ্গ ঈষৎ কামানুজেন সহসা ত উপপ্লুতাক্ষাঃ ॥ ৩১ ॥
শ্রীমুনয় ঊচুঃ ॥
কোবা ইহেত্য ভগবৎ পরিচর্য্যয়োচ্চৈস্তদ্ধর্ম্মিণাং নিবসতাং বিষমঃ স্বভাবঃ ।
তস্মিন্ প্রশান্ত পুরুষে গতবিগ্রহে বাং কোবাত্মবৎ কুহকয়োঃ পরিশঙ্কনীয়ঃ ॥ ৩২ ॥

শ্রীধরস্বামী ।

হরের্দ্বারপালপতিভ্যাং দেবেষু পশ্যৎসু বার্য্যমাণা স্তে মুনয়ঃ কোবা ইত্যাদি শ্লোক ত্রয়ীমূচুঃ । সুহৃত্তমঃ শ্রীহরিঃ তস্য দিদৃক্ষিতং দর্শনেচ্ছা তস্য ভঙ্গে সতি কামস্যানুজঃ ক্রোধঃ তেন সহসা অকস্মাদেবোপপ্লুতানি ক্ষুভিতানি অক্ষীণি যেষাং তে সুষ্ঠু পূজ্যতমা অপীতি নিষেধানর্হত্বে ক্রোধানর্হত্বে বা হেতুঃ । ৩১ ॥

উচ্চৈর্মহত্যা ভগবৎ পরিচর্য্যয়া এত্য প্রাপ্য ইহ বৈকুণ্ঠে নিবসতাং তদ্ধর্ম্মিণাং ভগবদ্ধর্ম্মিণাং সমদর্শিনাং মধ্যে বাং যুবয়োরেব কোঽয়ং বিষমঃ স্বভাবঃ কৈশ্চিৎ প্রবেষ্টব্যং কৈশ্চিন্নেত্যেবং ভূতঃ । নমু স্বামি রক্ষার্থং দ্বারপালয়ো রেষ স্বভাবঃ গুণএব ইতি চেদত আহঃ তস্মিন্নিতি কুহকয়োঃ কপটয়োঃ আত্মবৎ স্বদৃষ্টান্তেন যথা আবাং কপটৌ তথান্যোঽপি কশ্চিৎ কপটঃ প্রবেক্ষ্যতীতি অয়ং ভাবঃ নহ্যত্র ভগবদ্ভক্তং বিনা কশ্চিদাগচ্ছতি নচেশ্বরে প্রশান্তত্বাদবিদ্যমান বিরোধে ভয়শঙ্কা অতো যুবাং কেবলং ধূর্ত্তাবেবেতি ॥৩২

ক্রমসন্দর্ভ ।

তয়ো র্দ্বারপালয়োঃ সালোক্যসামীপ্যাদিতারতম্যবৎসু বৈকুণ্ঠজনেষপ্যুচিতং বিচারং কামানুজোপযুক্তত্বাৎ স্ব স্বভাবানুসারাচ্চ নিন্দতি কোবেতি ত্রিভিঃ ॥ ৩২ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী ।

অনিমিষেষু বৈকুণ্ঠীয় দেবেষু পশ্যৎসু অর্হত্তমা অপি ভগবৎ সমীপ মতিশয়েন গন্তুমর্হা অপি হরের্দ্বারপাভ্যাং নিষিধ্যমানা ঊচুঃ । সুহৃত্তমস্য হরের্দর্শনেচ্ছায়া ভঙ্গে উপঘাতে সতি কামানুজেন ক্রোধেন সহসা উপলক্ষিতমেব উপপ্লুতানি ব্যাপ্তানি অক্ষীণি যেষাং তে । ৩১ ॥

ক্রোধোপরক্তত্বাৎ প্রথমং নিন্দতি কো বা ইতি । তদ্ধর্ম্মণাং ভগবত্তুল্য ধর্ম্মণাং তত্রাপি ইহ তৎ সমীপ এব বসতাং বিষমঃ ব্রাহ্মণৈ র্ন প্রবেষ্টব্যমিতি ভগবৎ স্বভাব পরিপন্থীকঃ স্বভাবঃ । নমু ব্রাহ্মণবেশেন ভগবদ্দ্বেষিণোঽপি কপটেন প্রবিশন্ত্যতঃ প্রথমং ব্রাহ্মণা অপি জিজ্ঞাস্যা এব ততঃ প্রবেশনীয়া ইতি চেত্তর্হি যুবামেব তদ্ভক্তবেশেন কপটিনৌ তদীয় ব্রহ্মণ্যত্ব প্রশান্তত্ব গত বিগ্রহত্বাদি মহাগুণলোপে প্রবৃত্তৌ তদ্দ্বেষিণাবত্রস্থঃ নত্বন্যঃ কোপি তত্র শঙ্কনীয় ইত্যাহুঃ । তস্মিন্নিত্যাদি আত্মবদিতি আত্মবন্মন্যতে জগদিতি ন্যায়েন বাং যুবয়োঃ কপটিনোরপি কোবা শঙ্কনীয় ইতি কাকা যুবামেব শঙ্কনীয়াবিতি ভাবঃ ॥ ৩২ ॥

বৈকুণ্ঠস্থ গীর্ব্বাণগণ অবলোকন করিতেছিলেন তাঁহাদের সমক্ষেই ঐ দুই দ্বারপাল পূজ্যতম মুনিগণকে পুরী প্রবেশ নিষেধ করাতে মুনিরা ভগবদ্দর্শন বিষয়ে মহা ব্যাঘাত জন্মিল বিবেচনা করিয়া সহসা ক্রোধান্বিত হইলেন এবং সেই রোষ বশতঃ তাঁহাদের নয়ন যুগল অতিশয় ক্ষুভিত হইল ॥ ৩১ ॥

তাঁহারা ক্ষুব্ধ হইয়া কহিতে লাগিলেন, অহে ! ভগবানের সুমহৎ পরিচর্য্যা করিয়া তৎ প্রভাবে বৈকুণ্ঠ লোক প্রাপ্তি পূর্ব্বক যাঁহারা এ স্থানে বাস করেন তাঁহারা সকলেই ভগবদ্ধর্ম্মী এবং সমদর্শী তোমরাও তাঁহাদের মধ্যেই দুই ব্যক্তি, তোমাদের এমত বিষম স্বভাব কেন ? কেহ প্রবেশ করিবে কেহ প্রবেশ করিতে পাইবে না এ কি ? যদি বল দ্বারপালদিগের প্রভুরক্ষণার্থ এ রূপ স্বভাব ভূষণ ব্যতীত দূষণ নহে, এ বিষয়ে বক্তব্য এই, তোমাদের প্রভু অতিশয় প্রশান্ত পুরুষ, তাঁহার সহিত কাহারও বিরোধ নাই, ইহাতে তাঁহার রক্ষণার্থ ভয় ও শঙ্কার সম্ভাবনাও দেখি না, বুঝিলাম তোমরা স্বয়ং কপট, এজন্য আপনার দৃষ্টান্তানুসারে শঙ্কা করিতেছ অন্য কোন কপট আসিয়া প্রবেশ করিবে । এখানে ভগবদ্ভক্ত ভিন্ন কি অন্য কাহারও আসিতে সাধ্য আছে ? ॥ ৩২ ॥

নহ্যন্তরং ভগবতীহ সমস্ত কুক্ষাবাত্মানমাত্মনি নভো নভসীব ধীরাঃ।
পশ্যন্তি যত্র যুবয়োঃ সুরলিঙ্গিনোঃ কিং ব্যুৎপাদিতং হ্যুদরভেদি ভয়ং যতোঽস্য ॥ ৩৩ ॥
তদ্বামমুষ্য পরমস্য বিকুণ্ঠভর্ত্তুঃ কর্ত্তুং প্রকৃষ্টমিহ ধীমহি মন্দধীভ্যাং।

শ্রীধরস্বামী।

ভয়শঙ্কাবীজঞ্চ ভেদঃ সচ কুত্রাপ্যাস্মিন্নস্তীত্যাহুঃ নহীতি সমস্তং বিশ্বং কুক্ষৌ যস্য যত্র যদা ইহ ভগবতি ধীরা বিদ্বাংসঃ আত্মনোঽন্তরং ভেদং ন পশ্যন্তি। কিন্ত্বস্মিন্ পরমাত্মন্যাত্মানমন্তর্ভূতং পশ্যন্তি মহাকাশে ঘটাকাশমিব। তদা যথান্যস্য রাজাদেরুদরভেদি উদরভেদযুক্তং ভয়ং ভবতি তথাস্য শ্রীহরেঃ তাদৃগ্ভয়ং যতঃ যেন কারণেন সুরবেশ ধারিণো র্যুবয়োর্বিশেষেণোৎপাদিতং তৎ কিং ন কিঞ্চিদিত্যর্থঃ ॥ ৩৩ ॥

তত্তস্মাদমুষ্য বৈকুণ্ঠনাথস্য ভৃত্যাভ্যাং বাং যুবাভ্যাং প্রকৃষ্টং ভদ্রমেব কর্ত্তুং ইহাস্মিন্নপরাধে যদ্যুক্তং তদ্ধীমহি চিন্তয়েম তদেবাহ রন্তরস্য ভেদস্য ভাবঃ সত্তা তদ্দর্শনেন ইতঃ বৈকুণ্ঠলোকাৎ লোকান্ দেহান্ ব্রজতং। যত্র যেষু লোকেষু অস্য পাপীয়সোঽন্তর

ক্রমসন্দর্ভঃ।

ধীরাঃ ব্রহ্মনিষ্ঠাঃ উদরৈ স্বচ্ছপলক্ষিতৈর্দেহৈ র্যো ভেদঃ পৃথক্ পৃথক্ তৎপুরাণাত্মকঃ বহুক্তং তৎকারণকং ভয়ং ॥ ৩৩ ॥

পাপীয়সো লোকান্ জনসমূহান্ ব্রজতং তেষু জায়েতাং। যত্র ব্রজনে ইমে অস্মিন্নির্দ্দিষ্টা লোকা দৈত্যরাক্ষসরাজন্যজনসমূহা

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

শৃণুত রে মূর্খৌ শৃণুত ইত্যাহুঃ নহীতি সমস্তমেব বিশ্বং কুক্ষৌ যস্য তস্মিন্নিতি যুবয়ো র্যে শঙ্কনীয়াস্তেপ্যস্য কুক্ষাবেব বসন্তী ত্যর্থঃ। ইহ বৈকুণ্ঠে যত্র ভগবতি আত্মনি পরমাত্মনি আত্মানং সর্ব্বমেব জীবাত্মানং ধীরা জ্ঞানিনোঽন্তরং ভিন্নং ন পশ্যন্তি নভসি মহাকাশে নভো ঘটাকাশমিব তস্যাস্য পরমেশ্বরস্য যুবাভ্যাং সুরলিঙ্গিভ্যাং উদরভেদিভয়ং শত্রুঃ কশ্চিৎ কপটেনাত্রাগত্য প্রভোরস্য উদরস্তেৎস্যতীতি ভয়ং যতঃ কারণাৎ বিশেষেণোৎপাদিতং তৎ কিং নাম অস্মাকমগ্রে ব্রূতং তাবৎ প্রথমমিত্যর্থঃ। অত্র যদ্যপি সার্ব্বজ্ঞ্যাদি স্বরূপ ভূতাস্তস্ত কল্যাণ গুণাদীশ্বর চৈতন্যাদস্বতন্ত্রাধীনত্বাদি স্বভাবং জীবচৈতন্যমীশিতব্যং সূর্য্যাত্তদা তপ ইব জাত্যৈব ভিদ্যতে তদাপ্যত্র এক্ষ্যণাং সনকাদীনাং জ্ঞানিত্বাজ্জ্ঞানিনাঞ্চ পদ্ধতৌ অদ্বৈত জ্ঞানলভ্য নির্ব্বাণসিদ্ধ্যর্থং চিৎসামান্য গ্রহণস্যৈব বিধীয়মানত্বাৎ চিদ্বিশেষ ভূতানামীশ্বরজীবয়োর্গুণানাং মায়ায়াশ্চ গ্রহণস্য নিষিদ্ধত্বাদীশ্বরজীবয়োর্ম্মহাকাশ দৃষ্টান্তো নানুপপন্নো জ্ঞেয়ঃ ॥ ৩৩ ॥

এবং নিন্দিত্বাপ্যশান্তত্বাৎ পুনরতিক্রোধাৎ শপন্তি তত্তস্মাদ্বাং যুবাভ্যাং মন্দধীভ্যাং ভৃত্যাভ্যাং অমুষ্য বিকুণ্ঠভর্ত্তুঃ প্রকৃষ্টং প্রকর্ষং কর্ত্তুং ধীমহি অত্র ভেদদর্শনং বিশেষতো ব্রাহ্মণবারণস্য ব্রহ্মণ্যদেবস্যাপকর্ষস্তদস্তাবমেব প্রকর্ষস্তং কর্ত্তুং তদনন্তরঙ্গত্বেন বয়মেব চিন্তয়েমেতি ক্ষণং তূষ্ণীং স্থিত্বা তদেবাহুঃ। ইতো বৈকুণ্ঠাদ্‌ব্রজতং। যত্র লোকেষু পাপীয়সো যুয়বিধাপরাধিজনস্য ভেদভাবদৃষ্ট্যা

অহে! ভেদ জ্ঞানই ভয় শঙ্কার কারণ, ভগবানেত কাহারও ভেদ বুদ্ধি নাই, এই সমস্ত বিশ্ব যাঁহার কুক্ষিতে অবস্থিত আছে, পণ্ডিতেরা তাঁহাতে কখন আত্মার ভেদ দর্শন করেন না, বরঞ্চ যেমন মহাকাশে ঘটাকাশকে অন্তর্ভূত হইতে দেখেন, তাহার ন্যায় সেই পরমাত্মাতে স্ব স্ব আত্মার অন্তর্ভাব অবলোকন করিয়া থাকেন, কি আশ্চর্য্য! তোমাদের দুইজনকে দেববেশধারী দেখিতেছি অথচ অন্য রাজাদের যেমন উদর ভেদকারি ভয় হয় অর্থাৎ কোন শত্রু কপট পূর্ব্বক আগমন করিয়া আমাদের প্রভুর দৈহিক পীড়া উৎপাদন করিবে এই বলিয়া যেমন ভৃত্যের ভয় জন্মে তোমাদের চিত্তে তাদৃক্ ভয় দেখিতেছি, ইহা কি কারণে হইল? কোন কারণই ত আমাদের উপলব্ধি হয় না ॥ ৩৩ ॥

যাহা হউক তোমরা এই পরম পুরুষ বৈকুণ্ঠনাথের ভৃত্য, যদিও তোমরা মন্দবুদ্ধি, তথাচ তোমাদের মন্দ করা উচিত হয় না, তোমাদের উৎকৃষ্ট মঙ্গল করিবার নিমিত্ত এই অপরাধে তোমাদের প্রতি যাহা উচিত তাহা চিন্তা করি, তোমাদের ভেদদৃষ্টি প্রযুক্ত তোমরা এই বৈকুণ্ঠলোক হইতে

লোকানিতো ব্রজতমন্তরভাব দৃষ্ট্যা পাপীয়স স্ত্রয় ইমে রিপবোঽস্য যত্র ॥ ৩৪ ॥
তেষামিতীরিতমুভাববধার্য্য ঘোরং তং ব্রহ্মদণ্ডমনিবারণমস্ত্রপূগৈঃ।
সদ্যো হরেরনুচরাবুরু বিভ্যতস্তৎ পাদগ্রহাবপততামতিকাতরেণ ॥ ৩৫ ॥
ভূয়াদঘোনি ভগবদ্ভিরকারি দণ্ডো যো নৌ হরেত সুরহেলনমপ্যশেষং।

শ্রীধরস্বামী।

ভাবভ্রষ্টৌ ইমে কামঃ ক্রোধস্তথা লোভ ইতি গীতোক্তা স্ত্রয়ো রিপবঃ ভবন্তি পাপীয়সো লোকানিতি বা ॥ ৩৪ ॥

ইতি তেষামীরিতং ভাষণং ঘোরমবধার্য্য তঞ্চ ব্রহ্মদণ্ডং ব্রহ্মশাপমবধার্য্য তচ্চাস্ত্র সমূহৈরনিবারণমবধার্য্য হরেরনুচরৌ অতিকাত রেণ অতিকাতর্য্যেণ ভয়েন তৎপাদগ্রহং কুর্ব্বন্তৌ সন্তৌ দণ্ডবদপততাং। কথম্ভূতস্য হরেঃ এবম্ভূতেভ্যো মুনিভ্য স্তাভ্যামপি উরু অধিকং বিভ্যতঃ ভয়ং ভাবয়তঃ ॥ ৩৫ ॥

অহো অপরাদ্ধমস্মাভিরিত্যনুতপ্যমানান্ প্রত্যূচতুঃ। অঘোনি অঘবতি য উচিতো দণ্ডঃ স এব ভবদ্ভিরকারি। নাত্র ভবতামপ রাধঃ কশ্চিদতোঽসৌ নৌ আবয়ো ভূয়াৎ। যঃ অশেষমপি সুরহেলনং ঈশ্বরাজ্ঞাতিক্রমরূপং পাপং হরেৎ। কিন্তু যুষ্মাকং যঃ

ক্রমসন্দর্ভঃ।

ত্রয়োঽত্র ভগবদ্ভোঽপি রিপবঃ ॥ ৩৪ ॥

তঞ্চ ব্রহ্মদণ্ড মবধার্য্যোত্যনেনানয়ো স্তেষু পূর্ব্বং ব্রাহ্মণত্ব জ্ঞানং নাসীদিতি গম্যতে। ব্রাহ্মণেভ্য উরু বিভ্যতঃ ॥ ৩৫ ॥

তৌ তু স্বস্য ত্বত্রিপুষেব জন্ম বুদ্ধা রিপুষঞ্চ বুদ্ধা তৎস্মরণমাত্রং প্রার্থয়তে ভূয়াদিতি। ইহ ঈদৃগপরাধে ভগবৎস্মৃতিয়স্ত মোহো

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

ইমে কামঃ ক্রোধ স্তথা লোভ ইতি গীতোক্তা স্ত্রয়ো রিপবো ভবন্তি অত্রাপরোক্ষার্থবাচিনা ইদম্ শব্দ প্রয়োগেনেমে সংপ্রত্যস্মা-দেহোদ্ভূতাঃ ক্রোধাদয় ইতি সরস্বত্যভিমতোঽর্থঃ ॥ ৩৪ ॥

অহো অপরাদ্ধমাবাভ্যাং যদ্ ব্রাহ্মণাঃ কোপিতা ইতি তয়োর্বৈক্লব্যমাহ তেষামিতি হরেঃ সকাশাৎ প্রথমং বিভ্যতঃ ভীতৌ অতুস্ উকারলোপশ্ছান্দসঃ। ততশ্চ অতিকাতর্য্যেণ তেষাং পাদগ্রহণং কুর্ব্বন্তৌ দণ্ডবদপততাং ॥ ৩৫ ॥

অহো অপরাদ্ধমস্মাভিরেব যদ্ যুবাং ভগবদ্ভক্তৌ শপ্তৌ হন্ত হন্ত অতঃপরং কিং কুর্ম্মঃ ক্রোধাদ্যা জিতা ইত্যস্মাকং সার্ব্বকালিকো ঽভিমানোঽত্র বৈকুণ্ঠে চূর্ণী বভূবেতি পশ্চাত্তাপবতস্তান্ প্রত্যেকমাহতুঃ। অঘোনি অপরাধিনি ময়ি ভবদ্ভির্যথাভির্যো দণ্ডোঽকারি স ভূয়াদিত্যাশীর্ন্নিতা ভবহং অস্মিন্নাশীর্ব্বাদমেব ভাবয়ামি নতু দণ্ডং। অত্র হেতুঃ পুনর্যো সংহতাবেব হেতুঃ। যো দণ্ডঃ নৌ আবয়োরশেষমেব সুরহেলনং যুষ্মদবজ্ঞানাৎ ভগবদনভিপ্রেতাচরণাচ্চ। বৈকুণ্ঠদেশানুচিত ক্রোধকরণাচ্চ যুষ্মাসু ভগবতি চ বৈকুণ্ঠ ধাম্নিচ জাতমপরাধং সর্ব্বং হরেত নাশয়েৎ। কিন্তু যুষ্মাকং যঃ কৃপানিমিত্তঃ সংপ্রত্যনুতাপস্তস্য কলয়া একেন লেশেন এতদেবা-

ভ্রষ্ট হইয়া সেই পাপীয়সী যোনিতে গিয়া জন্ম গ্রহণ কর, যাহাতে কাম, ক্রোধ, লোভ এই রিপুত্রয় বিদ্যমান আছে ॥ ৩৪ ॥

অনন্তর সেই দুই দ্বারপাল মুনিগণের ঐ সকল বাক্য শ্রবণ করিয়া বিবেচনা করিল ইহা ঘোর ব্রহ্মদণ্ড অর্থাৎ ব্রহ্মশাপ, অস্ত্র সমূহ দ্বারাও ইহা নিবারণ হইবে না অতএব তাহারা ভয়ে ভীত হইয়া তৎক্ষণাৎ তাঁহাদের পাদগ্রহণ পূর্ব্বক দণ্ডের ন্যায় নিপতিত হইল। ঐ দুই দ্বারপাল যে ভগবানের অনুচর, তিনি তাহাদের অপেক্ষাও ঐ মুনিগণ হইতে অধিক ভয় ভাবনা করিতেছিলেন, ইহাতে তাহাদের ভয়ে ভীত হওয়া বড় বিচিত্র নহে ॥ ৩৫ ॥

অতঃ স সদৈবারাধয়িতুমুচিতমিত্যাহ তমিতি কৃতজ্ঞঃ শরণাগতপালনাভিজ্ঞঃ। অসাধুভিরনৃজুভিরন্যশরণৈশ্চ ॥ ৩৩ ॥

সকামানপি কথাশ্রবণে প্রবর্ত্তয়তি। যো বা ইতি ॥ ৩৪। ৩৫ ॥

॥ * ॥ ইতি সারার্থদর্শিন্যাং হর্ষিণ্যাং ভক্তচেতসাং। তৃতীয়ে একোনবিংশঃ সঙ্গতঃ সঙ্গতঃ সতাং ॥ * ॥

হে ব্রহ্মন্! একদা গজেন্দ্র গ্রাহগ্রস্ত হইয়া মহাবিপদ্ জ্ঞানে তাঁহার চরণাম্বুজ ধ্যান পরায়ণ হইতেছিল এবং তাহার করেণু সকল কাতর হইয়া আর্ত্তনাদ করিতেছিল, তাহাতে যিনি অনুধ্যান মাত্রে অনুকম্পা প্রকাশ পূর্ব্বক আগমন করিয়া তাহাকে সঙ্কট হইতে উদ্ধার করেন ॥ ৩২ ॥

তিনি অনন্যাশ্রয় সরল চিত্ত মনুষ্যমাত্রের অতিশয় সুখারাধ্য, কেবল অসাধু লোকেরাই তাঁহাকে দুরারাধ্য বোধ করে, ইহাতে কোন্ কৃতজ্ঞ ব্যক্তি তিনি যে শরণাগত প্রতিপালক ইহা জানিয়া তাঁহার সেবা না করিবে? ॥ ৩৩ ॥

হে দ্বিজ! এই হিরণ্যাক্ষ বধ বৃত্তান্ত এবং ধরণীর উদ্ধারার্থ ভগবানের শূকর রূপ ধারণ পূর্ব্বক অদ্ভুত ক্রীড়া বিবরণ যে ব্যক্তি শ্রবণ অথবা গান কিম্বা অনুমোদন করেন ব্রহ্ম হত্যা জনিত পাপ হইতেও তাহার পরিত্রাণ হইতে পারে ॥ ৩৪ ॥

হে ব্রহ্মন্! ভগবানের এই ক্রীড়া বিবরণ মহাপুণ্য জনক অতি বিশুদ্ধ, সদা ধনাবহ, মহাযশস্কর, আয়ুঃ ও আশীর্ব্বাদের স্থান এবং যুদ্ধে প্রাণ ও ইন্দ্রিয়ের শৌর্য্য বৃদ্ধিকারক, যাঁহারা ইহা শ্রবণ করেন তাঁহাদের অন্তকালেও ভগবান্ নারায়ণ গতি হয়েন ॥ ৩৫ ॥

॥ * ॥ ইতি তৃতীয়ে একোনবিংশ ॥ * ॥

শ্রীশৌনক উবাচ ॥

মহীং প্রতিষ্ঠামধ্যস্ত সৌতে স্বায়ম্ভুবো মনুঃ । কান্যন্বতিষ্ঠদ্দ্বারাণি মার্গায়াবরজন্মনাং ॥ ১ ॥
ক্ষত্তা মহাভাগবতঃ কৃষ্ণস্যৈকান্তিকঃ সুহৃৎ । যস্তত্যাজাগ্রজং কৃষ্ণে সাপত্যমঘবানিতি ॥ ২ ॥
দ্বৈপায়নাদনবরো মহিত্বে তস্য দেহজঃ । সর্ব্বাত্মনাশ্রিতঃ কৃষ্ণং তৎ পরাংশ্চাপ্যনুব্রতঃ ॥ ৩ ॥
কিমন্বপৃচ্ছন্মৈত্রেয়ং বিরজাস্তীর্থসেবয়া । উপগম্য কুশাবর্ত্ত আসীনং তত্ত্ববিত্তমং ॥ ৪ ॥

শ্রীধরস্বামী ।

বিংশে বরাহ জন্মাদি ব্যবধানাদথাদিতঃ । স্বর্গোঽনুস্বার্য্যতে বক্তুমন্বয়ং প্রস্তুতং মনোঃ ॥ ০ ॥

প্রতিষ্ঠাং স্থানং । অধ্যস্য প্রাপ্য সৌতে সূতস্য রোমহর্ষণস্য পুত্র । অবরং অর্ব্বাচীনং জন্ম যেষাং তেষাং ঈশ্বরে লীনানাং মার্গায় নির্গমায় কানি দ্বারাণি কৃতবান্ অর্ব্বাচীনান্ প্রাণিনঃ কৈরুপায়ৈঃ সৃষ্টবানিত্যর্থঃ ॥ ১ ॥

বিদুরমৈত্রেয় সম্বাদেনৈবৈতৎ জ্ঞাস্যত ইতি তমেব সংবাদং প্রষ্টুমাহ ক্ষত্তেতি পঞ্চভিঃ । শ্রীকৃষ্ণসুহৃত্বে হেতুঃ য ইতি দুর্য্যোধনাদিভিরপত্যৈঃ সহিতঃ অগ্রজং ধৃতরাষ্ট্রং । অঘবান্ কৃতাপরাধ ইতি হেতোঃ শ্রীকৃষ্ণোক্ত মন্ত্রানাদরাৎ যস্তত্যাজ ॥ ২ ॥

অনবরঃ অন্যূনঃ মহিত্বে মহিম্নি ॥ ৩ ॥

কুশাবর্ত্তে গঙ্গাদ্বারে ॥ ৪ ॥

ক্রমসন্দর্ভঃ ।

বরাহলীলাং প্রাসঙ্গিকীং শ্রুত্বা প্রস্তুতং পৃচ্ছতি মহীমিতি ॥ ১ ॥

তদেবং স্বাতন্ত্র্যেণ প্রশ্ন বিদুরপ্রশ্নময় কথা শুশ্রূষায়ামনুচিতং মত্বা তৎপ্রশ্নমেব পৃচ্ছতি । ক্ষত্তেতি পঞ্চভিঃ ॥ ২ । ৩ ॥

তত্রচ যদি কচিত্তদ্দ্বারা বিচ্ছিন্নাপি তত্র্যপ্যাবৃত্য তামেবাদিতঃ প্রবর্ত্তয়েত্যাহ বিরাজাস্তীর্থসেবয়েত্যাদিনা পাদোনপদাত্রয়েণ

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী ।

বিসর্গো যঃ সমাসেন পূর্ব্বমুক্তঃ স এবহি । বিংশে ব্যস্যোচ্যতে স্বায়ম্ভুববংশবিবক্ষয়া ॥ ০ ॥

প্রতিষ্ঠাং আশ্রয়ং । সৌতে রোমহর্ষণসূনো । অবরজন্মনাং সনকাদিভ্যঃ উত্তরকালজন্মবতাং জীবানাং ঈশ্বরে লীনানাং মার্গায় নির্গমায় কানি দ্বারাণি কৃতবান্ । অর্ব্বাচীনান্ প্রাণিনঃ কৈরুপায়ৈঃ সৃষ্টবানিত্যর্থঃ ॥ ১ ॥

এতৎপ্রশ্নোত্তরস্ত বিদুরমৈত্রেয়সংবাদেনৈব জ্ঞাতব্যাশয়েনাহ ক্ষত্তেতি । সাপত্যং দুর্য্যোধনাদ্যৈঃ পুত্রৈঃ সহিতং ॥ ২ ॥

অনবরঃ অন্যূনঃ ॥ ৩ ॥

বিরজাঃ বিগতং রজো যস্মাৎ সঃ । তীর্থসেবয়েতি হেতূক্তেঃ । প্রত্যাসত্ত্যাচ তীর্থানামেব রজোমালিন্যং বিগতমিত্যর্থঃ ।

বিংশতিতম অধ্যায়ে বরাহ জন্মাদি বর্ণন নিমিত্ত সৃষ্টিপ্রকরণ কথনের ব্যবধান হইয়াছিল, এ প্রযুক্ত পুনশ্চ প্রথমাবধি স্বায়ম্ভুব মনুর বংশানুস্মরণ ॥ ০ ॥

মুনিবর শৌনক সূতকে সম্বোধন পূর্ব্বক জিজ্ঞাসা করিলেন হে সৌতে! স্বায়ম্ভুব মনু অবনীরূপ স্থান প্রাপ্ত হইয়া প্রলয়কালীন যে সকল প্রাণী ঈশ্বরে লীন হইয়াছিল, তাহাদিগের নির্গমনার্থ কি করেন অর্থাৎ অর্ব্বাচীন জন্মা প্রাণি নিকরের কি উপায়ে সৃষ্টি হইল? ॥ ১ ॥

অপর হে সূত! মহাভাগবত বিদুর ভগবান্ শ্রীকৃষ্ণের অকৃত্রিম মিত্র, তাঁহার অগ্রজ ধৃতরাষ্ট্র শ্রীকৃষ্ণের মন্ত্রণায় অনাদর করিয়াছিল, তাহাতে তিনি সপুত্র ভ্রাতাকে কৃতাপরাধ বিবেচনা করিয়া পরিত্যাগ করিয়াছিলেন ॥ ২ ॥

আর তিনি মহর্ষি বেদব্যাসের অঙ্গ হইতে উৎপন্ন হন এ নিমিত্ত মহিমায় ঐ দ্বৈপায়ন অপেক্ষা ন্যূন ছিলেন না, অপর সর্ব্বান্তঃকরণে শ্রীকৃষ্ণের আশ্রিত হইয়া তৎপরায়ণ জনের অনুগামী হয়েন ॥ ৩॥

তিনি তীর্থ পর্য্যটন দ্বারা স্বীয় কলুষ ক্ষয় পুরঃসর গঙ্গাদ্বারে উপনীত হইয়া তথায় আসীন তত্ত্বজ্ঞ

তয়োঃ সংবদতোর্নূনং প্রবৃত্তা হ্যমলাঃ কথাঃ। আপো গাঙ্গ্যা ইবাঘঘ্নী হরেঃ পাদাম্বুজাশ্রয়াঃ ॥ ৫

তা নঃ কীর্ত্তয় ভদ্রন্তে কীর্ত্তন্যোদারকর্ম্মণঃ। রসজ্ঞঃ কো নু তৃপ্যেত হরিলীলামৃতং পিবন্ ॥ ৬ ॥

এবমুগ্রশ্রবাঃ পৃষ্ট ঋষিভি র্নৈমিষায়নৈঃ। ভগবত্যর্পিতাধ্যাত্ম স্তানাহ শ্রুয়তামিতি ॥ ৭ ॥

শ্রীসূত উবাচ ॥

হরেধৃর্তক্রোড়তনোঃ স্বমায়য়া নিশম্য গোরুদ্ধরণং রসাতলাৎ।

শ্রীধরস্বামী।

যৎ কিমপি পৃচ্ছতু কিং তবেতি চেত্তত্রাহ তয়োরিতি অঘঘ্নাঃ কথা নূনং প্রবৃত্তাঃ ॥ ৫ ॥

কীর্ত্তন্যানি কীর্ত্তনার্হাণি উদারাণি কর্ম্মাণি যস্য হরেঃ ॥ ৬ ॥

এবমিতি ব্যাসবাক্যং। উগ্রশ্রবা রোমহর্ষণপুত্রঃ। নৈমিষময়নমাশ্রয়ো যেষাং অর্পিতমধ্যাত্মং মনো যেন ॥ ৭ ॥

গোরুদ্ধরণং লীলাং হিরণ্যাক্ষস্য অবজ্ঞয়া হতং নিশম্য ভারতো বিদুরঃ ॥ ৮ ॥

ক্রমসন্দর্ভঃ।

প্রথমং তাবৎ তীর্থসেবয়া বিরজাঃ দুঃসঙ্গ দুঃখরহিতাঃ পশ্চাৎ উপগম্য ॥ ৪ ॥

প্রবৃত্তা ইত্যাদিনা পুনরাদিত এব শ্রবণেচ্ছা স্পষ্টীকৃতা ॥ ৫। ৬ ॥

ঋষিভিরিতি। শ্রীশৌনকপ্রশ্নমনুমোদমানৈঃ সর্ব্বৈরেব তদনুবাদাৎ ॥ ৭ ॥

শ্রীসূতস্তু ভগবৎ ক্রমবৎ শ্রীবিদুরস্য ক্রম ইতি কস্মাদ্ধারাবিচ্ছিদ্যোতেত্যেবং। তৎ প্রশংসাগর্ত্তমুত্তরমাহ। হরেরিতি। তদিদমপি শ্রীশুকোক্তমেব সুতোঽয়মনুকৃতবানিতি গম্যতে। তদেবানুস্মৃত্যাসৌ সর্ব্বং কথয়তি। গোরুদ্ধরণরূপাং লীলাং নিশম্য

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

কুশাবর্ত্তে গঙ্গাদ্বারে ॥ ৪ ॥

অমলাঃ কথা ইতি তয়োর্ভক্তত্বাৎ ভক্তানাঞ্চ কৃষ্ণান্যকথা রাহিত্যাৎ গঙ্গায়া আপঃ গাঙ্গ্যঃ অঘঘ্নীরঘঘ্ন্যঃ ॥ ৫ ॥

ভদ্রং তে ইতোঽন্যুক্যোনাশীর্ব্বাদঃ। কীর্ত্তন্যানি উদারাণি কর্ম্মাণি যাসু যস্য বেত্তি কথায়া হরের্ব্বা ॥ ৬ ॥

অধ্যাত্মং মনঃ ॥ ৭ ॥

সুষ্ঠু অমায়য়া ধৃতা নিত্যস্থিতা ক্রোড়তনুর্যস্য তস্য হরেঃ তৌদাদিকস্য ধৃতং স্থিতাবিত্যস্য রূপং। গোঃ পৃথিব্যাঃ। ভারতো বিদুরঃ ॥ ৮। ৯ ॥

মৈত্রেয়কে কি জিজ্ঞাসা করিলেন ॥ ৪ ॥

তাঁহাদের পরস্পর কথোপকথন সময়ে অবশ্য হরিপদাশ্রয়া অমলা কথাই প্রবৃত্তা হইয়া থাকিবে, সে সকল কথার মহা মাহাত্ম্য গঙ্গাজলের ন্যায় কল্মষ সকল সংক্ষয় করে ॥ ৫ ॥

হে সূত! তোমার কল্যাণ হউক, তুমি আমাদিগের নিকট ঐ সকল পাপবিমোচনী কথা কীর্ত্তন কর, আমরা এত শুনিলাম তথাপি আমাদের বিশেষ পরিতৃপ্তি বোধ হইল না, ভগবানের সকল কর্ম্মই উদার এবং কীর্ত্তনার্হ, তাঁহার লীলামৃত পান করিয়া কোন্ রসজ্ঞ ব্যক্তি পরিতৃপ্ত হইতে পারে অতএব যাহা যাহা জিজ্ঞাসা করিলাম তৎ সমুদায় বল ॥ ৬ ॥

নৈমিষারণ্যবাসি মুনিবৃন্দ এই প্রকার শ্রবণাভিলাষ প্রকাশ করিলে রোমহর্ষণ পুত্র উগ্রশ্রবাঃ ভগবানের পাদপদ্মে আপনার মনঃ সমর্পণ করত সম্বোধন পূর্ব্বক কহিলেন, তবে শ্রবণ করুন ॥ ৭ ॥

হে ঋষিগণ! আত্মমায়া দ্বারা বরাহ মূর্ত্তি ধারণ করিয়া ভগবানের রসাতল হইতে ধরণী উদ্ধার লীলা এবং অবজ্ঞা পূর্ব্বক হিরণ্যাক্ষ দানব নিপাতের বিবরণ শ্রবণ করিয়া বিদুরের চিত্তে সাতিশয়

লীলাং হিরণ্যাক্ষমবজ্ঞয়া হতং সংজাতহর্ষো মুনিমাহ ভারতঃ ॥ ৮ ॥

শ্রীবিদুর উবাচ ॥

প্রজাপতিপতিঃস্বষ্ট্বা প্রজাসর্গে প্রজাপতীন্। কিমারভত মে ব্রহ্মন্ প্রব্রূহ্যব্যক্তমার্গবিৎ ॥ ৯ ॥

যে মরীচ্যাদয়ো বিপ্রা যস্তু স্বায়ম্ভুবো মনুঃ। তে বৈ ব্রহ্মণ আদেশাৎ কথমেতদভাবয়ন্ ॥ ১০ ॥

স দ্বিতীয়াঃ কিমসৃজন্ স্বতন্ত্রা উত কর্ম্মসু। আহো স্বিৎ সংহতাঃ সর্ব্ব ইদং স্ম সমকল্পয়ন্ ॥ ১১ ॥

শ্রীমৈত্রেয় উবাচ ॥

দৈবেন দুর্ব্বিতর্কেণ পরেণানিমিষেণচ। জাতক্ষোভাদ্ভগবতো মহানাসীদ্গুণত্রয়াৎ ॥ ১২ ॥

শ্রীধরস্বামী।

যস্মাত্ত্বমব্যক্তমার্গবিৎ। ব্রহ্মণো বা বিশেষণং ॥ ৯ ॥

এতৎ জগৎ অভাবয়ন্ উৎপাদয়ামাসুঃ ॥ ১০ ॥

সদ্বিতীয়াঃ সভার্য্যাঃ। স্বতন্ত্রা ভার্য্যানপেক্ষাঃ। কর্ম্মসু প্রজাসর্গাদিষু সংহতাঃ পরস্পরাপেক্ষাঃ ইদং জগৎ ॥ ১১ ॥

ব্রহ্মা কিমারভতেতি প্রশ্নস্য বক্ষ্যাদীন্ সৃষ্টবানিত্যুত্তরং বক্তুং পূর্ব্বোক্তাং সৃষ্টিমনুস্মারয়তি দৈবেনেতি সপ্তভিঃ। মন্বাদি প্রশ্নানাং তূত্তরাধ্যায়মারভ্য উত্তরং ভবিষ্যতি। দুর্ব্বিতর্কেণ দৈবেন জীবাদৃষ্টেন। পরেণ প্রকৃত্যধিষ্ঠাত্রা মহাপুরুষেণ। অনিমিষেণ কালেন চ হেতুনা। ভগবতো নির্ব্বিকারাৎ জাতক্ষোভং যদ্গুণত্রয়ং প্রধানং তস্মাৎ মহানাসীৎ। তদুক্তং তন্ত্রে। বিক্ষোভ্য ত্রীণি রূপাণি

ক্রমসন্দর্ভঃ।

তস্যামেব হিরণ্যাক্ষমবজ্ঞয়া হতং। নিশম্যেত্যর্থঃ ॥ ৮ ॥

অব্যক্তমার্গবিৎ। অস্মদাদ্যগোচর বস্তুবেত্তা ॥ ৯। ১০। ১১ ॥

পাদ্মীয়বিসর্গং কথয়িতুং সঙ্গতয়ে পূর্ব্ববৃত্তং ব্রাহ্মীয় সর্গমপি স্মারয়তি দৈবেনেতি। ভগবতঃ পরমকারণাম্মহানাসীৎ তচ্চ

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

এতজ্জগৎ অভাবয়ন্ উৎপাদয়ামাসুঃ ॥ ১০ ॥

সদ্বিতীয়াঃ সভার্য্যাঃ কর্ম্মসু সৃষ্ট্যাদিষু স্বতন্ত্রাঃ অন্যানপেক্ষাঃ। সংহতাঃ বহুতরসংমেলনাপেক্ষাঃ ॥ ১১ ॥

কিমারভতেতি প্রশ্নস্যোত্তরং বিসর্গবিস্তারং বক্ষ্যন্ তৎপূর্ব্বভাগং সর্ব্বমুক্তমপি কথাসৌষ্ঠবার্থং সংক্ষেপেণানুবদতি। দৈবেন

হর্ষোদয় হইল, তিনি আনন্দে পুলকিত হইয়া মুনিবর মৈত্রেয়কে পুনর্ব্বার জিজ্ঞাসা করিতে প্রবৃত্ত হইলেন ॥ ৮ ॥

বিদুর কহিলেন ব্রহ্মন্! প্রজাপতিদিগের পতি ব্রহ্মা প্রজা সৃষ্টি করিতে প্রবৃত্ত হইয়া প্রজাপতি-গণের সৃজনানন্তর কোন্ কার্য্য আরম্ভ করেন? মুনে! অতীতানাগত বিষয় আপনকার বিলক্ষণ বিদিত আছে, অনুগ্রহ পূর্ব্বক বলিতে আজ্ঞা হউক ॥ ৯ ॥

হে মহাশয়! মরীচি প্রভৃতি বিপ্রবৃন্দ, স্বায়ম্ভুব মনু ইঁহারা ব্রহ্মার আদেশে কি প্রকারে এই জগৎ উৎপাদন করিলেন? ॥ ১০ ॥

তাঁহারা কি সস্ত্রীক হইয়া সৃষ্টি করিয়াছিলেন? না স্বতন্ত্র স্বতন্ত্র সৃজন করেন? অথবা প্রজাসর্গাদি কার্য্যে সকলে মিলিত হইয়া পরস্পর সাপেক্ষ্যে কি ইহা রচনা করিয়াছেন? ॥ ১১ ॥

মৈত্রেয় মুনি বিদুরের এই সকল প্রশ্নের উত্তর দানার্থ পূর্ব্বোক্ত সৃষ্টিপ্রকরণ অনুস্মরণ পূর্ব্বক কথা সৌষ্ঠব জন্য পুনশ্চ তাহাই সংক্ষেপ করিয়া বলিতে আরম্ভ করিলেন। অহে বিদুর! সত্ত্ব রজঃ তম এই গুণত্রয় স্বরূপ প্রধান বা প্রকৃতি নির্ব্বিকার হইয়াছিল, কিন্তু দুর্ব্বিতর্ক্য দৈব অর্থাৎ জীবের অদৃষ্ট

রজঃ প্রধানান্মহত স্ত্রিলিঙ্গো দৈবচোদিতাৎ। জাতঃ সসর্জ্জ ভূতাদি র্বিয়দাদীনি পঞ্চশঃ ॥ ১৩ ॥
তানি চৈকৈকশঃ স্রষ্টুমসমর্থানি ভৌতিকং। সংহত্য দৈবযোগেন হৈমমণ্ডমবাসৃজন্ ॥ ১৪ ॥
সোঽশয়িষ্টাব্ধি সলিলে অণ্ডকোষো নিরাত্মকঃ। সাগ্রং বৈ বর্ষসাহস্রমন্ববাৎসীত্তমীশ্বরঃ ॥ ১৫ ॥

শ্রীধরস্বামী।

পুরুষাখ্যান্যথো বিদুঃ। প্রথমং মহতঃ স্রষ্টৃ দ্বিতীয়ং ত্বণ্ডসংস্থিতং। তৃতীয়ং সর্ব্বভূতস্থং তানি জ্ঞাত্বা বিমুচ্যতে ইতি ॥ ১২ ॥

মহতো জাতো ভূতাদিরহঙ্কারঃ ত্রিলিঙ্গস্ত্রিগুণঃ। রজঃ প্রধানাদিতি স্বতঃ সত্বপ্রধানস্যাপি মহতোঽহঙ্কারোৎপত্তিকালে কার্য্যানুরূপং রজঃ প্রধানত্বং ভবতীতি ভাবঃ। পঞ্চশঃ তন্মাত্রাণি মহাভূতানি জ্ঞানেন্দ্রিয়াণি কর্ম্মেন্দ্রিয়াণিচ তত্তদ্দেবতাশ্চেতি পঞ্চ পঞ্চ সসর্জ্জেত্যর্থঃ ॥ ১৩ ॥

ভৌতিকং হৈমমণ্ডমেকৈকশঃ প্রত্যেকং স্রষ্টুমসমর্থানি সন্তি সংহত্য সসৃজুঃ ॥ ১৪ ॥

অন্ববাৎসীদধিষ্ঠিতবান্ ॥ ১৫ ॥

ক্রমসন্দর্ভঃ।

তত এব ন সাক্ষাৎ কিন্তু তচ্ছক্তেঃ প্রধানাখ্যাগুণসাম্যাদেব কীদৃশাৎ দৈবাদি হেতুনা জাতক্ষোভাৎ। তত্রানিমেষেণ কালেন দৈবাদপ্যন্তমেন ॥ ১২। ১৩। ১৪ ॥

অণ্ডকোষ ইবাণ্ডকোষঃ তদন্তর্বর্ত্তী বিরাড়্ বা। তস্য নিরাত্মকত্বং তদানীমপি জীবানামপ্যনুদ্বোধাৎ। ঈশ্বরো মহৎস্রষ্টা দ্বিতীয় পুরুষরূপেণ ॥ ১৫ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

জীবাদৃষ্টেন কীদৃশেন দুর্ব্বিতর্কেণ দুর্জ্ঞেয়মূলকেন পরেণ পরমেশ্বরেণচ তদীয়সিসৃক্ষয়েত্যর্থঃ অনিমিষেণ কালেন জাতক্ষোভাৎ গুণত্রয়াৎ প্রধানান্মহানাসীৎ। ভগবতঃ সকাশাৎ ভগবদীক্ষিতাদিত্যর্থঃ ॥ ১২ ॥

রজঃ প্রধানাদিতি সত্বপ্রধানোঽপি মহান্ অহঙ্কারোৎপত্তিকালে রজঃ প্রধানঃ সূত্রাখ্যো ভবেদিতি ভাবঃ। ত্রিলিঙ্গ স্ত্রিগুণো ভূতাদিরহঙ্কারঃ। বিয়দাদীনি মহাভূতানি সূক্ষ্মভূতানি জ্ঞানেন্দ্রিয়াণি কর্ম্মেন্দ্রিয়াণি তত্তদ্দেবতাশ্চ পঞ্চ পঞ্চ সসর্জ্জেত্যর্থঃ ॥ ১৩ ॥

দৈবযোগেন ভগবচ্ছক্তিযোগেন সংহত্য মিলিত্বা ॥ ১৪ ॥

অব্ধি সলিলে কারণার্ণবজলে নিরাত্মকঃ তত্রত্য সমষ্টিজীবস্যানুদ্বোধাৎ। সাগ্রং কিঞ্চিদধিকং বর্ষসাহস্রং অশয়িষ্ট। অনু তদনন্তরং ঈশ্বরো মহৎস্রষ্টা গর্ভোদশায়িরূপেণাবাৎসীৎ ॥ ১৫ ॥

এবং প্রকৃতির অধিষ্ঠাতা মহাপুরুষ আর কাল, এই তিন কারণে তাহা সংক্ষোভিত হওয়াতে তাহা হইতে মহত্তত্ত্ব উৎপন্ন হয় ॥ ১২ ॥

রজোগুণ প্রধান ঐ মহত্তত্ত্ব হইতে ঈশ্বরেচ্ছা বশতঃ ভূতাদি অর্থাৎ অহঙ্কারতত্ত্ব জন্মে যদিচ মহত্তত্ত্ব স্বতঃ সত্ত্বগুণ প্রধান তথাপি অহঙ্কারোৎপত্তি কালে কার্য্যানুরূপ রজোগুণ প্রধান হইয়া থাকে। সেই অহঙ্কার ত্রিলিঙ্গ অর্থাৎ সত্ত্ব রজঃ তমঃ এই গুণত্রয় স্বরূপ। ঐ অহঙ্কার উৎপন্ন হইয়া পাঁচ পাঁচটী করিয়া আকাশাদি ভূত সৃষ্টি করে অর্থাৎ তাহা হইতে পঞ্চ তন্মাত্র, পঞ্চ মহাভূত, জ্ঞানেন্দ্রিয় এবং তত্তৎ অধিষ্ঠাতৃ দেবতা পাঁচ পাঁচটী উৎপন্ন হয় ॥ ১৩ ॥

ঐ সকল পঞ্চ তন্মাত্রাদি এক একটী স্বতন্ত্র হইয়া কোন বস্তু সৃজন করিতে সমর্থ হয় নাই, পরে ভগবানের শক্তি যোগে মিলিত হইয়া ভৌতিক হৈম অণ্ড সৃজন করিল ॥ ১৪ ॥

ঐ অণ্ডকোষ নিরাত্মক অর্থাৎ জীব সমষ্টি অভাবের উদ্বোধক হইয়া সাগর সলিলে শয়ান হয়। অনন্তর মহত্তত্ত্বের সৃজনকর্ত্তা পরমেশ্বর গর্ভোদশায়ি রূপে তাহাতে কিঞ্চিদধিক সহস্র বৎসর পর্য্যন্ত অধিষ্ঠিত হইয়া থাকেন ॥ ১৫ ॥

তস্য নাভেরভূৎ পদ্মং সহস্রার্কোরুদীধিতি। সর্ব্বজীব নিকায়ৌকো যত্র স্বয়মভূৎ স্বরাট্ ॥ ১৬ ॥
সোঽনুবিষ্টো ভগবতা যঃ শেতে সলিলাশয়ে। লোকসংস্থাং যথা পূর্ব্বং নির্ম্মমে সংস্থয়া স্বয়া ॥ ১৭
সসর্জ্জ চ্ছায়য়া বিদ্যাং পঞ্চ পর্ব্বাণমগ্রতঃ। তামিস্রমন্ধতামিস্রং তমোমোহো মহাতমঃ ॥ ১৮ ॥
বিসসর্জ্জাত্মনঃ কায়ং নাভিনন্দং স্তমোময়ং। জগৃহুর্যক্ষ রক্ষাংসি রাত্রিং ক্ষুত্তৃট্ সমুদ্ভবাং ॥ ১৯ ॥

শ্রীধরস্বামী।

সহস্রার্কাণামিব উরুদীধিতি র্যস্ত তৎ সর্ব্বজীব নিকায়ানামোকঃ স্থানং পদ্মং স্বরাট্ ব্রহ্মা ॥ ১৬ ॥

যঃ সলিলাশয়ে গর্ভোদকস্থান্তঃ শেতে তেন ভগবতানুবিষ্টোঽধিষ্ঠিতঃ সন্ স স্বরাট্। স্বয়া সংস্থয়া নামরূপাদি ক্রমেণ ॥ ১৭ ॥

ছায়া প্রভা প্রতিযোগিনী তয়া অবুদ্ধ্যেত্যর্থঃ। যদ্ববুদ্ধি কৃতঃ প্রভোরিত্যুক্তত্বাৎ। মহাতম ইতি মহামোহঃ। স্বরূপ নির্দ্দেশমাত্র বিবক্ষয়া মোহ ইতি প্রথমান্তঃ প্রয়োগঃ ॥ ১৮ ॥

তদেবং প্রথমোক্তাং সাধারণীং সৃষ্টিমনূদ্য কেনচিদ্বিশেষেণাসাধরণীং সৃষ্টিমাহ স বিসসর্জ্জেত্যাদিনা যাবৎ সমাপ্তি। তদ্বিসৃষ্টং

ক্রমসন্দর্ভঃ।

য এবং ব্রাহ্মে কল্পে সৃষ্টবান্ তস্য প্রবিষ্টস্য সতঃ পাদ্মে কল্পে নাভেঃ সকাশাৎ পদ্মমভূৎ ॥ ১৬ ॥

স্বয়া সংস্থয়া স্বস্মিং স্তত্তন্নামরূপাদ্যাবির্ভাবক্রমেণ ॥ ১৭ ॥

তথা দর্শয়তি সসর্জ্জেতি ॥ ১৮। ১৯। ২০। ২১ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

নাভেঃ সকাশাৎ যত্র পাদ্মে স্বরাট্ ব্রহ্মা ॥ ১৬ ॥

স ব্রহ্মা ভগবতা অনুবিষ্টঃ অধিষ্ঠিতঃ ভগবানেব কস্তত্রাহ য ইতি ততশ্চ স ব্রহ্মা ভগবৎ প্রেরিতঃ সন্ লোকসংস্থাং লোকরচনাং স্বয়া সংস্থয়া পরিপাট্যা নামরূপাদি ক্রময়া ॥ ১৭ ॥

যক্ষ রাক্ষসদেবমনুষ্যাদি দেহেষু ব্রহ্মণা স্রষ্টব্যেষু জীবানামহঙ্কারোঽবিদ্যয়া বিনা ন সম্ভবেদতঃ প্রথমমবিদ্যাবৃত্তীঃ স্বয়মেব ব্রহ্ম দ্বারা আবির্ভবতীস্তম আদিরূপেণ ব্রহ্মা তাঃ সসর্জ্জেত্যাহ। সসর্জ্জেতি চ্ছায়য়া চ্ছায়ারূপয়া তয়া তমসেত্যর্থঃ। অত্র তমো মোহ-মহামোহ তামিস্রান্ধতামিস্রাঃ ক্রমেণাজ্ঞানাস্মিতা রাগদ্বেষাভিনিবেশা জ্ঞেয়াঃ ॥ ১৮ ॥

কায়ং ছায়ারূপং নাভিনন্দন্ হন্ত হন্ত সৃষ্ট্যারম্ভে তমসৈবাবৃতোঽভূবমিতি বিনিন্দ্য তত্যাজ। স চ তদ্বিসৃষ্টঃ কায়ো রাত্রিরভূত্তাঞ্চ তত এব তদানীমেব জাতানি যক্ষরক্ষাংসি জগৃহুঃ স্বীচক্রুরিত্যবিদ্যাধর্ম্মাবাবরণবিক্ষেপৌ যক্ষরক্ষসামত্যাধিকাবিতি বিবক্ষিতং। কীদৃশীং ক্ষুত্তৃষোঃ সমুদ্ভবো যস্যাং তাং। অত্র যা অস্য তনুরাসীত্তামজহাৎ সা তমিস্রাভবদিত্যাদিশ্রুতিরনুসন্ধেয়া অত্র দ্বিপরার্দ্ধায়ুষো ব্রহ্মণঃ কায়ত্যাগো নাম ভাবত্যাগএব বিবক্ষিতঃ। ততশ্চ ব্রহ্মণো মনসি ক্রোধাদিস্তামসো ভাবঃ আবির্ব্বভূব। তস্মাদযক্ষ

অনন্তর ঐ গর্ভোদশায়ি ভগবানের নাভিদেশ হইতে একটী পদ্ম উৎপন্ন হইল, সহস্র সূর্য্য তুল্য তাহার কিরণ অতিশয় প্রখর রূপে প্রকাশমান হইয়াছিল। যাহা হউক ঐ পদ্মই সমস্ত জীবের অধিষ্ঠান স্বরূপ এবং তাহাতেই ব্রহ্মা স্বয়ং উৎপন্ন হয়েন ॥ ১৬ ॥

হে বিদুর! যে ভগবান্ গর্ভোদশায়ি রূপে ঐ হৈম অণ্ডে শয়ান ছিলেন, ব্রহ্মা উৎপন্ন হইয়াই তাঁহা কর্ত্তৃক অধিষ্ঠিত হইলেন এবং পূর্ব্বে যে প্রকার ছিল তদ্রূপ নাম রূপাদি ক্রমে লোক সকল রচনা করিলেন ॥ ১৭ ॥

অগ্রে প্রভাপ্রতিযোগিনী ছায়া দ্বারা অর্থাৎ অবুদ্ধি করণক পঞ্চ প্রকার অবিদ্যা অর্থাৎ তামিস্র, অন্ধতামিস্র, তমঃ, মোহ ও মহাতম এই পাঁচটী সৃষ্টি করিলেন ॥ ১৮ ॥

কিন্তু ঐ ছায়া রূপা সৃষ্টি তমোময় হওয়াতে ব্রহ্মার মনঃ প্রসন্ন হইল না, এ নিমিত্ত তিনি ঐ তমোময় শরীর পরিত্যাগ করিলেন, তাহাই রাত্রি রূপ হইল তৎকালে ঐ তামস সৃষ্টি হইতে যে

ক্ষুত্তৃড়্ভ্যামুপসৃষ্টাস্তে তং জগ্ধুমভিদুদ্রুবুঃ। মা রক্ষতৈনং জক্ষধ্বমিত্যূচুঃ ক্ষুত্তৃড়র্দ্দিতাঃ ॥ ২০ ॥
দেবস্তানাহ সংবিগ্নো মা মা জক্ষত রক্ষত। অহো মে যক্ষরক্ষাংসি প্রজা যূয়ং বভূবিথ ॥ ২১ ॥
দেবতাঃ প্রভয়া যা যা দীব্যন্ প্রমুখতোঽসৃজৎ। তে অহার্ষুর্দেবয়ন্তো বিসৃষ্টাং তাং প্রভামহঃ॥২২

শ্রীধরস্বামী।

কায়ং রাত্রিরূপং। অতএব জাতানি যক্ষরক্ষাংসি জগৃহুঃ ক্ষুত্তৃষোঃ সমুদ্ভবো যস্যাং তাং। অত্রচ যাস্তু তনুরাসীৎ তামপাহত সা তমিস্রা ভবদিতি শ্রুতিরনুসন্ধেয়া ॥ ১৯ ॥

উপসৃষ্টা অভিভূতাঃ জগ্ধুং ভক্ষয়িতুং। যতো বয়ং ক্ষুত্তৃড্‌ভ্যামর্দ্দিতাঃ। অত এনং পিতেতি কৃপয়া মারক্ষতেত্যেকে। অন্যেতু জক্ষধ্বং ভক্ষয়তেত্যব্রুবন্। জক্ষ ভক্ষ হসনয়োরিতি ধাতুঃ ॥ ২০ ॥

দেবো ব্রহ্মা সম্বিগ্নঃ ভীতঃ সন্ মা মাং মাজক্ষত নভক্ষয়ত কিন্তু রক্ষত। অহো হে যক্ষ রক্ষাংসি। যূয়ং মে প্রজাঃ পুত্রা বভূবিথ জাতাঃ স্থ। এবমুগ্র স্বভাবা যক্ষ রাক্ষসা জাতা ইত্যর্থঃ। তত্র যে যক্ষধ্বমিত্যূচুঃ। তে যক্ষাঃ। যেতু মারক্ষতেতি তে রাক্ষসা ইতি জ্ঞেয়ং। এতচ্চ তির্য্যগাদি তামস সর্গস্যাপ্যুপলক্ষণং ॥ ২১ ॥

প্রভয়া দীব্যন্ দ্যোতমানঃ যা যা দেবতাঃ দ্যুতিমতাঃ সাত্বিকাঃ তাস্তাঃ প্রমুখতঃ প্রাধান্যেনাসৃজৎ। তে দেবাঃ। দেবতা ইতি স্ত্রীত্বেন নির্দ্দিষ্টানামপ্যর্থমাত্র বিবক্ষয়া ত ইতি পুংত্বেন প্রতিনির্দ্দেশঃ। এবং যক্ষ রক্ষাংসীত্যত্রাপি জ্ঞেয়ং। তেন বিসৃষ্টাং

ক্রমসন্দর্ভঃ।

দেবয়ন্ত ইতি। দিবু অর্দ্দনে ইত্যস্মাৎ চৌরাদিকাৎ যাচমান ইত্যর্থঃ ॥ ২২। ২৩। ২৪। ২৫। ২৬ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

রক্ষাংসি বভূবুঃ। সচ তামসো ভাবো রাত্রিরভূত্তাঞ্চ যক্ষ রক্ষাংস্যেব জগৃহুরিত্যেতাবানেবার্থঃ। সৃষ্টার্থং যোগবলেন পৃথক্ পৃথক্ কায়গ্রহণত্যাগবত্বেপি দ্বিপরার্দ্ধায়ুষ্ট্বং তস্য ন ব্যাহন্যতে বিষয়ভোগার্থমপীত্যাদি দেবানাং নানা রূপ গ্রহণ ত্যাগদর্শনাদিত্যপি কেচিদাহুঃ ॥ ১৯ ॥

উপসৃষ্টা উপক্রান্তাঃ তং ব্রহ্মাণং জগ্ধুং ভক্ষয়িতুং। তত্র কেচিদেনং পিতেতি কৃপয়া মারক্ষতেত্যূচুঃ। জক্ষধ্বমিতি জক্ষভক্ষ হসনয়োরিত্যস্মাৎ ॥ ২০ ॥ দেবো ব্রহ্মা মাং ন ভক্ষয়ত কিন্তু রক্ষত অহো আশ্চর্য্যং হে যক্ষরক্ষাংসি ॥ ২১ ॥

প্রভয়া প্রভারূপয়া সত্ত্বময্যা তত্বা দীব্যন্ দ্যোতমানঃ। যা যা দেবতা প্রমুখতঃ প্রাধান্যেনাসৃজৎ। অত্র যা ইত্যস্যাপি তে ইত্যনেন প্রতিনির্দ্দেশোঽর্থমাত্র দৃষ্ট্যৈব জ্ঞেয়ঃ। বিসৃষ্টাং তেন ত্যক্তাং তাং প্রভাং অহঃ দিবসরূপাং তত্তনুং অহারিষুর্জগৃহুঃ। কিমর্থং তাং দেবয়ন্তঃ ক্রীড়য়ন্তঃ ক্রীড়য়িতুং যথা রাত্রির্যক্ষরক্ষোভিঃ সহ তিষ্ঠতি তথা অহোঽপি দেবৈর্দীব্যতীত্যর্থঃ। দিবু

সকল যক্ষ রাক্ষস জন্মিয়াছিল তাহারা তাহা গ্রহণ করিল। অহে বিদুর! ঐ রাত্রি কেবল তমোময় নয় তাহা হইতে ক্ষুধা তৃষ্ণারও সমুদ্ভব হইয়া থাকে ॥ ১৯ ॥

এই কারণেই ঐ সকল ব্যক্তি ক্ষুধা তৃষ্ণায় অর্দ্দিত হইয়া ব্রহ্মাকেই ভক্ষণ করিতে ধাবমান হইল এবং ক্ষুধা পিপাসায় পীড়িত হওয়াতে তাহাদের মধ্যে কেহ কেহ বলিতে লাগিল অহে! পিতা বলিয়া রক্ষা করিও না, কেহ কেহ বলিল খাইয়া ফেল ॥ ২০ ॥

ব্রহ্মা তাহাদের ঐ কথায় সাতিশয় ভীত হইয়া ব্যগ্রতা পূর্ব্বক কহিলেন, আমাকে ভক্ষণ করিও না রক্ষা কর। অহে যক্ষ রাক্ষস সকল! তোমরা আমার প্রজা আমাকে নষ্ট করা তোমাদের উচিত হয় না, অতএব "ভক্ষণ কর" এই কথা যাহারা বলিল তাহারা যক্ষ, আর "রক্ষা করিও না" যাহারা বলিল সে সকল রাক্ষস হইল ॥ ২১ ॥

পরন্তু ঐ ব্রহ্মা প্রভাশালিনী সত্ত্বময়ী তনু দ্বারা প্রকাশমান হইয়া প্রাধান্য রূপে যাহা সৃষ্টি করিলেন সে সকল দ্যুতিমৎ অর্থাৎ সাত্বিক হইল। অহে বিদুর! তাঁহারাই দেবতা, ঐ সৃষ্টি অর্থাৎ

দেবোঽদেবান্ জঘনতঃ সৃজতিস্মাতিলোলুপান্। ত এনং লোলুপতয়া মৈথুনায়াভিপেদিরে ॥২৩
ততো হসন্ স ভগবানসুরৈর্নিরপত্রপৈঃ। অন্বীয়মানস্তরসা ক্রুদ্ধো ভীতঃ পরাপতৎ ॥ ২৪ ॥
স উপব্রজ্য বরদং প্রপন্নার্ত্তিহরং হরিং। অনুগ্রহায় ভক্তানামনুরূপাত্মদর্শনং ॥ ২৫ ॥
পাহি মাং পরমাত্মংস্তে প্রেষণেনাসৃজং প্রজাঃ। তা ইমা রমভিতুং পাপা উপক্রামন্তি মাং প্রভো ॥২৬
ত্বমেকঃ কিল লোকানাং ক্লিষ্টানাং ক্লেশনাশনঃ। ত্বমেব ক্লেশদস্তেষামনাসন্নপদাং তব ॥ ২৭ ॥

শ্রীধরস্বামী।

প্রভাং অহঃ দিবসরূপাং সতীং দেবয়ন্তঃ ক্রীড়য়ন্তঃ অহার্ষুঃ জগৃহুঃ ॥ ২২ ॥

অদেবানিতি চ্ছেদঃ। স জঘনাদসুরানসৃজতেতি শ্রুতেঃ অতিলোলুপান্ স্ত্রীলম্পটান্। অভিপেদিরে প্রাপ্তাঃ ॥ ২৩ ॥

পরাপতৎ পলায়িতঃ ॥ ২৪ ॥ ভক্তেচ্ছানুরূপমাত্মানং দর্শয়তীতি তথা তং উপব্রজ্য পাহীতি বাভ্যাং প্রার্থিতবান্ ॥ ২৫ ॥

রমভিতুং মৈথুনেন ধর্ষয়িতুং ॥ ২৬ ॥ লোকানাং জনানাং তব অনাসন্নৌ অনাশ্রিতৌ পাদৌ যৈস্তেষাং ॥ ২৭ ॥

ক্রমসন্দর্ভঃ।

ক্লেশদ ইতি। স্বংপ্রত্যুন্মুখীকর্ত্তুমিতি জ্ঞেয়ং ॥ ২৭ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

অর্দ্দন ইত্যস্মাচ্চৌরাদিকাৎ যাচমানা ইত্যর্থঃ। ইতি সন্দর্ভঃ। অত্র ব্রহ্মণো মনসি প্রসাদঃ সাত্ত্বিকভাবঃ আবির্ব্বভূব। তস্মাদ্দেবা বভূবুঃ সচ প্রসাদো দিনং বভূব তচ্চ তে এব জগৃহুরিত্যোভাবানেবার্থঃ ॥ ২২ ॥

এবঞ্চ তস্য মনসি কামো রাজস ভাবোঽভূৎ তস্মাদসুরা বভূবুঃ সচ ভাবঃ সন্ধ্যা অভূৎ তাং চাসুরা জগৃহুরিত্যাহ দেব ইতি অদেবান্ অসুরান্ স জঘনাদসুরানসৃজতেতি শ্রুতেঃ কামাদনর্থো মহান্ ভবতীত্যাহ ততএনমিত্যাদি ॥ ২৩ ॥

পরাপতৎ অপলায়ৎ ॥ ২৪ ॥ উপব্রজ্য মনসৈবোপসাদ্য নিবেদয়ামাসেতি শেষঃ ॥ ২৫ ॥

রম্ভিতুং পুমাংসমপি মাং সম্ভোক্তুং ॥ ২৬ ॥

তব অনাসন্নপদাং স্বৎ পাদাবনাশ্রিতবতামভক্তানাং ত্বং ক্লেশদঃ তেন ক্লিষ্টানামপি ত্বৎপাদাবাশ্রিতবতাং ভক্তানাং ত্বং ক্লেশ

দেবগণ ক্রীড়া করিতে করিতে ব্রহ্মার বিসর্জ্জিত ঐ প্রভা যাহা দিবস রূপে প্রকাশ পায় তাহাই তাঁহারা গ্রহণ করিলেন ॥ ২২ ॥

তাহার পর ঐ ব্রহ্মা আপনার জঘন দেশ হইতে অসুর গণের সৃষ্টি করিলেন, তাহারা অতিশয় লোলুপ অর্থাৎ স্ত্রীলম্পট হইল এবং লাম্পট্য প্রযুক্ত মৈথুন নিমিত্ত তাঁহার প্রতিই ধাবমান হইয়া গেল ॥ ২৩ ॥

অহে বিদুর! ভগবান্ ব্রহ্মা অসুর সকলের ঐ রূপ দুশ্চেষ্টা অবলোকন করিয়া প্রথমতঃ হাস্য করিলেন, পরে যখন তাহারা লজ্জা পরিত্যাগ পূর্ব্বক বেগে পশ্চাৎ পশ্চাৎ ধাবমান হইল তখন তাঁহার ক্রোধ জন্মিল, কিন্তু পরিশেষে ভীত হইয়া পলায়ন পরায়ণ হইলেন ॥ ২৪ ॥

তিনি পলাইয়া বিপন্ন জনের পীড়াহারী সেই ভগবান্ হরির নিকট উপস্থিত হইলেন, যিনি ভক্তগণের প্রতি অনুগ্রহার্থ তাঁহাদের ইচ্ছানুরূপ আত্মরূপ প্রকাশ করেন ॥ ২৫ ॥

ভগবান্ হরির সমীপে উপনীত হইয়া ব্রহ্মা সকাতর বচনে বলিতে লাগিলেন, হে পরমাত্মন্! আমাকে রক্ষা করুন রক্ষা করুন, প্রভো! আপনকার নিয়োগেই আমি প্রজা সৃষ্টি করিতেছিলাম, আমার সেই এই পাপাত্মা প্রজা সকল, আমি পুরুষ আমাকে রমণ করিবার উপক্রম করিতেছে ॥২৬॥

হে প্রভো! এক তুমি মাত্র ক্লেশে নিপতিত জনগণের ক্লেশহর্ত্তা, যে সকল ব্যক্তি আপনকার

সোঽবধার্য্যাস্য কার্পণ্যং বিবিক্তাধ্যাত্মদর্শনঃ। বিমুঞ্চাত্মতনুং ঘোরামিত্যুক্তো বিমুমোচ হ ॥ ২৮॥
তাং ক্বণচ্চরণাম্ভোজাং মদবিহ্বললোচনাং। কাঞ্চীকলাপবিলসদ্দুকূলচ্ছন্নরোধসং ॥ ২৯ ॥

শ্রীধরস্বামী।

বিবিক্তমসন্দিগ্ধং অধ্যাত্মদর্শনং পরচিত্ত জ্ঞানং যস্য হরেঃ। ঘোরাং কামকশ্মলাং স্বতনুং বিমুঞ্চেতি উক্তবানিতি শেষঃ। ইত্যুক্তশ্চ ব্রহ্মা তাং তনুং বিমুমোচ। সর্ব্বত্র তনুত্যাগো নাম তত্তন্মনোভাব ত্যাগো বিবক্ষিতঃ। গ্রহণঞ্চ তত্তদ্ভাবাপত্তিরিতি দ্রষ্টব্যং ॥ ২৮ ॥

সাহোরাত্রয়োঃ সন্ধিরভবদিতি শ্রুতেঃ। সা তেন বিসৃষ্টা তনুঃ সায়ন্তনী সন্ধ্যা বভূব। সাচ কামোদ্রেকবেলা অসুরাশ্চ রাজসত্বাৎ স্ত্রীলম্পটাঃ অতস্তাং সন্ধ্যামেব স্ত্রিয়ং কল্পয়িত্বা তে সম্মোহং প্রাপ্তা ইত্যাহ তামিতি ত্রিভিঃ। নূপুরাভ্যাং ক্বণন্তী চরণাম্ভোজে যস্যাঃ। মদেন বিহ্বলে লোচনে যস্যাঃ। কাঞ্চীকলাপেন বিলসদ্দুকূলং তেন ছন্নং রোধঃ কটিতটং যস্যাস্তাং ॥ ২৯ ॥

ক্রমসন্দর্ভঃ।

সোঽবধার্য্যেত্যস্য টীকায়াং ভাবো নাম সৃজ্যাবেশোজ্ঞেয়ঃ। ভাবত্যজনঞ্চ তদায়ুষো দ্বিপরার্দ্ধমিতত্বাৎ ॥ ২৮ ॥

তামিতি ত্রিকং অন্যোন্যেতি লেখাদিবৎ শ্লেষাপাঙ্গীকৃতা। যদ্বা সুপাং সুলুগিত্যাদিনা যা দেশঃ ॥ ২৯। ৩০। ৩১। ৩২। ৩৩॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

নাশন ইতি গম্যতে একা ইতোবম্বিধো ভক্তবৎসলঃ কোঽপি নাস্তীতি ভাবঃ। ত্বচ্চরণমনাশ্রিতবতাং কালকর্ম্ম গ্রহাদিরূপেণ ত্বমেবৈকঃ ক্লেশদঃ তেষামেবাকস্মাচ্চরণাশ্রিতত্বে সতি সাক্ষাৎ ত্বমেব তত্তৎ ক্লেশনাশনঃ ত্বদ্ভক্তেষু কালকর্ম্মাদীনামনধিকারাদিত্যাশয়ঃ। ত্বয়ি বৈষম্যাভাবস্তু কল্পতরুদৃষ্টান্তেন ॥ ২৭ ॥

বিবিক্তমসন্দিগ্ধং অধ্যাত্মদর্শনং পরচিত্তজ্ঞানং যস্য সঃ বিমুঞ্চেত্যুক্তবানিতি শেষঃ। ইত্যুক্তশ্চ ব্রহ্মা তনুং বিমুমোচ ॥ ২৮ ॥

মত্বা মূঢ়ধিয়ঃ স্ত্রিয়মিত্যগ্রিমোক্তেস্তাং সন্ধ্যামেব স্ত্রিয়ং কল্পয়িত্বা স্ত্রীলম্পটা অসুরা মুমুহুরিত্যাহ তাং ক্বণদিতি অত্র স্বস্বনীড়ং প্রতি গন্তুং নভসি স্বশব্দমুড্ডীনান্ চটকসারসাদীনেব নূপুরকাঞ্চ্যাদীন্ কল্পয়ন্তি স্ম তত্তদাকারান্ মেঘখণ্ডানেব চরণনয়ন নিতম্বস্তনাদীন্ অতএবৈকত্র শ্লেষেণ পয়োধরশব্দ উপন্যস্তঃ। সন্ধ্যায়া আরুণ্যমেবারুণদুকূলং রোধঃ কটিতটং শ্লেষয়েতি ত্রিধা ঘণ্ডস্যাট্রাপ প্রত্যয়ঃ। ভিত্যাপি গুণ আর্ষঃ। অন্যোন্য শ্লেষয়া উপমর্দ্দেনৈব হেতুনা উত্তুঙ্গৌ নিরন্তরাববাবধানৌ পয়োধরৌ যস্যা স্তাং সুপাং সুলুগিত্যাদিনা টাপ্রত্যয়স্য যাদেশোবা অন্তরাচ্ছিদ্রোত্থৌ যৎ কিঞ্চিৎ সূর্য্য প্রকাশাবেব হাসাবলোকনে কদাচিত্তত্তন্মেঘ গুণ্ঠনমেব লজ্জয়া নিগূহনং উর্দ্ধতন্তনপর্য্যন্ত পতিতানি দীর্ঘ শ্যামমেব খণ্ডান্যেব নীলালকবরূথং। হে ধর্ম্ম বিদুর তাং থিস্ত্রয়মুপলভ্য মত্বা ॥ ২৯। ৩০। ৩১ ॥

চরণারবিন্দের আশ্রয় না করে তাহাদিগকে আপনিই ক্লেশ দিয়া থাকেন অতএব আমাকে এই আপদ হইতে পরিত্রাণ করুন ॥ ২৭ ॥

ভগবান্ হরি পরচিত্তাভিজ্ঞ, ইহাতে ব্রহ্মার ঐ প্রকার দৈন্য অবধারণ করিয়া কহিলেন, অহে; তোমার এই শরীর কামে কশ্মল হইয়াছে, অতএব ইহা ত্যাগ কর। ব্রহ্মা ভগবান্ হরির কারুণ্য অবধারণ এবং ঐ বচন শ্রবণ করিয়া আপনার সেই শরীর অর্থাৎ তদ্রূপ মনোময় ভাব তৎক্ষণাৎ বিসর্জন করিলেন ॥ ২৮ ॥

অহে বিদুর! ব্রহ্মা এই যে তনু পরিত্যাগ করিলেন ইহা সায়ন্তনী সন্ধ্যা হইল, ঐ সন্ধ্যা কামোদ্রেকের কাল এবং অসুর সকল রাজস প্রকৃতি প্রযুক্ত স্ত্রীলম্পট অতএব তাহারা ঐ সন্ধ্যাকে স্ত্রী কল্পনা করিয়া সকলেই মুগ্ধ হইল। এবং পরস্পর কহিতে লাগিল এই সীমন্তিনীর চরণ কমল নূপুর শব্দে শব্দায়মান, ইহার লোচনদ্বয় মদবিহ্বল, ইহার কটিতট কাঞ্চিকলাপের বিলাসান্বিত ॥ ২৯ ॥

অন্যোন্যশ্লেষয়োত্তুঙ্গনিরন্তরপয়োধরাং। সুনাসাং সুদ্বিজাং স্নিগ্ধহাসলীলাবলোকনাং॥ ৩০ ॥
গূহন্তীং ব্রীড়য়াত্মানং নীলালকবরূথিনীং। উপলভ্যাসুরা ধর্ম্ম সর্ব্বে সংমুমুহুঃ স্ত্রিয়ং॥ ৩১ ॥
অহো রূপমহো ধৈর্য্যমহো অস্যা নবং বয়ঃ। মধ্যে কাময়মানানামকামেব বিসর্পতি॥ ৩২ ॥
বিতর্কয়ন্তো বহুধা তাং সন্ধ্যাং প্রমদাকৃতিং। অভিসংভাব্য বিশ্রম্ভাৎ পর্য্যপৃচ্ছন্ কুমেধসঃ॥ ৩৩
কাসি কস্যাসি রম্ভোরু কো বার্থস্তেহত্র ভামিনি। রূপদ্রবিণপণ্যেন দুর্ভগান্নো বিবাধসে॥ ৩৪ ॥

শ্রীধরস্বামী।

অন্যোন্যং শ্লেষয়া উপমর্দ্দেন হেতুনা উত্তুঙ্গৌ নিরন্তরৌচ পয়োধরৌ যস্যাঃ। সুদ্বিজাং সুদতীং। স্নিগ্ধো হাসো লীলাবলোকনঞ্চ যস্যাঃ॥ ৩০ ॥

গূহন্তীং বস্ত্রাঞ্চলেনাবৃণ্বানাং নীলানাং অলকানাং বরূথঃ স্তোমো বিদ্যতে যস্যাঃ। হে ধর্ম্ম বিদুর তাং স্ত্রিয়মুপলভ্য মত্বা॥৩১॥

সম্মূঢ়ানাং বিভাবক্রমমাহ অহো ইতি॥ ৩২ ॥

অভিসংভাব্য সৎকৃত্য বিশ্রম্ভাৎ প্রণয়াৎ কুবুদ্ধয়স্তে তাং পপ্রচ্ছুঃ কাসীতি ত্রিভিঃ॥ ৩৩ ॥

কাসি জাত্যা কস্য বা কন্যা হে ভামিনি কোপনে রূপমেব দ্রবিণং অনর্ঘ্যং বস্তু তদেব পণ্যং ক্রয়ার্হং তেন তদসমর্পণেন বিবাধসে পীড়য়সি॥ ৩৪ ॥

ক্রমসন্দর্ভঃ।

বিবাধনে হেতুঃ। দুর্ভগান্ এতন্মূল্য দ্রব্যহীনান্॥ ৩৪। ৩৫। ৩৬॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

তেষাং কামমোহ প্রলাপমাহ অহো ইতি॥ ৩২ ॥

কিমিয়মস্মাস্বেবানুরাগিণী অন্যত্র বা দেবী মানুষী বা বৃষস্যন্তী ব্রহ্মচারিণীবেত্যেবং বিতর্কয়ন্তঃ অভিসংভাব্য সৎকৃত্য॥ ৩৩ ॥

রূপমেব দ্রবিণমনর্ঘ্যং বস্তু তদেব পণ্যং ক্রয়ার্হং তেনাস্মান্ দুর্ভগান্ তদ্দাতুমনর্হানপি বিবাধসে বধ্বা স্বসঙ্গএব জিঘৃক্ষসি যদ্বা বিবাধসে নক্রীণাসি ধিগস্মান্ দুর্ভগানিতি ভাবঃ॥ ৩৪ ॥

অপর ইহাঁর স্তনদ্বয় পরস্পর উপমর্দ্দিত হওয়াতে অতিশয় উন্নত ও ব্যবধান শূন্য, ইহাঁর নাসিকা ও দন্ত অতি সুন্দর এবং হাস্য ও লীলাবলোকন অতিশয় সুস্নিগ্ধ॥ ৩০ ॥

ইনি কি ব্রীড়া বশতঃ বস্ত্রাঞ্চল দ্বারা আপনাকে আবৃত করিতেছেন, আহা! ইহাঁর চূর্ণ কুন্তল গুলি কি মনোহর নীল বর্ণ! অহে ধর্ম্ম বিদুর! সেই সকল অসুর ব্রহ্মার উৎসৃষ্ট শরীর ঐ সন্ধ্যাকে এই প্রকারে সর্ব্বাঙ্গসুন্দরী রমণী কল্পনা করিয়া মোহ প্রাপ্ত হইল॥ ৩১ ॥

তাহারা কামমুগ্ধ হইয়া পুনর্ব্বার চিন্তা করিতে লাগিল, অহো! ইহাঁর কি আশ্চর্য্য রূপ, কি আশ্চর্য্য ধৈর্য্য, কি চমৎকার নবীন বয়স, আমরা সকলে ইহাঁর প্রতি অভিলাষ করিতেছি, তথাচ ইনি অকামার ন্যায় গমন করিতেছেন॥ ৩২ ॥

অনন্তর ঐ কুবুদ্ধি অসুরগণ সেই সন্ধ্যাকে প্রমদা রূপিণী বিবেচনা করিয়া আরও বহু প্রকারে তর্ক বিতর্ক করিল, শেষে প্রণয় বশতঃ তাঁহার যথোচিত সৎকার করিয়া জিজ্ঞাসা করিতে লাগিল॥ ৩৩ ॥

হে সুশ্রোণি! তুমি কে? কাহারই বা কন্যা? হে কোপনে! তোমার এস্থানে প্রয়োজন কি? তোমার এই রূপলাবণ্য অমূল্য পণ্য, ইহা আমাদিগকে অর্পণ না করিয়া কেন পীড়া দিতেছ?॥ ৩৪ ॥

যা বা কাচিত্ত্বমবলে দিষ্ট্যা সন্দর্শনং তব। উৎসুনোষীক্ষমাণানাং কন্দুকক্রীড়য়া মনঃ॥ ৩৫॥
নৈকত্র তে জয়তি শালিনী পাদপদ্মং ঘ্নন্ত্যা মুহুঃ করতলেন পতৎ পতঙ্গং।
মধ্যং বিষীদতি বৃহৎ স্তনভারভীতং শ্রান্তেব দৃষ্টিরমলাঃ সুশিখাসমূহঃ॥ ৩৬॥
ইতি সায়ন্তনীং সন্ধ্যামসুরাঃ প্রমদায়তীং। প্রলোভয়ন্তীং জগৃহুর্মত্বা মূঢ়ধিয়ঃ স্ত্রিয়ং॥ ৩৭॥
প্রহস্য ভাবগম্ভীরং জিঘ্রন্ত্যাত্মানমাত্মনা। কান্ত্যা সসর্জ ভগবান্ গন্ধর্ব্বাপ্সরসাং গণান্॥ ৩৮॥

---

শ্রীধরস্বামী।

কিং জাতিকুলাদি প্রশ্নেন যা বা কাচিত্তব দিষ্ট্যা ইদং তাবদ্ভদ্রং জাতং যত্তব দর্শনং কিন্তু কেবলং নো মন উৎসুনোষি বিমথ্নাসি॥৩৫
ক্ষুভিতচিত্তানাং বাক্যং হে শালিনি শ্লাঘ্যে একত্র ন জয়তি ন স্থিরী ভবতি। যদ্বা নৈকত্র অনেক গতি বিলাসেষু জয়তি সর্ব্বোৎ-কর্ষেণ বর্ত্ততে। পতৎ পতঙ্গং উচ্চলন্তং কন্দুকং। বৃহতোস্তনয়োর্ভারাৎ ভীতং তব কৃশং মধ্যং বিষীদতি শ্রামাতি শ্রান্তা মন্থরেব প্রসরতি। সুশিখাসমূহঃ শোভন কেশকলাপস্তে। সুশিখাসমূহেতি পাঠান্তরে সুশিখাঃ শোভনান্ কেশানবকীর্য্যমাণান্ সমূহ বধানেতি। অত্রচ অস্তং গচ্ছন্ সূর্য্য এব পতৎপতঙ্গঃ। মেঘবিচ্ছেদো মধ্যবিষাদঃ। তারকা রূপাঃ দৃষ্টিঃ তম এব কেশা ইত্যাদ্যূহ্যং॥৩৬
প্রমদেবাচরন্তীং স্ত্রিয়ং মত্বা জগৃহুঃ॥ ৩৭॥
প্রহস্যাত্মানমাত্মনা জিঘ্রন্ত্যা কান্ত্যা সৌন্দর্য্যেণ প্রহসনমাত্মাবঘ্রাণঞ্চ সৌন্দর্য্যানুভব চাতুর্য্যবিকারঃ॥ ৩৮॥

---

ক্রমসন্দর্ভঃ।

ইতীতি সন্ধ্যাহি কামিনাং স্ত্রীস্ফূর্ত্তিং করোতি। ততশ্চ তেষাং তস্যাং স্ফুরন্তী স্ত্রীতদভেদেন তৈরবগতা তদনুসারেণ মুনীন্দ্রেণাপি বর্ণিতেতি জ্ঞেয়ং॥ ৩৭॥
ভাবঃ সৌন্দর্য্যগর্ব্বস্তেন গম্ভীরং অনাত্রাদত্ত দৃষ্টিত্বাদিকং যথাস্যাত্তথা প্রহসং স্বস্মিন্নেব প্রেমাতিশয়েন সৌরভ্যাতিশয়ানুভবেন

---

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

উৎসুনোষি মথ্নাসি। কন্দুকক্রীড়য়েতি অস্তং গচ্ছন্ চঞ্চলঃ সূর্য্যএব অরুণকন্দুকত্বেন কল্পিতঃ॥ ৩৫॥
কন্দুকক্রীড়াং বর্ণয়ন্তি। হে শালিনি শ্লাঘ্যে একত্র ন জয়তি নস্থিরী ভবতি পতৎ পতঙ্গং অধশ্চলং কন্দুকং। পক্ষেঽস্তং গচ্ছন্ সূর্য্যঃ। কৃষত্বাদ্বিষীদতি দৃষ্টি রমলা নিষ্কামেব বস্তুতস্তুঃ সকামৈবেত্যর্থঃ: শ্রান্তা কন্দুকক্রীড়া শ্রমং ব্যঞ্জয়তী অতএব সুশিখাঃ শোভনান্ কেশান্ অবকীর্য্যমানান্ সমূহ বধান সুশিখা সমূহ ইতি পাঠে দ্বিত্যব্যয়ং পৃথক্পদং। ততশ্চ শিখা সমূহশ্চ সুন্দর ইত্যর্থঃ॥ ৩৬॥ প্রমদেবাচরন্তীং স্ত্রিয়ং মত্বা জগৃহুঃ॥ ৩৭॥
যদা ব্রহ্মণঃ সৌন্দর্য্যং স্মৃত্যারূঢ়ং বভূব তদা তস্মাদ্গন্ধর্ব্বাদয়ো বভূবু স্তচ্চ সৌন্দর্য্যং যোঽংস্যাভূত্তাঞ্চ এবং জগৃহুরিত্যাহ। প্রহস্যেতি কান্ত্যা কীদৃশ্যা ভাবগম্ভীরং ব্যঞ্জিতস্বাভিযোগং যথাস্যাত্তথা প্রহস্য আত্মনৈবাত্মানং জিঘ্রন্ত্যেতি কান্তিকান্তিমতোরৈক্যে

---

অথবা জাতি কুল জিজ্ঞাসায় আমাদের প্রয়োজন নাই, হে অবলে! তুমি যে কেহ হও আমাদের ভাগ্যে মহৎ মঙ্গল উপস্থিত হইয়াছে, যে হেতু তোমার দর্শন প্রাপ্ত হইলাম, কিন্তু তুমি কন্দুকক্রীড়া দ্বারা দর্শনকারি আমাদের মনঃ কেবল উন্মথিত করিতে লাগিলে॥ ৩৫॥

হে শ্লাঘনীয়ে! তুমি করতল দ্বারা এই উচ্ছলিত কন্দুককে বারম্বার আঘাত করত ক্রীড়া করিতেছ ইহাতে তোমার পাদপদ্ম এক স্থানে স্থির হইতেছে না। তোমার এই কৃশতর মধ্যদেশ বৃহৎ স্তন ভারে ভীত হইয়া শ্রান্ত হইতেছে। অপর এই অমলা দৃষ্টি যেন মন্থরা হইতেছে। আহা! তোমার এই কেশ পাশ কি শোভন?॥ ৩৬॥

মূঢ় বুদ্ধি অসুরেরা এই প্রকারে সেই সায়ন্তনী সন্ধ্যার প্রমদা তুল্য বিবিধ চেষ্টা কল্পনা করিয়া লোভে মুগ্ধ হইল এবং তাহাকে স্ত্রী বলিয়া গ্রহণ করিল॥ ৩৭॥

অনন্তর ভগবান্ ব্রহ্মা হাস্য করিয়া কান্তি দ্বারা গন্ধর্ব্ব অপ্সরাগণের সৃষ্টি করিলেন। তাঁহার ঐ

বিসসর্জ্জ তনুং তাং বৈ জ্যোৎস্নাং কান্তিমতীং প্রিয়াং। ত এবচাদদুঃ প্রীত্যা বিশ্বাবসুপুরোগমাঃ ॥ ৩৯ ॥

সৃষ্ট্বা ভূত পিশাচাংশ্চ ভগবানাত্মতন্দ্রিণা। দিগ্বাসসো মুক্তকেশান্ বীক্ষ্য চামীলয়দ্দৃশৌ ॥ ৪০ ॥

জগৃহুস্তদ্বিসৃষ্টাং তাং জৃম্ভণাখ্যাং তনুং প্রভো। নিদ্রামিন্দ্রিয়বিক্লেদো যয়া ভূতেষু দৃশ্যতে।

যেনোচ্ছিষ্টান্ ধর্ষয়ন্তি তমুন্মাদং প্রচক্ষতে ॥ ৪১ ॥

ঊর্জস্বন্তং মন্যমান আত্মানং ভগবানজঃ। সাধ্যান্ গণান্ পিতৃগণান্ পরোক্ষেণাসৃজৎ প্রভুঃ ॥ ৪২॥

শ্রীধরস্বামী।

জ্যোৎস্নাং চন্দ্রিকারূপাং ত এব গন্ধর্বাদিগণাঃ বিশ্বাবসুঃ পুরোগমো মুখ্যো যেষু ॥ ৩৯ ॥

আত্মনস্তন্দ্রিণা আলস্যেন। তাংশ্চ নগ্নান্ মুক্তকেশান্ বীক্ষ্য নেত্রে নিমীলিতবান্ ॥ ৪০ ॥

ইন্দ্রিয়াণাং বিক্লেদঃ স্রাবো যয়া তাং নিদ্রাং প্রচক্ষতে। যেনেন্দ্রিয়বিক্লেদেন হেতুনা উচ্ছিষ্টাংশ্চ সতঃ ধর্ষয়ন্তি ভ্রান্তান্ কুর্বন্তি তং ভূতাদিগণ মুন্মাদং প্রচক্ষতে। তন্দ্রী জৃম্ভিকা নিদ্রোন্মাদ হেতুত্বেন ভূতাদীনাং তনুনাঞ্চ চাতুর্বিধ্যমুক্তং ॥ ৪১ ॥

ঊর্জস্বন্তং সত্ত্ববন্তং পরোক্ষেণ অদৃশ্য রূপেণ ॥ ৪২ ॥

ক্রমসন্দর্ভঃ।

চ স্বয়মাত্মানং জিঘ্রন্ত্যা কান্ত্যা কান্তিমত্যা তন্বা ॥ ৩৮। ৩৯ ॥

আত্মতন্দ্রিণা আত্মনস্তন্দ্রাযুক্তেন দেহেন উপলক্ষণং বৈতৎ জৃম্ভানিদ্রোন্মাদবত্বং তস্যাএব কার্য্যক্রম রূপত্বাৎ তেষাং ॥ ৪০ ॥

জগৃহুরিতি সার্দ্ধকং। অতএবাভেদেনাহ জৃম্ভণাখ্যাং নিদ্রামিতি চ। ধর্ম্মস্যৈব প্রাধান্য বিবক্ষয়া যত্তথ্যাশ্চ নত্বত্র কৃতঃ। তমিন্দ্রিয়বিক্লেদং যমুন্মাদং প্রচক্ষতে। তন্দ্রোন্মাদোপি ভবতীতি তদভেদেন তমপি নির্দ্দিশতীত্যর্থঃ ॥ ৪১ ॥

ঊর্জ্জস্বন্তং বরদানোৎসাহাদি লক্ষণসত্ত্বযুক্তং ॥ ৪২ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

নোপচারাৎ প্রহসনাবঘ্রাণাদীনি স্বসৌন্দর্য্যাস্বাদনচিহ্নানি ॥ ৩৮। ৩৯ ॥

কদাচিৎ ক্ষণ আলস্যমভূত্তস্মাচ্চ ভূতপিশাচাদ্যা বভূবুস্তচ্চালস্যং জৃম্ভা নিদ্রাদিরূপাভূত্তাঞ্চ তএব জগৃহুরিত্যাহ সৃষ্ট্বেতি তন্দ্রা যস্য কার্য্যত্বেনাস্তি তত্তন্দ্রি আলস্যং তেন ॥ ৪০ ॥

যয়া নিদ্রয়া ভূতেষু মনুষ্যাদিষু ইন্দ্রিয়াণাং মুখ্যাদীনাং বিক্লেদঃ যেনচাবিক্লেদেন হেতুনা উচ্ছিষ্টান্ সতো ধর্ষয়ন্তি তং ধর্ষমুন্মাদং প্রচক্ষতে অতএব ভূতপ্রেতাদিধর্ষিতা জনা উন্মত্তা উচ্যন্তে ॥ ৪১ ॥

কদাচিদাত্মনো বলিষ্ঠত্বং পারোক্ষ্যঞ্চ ভাবয়ামাস তাভ্যাঞ্চ সাধ্যাঃ। পিতরশ্চ বভূবুস্তেচ হব্যকব্যে বভূবতুরিত্যাহ দ্বাভ্যাং।

কান্তি আপনিই যেন ভাবগম্ভীর আত্মার ঘ্রাণ লইতেছিল ॥ ৩৮ ॥

সে যাহা হউক, তৎপরে ব্রহ্মা আপনার ঐ পরম প্রিয়তমা কান্তিমতী তনু বিসর্জন করিলেন, তাহাতে তাহা জ্যোৎস্না রূপা হইলে বিশ্বাবসু প্রভৃতি গন্ধর্ব্বগণ তাহাকে গ্রহণ করিল ॥ ৩৯ ॥

তদনন্তর ঐ ভগবান্ আপানার আলস্য দ্বারা ভূত ও পিশাচদিগকে সৃষ্টি করিলেন, কিন্তু তাহারা সকলেই নগ্ন এবং মুক্তকেশ হইল অতএব তাহাদিগকে অবলোকন করিয়া ব্রহ্মা আপনার নয়ন দ্বয় নিমীলিত করিলেন ॥ ৪০ ॥

এবং কিয়ৎক্ষণ পরেই জৃম্ভা অর্থাৎ আলস্য নামিকা সেই তনুকে বিসর্জন দিলেন। ব্রহ্মার ঐ শরীর বিসৃষ্ট হইলে ঐ সকল ভূত পিশাচেই তাহা গ্রহণ করিল। বৎস বিদুর! যে তনু দ্বারা ইন্দ্রিয় বিক্লেদ হয় তাহার নাম নিদ্রা, আর যে দেহ ইন্দ্রিয় বিক্লেদে উচ্ছিষ্ট ব্যক্তিদিগকে ভ্রান্ত করে তাহাকে উন্মাদ বলে অর্থাৎ আলস্য জৃম্ভা নিদ্রা এবং উন্মাদ এই চারিটীই ঐ সকল ভূত পিশাচাদি গ্রহণ করিয়াছে এবং তাহাই তাহাদের শরীর হইয়াছে ॥ ৪১ ॥

সে যাহা হউক, তদনন্তর ব্রহ্মা আপনাকে বলবন্ত বিবেচনা করিয়া অদৃশ্য রূপ দ্বারা সাধ্যগণ

ত আত্মসর্গং তং কায়ং পিতরঃ প্রতিপেদিরে। সাধ্যেভ্যশ্চ পিতৃভ্যশ্চ কবয়ো যদ্বিতন্বতে ॥৪৩॥
সিদ্ধান্ বিদ্যাধরাংশ্চৈব তিরোধানেন সোঽসৃজৎ। তেভ্যোঽদদাত্তমাত্মানমন্তর্দ্ধানাখ্যমদ্ভুতং ॥৪৪॥
সকিন্নরান্ কিংপুরুষান্ প্রত্যাত্ম্যেনাসৃজৎ প্রভুঃ। মানয়ন্নাত্মনাত্মানমাত্মাভাসং বিলোকয়ন্ ॥৪৫॥
তেতু তজ্জগৃহূরূপং ত্যক্তং যৎ পরমেষ্ঠিনা। মিথুনীভূয় গায়ন্তস্তমেবোষসি কর্ম্মভিঃ ॥ ৪৬ ॥

শ্রীধরস্বামী।

আত্মনঃ সর্গোযম্মাত্তং যং যেন কায়েন সম্প্রদানত্ব নিমিত্তেন। কবয়ঃ কর্ম্মকোবিদাঃ সাধ্যেভ্যঃ পিতৃভ্যশ্চ স্বপিতৃ রূপেভ্যো বিতন্বতে শ্রাদ্ধাদিনা হব্যং কব্যঞ্চ দদতি ॥ ৪৩ ॥

তিরোধানেন দৃশ্যত্বে সত্যপি অন্তর্দ্ধানশক্ত্যা ॥ ৪৪ ॥

প্রত্যাত্ম্যেন প্রতিবিম্বেন আত্মাভাসং প্রতিবিম্বং। আত্মনা আত্মনো মানঃ প্রতিবিম্বদর্শিনঃ সুন্দরস্য শিরঃ কম্পাদি চেষ্টা। অতএব তৎসৃষ্টানাং মিথঃ সম্মানেন নিত্যং মিথুনীভাবঃ ॥ ৪৫ ॥

তৎ প্রতিবিম্ব রূপং। কর্ম্মভি স্তৎ পরাক্রমানুবর্ণনৈঃ ॥ ৪৬ ॥

ক্রমসন্দর্ভঃ

ত ইতি। তন্ন ক্রমেব জ্ঞাত্বা তেভ্যো দদতীতি যৎ যেন স্ব লক্ষণেন কায়েনৈব হেতুনা ॥ ৪৩। ৪৪। ৪৫। ৪৬। ৪৭ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

উর্জ্জস্বন্তং সত্ত্ববন্তং তেন সত্ত্বেন সাধ্যান্ গণান্ পরোক্ষেণ পারোক্ষ্যেণচ পিতৃগণান্ ॥ ৪২ ॥

তে সাধ্যাঃ পিতরশ্চ তং কায়ং অনুরূপমিত্যর্থঃ। যদযতো হেতোর্ব্বিতন্বতে সাধ্যেভ্যো হব্যমন্নং পিতৃভ্যঃ কব্যমন্নং শ্রাদ্ধাদিনা সমর্পয়ন্তীত্যর্থঃ ॥ ৪৩ ॥

অন্তর্দ্ধানং ভাবয়ামাস তস্মাচ্চ সিদ্ধবিদ্যাধরা বভূবুরিত্যাহ সিদ্ধানিতি ॥ ৪৪ ॥

আত্মনঃ প্রতিবিম্বং ভাবয়ামাস তস্মাচ্চ কিন্নর কিংপুরুষা বভূবুরিত্যাহ স কিমিতি প্রত্যাত্ম্যেন প্রতিবিম্বেন। অহং সুন্দর ইত্যাত্মনৈবাত্মানং মানয়ন্ আত্মাভাসং মুকুরং ॥ ৪৫ ॥

তৎ প্রত্যাত্মং স্ত্রীপুংসয়োঃ পারস্পরিকদর্শন রূপমভূদতস্তেপি তদেব জগৃহুরিত্যাহ তেত্বিতি ॥ ৪৬ ॥

ও পিতৃগণের সৃজন করিলেন ॥ ৪২ ॥

অহে বিদুর! ব্রহ্মার যে অদৃশ্য কায় হইতে পিতৃগণের সৃষ্টি হইল, পিতৃগণ সেই অদৃশ্য কায়ই গ্রহণ করিয়াছেন, সেই কায়কেই সম্প্রদানের নিমিত্ত করিয়া পণ্ডিত সকল আপনাদের পিতৃ স্বরূপ সাধ্যগণ ও পিতৃগণের উদ্দেশে হব্য কব্য প্রদান করিয়া থাকেন ॥ ৪৩ ॥

এই রূপে ব্রহ্মা তিরোধান অর্থাৎ দৃশ্যত্ব সত্ত্বেও অন্তর্দ্ধান হইবার শক্তি দ্বারা সিদ্ধ ও বিদ্যাধরগণের সৃষ্টি করিয়া আপনার সেই অন্তর্দ্ধান নামক অদ্ভুত দেহ তাহাদিগকেই প্রদান করিলেন ॥ ৪৪ ॥

তাহার পর ব্রহ্মা আপনার প্রতিবিম্ব অবলোকন করিয়া প্রতিবিম্ব দর্শি সুন্দর আত্মার শিরঃ কম্পাদি চেষ্টা কল্পনা করত আত্ম প্রতিবিম্ব দ্বারা কিন্নর ও কিংপুরুষগণের সৃষ্টি করিলেন ॥ ৪৫ ॥

ঐ সকল কিন্নর ও কিংপুরুষ ব্রহ্মার পরিত্যক্ত প্রতিবিম্ব রূপ দেহ গ্রহণ করিয়াছে এবং পরস্পর মিথুনীভূত অর্থাৎ স্ত্রী পুরুষে ঐক্য হইয়া উষাকালে তাঁহারই পরাক্রমের অনুবর্ণন পুরঃসর গান করিয়া থাকে ॥ ৪৬ ॥

দেহেন বৈ ভোগবতা শয়ানো বহু চিন্তয়া। সর্গেঽনুপচিতে ক্রোধাদুৎসসর্জ হ তদ্বপুঃ ॥ ৪৭ ॥
যেঽহীয়ন্তামুতঃ কেশা অহয়স্তেঽঙ্গ জজ্ঞিরে। সর্পাঃ প্রসর্পতঃ ক্রূরা নাগা ভোগোরুকন্ধরাঃ ॥ ৪৮
স আত্মানং মন্যমানঃ কৃতকৃত্যমিবাত্মভূঃ। তদা মনূন্ সসর্জান্তে মনসা লোকভাবনান্ ॥ ৪৯ ॥

শ্রীধরস্বামী।

ভোগ আভোগো বিস্তারঃ। পাদাদি প্রসারণবতা দেহেন অনুপচিতে বৃদ্ধিমপ্রাপ্তে তদ্ভোগং ক্রোধাদিযুক্তং ॥ ৪৭ ॥

অমুতঃ অমুষ্মাদ্দেহাৎ যে কেশা অহীয়ন্ত প্রচ্যুতাঃ তেঽহয়ো জাতাঃ প্রসর্পতঃ পদাদ্যাকুঞ্চনৈঃ প্রচলতোঽমুষ্মাৎ সর্পাঃ। অতএব অগা নভবন্তীতি নাগাঃ অতিবেগবন্ত ইত্যর্থঃ। ভোগবতো জাতত্বাদ্ভোগেন ফণেন উরুর্বিস্তীর্ণা কন্ধরা যেষাং। সর্ব্বে চৈতে ক্রোধযোগাৎ ক্রূরাঃ। তেষামবান্তর জাতিভেদঃ সর্পসিদ্ধান্তে প্রসিদ্ধঃ ॥ ৪৮ ॥

যদা মন্যমানোঽভূত্তদা মনূন্ সসর্জ ॥ ৪৯ ॥

ক্রমসন্দর্ভঃ।

যে ইতি। কেশস্খলনমপ্যস্য ভাবময়ত্বমেব জ্ঞেয়ং ॥ ৪৮ ॥

কৃতকৃত্যমিবেতি ইব শব্দাৎ কৃতং পূর্ব্বকৃতমিত্যর্থঃ। মনূন্ মনুষ্যান্ লোকভাবনান্ কর্ম্মণা সর্ব্বলোকোদ্ভব হেতূন্ এতএব শ্রীমনোঃ প্রজাঃ ভবিষ্যন্তি ॥ ৪৯ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

মনসৈব শয়ানং দেহং তত্যাজ সচাহি সর্পাদিরূপো বভূবেত্যাহ দেহেতি। ভোগ আভোগো বিস্তারস্তদ্বতা পাদাদি প্রসারণবতেত্যর্থঃ। বহু চিন্তয়া সর্গে অনুপচিতে সতি কথং মে সৃষ্টিঃ সিদ্ধ্যেদিতি ভাবনয়া ততশ্চ চিন্তামধ্য এব কশ্চিদবিবেকোঽভূৎ যতো মহান্ ক্রোধো বভূব। ক্রোধানন্তরং তদ্বপুঃ উৎসসর্জ ॥ ৪৭ ॥

অমুতঃ অমুষ্মাদ্দেহাৎ যে কেশা অহীয়ন্ত বিচ্যুতা স্তে অহয়ো জাতাঃ। প্রসর্পতঃ পাদ্যাদ্যাকুঞ্চনৈঃ প্রচলতোঽমুষ্মাদ্দেহাদেব হস্তপাদাদ্যা বিচ্যুতা স্তে সর্পাঃ যেচ মুণ্ডকন্ধরাদ্যা স্তে নাগাঃ কীদৃশাঃ ভোগবতো জাতত্বাৎ ভোগেন ফণেন উরু বিস্তীর্ণা কন্ধরা যেষাং তে। সর্ব্বেচ ক্রোধযোগাৎ ক্রূরা স্তেষামবান্তর জাতিভেদঃ সর্প সিদ্ধান্তে প্রসিদ্ধঃ ॥ ৪৮ ॥

চিন্তানন্তরং সৃষ্টির্মে পূর্ণৈব সম্পদ্যতেতি মনসি যদা মিথুনং সিসৃক্ষত তস্য আনন্দো বভূব তদা তস্মাৎ মনবো অভূবং স্তেচ সৃষ্টি পূর্ত্তিময়ীং পুরুষাকারতাং জগৃহুরিত্যাহ। স আত্মানমিতি দ্বাভ্যাং মনূনিতি তেষু তদানীং স্বায়ম্ভুবো মনুঃ প্রকটং সর্বৈরদৃশ্যত অন্যেচ যথাসময়ং দৃশ্যা ইতি জ্ঞেয়ং। অত্রান্তে ইতি পদোপন্যাসান্মনুসর্গোঽয়ং সর্ব্বান্তিমো জ্ঞেয়ঃ। অতএব তদনন্তরং বক্ষ্যমাণোপি ঋষিসর্গ এতৎ পূর্ব্বত্রৈব জ্ঞেয়ঃ। অত্র দশম দ্বাদশবিংশাধ্যায়েষু কচিৎ ক্রমেণ কচিন্মণ্ডূকপ্লুতি সিংহাবলোকাদিন্যায়াৎ ক্রমাতিক্রমেণাপ্যুক্তানাং সর্গাণাময়ং ক্রমো জ্ঞেয়ঃ প্রথমং পঞ্চপর্ব্বাবিদ্যাসর্গঃ। ততো বনস্পতিবৃক্ষাদিসর্গঃ। ততঃ সর্পাদিসর্গঃ। ততো গোমহিষ্যাদি সর্গঃ। ততো যক্ষরাক্ষসাসুর কিন্নর কিং পুরুষাদি সর্গঃ। ততশ্চ সনকাদি মরীচ্যাদি সর্গঃ। ততো মনুষ্যসর্গঃ। সর্ব্বান্তে মনুসর্গ স্ততঃ পূর্ব্বসৃষ্টা অপি স্ত্রীপুংস্বরূপেণ বর্দ্ধন্তে স্মেতি ॥ ৪৯ ॥

কিন্তু হে বিদুর! পদ্মযোনি ব্রহ্মা এই প্রকার কর চরণ প্রসারণ সমন্বিত দেহ বিশিষ্ট হইয়াও দেখিলেন আমার সৃষ্টি বৃদ্ধি প্রাপ্ত হইল না, অতএব চিন্তাকুল হৃদয়ে বহুক্ষণ শয়ান থাকিয়া পরে ক্রোধ বশতঃ ভোগাদি সমন্বিত আপনার ঐ শরীর দূরে নিক্ষেপ করিয়া দিলেন ॥ ৪৭ ॥

তাহাতে ঐ শরীর হইতে যে সকল কেশ নিপতিত হইল তাহারা অহি হইয়া জন্মিল। ব্রহ্মা যৎকালে ঐ দেহ পরিত্যাগ করেন তখন তাহা পদাদির আকুঞ্চন দ্বারা বিচলিত হইয়াছিল, এই কারণেই ঐ সকল অহির নাম সর্প হইল, আর ঐ নিমিত্তই তাহাদিগকে নাগ অর্থাৎ অতিশয় বেগবন্তও বলা যায়। অপর তাহারা ব্রহ্মার ভোগ বিশিষ্ট কায় হইতে উৎপন্ন হওয়াতে ভোগ অর্থাৎ ফণাদি দ্বারা তাহাদের কন্ধর বিস্তীর্ণ হয়। আর তাহারা ক্রোধযোগে উৎপন্ন হইয়াছিল এ কারণ সকলেই অতিশয় ক্রূর স্বভাব হইয়াছে ॥ ৪৮ ॥

সে যাহা হউক, লোকস্রষ্টা ব্রহ্মা, ঐ সকল ভাবময়ী তনু বিসর্জন পুরঃসর আপনাকে কৃতকার্য্য মানিয়া অবশেষে মনো দ্বারা মনুদিগকে সৃষ্টি করিলেন ॥ ৪৯ ॥

তেভ্যঃ সোহত্যসৃজৎ স্বীয়ং পুরং পুরুষমাত্মবান্। তান্ দৃষ্ট্বা যে পুরা সৃষ্টাঃ প্রশশংসুঃ প্রজাপতিং ॥৫০
অহো এতৎ জগৎ স্রষ্টঃ সুকৃতং বত তে কৃতং। প্রতিষ্ঠিতা ক্রিয়া যস্মিন্ সাকমন্নমদামহে ॥ ৫১
তপসা বিদ্যয়া যুক্তো যোগেন সুসমাধিনা। ঋষীনৃষি হৃষীকেশঃ সসর্জ্জাভিমতাঃ প্রজাঃ ॥ ৫২ ॥
তেভ্যশ্চৈকৈকশঃ স্বস্য দেহস্যাংশমদাদজঃ। যত্তৎ সমাধিযোগর্দ্ধি তপোবিদ্যা বিরক্তিমৎ ॥ ৫৩ ॥
॥ * ॥ ইতি শ্রীভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং তৃতীয়স্কন্ধে বিদুর মৈত্রেয় সম্বাদে জগৎ সৃষ্টি র্বিংশতিতমোঽধ্যায়ঃ ॥ * ॥ ২০ ॥ * ॥

শ্রীধরস্বামী।

তেভ্যঃ স্বীয়ং পুরুষাকারং পুরং দেহং অত্যসৃজৎ দদৌ। তান্ মনূন্ ॥ ৫০ ॥

তে তয়া কৃতং সুকৃতমমাহুঃ। যস্মিন্মনুসর্গে ক্রিয়া অগ্নিহোত্রাদ্যাঃ। অতোঽস্মিন্ সর্গে বয়ং সাকং সহ অন্নং হবির্ভাগাদি অদাম ভক্ষয়াম। হে ব্রহ্মন্ ॥ ৫১ ॥

কর্ম্মিসৃষ্টিমুক্ত্বা ঋষীণাং সৃষ্টিমাহ তপসেতি। বিদ্যা উপাসনা যোগোঽত্র আসনাদিঃ সুসমাধিঃ। বৈরাগৈ্যশ্বর্য্যযুক্তঃ সমাধিস্তেনচ যুক্তঃ। হৃষীকেশঃ স্ববশেন্দ্রিয়ঃ সন্ ঋষির্ব্রহ্মা ঋষীন্ প্রজাঃ সসর্জ্জ ॥ ৫২ ॥

কিং তদ্দেহং যস্তাংশমদাদিত্যত আহ যদিতি। সমাধিশ্চ যোগশ্চ ঋদ্ধিশ্চৈশ্বর্য্যং তপশ্চ বিদ্যাচ বিরক্তিশ্চ বিদ্যন্তে যস্মিন্ ॥৫৩॥

॥ * ॥ ইতি তৃতীয়ে বিংশঃ ॥ * ॥

ক্রমসন্দর্ভঃ।

তেভ্য ইতি আত্মবান্ পরমাশ্রয়ঃ সন্নিত্যর্থঃ ॥ ৫০ । ৫১ । ৫২ । ৫৩ ॥

॥ * ॥ ইতি শ্রীমদ্ভাগবত তৃতীয়স্কন্ধে শ্রীজীবগোস্বামিকৃত ক্রমসন্দর্ভস্য বিংশতি তমোঽধ্যায়ঃ সমাপ্তঃ ॥ * ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

স্বীয়ং পুরং পুরুষাকারং দেহং অত্যজৎ দদৌ ॥ ৫০ ॥

হে জগৎ স্রষ্ট স্তে ত্বয়া যস্মিন্মনুসর্গে সতি ক্রিয়া অগ্নিহোত্রাদ্যাঃ প্রতিষ্ঠিতা ভবেযুস্তৈর্মনুভিঃ পালনাদিতি ভাবঃ সাকং সহৈব বয়ং সর্ব্বে অন্নং হবির্ভাগাদি মদাম ভক্ষয়ামহে ইতি পৃথক্ পদং ॥ ৫১ ॥

ততোবিদ্যয়া যুক্তস্য ব্রহ্মণো মানুষী সৃষ্টিমাহ তপসেতি বিদ্যা উপাসনা যোগোঽষ্টাঙ্গঃ সুসমাধির্জ্ঞান বৈরাগ্যে হৃষীকেশঃ স্ববশেন্দ্রিয়ঃ সন্ ঋষীন্ সনকাদীন্ ॥ ৫২ ॥

কিন্তদ্দেহং যস্যাংশমদাদিত্যত আহ। সমাধি জ্ঞানঞ্চ যোগশ্চ ঋদ্ধি রণিমাদ্যৈশ্বর্য্যঞ্চ তপশ্চ বিদ্যাচ বিরক্তিশ্চ বিদ্যন্তে যস্মিংস্তৎ। এতদনন্তরং রুদ্রোদ্ভবস্ততশ্চ মরীচ্যাদিসৃষ্টির্দ্বাদশাধ্যায়ে জ্ঞেয়াঃ ॥ ৫৩ ॥

॥ * ॥ ইতি সারার্থদর্শিন্যাং হর্ষিণ্যাং ভক্তচেতসাং। তৃতীয়ে বিংশতিতমঃ সঙ্গতঃ সঙ্গতঃ সতাং ॥ * ॥

এবং আপনার পুরুষাকার শরীর তাহাদিগকে সমর্পণ করিলেন, যে সকল ব্যক্তি অগ্রে সৃষ্ট হইয়াছিলেন তাঁহারা ঐ মনুদিগকে অবলোকন করিয়া তাঁহার প্রশংসা করিতে করিতে কহিলেন ॥ ৫০ ॥

হে জগৎস্রষ্টঃ ব্রহ্মন্! আপনি অতি উত্তম কর্ম্ম করিলেন, এই যে মনুসৃষ্টি হইল ইহাতে অগ্নিহোত্রাদি ক্রিয়া সমস্ত প্রতিষ্ঠিত হইবে এবং আমরাও সকলে একত্র হবি র্ভাগাদি ভক্ষণ করিতে সমর্থ হইব ॥ ৫১ ॥

তদনন্তর ব্রহ্মা তপস্যা, উপাসনা, আসনাদি যোগ এবং বৈরাগ্য ও অণিমাদি ঐশ্বর্য্য সমন্বিত সমাধি দ্বারা ইন্দ্রিয়গণ বশীভূত করিয়া অন্য এক প্রকার অভিমত প্রজা অর্থাৎ ঋষিগণের সৃষ্টি করিলেন ॥ ৫২॥

এবং তাঁহাদিগকে এক এক করিয়া আপনার দেহের এক এক অংশ (যাহা সমাধি, যোগ, অণিমাদি ঐশ্বর্য্য, তপস্যা, উপাসনা ও বৈরাগ্য সমন্বিত ছিল) প্রদান করিলেন ॥ ৫৩ ॥

॥ * ॥ ইতি তৃতীয়ে বিংশ ॥ * ॥

শ্রীবিদুর উবাচ ॥

স্বায়ম্ভুবস্য চ মনোর্বংশঃ পরম সম্মতঃ। কথ্যতাং ভগবন্ যত্র মৈথুনেনৈধিরে প্রজাঃ ॥ ১ ॥

প্রিয়ব্রতোত্তানপাদৌ সুতৌ স্বায়ম্ভুবস্য বৈ। যথাধর্ম্মং জুগুপতুঃ সপ্তদ্বীপবতীং মহীং।

তস্য বৈ দুহিতা ব্রহ্মন্ দেবহূতীতি বিশ্রুতা। পত্নী প্রজাপতেরুক্তা কর্দ্দমস্য ত্বয়ানঘ ॥ ২ ॥

তস্যাং স বৈ মহাযোগী যুক্তায়াং যোগলক্ষণৈঃ। সসর্জ কতিধা বীর্য্যং তন্মে শুশ্রূষবে বদ ॥ ৩ ॥

রুচি র্যো ভগবান্ ব্রহ্মন্ দক্ষো বা ব্রহ্মণঃ সুতঃ। যথা সসর্জ্জ ভূতানি লব্ধ্বা ভার্য্যাঞ্চ মানবীং ॥ ৪ ॥

শ্রীমৈত্রেয় উবাচ ॥

---

শ্রীধরস্বামী।

একবিংশে তপোবিদ্যা তোষিতেন তু বিষ্ণুনা। কর্দ্দমস্য মনোঃ পুত্র্যা বিবাহঘটনোচ্যতে ॥ ০ ॥

এধিরে এধাঞ্চক্রিরে ॥ ১ ॥

ধর্ম্মং মহীঞ্চ যথা জুগুপতুঃ ররক্ষতুঃ তন্মে বদেতি তৃতীয়েনান্বয়ঃ ॥ ২ ॥

যোগলক্ষণৈর্যমাদিভির্যুক্তায়াং কতিধা বীর্য্যং সসর্জ কতি পুত্রানুৎপাদয়ামাসেত্যর্থঃ ॥ ৩ ॥

মনোঃ কন্যাং আকূতিং প্রসূতিঞ্চ ভার্য্যাং লব্ধ্বা যথা ভূতানি সসর্জ তচ্চ বদেতি চকারস্যার্থঃ ॥ ৪ ॥

---

ক্রমসন্দর্ভঃ।

দেবহূতিরিতি ক্বচিৎ পাঠঃ ॥ ১ । ২ । ৩ । ৪ ॥

---

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

একবিংশে তপস্তুষ্টঃ কর্দ্দমেন স্তুতো হরিঃ। বিবাহ ঘটনামাহ মনুস্তত্রাজগামচ ॥ ০ ॥

এধিরে এধাঞ্চক্রিরে ॥ ১ ॥

ধর্ম্মানতিক্রমেণ যথাজুগুপতু স্তন্মে বদেতি তৃতীয়েনান্বয়ঃ ॥

দেবহূতীতি দেবহূতিরিত্যর্থঃ ॥ ২ ॥

যোগলক্ষণৈ র্যমনিয়মাদিভিঃ কতিধা বীর্য্যং সসর্জ কত্যপত্যানুৎপাদয়ামাসেত্যর্থঃ ॥ ৩ ॥

মানবীং মনোঃ কন্যাং আকূতিং প্রসূতীঞ্চ ॥ ৪ ॥

---

একবিংশতি অধ্যায়ে ভগবানের প্রসাদে কর্দ্দম ঋষির মনুকন্যা দেবহূতির সহিত বিবাহঘটনা ॥ ০ ॥

মুনিবর মৈত্রেয়কে সম্বোধন করিয়া বিদুর কহিলেন ভগবন্! স্বায়ম্ভুব মনুর বংশ অতি প্রশংসনীয়, সাধুলোকে সর্ব্বদাই তাহার প্রতিষ্ঠা করিয়া থাকেন, ঐ বংশেই মিথুন ধর্ম্ম দ্বারা অর্থাৎ স্ত্রীপুরুষের পরস্পর সহযোগে যে প্রজা বৃদ্ধি হয়, তাহার সবিস্তার বৃত্তান্ত বর্ণন করুন ॥ ১ ॥

হে মুনিসত্তম! স্বায়ম্ভুব মনুর দুইটী পুত্র প্রিয়ব্রত এবং উত্তানপাদ, ইহারা ধর্ম্ম এবং সপ্তদ্বীপবতী এই মহীকে কি প্রকারে রক্ষা করিয়াছিলেন? ব্রহ্মন্! আপনি কহিয়াছেন মনুর দেবহূতি নামে যে দুহিতা ছিলেন, তিনি কর্দ্দম প্রজাপতির পত্নী হয়েন ॥ ২ ॥

ঐ প্রজাপতি মহাযোগী এবং তাঁহার ঐ বনিতাও যম নিয়মাদি যোগলক্ষণে যুক্ত ছিলেন, তিনি ঐ ভার্য্যায় কতকগুলি অপত্য উৎপাদন করেন? প্রভো! এ বিষয়ে আমার শুশ্রূষা জন্মিতেছে অনুগ্রহ পূর্ব্বক বলিতে আজ্ঞা হউক ॥ ৩ ॥

অপর হে ব্রহ্মন্! মহর্ষি রুচি মনুতনয়া আকূতিকে এবং ব্রহ্মপুত্র দক্ষ প্রসূতিকে সহধর্ম্মিণী লাভ করিয়া যে প্রকারে প্রাণি সকল সৃষ্টি করিয়াছিলেন তাহাও বিস্তার করিয়া বলুন ॥ ৪ ॥

প্রজা সৃজেতি ভগবান্ কর্দ্দমো ব্রহ্মণোদিতঃ। সরস্বত্যাং তপস্তেপে সহস্রাণাং সমা দশ ॥ ৫ ॥
ততঃ সমাধিযুক্তেন ক্রিয়াযোগেন কর্দ্দমঃ। সংপ্রপেদে হরিং ভক্ত্যা প্রপন্ন বরদাশুষং ॥ ৬ ॥
তাবৎ প্রসন্নো ভগবান্ পুষ্করাক্ষঃ কৃতে যুগে। দর্শয়ামাস তং ক্ষত্তঃ শাব্দং ব্রহ্ম দধদ্বপুঃ ॥ ৭ ॥
স তং বিরজমর্কাভং সিতপদ্মোৎপলস্রজং। স্নিগ্ধনীলালকব্রাত বক্ত্রাব্জং বিরজাম্বরং ॥ ৮ ॥
কিরীটিনং কুণ্ডলিনং শঙ্খচক্র গদাধরং। শ্বেতোৎপলক্রীড়নকং মনঃ স্পর্শস্মিতেক্ষণং ॥ ৯ ॥

শ্রীধরস্বামী।

সহস্রাণাং সমা দশ। দশ সহস্রাণি সম্বৎসরাণীত্যর্থঃ ॥ ৫ ॥
তত তস্মিন্ তপসি। ক্রিয়াযোগেন পূজাপ্রকারেণ। সংপ্রপেদে সিষেবে প্রপন্নেভ্যো বরদাতারং ॥ ৬ ॥
শব্দৈকবেদ্যং যদ্ব্রহ্ম তন্ময়ং বপুর্দ্দধৎ প্রত্যাত্মানং দর্শয়ামাস ॥ ৭ ॥
স কর্দ্দমস্তং খেহবস্থিতং দৃষ্ট্বা মূর্দ্ধ্না ক্ষিতাবপতৎ গীর্ভিশ্চাভ্যগৃণাদিতি চতুর্ণামন্বয়ঃ। পদ্মোৎপলে দিন রাত্রি বিকাশে। সিতানাং পদ্মানামুৎপলানাঞ্চ স্রগ্ যস্য তং। স্নিগ্ধা নীলাশ্চ যে অলকা স্তেষাং ব্রাতে বক্ত্রাব্জে যস্য ॥ ৮ ॥
শ্বেতোৎপলং ক্রীড়নকং যস্য। মনঃ স্পর্শং মনস্যানন্দজনকং স্মিতমীক্ষণঞ্চ যস্য ॥ ৯ ॥

ক্রমসন্দর্ভঃ।

প্রজা ইতি। দশানাং সমানাং সহস্রাণীতি যদি স্যাৎ তদা সম্বদ্ধস্তোভয়াশ্রয়ত্বে সহস্রাণামিত্যাদ্যপি স্যাদিতি ভাবঃ সহস্রাণাস্তু বহুত্বমার্ষং ॥ ৫। ৬ ॥
তাবদিতি। যাবতা কালেন সম্যক্ প্রপেদে তাবতেত্যর্থঃ। শাব্দং শব্দ ব্রহ্ম প্রতিপাদ্যং যৎ পরং ব্রহ্ম তৎস্বরূপং দধৎ প্রকাশয়ৎ॥৭
স তমিতি চতুষ্কং। স্নিগ্ধশ্চ নীলশ্চ অলাকাব্রাতো যত্র তাদৃশং বক্ত্রাব্জং যস্য ॥ ৮। ৯ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

সমা বর্ষাণি দশ সহস্রাণীত্যর্থঃ ॥ ৫ ॥
ততস্তপশ্চরণানন্তরং তাবতাপি তপসা দর্শনমপ্রাপ্যেত্যর্থঃ। সমাধিশ্চিত্তৈকাগ্র্যং ক্রিয়াযোগেন পূজাপ্রকারেণ। প্রপন্নেভ্যো ভক্তেভ্যো বরাণাং দাশুষং দাতারং ॥ ৬ ॥
তাবদিতি যাবৎ সংপ্রপেদে ইতি পূজায়াং সত্যাং তৎপ্রসাদে বিলম্বাভাবঃ সূচিতঃ। শাব্দং শব্দৈকবেদ্যং যদ্ব্রহ্ম তন্ময়ং বপুর্দ্দধদিতি শ্রীস্বামিচরণাঃ সচ্চিদানন্দময়মাকারং দধৎ প্রকটয়ন্ কর্দ্দমদত্তগন্ধমাল্যনৈবেদ্যাদ্যুপচারৈঃ পুষ্যন্নিতি বা ॥ ৭। ৮ ॥
শঙ্খ চক্র গদাধরমিত্যুক্ত্বা চতুর্থে হস্তে পদ্মস্থানে শ্বেতোৎপলমেব ক্রীড়নার্থং ধৃতবানিত্যাহ শ্বেতেতি। মনঃ স্পর্শং দ্রষ্টৃ মনঃ

মৈত্রেয় কহিলেন বৎস বিদুর। ভগবান্ ব্রহ্মা কর্দ্দম প্রজাপতিকে কহিয়াছিলেন তুমি প্রজা সৃষ্টি কর, তাহাতে ঐ ঋষি সরস্বতী তীরে গমন করিয়া দশ সহস্র বৎসর তপস্যা করিলেন ॥ ৫ ॥

তাঁহার ঐ তপস্যায় সমাধি যুক্ত পূজোপকরণ দ্বারা ভগবান্ হরির আরাধনা হইতে লাগিল। দয়াময় হরি ভক্তগণের বর দাতা ॥ ৬ ॥

কর্দ্দম ঋষি ঐ প্রকারে সত্যযুগে তপস্যা করিলে ভগবান্ তাঁহার প্রতি প্রসন্ন হইলেন এবং শব্দৈক বেদ্য যে ব্রহ্ম তন্ময় মূর্ত্তি ধারণ করিয়া তাঁহাকে প্রত্যক্ষ দর্শন দিলেন ॥ ৭ ॥

মুনিবর কর্দ্দম তপস্যা করিতে করিতে ঊর্দ্ধ দিকে দৃষ্টিপাত করাতে তাঁহার নয়ন গোচর হইল ভগবান্ বিষ্ণু শরীর পরিগ্রহ করিয়া দিবাকরের ন্যায় আকাশোপরি প্রকাশ পাইতেছেন, তাঁহার গলদেশে শ্বেত পদ্ম ও উৎপল মাল্য, বদন কমলে সুস্নিগ্ধ নীলবর্ণ অলকাবলী, কটিতটে নির্ম্মল অম্বর ॥ ৮ ॥

মস্তকে কিরীট, কর্ণে কুণ্ডল এবং হস্ত চতুষ্টয়ে শঙ্খ চক্র গদা পদ্ম বিরাজমান, অপর তিনি যে

বিন্যস্ত চরণাম্ভোজমংশদেশে গরুত্মতঃ। দৃষ্ট্বা খেঽবস্থিতং বক্ষঃ শ্রিয়ং কৌস্তুভকন্ধরং ॥ ১০ ॥
জাতহর্ষোঽপতন্মূর্দ্ধ্না ক্ষিতৌ লব্ধমনোরথঃ। গীর্ভিস্ত্বভ্যগৃণাৎ প্রীতি স্বভাবাত্মা কৃতাঞ্জলিঃ ॥১১
শ্রীঋষিরুবাচ ॥
জুষ্টং বতাদ্যাখিল সত্ত্বরাশেঃ সাংসিদ্ধ্যমক্ষোস্তব দর্শনান্নঃ।
যদ্দর্শনং জন্মভিরীড্য সদ্ভিরাশাসতে যোগিনো রূঢ়যোগাঃ ॥ ১২ ॥
যে মায়য়া তে হতমেধসস্ত্বৎ পাদারবিন্দং ভবসিন্ধুপোতং।

শ্রীধরস্বামী।

বক্ষসি শ্রীর্যস্য কৌস্তুভঃ কন্ধরায়াং যস্য। ১০ ॥

প্রীতিরেব স্বভাবঃ স্বতঃ সিদ্ধো ধর্ম্মো যস্য তথাবিধ আত্মা মনো যস্য ॥ ১১ ॥

ত্বামৃতে পরমানন্দং ধিগন্তবরকামুকং। অথাপি কৃপণং মামনুগৃহাণ বরদানতঃ। বতেতি হর্ষে হে ঈড্য নোঽস্মাভিঃ সমগ্র সত্ত্বনিধে স্তব দর্শনাদদ্যাক্ষ্ণোঃ সাংসিদ্ধং সাফল্যং জুষ্টং সেবিতং। তদ্দর্শনমেব মহাফলমিত্যুপপাদয়তি। যস্য তব দর্শনং সদ্ভিরুত্তরোত্তরমাপাদিত প্রকর্ষৈর্জন্মভিঃ রূঢ়ো যোগো যৈস্তেপি ॥ ১২ ॥

সকামভক্তান্ বিগর্হয়ন্নাহ য ইতি। হে ঈশ যে নিরয়েপি স্যু স্তেষাং কামানাং লবায় যে ত্বন্মায়য়া নষ্ট বুদ্ধয়ঃ ত এবোপাসতে। ত্বং তু তেষাং কামানপি রাসি দদাসি ॥ ১৩ ॥

ক্রমসন্দর্ভঃ।

বিন্যস্ত ইতি গরুত্মতো বিনতাপুত্রত্বমাত্রং নিরস্তং তদা বিনতায়া জন্মাভাবাৎ ॥ ১০ ॥

প্রীতি স্বভাবাত্মেত্যুক্তত্বাদ্ভবসিন্ধুপোতমিত্যনেন লোকানাং তাদৃশোপকর্ত্তরি তস্মিন্ প্রীতিরেব সমুচিতেতি সূচিতং ॥১১।১২।১৩॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

প্রমোদজনকং স্মিতমীক্ষণঞ্চ যস্য তং। প্রীতিরেব স্বভাবঃ স্বতঃ সিদ্ধো ধর্ম্মো যস্য সঃ ॥৯।১০।১১॥

অহো মদ্ভাগ্যস্য প্রভোঃ কারুণ্যস্য চ পরমা কাষ্ঠা যদচিরেণৈব দর্শনং লব্ধবানস্মীত্যাহ জুষ্টমিতি বতেতি বিস্ময়ে তব দর্শনান্নোঽস্মাকমক্ষ্ণোঃ সাংসিদ্ধ্যং মমাক্ষিণী অদ্যৈব সম্যক্ সিদ্ধে সফলে জাতে ইতঃ পূর্ব্বমপি সিদ্ধে অক্ষিণী অপানক্ষিণী এবেত্যাস্তামিতি ভাবঃ। তব কীদৃশস্য অখিলসত্ত্বানামপি নিকৃষ্টসত্ত্বানামিত্যর্থঃ। রাশেঃ রাশিরূপস্যেত্যর্থঃ। নৈতদনুরূপং ময়া সাধনঞ্চ কৃতমিত্যাহ যদিতি হে ঈড্য সদ্ভিরুত্তরোত্তরশ্রেষ্ঠৈ র্বহুভিরপি জন্মভিঃ রূঢ়ো যোগো যৈ স্তেপি আশাসতে এব নতু লভন্তে ॥ ১২ ॥

হন্ত হন্ত এবং কৃপাসমুদ্রমপি ত্বাং সকামতয়া ভজন্তীত্যহো মৌঢ্যং লোকানামিত্যাহ যে তব মায়য়া হতবুদ্ধয়ো ভবন্তি তে এব নাস্তে কামলেশায় কামলেশমেব প্রাপ্তুমুপাসতে। ত্বন্তু তেষাং কামান্ বহুনেব অকামিতানপি রাসি দদাসি। অন্যথা

হাস্য ও অবলোকন করিতেছেন তাহা যেন সকলের মনে মহা মহা আনন্দ উদ্ভাবন করিতেছে ॥ ৯ ॥

অপর আপন বাহন গরুড়ের স্কন্ধদেশে তাঁহার চরণদ্বয় বিন্যস্ত রহিয়াছে এবং বক্ষঃস্থলে লক্ষ্মী, কণ্ঠদেশে কৌস্তুভ মণি শোভা পাইতেছে ॥ ১০ ॥

কর্দ্দম ঋষি এই রূপ ভগবানের মূর্ত্তি দর্শন করিয়া হর্ষে পুলকিত হইলেন এবং মনোরথ পূর্ণ মনে করিয়া মস্তক দ্বারা ভূতলে প্রণিপাত পুরঃসর প্রীতি প্রবণ চিত্তে কৃতাঞ্জলি হইয়া সবিনয় বচনে স্তব আরম্ভ করিলেন ॥ ১১ ॥

কর্দ্দম ঋষি কহিলেন হে স্তুত্য! আপনি সমস্ত সত্ত্বগুণের নিধি, আপনকার দর্শনে অদ্য আমার লোচনদ্বয় সফল হইল, হে স্তুত্য! আপনার দর্শন কে পায়? যোগিগণ উত্তরোত্তর প্রকর্ষ প্রাপ্ত বহুতর জন্মে রূঢ়যোগ না হইলে আপনকার সাক্ষাৎ লাভের আশা করিতে পারেন না ॥ ১২ ॥

হে ঈশ! যে সকল ব্যক্তির বুদ্ধি আপনার মায়া দ্বারা বিনষ্ট হয়, তাহারাই সকাম হইয়া যৎ

উপাসতে কামলবায় তেষাং রাসীশ কামান্নিরয়েঽপি যে স্যুঃ॥ ১৩॥
তথাপি চাহং পরিবোঢ়ুকামঃ সমানশীলাং গৃহমেধধেনুং।
উপেয়িবান্ মূলমশেষমূলং দুরাশয়ঃ কামদুঘাঙ্ঘ্রিপস্য॥ ১৪॥
প্রজাপতেস্তে বচসাধীশ তন্ত্যা লোকঃ কিলায়ং কামহতোঽনুবদ্ধঃ।

শ্রীধরস্বামী।

যঃ সকামাস্তিন্দামি সোঽহমপি তাদৃশ এবেত্যাহ তথেতি। গৃহমেধো গৃহাশ্রমঃ তত্র ধেনুং ত্রিবর্গদোগ্ধ্রীং ভার্য্যাং পরিবোঢ়ুকামঃ পরিণেতুমিচ্ছন্ কামদুঘাঙ্ঘ্রিপস্য কল্পদ্রুমস্য তব মূলমঙ্ঘ্রিং উপেয়িবানুপগতোঽস্মি। নমু কামাদ্যর্থমস্তৎ কিমপ্যুপাস্ততাং। ন যতঃ অশেষস্য পুরুষার্থস্য মূলমেতদেব॥ ১৪॥

নমু তর্হি মুক্ত্যর্থমেব কিং ন ভজসি অনধিকারাদিত্যাহ হে অধীশ,যস্য প্রজাপতি স্তস্য তব বচসা তন্ত্যা অয়ং কামহতো লোকঃ

ক্রমসন্দর্ভঃ।

অশেষমূলমিতি। স্বর্গাপবর্গয়োঃ পুংসাং রসায়াং ভুবি সম্পদাং। সর্ব্বাসামপি সিদ্ধীনাং মূলং তচ্চরণার্চ্চনমিতি॥ ১৪॥

তর্হি শ্রীত্যৈব কেবলায়া কিং ভজসি তত্রাহ। প্রজেতি। তে তবাধীনো যঃ প্রজাপতিরিত্যাদি শ্রীগীতোক্তঃ সোপি তদাজ্ঞানুসারেণৈব তথা বক্তীতি ভাবঃ। নমু কামহতোঽনুবন্ধো ভবতু নাম ত্বং ন কামহতঃ কথং নারদাদিবত্তান্নাতিক্রামসি তত্রাহ। লোকানুগতঃ। তেষু লোকেষু প্রতিষ্ঠা লিপ্সুরিত্যর্থঃ। প্রতিষ্ঠাত্যাগস্তু দুষ্কর ইতি ভাবঃ। তস্মাদনিমিষায় কালাত্মকত্বাৎ।

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

ভক্তি সুখানভিজ্ঞাস্তে শুদ্ধভক্তিমপি ত্যক্তুং নৈব বিলম্বেরন্নিতি ভাবঃ। ভক্তেরত্যাগেতু কালে তেপি নিষ্কামা ভবেযুরেবেত্যাশয়েন দদাসি নতু তদ্দানে এব তাৎপর্য্যং যতস্তে কলত্র পুত্র কুটুম্বৈশ্বর্য্যাদ্যাঃ কামো নিরয়ে নারক্যামপি যোনৌ স্যুঃ। কিন্তু স্বর্গনরকয়োঃ কর্ম্মজন্যত্ব নিয়মনাৎ স্বচ্ছত্বানাস্তু তাদৃশানামপি ভোগানাং কর্ম্মজন্যত্বাভাবাৎ বন্ধকত্বাভাবেন নৈব বস্তুতঃ স্বর্গ নরক শব্দব্যপদেশ স্তদপি তত্তুল্যত্বাত্তথোক্তিরিতি জ্ঞেয়ং॥ ১৩॥

যোঽহং সকামানিন্দামি সচাহমেব সকামেষু মুখ্য ইত্যাহ। তথেতি গৃহমেধো গৃহাশ্রম স্তত্র ধেনুং ত্রিবর্গদোগ্ধ্রীং ভার্য্যাং পরিণেতুমিচ্ছন্ ধেনুপদেন স্বস্য নির্বুদ্ধিত্বাদ্বৃষত্বমুক্তং। কিঞ্চ সকামেষ্বপি মধ্যে অহং দুরাশয়ঃ দুরভিপ্রায়ত্বাদিতি নির্ব্বুদ্ধিরিত্যর্থঃ। যতঃ পরিবোঢ়ুকামএব কামদুঘাঙ্ঘ্রিপস্য তব মূলমঙ্ঘ্রিমুপেয়িবান্ অশেষাঃ সর্ব্বে এব পদার্থা মূলে তলে যস্য তৎ। স্বর্গাপবর্গয়োঃ পুংসামিত্যাদ্যুক্তেঃ॥ ১৪॥

নম্বেবং চেদস্তি বিবেকস্তর্হি নিষ্কাম এব কথং ন ভজসীত্যত আহ প্রজাপতে ব্র হ্মণস্তব স্বদীয়স্য প্রজাঃ সৃজেতি বচসা তন্ত্যা লোকো মরীচ্যাদিঃ। সহ যজ্ঞাঃ প্রজাঃ সৃষ্ট্বা পুরোবাচ প্রজাপতিঃ। অনেন প্রসবিষ্যধ্বমিতি গীতোক্তেশ্চ সোঽপি তদাজ্ঞানুসারেণৈব বক্তীতি ন তস্যাপি দোষ ইতি তে পদধ্বনিঃ। নমু কামহতো লোকো অনুবন্ধো ভবতু নাম ত্বং স্বকামহতঃ

কিঞ্চিৎ কাম ভোগ নিমিত্ত আপনকার পাদারবিন্দ সেবা করে আপনিও তাহাদিগকে তাহাই প্রদান করিয়া থাকেন, প্রভো! আপনকার চরণ কমল ভবজলধির পোত স্বরূপ, তাহার নিকটে কি ঐ সকল কাম প্রার্থনীয়? ইহা ত নারকি যোনিতেও লাভ হইয়া থাকে॥ ১৩॥

তথাপি হে ভগবন্! আমি স্বয়ং সকাম ব্যক্তিদিগের এই রূপ নিন্দা করিয়াও দুরাশয়তা প্রযুক্ত স্বয়ং তদ্রূপ হইয়া গৃহাশ্রমের কামধেনু ত্রিবর্গ দোগ্ধ্রী সমান শীলা ভার্য্যা পরিণয়ন কামনায় আপনকার পাদপদ্ম রূপ কল্পপাদপের মূলে উপগত হইয়াছি। প্রভো! আমি সকাম হইলেও কামনা পূরণার্থ আপনা ব্যতীত কাহার উপাসনা করিব, আপনকার পাদমূলই অশেষ পুরুষার্থের মূল॥ ১৪॥

হে অধীশ! আপনি প্রজাপতি, আপনার বাক্য রূপ রজ্জু দ্বারা কামোপহত এই সমস্ত লোক পশুর ন্যায় বদ্ধ আছে। হে ধর্ম্মমূর্ত্তে! আমি ঐ সকল লোকেরই অনুগামী অতএব কালাত্মা যে আপনি

অহঞ্চ লোকানুগতো বহামি বলিঞ্চ শুক্রানিমিষায় তুভ্যং ॥ ১৫ ॥
লোকাংশ্চ লোকানুগতান্ পশুংশ্চ হিত্বা শ্রিতাস্তে চরণাতপত্রং।
পরস্পরং ত্বদ্গুণবাদশীধুপীযূষনির্ব্বাপিত দেহধর্ম্মাঃ ॥ ১৬ ॥

**শ্রীধরস্বামী।**

পশুবদ্বদ্ধঃ। হে শুক্ল ধর্ম্মমূর্ত্তে অহঞ্চ কিল লোকানুগতঃ অতস্তুভ্যং বলিং বহামি হরামি, কর্ম্মময়ীং ত্বদাজ্ঞামনুবর্ত্তে। অনিমিষায় কালাত্মনে। তদর্থং ভার্য্যাঞ্চেচ্ছামীতি চকারস্যার্থঃ। ন কেবলং লোকানুগতো বহামি কিন্তু ঋণত্রয়াপাকরণার্থমিতি কিন্বে তুাক্তং ॥ ১৫ ॥

অনিমিষায়েত্যনেন কালাত্মকত্বাৎ ত্বত্তো ভীতঃ কর্ম্মকরোমীত্যুক্তং এতত্তু ভয়ং ত্বদ্ভক্তানাং নাস্তি ইত্যাহ দ্বাভ্যাং। লোকান্ কামাভিভূতান্ তাননুগতান্ পশূংশ্চ বিবেকে সত্যপি পুনঃ কর্ম্মজড়ান্ মাদৃশান্ হিত্বা অনাদৃত্য যে তব চরণরূপমাতপত্রং শ্রিতাঃ তানেবাহ ত্বদ্গুণানাং বাদঃ তমেব শীধু সংসার বিস্মারকত্বাৎ পীযূষং রুচিকরত্বাৎ তেন নির্ব্বাপিতা বিলাপিতা দেহধর্ম্মাঃ ক্ষুৎ পিপাসাদয়ো যৈঃ। এষামিত্যাস্তরেণান্বয়ঃ ॥ ১৬ ॥

**ক্রমসন্দর্ভঃ।**

সর্ব্ব প্রবর্ত্তকায় তুভ্যং বলিং পূজোপহারঞ্চ বহামি সমর্পয়ামি। দুস্কুলে লব্ধেপ্যায়ত্যাং তাদৃশ দুর্ব্বাসনা নিবর্ত্ততামিতি বিচিন্ত্যেতি ভাবঃ। যদ্যপ্যসৌ চাপলস্বভাবাৎ গুরুলোকতঃ সংকোচেনৈব তাদৃশ নিজ দুঃখমপ্যঙ্গীকরোতি ন তু প্রতিষ্ঠাদীচ্ছয়া তথাপি পরমাচার্য্যশিরোমণিঃ স্বস্মিন্ তত্তদ্দোষত্বেনৈব পশ্যতীতি জ্ঞেয়ং ॥ ১৫ ॥

শুদ্ধ ভক্তানাস্তু লোকসংকোচহেতুকাপি কামাদ্যাশক্তির্নিন্দ্যেত্যপি তথৈবাহ লোকাংশ্চেতি ॥ ১৬ ॥

**শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।**

কথং সনকাদিবত্ত্বমাপ্তি ক্রামসি তত্রাহ অহঞ্চ লোকানুগতঃ তদনুগামি বুদ্ধির্নতু নারদাদি সদৃশী ভবিতুং সমর্থ ইত্যর্থঃ। অতস্তুভ্যং বদ্ধো বৃষ ইব বলিং বহামি কর্ম্মময়ীং ত্বদাজ্ঞামনুবর্ত্তে তদর্থমেকাং ভার্য্যামিচ্ছামীত্যর্থঃ। চকারাৎ ত্বদ্ভক্তিঞ্চ করোম্যায়ত্যাং ত্বৎ প্রাপ্ত্যর্থমিতি ভাবঃ। হে শুক্ল অনিমিষায় কালরূপং ত্বাং প্রসাদয়িতুমিত্যর্থঃ ॥ ১৫ ॥

নন্থ লোকাঃ পিত্রাদয়ঃ তদাজ্ঞানুবর্ত্তিনঃ পুত্রভ্রাত্রাদয়শ্চ লোকতো ধর্ম্মতশ্চ যশস্বিনঃ সুখিনশ্চ দৃশ্যন্তে কিমিতি তান্ সকামত্বান্নিন্দসি। পিত্রাদীন্ দুঃখয়তাং নিষ্কামভক্তানাং নিষ্পরিগ্রহাণাং কিং সুখং কিং বা যশো যতস্তানভিনন্দসি ইতি তত্রাহ দ্বাভ্যাং। লোকানিতি পশূনিতি তেষাং পশুত্বাত্তত্ত্যাগে দোষো নাস্তীতি ভাবঃ। যদ্বা লোকান্ ন্যায়মীমাংসাদি শাস্ত্রাভিজ্ঞান্ তদনুগতাং স্তদুপদেশবাক্যেষু বিশ্বসতঃ শাস্ত্রানভিজ্ঞান্ তেষামুভয়েষামপি পশুত্বং ভক্তিরাহিত্যাৎ। চরণমেবাতপত্রমাশ্রিতা ইতি নিরাতপত্রাঃ পশবস্তু আজন্মান্তং এবেতি ভাবঃ। তেষাং সুখমপরমপ্যাহ ত্বদ্গুণানাং বাদঃ কথনমেব সংসারবিস্মারকত্বাৎ শীধু মৃত্যু দূরীকরণাদতিস্বাদুত্বাচ্চ পীযূষং তেনৈব তৎ পানেনৈব নির্ব্বাপিতা দেহধর্ম্মা বাল্যপৌগণ্ডাদয়ঃ ক্ষুৎপিপাসাদয়ো বা যৈ স্তে ভবন্তীতি ক্রিয়য়া অন্বয়ঃ ॥ ১৬ ॥

**আপনার চরণে পূজোপহার আহরণ করিতেছি এবং পত্নী লাভ করিতে অভিলাষ করিতেছি। প্রভো। কলত্র প্রার্থনা কেবল লোকানুগত নহে, ভার্য্যা ব্যতিরেকে দেব, ঋষি, পিতৃ এই তিনের ঋণ হইতে মুক্ত হইবার সম্ভাবনা নাই, তজ্জন্যই সহধর্ম্মিণী প্রার্থনা করিতেছি ॥ ১৫ ॥**

**হে বিভো! আপনি কালরূপী এ নিমিত্ত আপনাকে ভয় করিয়া আমরা কর্ম্ম করিয়া থাকি, কিন্তু যাঁহারা আপনকার ভক্ত তাঁহাদের কোন ভয়ই নাই, যে হেতু তাঁহারা কামোপহত লোকদিগকে এবং ঐ সকল লোকের অনুগামী অস্মৎসদৃশ কর্ম্মজড় পশুদিগকে অনাদর করিয়া আপনার পাদপদ্ম আশ্রয় করিয়াছেন, তাহাতে তাঁহাদের দেহধর্ম্ম অর্থাৎ ক্ষুৎ পিপাসাদি আপনকার গুণ কথা রূপ পীযূষ পানেই নিবারিত হয় ॥ ১৬ ॥**

ন তেঽজরাক্ষভ্রমিরায়ুরেষাং ত্রয়োদশারং ত্রিশতং ষষ্টিপর্ব্ব।
ষণ্নেম্যনন্তচ্ছদি যৎ ত্রিনাভি করালস্রোতো জগদাচ্ছিদ্য ধাবৎ॥ ১৭॥
একঃ স্বয়ং সন্ জগতঃ সিসৃক্ষয়া দ্বিতীয়য়াত্মন্নধিযোগমায়য়া।

শ্রীধরস্বামী।

তব যৎ ত্রিনাভি কালচক্রং তৎ জগদাচ্ছিদ্য জগদাকৃষ্য ধাবদপি এষাং ভক্তানাং আয়ুরাচ্ছিদ্য ধাবন্ন ভবতি। কথং ভূত মজরং ব্রহ্ম। তদ্মিন্নক্ষরূপে ভ্রমি র্ভ্রমণং ভ্রমদিতি বক্তব্যে অতিভ্রমণশীলত্বাৎ উপচারেণ ভ্রমিরিত্যভেদ নির্দ্দেশঃ। অধিমাসেন সহ ত্রয়োদশ মাসা অরা যস্য। ত্রিশতং ষষ্টিশ্চাহোরাত্রাঃ পর্ব্বাণি যস্য শতশব্দে বিভক্তে রলুগার্ষঃ ষট্ ঋতবো নেময়ো যস্য। অনন্তাঃ ক্ষণলবাদয়শ্ছদা পত্রাণি পত্রাকারা ধারাঃ সন্তি যস্য। ত্রীণি চাতুর্ম্মাস্যানি নাভয়ঃ আধার ভূতানি বলয়ানি যস্য। করাল স্রোতস্তীব্রবেগং। এতৈর্ব্বিশেষণৈরেব বৎসরাত্মকং চক্রমুক্তং ইতি দ্রষ্টব্যং॥ ১৭॥

নন্থু নিরুপাধিমুদাসীনং মাং কিং যাচসে। তথাপি মায়য়া বিশ্বসৃষ্ট্যাদি কর্ত্তৃত্বাৎ ত্বমেব যাচ্য ইত্যাহ। স্বয়মেক এব সন্নপি: আত্মন্যধিকৃতয়া যোগমায়য়া হেতুনা যাঃ স্বীকৃতাঃ শক্তয়ঃ সত্বাদ্যাঃ তাভিঃ অদো বিশ্বং। স্বব্যতিরিক্ত সাধনানপেক্ষত্বে দৃষ্টান্তং যথেতি॥ ১৮॥

ক্রমসন্দর্ভঃ।

টীকায়াং ত্রিগুণেত্যধিকমেবাত্র ভাতি ত্রিনাভি শব্দাদেবৈব ব্যুৎপাদ্যত্বাৎ। পাঠস্তু ত্রিনাভীত্যেব সৎ পুস্তকে॥ ১৭॥

সকামৈরপি সর্ব্বাত্মা ভবানেব প্রার্থ্য ইত্যভিপ্রায়েণাহ। এক ইতি। সিসৃক্ষয়া হেতুনা আত্মন্ আত্মন্যধিকৃতা যা যোগমায়া তয়া চাধিকৃতা যাঃ স্বশক্তয়ঃ তাভিঃ সর্ব্বত্রৈব বিশেষণং। অদ্বিতীয়য়েতি। অর্থবশাদ্বিভক্তিবিপরিণামঃ। ভবানিতি কচিৎ পাঠঃ॥১৮

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

তএব কালং জয়ন্তি নান্যে ইত্যাহ ন তে ইতি যত্রিনাভি কালচক্রং তজ্জগদাচ্ছিদ্য সংহৃত্য ধাবদপি এষাং ভক্তানাং আয়ুরাচ্ছিদ্য ধাবন্নভবতীত্যন্বয়ঃ। কথম্ভূতং অজরং ব্রহ্ম তস্মিন্নক্ষরূপে ভ্রমিঃ। ভ্রমদিতি বক্তব্যে অতিভ্রমণশীলত্বাৎ উপচারেণ ভ্রমিরিত্যভেদনির্দ্দেশঃ। অধিমাসেন ত্রয়োদশমাসা অরা যস্য তৎ। ত্রিশতং ষষ্টিশ্চাহোরাত্রাঃ পর্ব্বাণি যস্য তৎ। শত শব্দে বিভক্তেরলুগার্ষঃ। ষট্ ঋতবো নেময়ো যস্য। অনন্তাঃ ক্ষণলবাদয়শ্ছদা পত্রাণি পত্রাকারা ধারাঃ সন্তি যস্য। ত্রীণি চাতুর্ম্মাস্যানি নাভয়ঃ আধারভূতানি বলয়ানি যস্য করালস্রোতস্তীব্রবেগং। এতৈর্ব্বিশেষণৈরেব সংবৎসরাত্মকং কালচক্রমুক্তমিতি দ্রষ্টব্যং॥১৭॥

নম্বেবং নিষ্কামভক্তানেব ধন্যান্ ব্রূষে অথচ নিষ্কামো ভবিতুং ন শক্নোষি তর্হি ত্বমাদেব দেবতান্তরাৎ শীঘ্রফলপ্রদাৎ কথং স্বকামং ন সাধয়সি তত্র ত্বাং বিনা জগত্যস্মিনন্যং কমপি নপশ্যামীত্যাহ স্বয়মেক এব সন্নপি ইচ্ছায়া দ্বিতীয়ত্বাভাবাৎ অদ্বিতীয়য়া সিসৃক্ষয়া যদা তব সিসৃক্ষা ব্রহ্মাদি সিসৃক্ষৈব নান্যানুরোধবতীত্যর্থঃ। আত্মনি স্বস্মিন্নধিগতঃ প্রাপ্তঃ ঈক্ষণযোগাৎ যোগো যস্যা তয়া মায়য়া সৃষ্ট্যাদিকং করোষি যদা আত্মন্যধিকৃতয়া যোগমায়য়া চিচ্ছক্ত্যা হেতুনা যাঃ স্বীকৃতাঃ সত্বাদ্যাঃ শক্তয়স্তাভিরদো

সুতরাং আপনকার ত্রিনাভি রূপ কালচক্র এই জগৎকে আকর্ষণ করিয়া ধাবমান হইতে থাকিলেও ঐ সকল ভক্তজনের আয়ুকে বল দ্বারা হরণ করিয়া লইয়া যাইতে পারে না, প্রভো! আপনকার এই কালচক্র অতি আশ্চর্য্য! উহা অজর ব্রহ্ম স্বরূপ অক্ষের উপরে নিরন্তর ভ্রমণ করিতেছে, মলমাসের সহিত ত্রয়োদশ মাস ইহার ত্রয়োদশ আর, ইহাতে তিন শত ষষ্টি অহোরাত্র রূপ তিনশত সাইটটা পর্ব্ব আছে, ছয় ঋতু ইহার ছয়টা নেমি, অসংখ্য ক্ষণ লবাদি ইহাতে পত্রাকার ধারা, তিন চাতুর্ম্মাস্য ইহার নাভি অর্থাৎ আধার স্বরূপ বলয়, ইহার বেগ অতি তীব্র অতএব ইহা দুরতিক্রম্য॥ ১৭॥

হে ভগবন্! আপনি স্বয়ং এক হইয়াও জগতের সৃজন বাসনায় আত্মাতে অধিকৃত দ্বিতীয় যোগ মায়ার প্রভাবে সত্বাদি শক্তি ত্রয় স্বীকার পূর্ব্বক সেই তিনটী শক্তি দ্বারা ঊর্ণনাভি অর্থাৎ মাকড়সার

সৃজস্যদঃ পাসি পুনর্গ্রসিষ্যসে যথোর্ণনাভির্ভগবান্ স্বশক্তিভিঃ ॥ ১৮ ॥
নৈতদ্বতাধীশ পদং তবেপ্সিতং যন্মায়য়া নস্তনুষে ভূতসূক্ষ্মং।
অনুগ্রহায়াস্ত্বপি যর্হি মায়য়া লসত্তুলস্যা ভগবান্ বিলক্ষিতঃ ॥ ১৯ ॥

### শ্রীধরস্বামী।

যদ্যপি মায়িকস্বাদ্ভক্তেভ্যো বিষয়সুখং দাতুং নেচ্ছসি তথাপ্যস্মদভিপ্রায়ানুসারেণ সম্পাদয়েত্যাহ নৈতদিতি। হে অধীশ নোঽস্মাকং ভজতাং ভূতসূক্ষ্মরূপং পদং শব্দাদি বিষয় সুখং মায়য়া তনুষে বিস্তারয়সীতি যৎ এতৎ তব যদ্যপীপ্সিতং ন ভবতি তথাপ্যস্মদনুগ্রহায়াস্তু ঋণত্রয়াপাকরণানন্তরমেবাপবর্গায় ভবত্বিত্যর্থঃ। যর্হি যতঃ মায়য়া পরিচ্ছিন্ন ইব লসন্ত্যা তুলস্যা যুক্তস্ত্বং বিলক্ষিতোসি। এবম্ভূতস্য তব দর্শনং যতো ভুক্তিমুক্তিপ্রদমিত্যর্থঃ ॥ ১৯ ॥

### ক্রমসন্দর্ভঃ।

অতঃ সকামত্বাত্তত্তো বহির্মুখ এব মাদৃশ ত্বংতু তত্রাপি পরম কৃপালুরিত্যাহ। নৈতদিতি। যৎ শব্দাদি রূপং বিষয়মস্মভ্যং তনুষে এতত্তব ঈপ্সিতং ন স্যাৎ কথং তর্হি তনোমি তত্রাহ। মায়য়া ব্যাজেনৈব মিথ্যৈনাগ্রজেন স্বস্মিং স্বৎ স্নেহবর্দ্ধনার্থমিতি বালানুজায় খণ্ডলড্ডুক দানবৎ তদ্ব্যাজেনাত্মনি স্নেহমেব বর্দ্ধয়িতুমিত্যর্থঃ। অতস্তদ্দানমনুগ্রহায়াস্তু ভবেৎ। তত্র লিঙ্গং। যর্হি যদ্বরদান সময়ে মায়য়া কৃপয়া হেতু ভূতয়া ত্বং দৃষ্টোসি তত্রাপি লসন্ত্যা ভক্তজনদৃষ্টৈঃ পরম সুখদয়া তুলস্যা যুক্ত ইতি ভগবানিত্যত্র তনুবেতি পাঠে তাদৃশ তুলসিকয়া তন্বেত্যর্থঃ। বরদানমাত্রং পারোক্ষ্যেণাপি ভবেদিতি ভাবঃ ॥ ১৯ ॥

### শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

বিশ্বং স্বব্যতিরিক্ত সাধনানপেক্ষত্বে দৃষ্টান্তঃ। অতস্তদ্ভিন্নস্য দেবতান্তরস্যাভাবাৎ সকামেনাপি ময়া ত্বমেব সেব্যসে ইতি ভাবঃ ॥ ১৮ ॥
এবঞ্চেত্তর্হি মৎপ্রসাদাৎ তব কলত্রাপত্যভোগৈশ্বর্য্যাণি পরমোত্তমানি ভবন্ত্বিতি বরং দদানং ভগবন্তং সপ্রণামমাহ নৈতদিতি দ্বাভ্যাং। হে অধীশ এতৎ পদং মৎকাম্যমানং বস্তু তব স্বভক্তমাত্রহিতকারিণো দাতুমীপ্সিতং ন ভবতি। নরাতি রোগিণো পথ্যং বাঞ্ছতোপি ভিষক্তম ইতি স্বদুক্তেরবসীয়ত ইতি ভাবঃ। কথং তর্হি দদামীতি তত্রাহ যদ্যস্মাদোস্মভ্যং ভূতসূক্ষ্মং শব্দাদীন্দ্রিয়ভোগ্যং বিষয়সুখং তনুষে দদাসি তৎ খলু মায়য়ৈব নস্তমায়য়া অনভিজ্ঞভক্তোঽয়মন্যথা বিমনস্কোভবিষ্যতীতি মদনুরোধেনৈবেত্যর্থঃ। বাসনাময়ং বিষয়সুখমন্তঃকরণে বর্ত্তত এব তদেব বরদানেন বিস্তারয়সীতি তনু ধাত্বর্থঃ। নম্বেবঞ্চেৎ তর্হি নদদামীতি তত্রাহ অনুগ্রহায়াস্তু দীয়মানমেতদস্তু কিং স্বনুগ্রহায়াপি। হন্ত হন্ত মন্যৈব দত্তেন বিষয় সুখবরেণ ভক্তোঽয়মন্ধে তমসি পাতিত স্তদিমমুদ্ধরামীত্যায়ত্যাং ত্বৎ কৃপা প্রাপ্ত্যর্থমপ্যস্ত্বিত্যর্থঃ। তত্র লিঙ্গং যর্হি বরদান সময়ে সংপ্রতি বিলক্ষিতং বিশেষেণ ত্বং দৃষ্ট স্তর্হি মায়য়া কৃপয়া মনঃস্পর্শিস্মিতেক্ষণমিত্যুক্তেঃ। স্মিতদ্যোতিত কৃপাকটাক্ষেণ বিশিষ্টএব দৃষ্টঃ। তত্রাপি লসন্ত্যা ভক্তজনৈঃ পরিচর্য্যায়াং সমর্পিতয়া দৃষ্টৈঃ পরমসুখদয়া তুলস্যা উপলক্ষিতা চিদানন্দময়ী যা তনু স্তয়া যুক্ত ইতি ভক্তপরিচরণীয়ত্বমেব ভবতোঽমায়িকত্বে লিঙ্গং। অমায়িক তনুদর্শন প্রদানমেব কৃপায়াং লিঙ্গং। ভগবানিত্যপ্যত্র পাঠঃ ॥ ১৯ ॥

ন্যায় এই বিশ্বের সৃষ্টি স্থিতি লয় করিতেছেন ॥ ১৮ ॥

হে অধীশ! আমরা আপনকার ভক্ত, ইহাতে আমাদের জঘন্য বিষয় সুখ মায়া দ্বারা বিস্তার করিতে যদিও আপনকার ইচ্ছা হইবে না, তথাচ আমাদের অভিপ্রায়ানুসারে তাহা সম্পন্ন করিয়া দিউন, তাহা হইলে আমাদের প্রতি যথেষ্ট অনুগ্রহ হইল, ইহাতেই আমরা দেব, ঋষি ও পিতৃ ঋণ মোচন পুরঃসর মুক্তি লাভ করিতে পারিব। প্রভো! আমরা আপনাকে মায়া দ্বারা পরিচ্ছিন্ন তুল্য বিলাসশালিনী তুলসীতে সমন্বিত অবলোকন করিতেছি, এবম্বিধ ভবদীয় দর্শনের ফল, ভোগ ও মোক্ষ দুই হইয়া থাকে ॥ ১৯ ॥

তং ত্বানুভূত্যোপরতক্রিয়ার্থং স্বমায়য়া বর্ত্তিতলোকতন্ত্রং।
নমাম্যভীক্ষ্ণং নমনীয় পাদসরোজমল্পীয়সি কামবর্ষং ॥ ২০ ॥
শ্রীমৈত্রেয় উবাচ ॥
ইত্যব্যলীকং প্রণুতো হব্জনাভস্তমাবভাষে বচসামৃতেন।
সুপর্ণপক্ষোপরিরোচমানঃ প্রেমস্মিতোদ্বীক্ষণবিভ্রমদ্‌ভ্রূঃ ॥ ২১ ॥
শ্রীভগবানুবাচ ॥
বিদিত্বা তব চৈত্যং মে পুরৈব সমযোজি তৎ। যদর্থমাত্মনিয়মৈস্ত্বয়ৈবাহং সমর্চ্চিতঃ ॥ ২২ ॥

শ্রীধরস্বামী।

তং ত্বাং ভুক্তি মুক্তিপ্রদং নমামি। মুক্তিত্বে হেতুঃ অনুভূত্যা জ্ঞানেন উপরতঃ ক্রিয়ার্থঃ কর্ম্মফলভোগো যস্মিন্। ভোগ প্রদত্বে হেতুঃ স্বমায়য়া আবর্ত্তিতং লোকতন্ত্রং বিশ্বোপকরণং যেন। অতঃ সকামৈ র্নিষ্কামৈশ্চ নমনীয়ং পাদসরোজং যস্য তং তত্রাল্পীয়সি সকামে পুংসি ভজনে বা কামান্ বর্ষতীতি তথা তং। ২০ ॥

অমৃতেন সুখকরেণ প্রেমস্মিতাভ্যাং ঈক্ষণেন বিভ্রমন্তী ভ্রূর্যস্য ॥ ২১ ॥

চৈত্যং হার্দ্দং ভাবং মে ময়া সমযোজি সংঘটিতং যদর্থমেবাহং সমর্চ্চিতঃ তৎ ॥ ২২ ॥

ক্রমসন্দর্ভঃ।

তং পরম প্রীতিদং তত্র হেতুঃ। ভক্তানাং নিজানুভবেন শিথিলিত কর্ম্মফলভোগং তদনুভবাদন্যত্র তু শ্বেত্যাদিরূপং। তস্মান্মহতাং স্বভাবত এব নমনীয় পদাব্জং অতি ক্ষুদ্র এব কামবর্ষিত্বেন স্ফুরন্তমিতি ॥ ২০ ॥

প্রেম পূর্ব্বকং যৎস্মিতং তৎ পূর্ব্বকং যদ্বীক্ষণং তস্য গরুড়াদিষু তৎ সৌজন্য ব্যঞ্জনায় বিভ্রমন্তৌ ভ্রুবৌ যস্য ॥ ২১ ॥

চৈত্যং লোকব্যবহারানুসৃতাবপি মৎপ্রীত্যৈকতাৎপর্য্যময়ং হার্দ্দং তব জ্ঞাত্বা তদুচিতমেব সমযোজি পর্য্যবসানতঃ স্বয়মেব পুত্রঃ স্যামিতি। অতঃ সকামত্বেপি মৎপ্রীত্যৈক তাৎপর্য্যত্বাত্ত্বয়ৈবাহং সম্যগর্চ্চিতঃ। তথানান্যৈ র্নিষ্কামৈরপীত্যর্থঃ ॥ ২২ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

নন্বেতদ্দ্বয়্যসম্ভবমিত্যাহ তং ত্বাং অনুভূত্যা উপরতঃ ক্রিয়ার্থঃ কর্ম্মফলভোগো যস্মাত্তং যদা কৃপয়া স্বমাধুর্য্যানুভবং দাস্যসি তদৈব ভোগেচ্ছা স্বয়মেবাপযাস্যতীতি ভাবঃ। স্বমায়য়া স্বীয়মায়াশক্তি প্রেরণয়া বর্ত্তিতং জনিতং লোকানাং দেবতির্য্যগাদীনাং তন্ত্রং কর্ম্মফল সুখদুঃখ সম্বন্ধি পরিচ্ছদো যেন তং। যাবদবিদ্যাং প্রেরয়সি তাবদ্ভোগেচ্ছা ভবত্যেবেতি ভাবঃ। তেন সংপ্রতি সৃষ্টিং বিবর্দ্ধয়িষুরস্মান্ কামসম্বলিতান্ করোষীতি সতাপি বিবেকেন কামাংস্ত্যক্তুং নশক্নুম ইত্যাহ। অল্পীয়সতি নিকৃষ্টেপি মদ্বিধে জনে কামান্ বর্ষসীতি তথা তং ॥ ২০ ॥ অব্যলীকং নিষ্কপটং ॥ ২১ ॥

চৈত্যং চিত্তাভিপ্রায়ং দিগাদিষদন্তাৎ স্বার্থেষ্ণন মে ময়া সমযোজি সংঘটিতং ত্বয়া অহমেব নান্যঃ ॥ ২২ ॥

হে ভগবন্! ত্বদ্বিষয়ক জ্ঞান জন্মিলে কর্ম্মের ফলভোগ উপরত হইয়া যায়, আর আপনি স্বীয় মায়া দ্বারা এই লোকতন্ত্র অর্থাৎ বিশ্বের উপকরণকে সর্ব্বদা আবর্ত্তিত করিতেছেন, অধিকন্তু আপনি ক্ষুদ্র জনের অর্থাৎ সকাম পুরুষের কাম বর্ষণ করিয়া থাকেন, এই নিমিত্তই কি সকাম কি নিষ্কাম সকল ব্যক্তিই আপনার পাদপদ্মে প্রণত হয় অতএব আপনিই ভুক্তি মুক্তি দাতা, আমি সর্ব্বদা আপনাকেই প্রণাম করি ॥ ২০ ॥

মৈত্রেয় কহিলেন পদ্মনাভ ভগবান্ গরুড়ের পক্ষোপরি বিরাজ করিতে করিতে কর্দ্দমের ঐ সমস্ত অকপট বচন শ্রবণ করিয়া ঈষৎ হাস্য করত সপ্রেমে কটাক্ষ নিক্ষেপ করিলেন, তাহাতে তাঁহার ভ্রূদ্বয় যেন উদ্ভ্রান্ত হইল। পরে সুধাবহ সুমধুর বচনে কহিতে লাগিলেন ॥ ২১ ॥

অহে ঋষিবর কর্দ্দম! তুমি যে জন্য আত্ম নিয়ম দ্বারা সর্ব্ব প্রকারে আমার আরাধনা করিলে, তোমার মনোভিলষিত অবগত হইয়া আমি পূর্ব্বেই তাহার সংযোগ করিয়া রাখিয়াছি ॥ ২২ ॥

নবৈ জাতু মৃষৈব স্যাৎ প্রজাধ্যক্ষমদর্হণং। ভবদ্বিধেষ্বতিতরাং ময়ি সংগৃভিতাত্মনাং॥ ২৩॥
প্রজাপতিপতিঃ সম্রাট্ মনুর্বিখ্যাতমঙ্গলঃ। ব্রহ্মাবর্ত্তং যোঽধিবসন্ শাস্তি সপ্তার্ণবাং মহীং॥২৪॥
সচেহ বিপ্র রাজর্ষি র্মহিষ্যা শতরূপয়া। আয়াস্যতি দিদৃক্ষুস্ত্বাং পরশো ধর্ম্মকোবিদঃ।
আত্মজামসিতাপাঙ্গীং বয়ঃ শীলগুণান্বিতাং। মৃগয়ন্তীং পতিং দাস্যত্যনুরূপায় তে প্রভো॥ ২৫॥
সমাহিতং তে হৃদয়ং যত্রেমান্ পরিবৎসরান্। সা ত্বাং ব্রহ্মন্ নৃপবধূঃ কামমাশু ভজিষ্যতি॥ ২৬॥

শ্রীধরস্বামী।

ময়ি সংগৃভিতঃ সংগৃহীতঃ একাগ্রীকৃতঃ আত্মা চিত্তং যৈঃ তেষাং মদর্হণং ত্বাদৃশেষু অতিতরাং সর্ব্বথা মৃষা নিষ্ফলং ন স্যাৎ।২৩।

বিখ্যাতং মঙ্গলং অভ্যুদয় সদাচারাদি লক্ষণং যস্য॥ ২৪॥

হে বিপ্র মহিষ্যা সহ॥ ২৫॥

যত্র যস্যাং ভার্য্যায়াং সমাহিতং অভিসন্ধানেন স্থিতং। নৃপবধূঃ রাজকন্যা॥ ২৬॥

ক্রমসন্দর্ভঃ।

তত্র কৈমুত্যেন হেতুঃ নবা ইতি। সত্যং দিশত্যর্থিতমর্থিতো নৃণামিত্যাদি ন্যায়েন মদর্হণমাত্রং মৃষৈব তুচ্ছ ফলদমেব ন স্যাৎ। কিন্তুতেষাং পরমার্থ ফলমপি স্যাৎ ময়ি সংগৃভিতাত্মনাং মধ্যে ত্বাদৃশেষু ত্বতিতরামিত্যর্থঃ॥ ২৩॥

সপ্তার্ণবামিতি। ভাবিনি ভূতবদুপচারঃ। প্রিয়ব্রত রথখাতত্বাত্তেষাং॥ ২৪॥

প্রভো হে মদারাধনভাবযুক্ত॥ ২৫॥

ইমান্ এতান্ বৎসরান্ ব্যাপ্য সমাহিতং মদর্পিতং ত্বত্তবহৃদয়ং তদত্র বর্ত্ততে। যস্যামেব সধর্ম্মচারিণীত্বযোগ্যং ত্বদীয় হৃদয় তুল্যং হৃদয়ং বর্ত্ততে ইত্যর্থঃ। বক্ষ্যতে চ শ্রীমনুনা। সর্ব্বাত্মনানুরূপাং ত ইতি॥ ২৬। ২৭॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

নচ মদ্ভজনং কামং দদৈব কেবলমুপক্ষীয়তে কিন্তু মৎপদমপি দদাতীতি সমাধিসিদ্ধীত্যাহ সত্যং দিশত্যর্থিতমর্থিতো নৃণামিতি ন্যায়েন মদদর্হণমাত্রং মৃষৈব তুচ্ছফলদমেব ন স্যাৎ কিন্তু মৎপদপ্রদমেব স্যাৎ অত্রাপি ময়ি সংগৃভিতাত্মনাং নিহিতমনসাং ভক্তানাং মধ্যে ত্বাদৃশেষু ত্বতিতরামিত্যর্থঃ। স্বপ্রবোর্ত্তিষ্ণুদনীতি তকারঃ ছন্দোঽনুরোধার্থং॥ ২৩। ২৪॥

হে বিপ্র॥

বয়ঃশীলাদিভিরনুরূপায়॥ ২৪॥

যত্র যস্যাং তব হৃদয়ং সমাহিতমাসক্তং। নৃপবধূঃ রাজকন্যা॥ ২৬॥

হে প্রজাধ্যক্ষ! তোমার সদৃশ যে সকল পুরুষ স্ব স্ব চিত্ত আমাতে একাগ্র করিয়া আমার অর্চ্চনা করে তাহাদের সেই অর্চ্চনা কখন নিষ্ফলা হয় না, অতএব তুমি যাহা বাঞ্ছা করিতেছ অবশ্যই তাহা সিদ্ধ হইবে॥ ২৩॥

প্রজাপতিদিগের পতি সম্রাট্ মনুর সদাচারাদি রূপ মঙ্গল সর্ব্বত্র বিখ্যাত। যিনি ব্রহ্মাবর্ত্ত দেশে বাস করিয়া সপ্ত সাগর সমন্বিতা পৃথিবী শাসন করিতেছেন॥ ২৪॥

হে বিপ্র! সেই ধর্ম্মজ্ঞ মনু তোমাকে দেখিবার নিমিত্ত মহিষী শতরূপার সহিত পরশ্ব দিবস আগমন করিবেন। তাঁহার একটি পরমা সুন্দরী কন্যা আছে; সে তরুণ বয়স্কা এবং শীল গুণ সমন্বিতা, আপনার অনুরূপ পতি অন্বেষণ করিতেছে, তুমিই তাহার উপযুক্ত পাত্র, বোধ হয় মনু তোমাকেই সেই কন্যা সম্প্রদান করিবেন॥ ২৫॥

বৎস কর্দ্দম! ভার্য্যা নিমিত্ত তোমার চিত্ত বহু বৎসরাবধি সমাহিত হইয়াছে, আর চিন্তা করিতে হইবে না সেই রাজকন্যা অচিরে তোমাকে ভজনা করিবেন॥ ২৬॥

যা ত আত্মভৃতং বীর্য্যং নবধা প্রসবিষ্যতি। বীর্য্যে ত্বদীয়ে ঋষয় আধাস্যন্ত্যঞ্জসাত্মনঃ ॥ ২৭ ॥
ত্বঞ্চ সম্যগনুষ্ঠায় নিদেশং মে উশত্তমঃ। ময়ি তীর্থীকৃতাশেষ ক্রিয়ার্থো মাং প্রপৎস্যসে ॥ ২৮ ॥
কৃত্বা দয়াঞ্চ জীবেষু দত্ত্বাচাভয়মাত্মবান্। ময্যাত্মানং সহ জগৎ দ্রক্ষস্যাত্মনি চাপি মাং ॥ ২৯ ॥
সহাহং স্বাংশকলয়া ত্বদ্বীর্য্যেণ মহামুনে। তব ক্ষেত্রে দেবহূত্যাং প্রাণেষ্যে তত্ত্বসংহিতাং ॥ ৩০ ॥

শ্রীধরস্বামী।

তে বীর্য্যং আত্মনি ভৃতং ধৃতং যা প্রসবিষ্যতি সা ভজিষ্যতি। বীর্য্যে বীর্য্যপ্রসূতাসু কন্যাসু অঞ্জসা আত্মনঃ পুত্রানাধাস্যন্তি ॥ ২৭ ॥
নিদেশমাজ্ঞাং উশত্তমঃ শুদ্ধসত্ত্বঃ তীর্থং পাত্রং তেন দানং লক্ষ্যতে ময়ি সমর্পিত সর্ব্ব কর্ম্ম ফল ইত্যর্থঃ ॥ ২৮ ॥
গার্হস্থ্যেন দয়াং কৃত্বা সংন্যাসেনচ অভয়ং দত্ত্বা ময়ি আত্মানং জগচ্চ সহ একীভূতং দ্রক্ষ্যসি ॥ ২৯ ॥
ত্বদ্বীর্য্যেণ সহ দেবহূত্যাং অবতীর্য্যেতি শেষঃ ॥ ৩০ ॥

ক্রমসন্দর্ভঃ।

অহং তাবৎ পাত্রত্বাত্তীর্থং। ততো ময়ি যৎ সমর্পিতং তদপি মদস্তঃ পাতাতিশয় বিবক্ষয়া তীর্থমেবোচ্যতে ইতি ভাবঃ ॥ ২৮ ॥
ময়ি পরমাশ্রয়ে আত্মানং দ্রক্ষ্যসি। আত্মনি তদধিষ্ঠানে মাং। তচ্চ সহ জগদ্যথা স্যাত্তথৈব জগদপি দ্রক্ষ্যসীত্যর্থঃ ॥ ২৯ ॥
বীর্য্যং প্রভাবঃ তেন সহ ব্যক্তিভূয়েতি শেষঃ। মদ্ব্যক্তৌ ত্বত্তপঃ প্রভাবো ব্যক্তো ভবিষ্যতীত্যর্থঃ। বক্ষ্যতেচ প্রজাপতিনা-শুক্লোবিতন্মামকং যশ ইতি ॥ ৩০। ৩১। ৩২। ৩৩ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

তে বীর্য্যং আত্মনি ভৃতং নবধা নবাপত্যরূপেণেত্যর্থঃ। বীর্য্যে বীর্য্যপ্রসূতাসু কন্যাসু অঞ্জসা আত্মনো বীর্য্যমাধাস্যন্তি ॥ ২৭ ॥
অনুগ্রহায়াস্থিতি যৎ প্রার্থিতং তত্রাহ ত্বঞ্চেতি দ্বাভ্যাং। তীর্থং পাত্রং তেন দানং লক্ষ্যতে ময়ি সমর্পিত সর্ব্বকর্ম্মফল ইত্যর্থঃ ॥২৮
গার্হস্থে অন্নাচ্ছাদনাদিদানৈর্জীবেষু দয়াং কৃত্বা বৈরাগ্যে অভয়ং মদ্ভক্ত্যুপদেশেনেত্যর্থঃ। ময্যধিষ্ঠানতত্ত্বে পরমেশ্বরে সর্ব্বং জগদাত্মসহিতমস্তীতি যৎ শাস্ত্রদৃষ্ট্যা সাম্প্রতং জানাসি তদেব তদা সাক্ষাদেব দ্রক্ষ্যসি প্রথমাদিপুরুষং কারণার্ণবশায়িনং সহস্র শীর্ষাদিস্বরূপং মাং দ্রক্ষ্যসি। তত্তত্তৈব মম রোমকূপেষু অনন্তকোটি ব্রহ্মাণ্ডান্যাত্মসহিতানি সাক্ষাদ্দ্রক্ষ্যসীত্যর্থঃ। তথা আত্মনি স্বস্মিন্নন্তর্যামিণং মাং সম্প্রত্যধুনা জানাস্যেব তদাতু কেচিৎ স্বদেহান্তর্হৃদয়াবকাশে প্রাদেশমাত্রং পুরুষং বসন্তং চতুর্ভুজং শঙ্খ গদাদীতি দ্বিতীয়স্কন্ধোক্তং তৃতীয়পুরুষং ক্ষীরোদনাথং মামেব সাক্ষাদ্দ্রক্ষ্যসীতি সৃজ্যাসৃজ্যং সর্ব্বং বস্তু ত্বামহং দর্শয়িষ্যামীতি ফলিতার্থঃ। যথা ময়ি পুত্রভূতে শ্রীযশোদেব জগদাত্মানং দ্রক্ষ্যসি তথাত্মনি চাপি মাং শ্রীগোপীব তং কাচিন্নেত্ররন্ধ্রেণ হৃদি কৃত্বা নিমীল্যচ। পুলকাঙ্গ্যুপগুহ্যাস্তে যোগীবানন্দ সংপ্লুতেত্যুক্তিরীত্যা দ্রক্ষ্যসীতি ॥ ২৯ ॥
কিঞ্চান্যাঞ্চ কাঞ্চিদানন্দস্য বার্ত্তাং শৃণ্বিত্যাহ। সহাহমিতি ত্বদ্বীর্য্যেণ ত্বৎকন্যাপত্যবৃন্দেন সহ আবির্ভূয়েতি শেষঃ ॥ ৩০ ॥

এবং তোমার যে বীর্য্য আত্মাতে ধৃত আছে, তাহা নয় প্রকারে প্রসব করিবেন। অপর তোমার ঔরসে যে সকল কন্যা জন্মিবে ঋষিগণ তাহাদের গর্ব্ভে পুত্রাধান করিবেন ॥ ২৭ ॥

বৎস! তুমি আমার আজ্ঞা সম্যক্ রূপে পালন পূর্ব্বক আমাতে সকল কর্ম্মের ফল সমর্পণ কর, তাহা হইলে তুমি শুদ্ধ সত্ত্ব হইয়া অবশেষে আমাকেই প্রাপ্ত হইবে ॥ ২৮ ॥

তুমি গৃহাশ্রমে প্রবিষ্ট হইয়া জীবের প্রতি দয়া করিও অর্থাৎ অন্নাদি দান দ্বারা তাহাদের পরিতোষ জন্মাইবে, তদনন্তর সন্ন্যাস ধর্ম্ম অবলম্বন করিয়া প্রাণিমাত্রকেই অভয় দান করিও, এই রূপ করিলেই শেষে আমাতে তোমার আত্মা ও জগৎ এই দুইকে একীভূত এবং তোমার আত্মাতে আমাকেও অভিন্ন দেখিতে পাইবে ॥ ২৯ ॥

তাহার পর আমিও তোমার বীর্য্য সহ আপনার অংশ কলায় তোমার ক্ষেত্র দেবহূতির গর্ব্ভে জন্ম গ্রহণ করিয়া তত্ত্বসংহিতা প্রণয়ন করিব ॥ ৩০ ॥

এবং তমনুভাষ্যাথ ভগবান্ প্রত্যগক্ষজঃ। জগাম বিন্দুসরসঃ সরস্বত্যা পরিশ্রিতাৎ ॥ ৩১ ॥
নিরীক্ষতস্তস্য যযাবশেষসিদ্ধেশ্বরাভিষ্টুতসিদ্ধমার্গঃ।
আকর্ণয়ন্ পত্ররথেন্দ্রপক্ষৈরুচ্চারিতং স্তোমমুদীর্ণ সাম ॥ ৩২ ॥
অথ সংপ্রস্থিতে শুক্লে কর্দ্দমো ভগবানৃষিঃ। আস্তে স্ম বিন্দুসরসি তং কালং প্রতিপালয়ন্ ॥ ৩৩ ॥
মনুঃ স্যন্দনমাস্থায় শাতকৌম্ভপরিচ্ছদং। আরোপ্য স্বাং দুহিতরং সভার্য্যঃ পর্য্যটন্মহীং ॥ ৩৪ ॥

শ্রীধরস্বামী।

প্রত্যগ্ভূতেষক্ষেষু জায়তে আবির্ভবতীতি প্রত্যগক্ষজঃ সরস্বত্যা নদ্যা পরিবেষ্টিতাৎ ॥ ৩১ ॥

অশেষৈ স্তপো মন্ত্রাদি সিদ্ধেশ্বরৈরভিষ্টুতঃ সিদ্ধমার্গো বৈকুণ্ঠমার্গো যস্ত যদ্বা অশেষ সিদ্ধেশ্বরাভিষ্টুতশ্চাসৌ সিদ্ধৈর্ম্মৃগ্যত ইতি সিদ্ধমার্গশ্চ স যযৌ। পত্ররথেন্দ্রো গরুড়স্তস্য পক্ষৈরুদীর্ণং অভিব্যক্তং সামাকর্ণয়ন্। বৃহদ্রথন্তরে পক্ষাবিতি শ্রুতেঃ। উচ্চারিতং স্তোমঞ্চ সামাধার ভূতানামৃচাং সমুদায়ং শৃণ্বন্ স্তোম আস্মেতি শ্রুতেঃ। সমাস পাঠে উচ্চারিতঃ স্তোম স্তোত্রীয় সমুদায়ো যস্ত সাম্ন ইতি ॥ ৩২ ॥

তং কালং পরশ্ব ইত্যুক্তং প্রতীক্ষ্যমাণঃ ॥ ৩৩ ॥

শাতকৌম্ভাঃ সৌবর্ণাঃ পরিকরা যস্মিন্ তং রথমাস্থায় দুহিতরঞ্চারোপ্য বরান্বেষণার্থং পর্য্যটন্ ॥ ৩৪ ॥

ক্রমসন্দর্ভঃ।

মনুরিতি যুগ্মকং ॥ ৩৪। ৩৫ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

প্রত্যগ্ভূতেষক্ষেষু জায়তে আবির্ভবতীতি সঃ। সরস্বত্যা নদ্যা পরিশ্রিতাৎ পরিবেষ্টিতাৎ ॥ ৩১ ॥

তস্য কর্দ্দমস্ত নিরীক্ষ্যমাণস্য সতঃ। অশেষৈঃ সিদ্ধেশ্বরৈরভিষ্টুতঃ সিদ্ধমার্গো বৈকুণ্ঠমার্গো যস্য সঃ। পত্ররথেন্দ্রো গরুড় স্তস্য পক্ষৈরুচ্চারিতং স্তোমং ঋক্সমুদায়ং শৃণ্বন্ কীদৃশং উদীর্ণমভিব্যক্তং সাম যৎ তৎস্বরূপং। সমাসপাঠে উচ্চারিতঃ স্তোমঃ স্তোত্রীয় সমুদায়ো যস্য তথাভূতং যদুদীর্ণং সাম তৎ বৃহদ্রথান্তরে পক্ষাবিতি শ্রুতেঃ ॥ ৩২ ॥

তং কালং পরশ্ব ইত্যুক্তং প্রতীক্ষ্যমাণঃ ॥ ৩৩ ॥

যদহো ভগবান্ সমাদিশৎ তস্মিন্নহনি মহীং পর্য্যটন্ মুনেরাশ্রমপদং উপায়াদিত্যন্বয়ঃ ॥ ৩৪ ॥

কর্দ্দমের স্তবে আবির্ভূত ভগবান্ ঐ প্রকার উপদেশ করিয়া সরস্বতী নদী বেষ্টিত সেই বিন্দু সরোবর হইতে প্রস্থান করিলেন ॥ ৩১ ॥

কর্দ্দম দেখিতে লাগিলেন, ভগবান্ তাঁহার সমক্ষেই তদুচ্চারিত সামবেদের ঋক্ সকল শ্রবণ করিতে করিতে যাইতে লাগিলেন, ঐ সকল সামধ্বনি পতগশ্রেষ্ঠ গরুড়ের পক্ষবাতে সর্ব্বতোভাবে ব্যক্ত হইতেছিল, সুতরাং সুন্দর রূপে শ্রবণগোচর হইতে লাগিল। অহে বিদুর! কর্দ্দম যে ভগবানের স্তব নিমিত্ত সামবেদীয় ঋক্ উচ্চারণ করিয়াছিলেন ইহাতে আশ্চর্য্য বোধ করিও না তপোমন্ত্রাদি সিদ্ধ অন্যান্য ঈশ্বরগণ যাঁহার স্তব করেন এবং সিদ্ধ জনে যাঁহার বর্ত্ম অন্বেষণ করিয়া থাকেন তাঁহার স্তুতি কে না করিবে? ॥ ৩২ ॥

সে যাহা হউক, ভগবান্ প্রস্থান করিলে ঋষিবর কর্দ্দম সেই কাল প্রতীক্ষা করত বিন্দুসরোবরের তীরেই অবস্থিতি করিলেন ॥ ৩৩ ॥

অহে বিদুর। এই সময়ে স্বায়ম্ভুব মনু ভার্য্যার সহিত স্বর্ণময়ী সজ্জায় সুসজ্জিত রথে আরূঢ় হইয়া আত্মজাকে তদুপরি আরোপণ করত তাহার বরান্বেষণার্থ পৃথিবী পর্য্যটন করিতে করিতে ॥ ৩৪ ॥

তস্মিন্ সুধন্বন্নহনি ভগবান্ যৎ সমাদিশৎ। উপায়াদাশ্রমপদং মুনেঃ শান্তব্রতস্য তৎ ॥ ৩৫ ॥
যস্মিন্ ভগবতো নেত্রান্ন্যপতন্ হর্ষবিন্দবঃ। কৃপয়া সংপরীতস্য প্রপন্নেঽর্পিতয়া ভৃশং ॥ ৩৬ ॥
তদ্বৈ বিন্দুসরো নাম সরস্বত্যা পরিপ্লুতং। পুণ্যং শিবামৃতজলং মহর্ষিগণসেবিতং ॥ ৩৭ ॥
পুণ্যদ্রুমলতাজালৈঃ কূজৎ পুণ্যমৃগদ্বিজৈঃ। সর্ব্বর্ত্তুফল পুষ্পাঢ্যং বনরাজি শ্রিয়ান্বিতং ॥ ৩৮ ॥
মত্তদ্বিজগণৈর্ঘুষ্টং মত্তভ্রমরবিভ্রমং। মত্তবর্হিনটাটোপমাহ্বয়ন্মত্তকোকিলং ॥ ৩৯ ॥

শ্রীধরস্বামী।

হে সুধন্বন্ বিদুর যৎ অহঃ। ৩৫ ॥
তৎ প্রবেশ মাত্রেণ পরমানন্দং প্রাপ্ত ইতি দর্শয়িতুং আশ্রমং বর্ণয়তি যস্মিন্নিত্যাদিভিঃ সপ্তভিঃ শ্লোকৈঃ। প্রপন্নে কর্দ্দমে ॥৩৬
শিবমারোগ্যং অমৃতবৎ স্বাদু জলং যস্মিন্ ॥ ৩৭ ॥
কূজন্তঃ পুণ্যা মৃগা দ্বিজাশ্চ যেষু তৈঃ পুণ্যদ্রুমলতানাং জালৈঃ সমূহৈঃ যুক্তং ॥ ৩৮ ॥
ঘুষ্টং নাদিতং মত্তভ্রমরাণাং বিভ্রমো বিনোদো যস্মিন্। মত্তা বর্হিণ এব নটা স্তেষামাটোপো নৃত্য সম্ভ্রমো যস্মিন্। আহ্বয়ন্তঃ মিথো মত্তাঃ কোকিলা যস্মিন্ ॥ ৩৯ ॥

ক্রমসন্দর্ভঃ।

যস্মিন্নিতি সপ্তকং। প্রপন্নে প্রপন্নমাত্রে। অর্পিতয়া তদেকসংক্রান্তয়েত্যর্থঃ। যস্মিন্নিব তৎ। অশ্রুবিন্দুবৃন্দ স্বরূপং বিন্দু-সরো নাম সরোঽভূদিত্যর্থঃ। টীকায়াং শিবমারোগ্যমিতি আয়ুর্ঘৃতমিতিবৎ আরোগ্যজনকমিত্যর্থঃ। অরোগমিতি ক্বাপি ॥ ৩৬। ৩৭। ৩৮। ৩৯। ৪০। ৪১। ৪২ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

হে সুধন্বন্ হে বিদুর ॥ ৩৫ ॥
আশ্রমং বর্ণয়তি যস্মিন্নিতি সপ্তভিঃ শ্লোকৈঃ প্রপন্নে কর্দ্দমে। ৩৬। ৩৭ ॥
লতাজালৈরন্বিতং ॥ ৩৮ ॥
ঘুষ্টং নাদিতং। মত্তা বর্হিণএব নটাস্তেষামাটোপো নৃত্যসংভ্রমো যস্মিংস্তং মিথ আহ্বয়ন্তো মত্তা কোকিলা যস্মিংস্তং ॥৩৯। ৪০॥

ভগবান্ যে দিবস আসিবার কথা বলিয়াছিলেন সেই দিনেই শান্তব্রত ঐ কর্দ্দম মুনির আশ্রমে আসিয়া উপস্থিত হইলেন ॥ ৩৫ ॥

বৎস বিদুর! ঐ আশ্রম সামান্য নহে, সেই স্থানে ঋষিবর কর্দ্দম ভগবানের শরণাপন্ন হওয়াতে তাঁহার প্রতি ভগবানের অন্তঃকরণ করুণায় আর্দ্র এবং নেত্র হইতে আনন্দবারি পতিত হইয়াছিল ॥৩৬॥

বিদুর ঐ আশ্রমের নামই বিন্দুসরোবর, উহাই সরস্বতীর জলে অভিষিক্ত হয়। বৎস! ঐ স্থান সামান্য নহে, অতি পবিত্র, সেখানকার জল রোগ নাশক ও অমৃত তুল্য সুস্বাদু, মহর্ষিগণ সর্ব্বদাই ঐ সলিল সেবন করিয়া থাকেন ॥ ৩৭ ॥

অপর সে স্থান অনেকানেক পুণ্যবৃক্ষ ও লতা সমূহ দ্বারা বিরাজমান, ঐ সকল পাদপ ও লতার শাখায় পক্ষিগণ এবং তলে মৃগ সকল মনোহর স্বরে নানা প্রকার অব্যক্ত শব্দ করিতেছে। আর তথায় সকল ঋতুর ফল পুষ্প সর্ব্বদাই সমৃদ্ধিশালী এবং সেই স্থল বহু বহু বনরাজির শোভা-সমন্বিত ॥ ৩৮ ॥

অপিচ তথাকার বিহগকুল মত্ত হইয়া সুমধুর স্বরে শব্দ করাতে কতই কলরব বোধ হয়, আর তথায় ভ্রমর নিকর মত্ত হইয়া নানা প্রকারে ক্রীড়া করে এবং মত্ত মত্ত ময়ূরগণ নটের ন্যায় নৃত্য করিয়া বেড়ায়। অপর কোকিলকুলও মত্ত হইয়া পরস্পারের আহ্বান নিমিত্ত বাক্য বিরচন করে ॥৩৯॥

কদম্ব চম্পকাশোক করঞ্জ বকুলাসনৈঃ। কুন্দ মন্দার কুটজৈশ্চূতপোতৈরলঙ্কৃতং ॥ ৪০ ॥
কারণ্ডবৈঃ প্লবৈ র্হংসৈঃ কুররৈর্জ্জলকুক্কুটৈঃ। সারসৈশ্চক্রবাকৈশ্চ চকোরৈ র্বল্গুকূজিতং ॥ ৪১ ॥
তথৈব হরিণৈঃ ক্রোড়ৈঃ শ্বাবিদ্গবয় কুঞ্জরৈঃ। গোপুচ্ছৈর্হরিভির্ম্মর্কৈ র্নকুলৈ র্নাভিভির্বৃতং ॥ ৪২ ॥
প্রবিশ্য তত্তীর্থবরমাদিরাজঃ সহানুগঃ। দদর্শ মুনিমাসীনং তস্মিন্ হুতহুতাশনং ॥ ৪৩ ॥
বিদ্যোতমানং বপুষা তপস্যুগ্রযুজা চিরং ॥ ৪৪ ॥
নাতিক্ষামং ভগবতঃ স্নিগ্ধাপাঙ্গাবলোকনাৎ। তদ্ব্যাহৃতামৃতকলা পীযূষ শ্রবণেনচ ॥ ৪৫ ॥

শ্রীধরস্বামী।

কদম্বাদিভি র্বৃক্ষৈরলঙ্কৃতং ॥ ৪০ ॥

কারণ্ডবাদিভিঃ পক্ষিভিঃ বল্গু যথা ভবতি যথা কূজিতং ॥ ৪১ ॥

হরিণাদিভির্বৃতং তত্র ক্রোড়ঃ শূকরঃ। শ্বাবিৎ শল্লকঃ মর্কো মর্কটঃ তদ্বিশেষা গোপুচ্ছা হরির্ব্বানরঃ সিংহো বা নাভিঃ কস্তূরী মৃগঃ ॥ ৪২ ॥ হুতঃ হুতাশনো ব্রহ্মচারি যোগ্যো যেন ॥ ৪৩ ॥

উগ্রা যুক্ যোগো যস্যা তেন বপুষা বিদ্যোতমানং ॥ ৪৪ ॥

তস্য ভগবতো ব্যাহৃতং ভাষণমেবামৃতকলা অমৃত মণ্ডলস্য চন্দ্রস্য কলা তন্ময়ং পীযূষং তস্য শ্রবণেনচ নাতিক্ষামং তপসা কৃশং তথাপ্যকৃশং ॥ ৪৫ ॥

ক্রমসন্দর্ভঃ।

প্রবিশ্যেতি সার্দ্ধদ্বয়কং। নাতীতি নৈবেত্যার্থঃ ॥ ৪৩। ৪৪। ৪৫। ৪৬। ৪৭। ৪৮। ৪৯ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

তত্রত্যান্ বৃক্ষানুক্ত্বা পক্ষিণ আহ কারণ্ডবৈরিত্যাদি ॥ ৪১ ॥

মৃগানাহ তথৈবেতি। ক্রোড়ঃ শূকরঃ। শ্বাবিৎ শল্লকঃ। মর্কো মর্কটঃ। গোপুচ্ছস্তদ্বিশেষঃ হরিঃ সিংহঃ নাভিঃ কস্তূরীমৃগঃ ॥ ৪২। ৪৩ ॥ তপসি তপোমধ্য এব উগ্রা যুক্ যোগো যত্র তেন ॥ ৪৪ ॥

তদপি ন অতিক্ষামং অনতিকৃশং। তত্র কৃপাপাঙ্গেতি তদ্ব্যাহৃতেতি হেতুদ্বয়ং তদ্ব্যাহৃতমেবামৃতকলস্য চন্দ্রস্য আ সম্যক্ পীযূষং তস্য শ্রবণেনেত্যনেন তন্মুখস্যামৃতকলত্বমুক্তং ॥ ৪৫ ॥

বিদুর! সেই আশ্রমে কদম্ব, চম্পক, অশোক, করঞ্জ, পনস, আসন, কুন্দ, মন্দার, কুটজ, আম্র ইত্যাদি বিবিধ পাদপে কতই শোভা বিস্তার করিয়া রাখিয়াছে ॥ ৪০ ॥

অপর সে স্থানে কারণ্ডব, প্লব, হংস, কুরর, জলকুক্কুট, সারস, চক্রবাক, চকোর প্রভৃতি খগবৃন্দের মনোহর কূজনে সকলের মনোহরণ হয় ॥ ৪১ ॥

আর তাহার চারিদিকে বহু বহু হরিণ, শূকর, শল্লক, গবয়, কুঞ্জর, গোপুচ্ছ ( বানর বিশেষ ) মর্কট, নকুল এবং কস্তুরী মৃগ ভ্রমণ করে ॥ ৪২ ॥

সে যাহা হউক, সেই আদিরাজ মনু অনুচরগণের সহিত সেই তীর্থবরে প্রবিষ্ট হইয়া দেখিলেন এক জন মুনি ব্রহ্মচারিযোগ্য হুতাশনে আহুতি প্রদান পূর্ব্বক অধ্যাসীন হইয়া আছেন ॥ ৪৩ ॥

ঐ ঋষি বহুকাল তপস্যায় সমাহিত থাকাতে তাঁহার শরীরে অনেক অনেক উগ্র যোগ হইয়াছিল, তাহাতে তিনি দেহের জ্যোতি দ্বারা যেন জ্বলিতেছিলেন ॥ ৪৪ ॥

যদিও তাঁহার শরীর তপস্যায় অতিশয় শীর্ণ হইয়াছিল, তথাপি ভগবান্ তাঁহার প্রতি সুস্নিগ্ধ অপাঙ্গ নিক্ষেপ পূর্ব্বক যে বাক্য বলিয়া যান ঐ বাক্য অমৃতমণ্ডলের কলা স্বরূপ অমৃতময়, তাহা শ্রবণ করাতে কৃশ বোধ হইল না ॥ ৪৫ ॥

প্রাংশুং পদ্মপলাশাক্ষং জটিলং চীরবাসসং। উপসংসৃত্য মলিনং যথার্হণমসংস্কৃতং ॥ ৪৬ ॥
অথোটজমুপায়াতং নৃদেবং প্রণতং পুরঃ। সপর্য্যয়া প্রত্যগৃহ্নাৎ প্রতিনন্দ্যানুরূপয়া।
গৃহীতার্হণমাসীনং সংযতং প্রীণয়ন্মুনিঃ। স্মরন্‌ ভগবদাদেশমিত্যাহ শ্লক্ষ্ণয়া গিরা ॥ ৪৭ ॥
নূনং চংক্রমণং দেব সতাং সংরক্ষণায় তে। বধায় চাসতাং স ত্বং হরেঃ শক্তির্হি পালিনী ॥ ৪৮ ॥
যোর্কেন্দ্বগ্নীন্দ্র বায়ূনাং যম ধর্ম্ম প্রচেতসাং। রূপাণি স্থান আধৎসে তস্মৈ শুক্লায় তে নমঃ ॥৪৯ ॥

শ্রীধরস্বামী।

প্রাংশুমুন্নতং উপসংসৃত্য সমীপং গত্বা মলিনং দদর্শেতি পূর্ব্বৈব ক্রিয়া অর্হ্যতেঽনেনেতি অর্হণং মহারত্নং তৎ অসংস্কৃতং অনির্ব্বক্তং যথা মলিনং দৃশ্যতে তদ্বৎ ॥ ৪৬ ॥
উটজং পর্ণশালাং প্রাপ্তং পুরঃ পাদসমীপে প্রণতং আশীর্ভিরভিনন্দ্য সপর্য্যয়া পূজয়া প্রত্যগৃহ্নাৎ সংকৃতবান্‌ ॥ ৪৭ ॥
তে চংক্রমণং পর্য্যটনং হি যস্মাৎ ॥ ৪৮ ॥
মনুস্তং বিষ্ণুং প্রণমতি ব ইতি। স্থানে তত্তৎ কার্য্যাবসরে শুক্লায় বিষ্ণবে ॥ ৪৯ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

প্রাংশুং অষ্টবিতস্তি প্রমাণতনুং উপসংসৃত্য নিকটং গত্বা মলিনং দদর্শেতি পূর্ব্বৈব ক্রিয়া। অর্হ্যতেঽনেনেত্যর্হণং মহারত্নং তৎ অসংস্কৃতং যথা মলিনং দৃশ্যতে তদ্বৎ ॥ ৪৬ ॥
উটজং পর্ণশালাং প্রাপ্তং। পুরঃ পাদসমীপে প্রণতং। পুনরপি পাদৌ গৃহ্নন্তং অনুরূপয়া আতিথ্যোচিতয়া সপর্য্যয়া সহিতঃ প্রত্যগৃহ্নাৎ ভুজাভ্যামুত্থাপ্যালিলিঙ্গ। কিং কৃত্বা প্রতিনন্দ্য অদ্য মূর্ত্তমেব তপোময়ং তেজঃ সাক্ষাৎ কৃত্য কৃতকৃতোঽস্মীত্যভিনন্দন্তং রাজানং রাজন্নদ্য ভাগবতী বিশ্বপালনী শক্তিস্ত্বমবলোক্যসে ইতি প্রত্যভিনন্দ্যেত্যর্থঃ ॥
ক্ষালিতচরণমুচিতদর্ভাদ্যাসনে আসীনং গৃহীতানি অর্হণানি পুষ্পচন্দনদূর্ব্বাদল ফলাদীনি যেন তং। সংযতং তূষ্ণীং স্থিতং ॥৪৭
হে দেব যত্ত চংক্রমণমিত্যাদি। স এব ত্বং হরেঃ পালিনী শক্তির্ভবসি ॥ ৪৮ ॥
অর্কাদীনাং রূপাণি স্থানে যুক্তমেব ত্বং আ সম্যক্‌ত্বয়া ধৎসে তত্র প্রতাপেন ত্বমর্কঃ। যশসা চন্দ্রঃ। অশুদ্ধদাহকত্বেনাগ্নিঃ। ঐশ্বর্য্যেণেন্দ্রঃ। সর্ব্বত্র প্রবেশবত্ত্বেন বায়ুঃ দুষ্টনিগ্রহত্বেন যমঃ। শিষ্টপালনেন ধর্ম্মঃ। গাম্ভীর্য্যেণ গুপ্তবিত্তত্বেনচ প্রচেতাঃ অতএব তস্মৈ মদভীষ্টদেবায় স্বরূপেণ পুনরপি মমোটজমাগতায় শুক্লায় তুভ্যং নমঃ ॥ ৪৯ ॥

আর তাঁহার শরীর উন্নত, চক্ষুঃ পদ্মপলাশ তুল্য সুন্দর, মস্তকে জটা এবং পরিধানে চীর বসন ছিল। মুনি নিকটে গিয়া পুনর্ব্বার অবলোকন করিলেন, তাহাতে অসংস্কৃত মহারত্নের ন্যায় ঈষৎ মলিন বোধ হইল ॥ ৪৬ ॥

অনন্তর আদিরাজ মনু ঋষির পর্ণশালার নিকটে গমন করিয়া তাঁহার পাদ সমীপে প্রণত হইলেন, মুনিও আশীর্ব্বচন প্রয়োগ দ্বারা অভিনন্দনা করিলেন। মনু অর্হণ গ্রহণ পূর্ব্বক আসনে আসীন হইলে পর মুনিবর কর্দ্দম ভগবানের সেই আদেশ স্মরণ করিয়া সুমধুর বচনে কহিতে লাগিলেন ॥ ৪৭ ॥

হে রাজন্‌! বোধ করি সাধুজনের পরিপালন ও অসাধুর দমন মানসেই তোমার এই পর্য্যটন আরম্ভ হইয়াছে, কেন না তোমরা ভগবানের শক্তি, ভগবৎ শক্তির লোকপালন ব্যতীত আর কি কার্য্য আছে? ॥ ৪৮ ॥

ঋষিবর কর্দ্দম স্বায়ম্ভুব মনুকে এই রূপ বলিয়া অন্তর্যামি বিষ্ণুকে প্রণাম করত কহিলেন, ভগবন্‌! আপনিই তত্তৎ কার্য্যাবসরে চন্দ্র, সূর্য্য, অগ্নি, বায়ু, যম, ধর্ম্ম ও বরুণ প্রভৃতির রূপ ধারণ করিয়া থাকেন, অতএব আপনাকে নমস্কার করি ॥ ৪৯ ॥

ন যদা রথমাস্থায় জৈত্রং মণিগণার্পিতং। বিস্ফূর্জ্জচ্চণ্ড কোদণ্ডো রথেন ত্রাসয়ন্নঘান্ ॥ ৫০ ॥
স্বসৈন্যচরণক্ষুণ্ণং বেপয়ন্মণ্ডলং ভুবঃ। বিকর্ষন্ বৃহতীং সেনাং পর্য্যটস্যংশুমানিব ॥ ৫১ ॥
তদৈব সেতবঃ সর্ব্বে বর্ণাশ্রমনিবন্ধনাঃ। ভগবদ্রচিতা রাজন্ ভিদ্যেরন্ বত দস্যুভিঃ ॥ ৫২ ॥
অধর্ম্মশ্চ সমেধেত লোলুপৈর্ব্যঙ্কুশৈর্নৃভিঃ। শয়ানে ত্বয়ি লোকোঽয়ং দস্যুগ্রস্তো বিনঙ্ক্ষ্যতি ॥৫৩
অথাপি পৃচ্ছে ত্বাং বীর যদর্থং ত্বমিহাগতঃ। তদ্বয়ং নির্ব্যলীকেন প্রতিপদ্যামহে ত্বদা ॥ ৫৪ ॥

শ্রীধরস্বামী।

ন যদেতি পঞ্চানামন্বয়মর্থঃ। যদ্যপি ধর্ম্মরক্ষার্থং সর্ব্বতঃ পর্য্যটত এব প্রসঙ্গাদস্মাপ্যাগমনং সম্ভবতি। তথাপি বিশেষ কার্য্যং চেদস্তি তৎ কথ্যতামিতি জৈত্রং জয়প্রদং মণিগণা অর্পিতা যস্মিন্ তং রথমারুহ্য ত্বং যদা ভুবো মণ্ডলং ন পর্য্যটসি তদা সেতবো ভিদ্যেরন্নিতি ত্রয়াণামন্বয়ঃ। বিস্ফূর্জ্জৎ নাদং কুর্ব্বৎ চণ্ডং কোদণ্ডং যস্য ॥ ৫০ ॥

স্বসৈন্যস্য চরণৈঃ ক্ষুণ্ণং সংঘট্টিতং ॥ ৫১ ॥

বর্ণাশ্রমাণাং নিবন্ধনং যৈঃ বত অহো ॥ ৫২ ॥

নিরঙ্কুশৈর্নৃভির্নিয়ন্তৃভূতৈঃ শয়ানে নিশ্চিন্তে ॥ ৫৩ ॥

নির্ব্যলীকেন সহর্ষেণ প্রতিপদ্যামহে স্বীকুর্ম্মহে ॥ ৫৪ ॥

ক্রমসন্দর্ভঃ।

ন যদেতি সার্দ্ধত্রিকং। রথেন রথসান্নিধ্যমাত্রেণ ॥ ৫০ । ৫১ । ৫২ ॥

শয়ান ইত্যর্দ্ধকং ধর্ম্মাধর্ম্ময়োঃ পালনসংহারৌ ত্বদৃষ্টাবেব সম্যক্ স্যাতাং দস্যুনিবারণং ত্বদনুসন্ধানমাত্রেণ স্যাদিতি ॥ ৫৩ । ৫৪ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

হে রাজন্ কিমর্থমায়াতোঽসীতি ত্বাং কথং পৃচ্ছামো যতস্তৎকারণং জানীমোবেত্তি ব্যতিরেকেণাহ। ন যদেতি। যদা ভুবো মণ্ডলং ন পর্য্যটসি। তদা সেতবো ভিদ্যেরন্নিতি ত্রয়াণামন্বয়ঃ। মণিগণানামর্পিতমর্পণং যত্র তং জৈত্রং জয়শীলং জৈত্রত্বমেবাহ রথেন রথসান্নিধ্যমাত্রেণ অঘান্ দুষ্টান্ ॥ ৫০ । ৫১ । ৫২ । ৫৩ ॥

অথাপি যদ্যপি সামান্যতো জানামি তদপি পৃচ্ছে পৃচ্ছামি ইহ মৎপর্ণশালায়াং যদর্থং ইতি নহি দুষ্টনিগ্রহার্থং পর্য্যটনং মৎপর্ণ-শালায়াং সফলীভবতীতি ভাবঃ। নির্ব্যলীকেন নিষ্কপটেন সহর্ষেণ বা ত্বদা প্রতিপদ্যামহে স্বীকুর্ম্মহে ॥ ৫৪ ॥

অনন্তর মনুকে সম্বোধন পূর্ব্বক কহিলেন মহারাজ! মণিগণে ভূষিত এই জয়শীল রথে আরোহণ পূর্ব্বক ধনুর্ব্বাণ গ্রহণ করিয়া যদি তুমি ভূমণ্ডল পর্য্যটন না কর, তবে ধর্ম্ম মর্য্যাদা সকল একেবারে বিশৃঙ্খল হয়। রাজন্! তোমার ধনুকের টঙ্কার ধ্বনিতেই পাপিগণ ভয় পায় ॥ ৫০ ॥

হে আদিরাজ! তুমি এই যে মহতী সেনা সঙ্গে লইয়া অংশুমালি সূর্য্যের ন্যায় পর্য্যটন করিতেছ ইহাতে তোমার সৈন্য সকলের চরণক্ষুণ্ণ হইয়া এই ভূমণ্ডল কম্পিত হইতেছে ॥ ৫১ ॥

যদি তুমি এরূপে ভ্রমণ না করিতে তাহা হইলে ভগবান্ যে সকল বর্ণাশ্রম নিবন্ধনার্থ সেতু রচনা করিয়াছেন তাহা কি এই রূপ থাকিত? দস্যুগণ কোন্ কালে ভাঙ্গিয়া ফেলিত ॥ ৫২ ॥

হে রাজন্! তুমি নিশ্চিন্ত হইয়া শয়ান থাকিলে লোলুপ লোক সকল নিরঙ্কুশ হইয়া উঠিবে, তাহাতে অধর্ম্ম অতিশয় বৃদ্ধি প্রাপ্ত হইবে, সুতরাং এই ধরামণ্ডল দস্যু গ্রস্ত হইয়া একেবারে বিনষ্ট হইয়া যাইবে ॥ ৫৩ ॥

অতএব যদিও তোমার এই পর্য্যটন নিষ্প্রয়োজন নহে তথাচ তোমাকে জিজ্ঞাসা করি কি নিমিত্ত এ স্থানে আগমন হইল অভিপ্রায় ব্যক্ত কর, যাহা কহিবে, হৃষ্টচিত্তে তাহাই স্বীকার করিব ॥ ৫৪ ॥

॥ * ॥ ইতি শ্রীভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং তৃতীয়স্কন্ধে মনু-কর্দ্দম সম্বাদে একবিংশতিতমোঽধ্যায়ঃ ॥ * ॥ ২১ ॥ * ॥

শ্রীমৈত্রেয় উবাচ ॥

এবমাবিষ্কৃতাশেষ গুণকর্ম্মোদয়ো মুনিঃ। সব্রীড় ইব তং সম্রাড়ুপারতমুবাচহ ॥ ১ ॥

শ্রীমনুরুবাচ ॥

ব্রহ্মাসৃজৎ স্বমুখতো যুষ্মানাত্ম পরীপ্সয়া। ছন্দোময়স্তপো বিদ্যা যোগযুক্তানলম্পটান্ ॥ ২ ॥

তত্ত্রাণায়াসৃজচ্চাস্মান্ দোঃ সহস্রাৎ সহস্রপাৎ। হৃদয়ং তস্য হি ব্রহ্ম ক্ষত্রমঙ্গং প্রচক্ষতে ॥ ৩ ॥

শ্রীধরস্বামী।

॥ * ॥ ইতি তৃতীয়ে একবিংশঃ ॥ * ॥

দ্বাবিংশে কর্দ্দমায়াদাদ্যথাদিষ্টং হি বিষ্ণুনা। মনু র্দুহিতরং দেবহূতিমিত্যানুবর্ণ্যতে ॥ ০ ॥

এবমাবিষ্কৃতঃ অশেষাণাং গুণানাং কর্ম্মণাঞ্চ উদয় উৎকর্ষো যস্ত স সম্রাট্ মনুঃ। সব্রীড় ইব স্বকীর্ত্তিশ্রবণাৎ। প্রত্যাখ্যান শঙ্কয়া বা তং মুনিমুবাচ। উপারতং নিবৃত্তিনিরতং ॥ ১ ॥

মদীয়া কন্যা ত্বয়া পরিণেয়েতি বিজ্ঞাপয়িষ্যন্ যুষ্মদস্মৎ সম্বন্ধঃ তাবদীশ্বরেণ পূর্ব্বমেব ঘটিত ইত্যাহ ব্রহ্মেতি সার্দ্ধদ্বাভ্যাং আত্মনঃ পরীপ্সয়া পর্য্যাপ্তুমিচ্ছয়া ছন্দোময়স্যাত্মনঃ পর্য্যাপ্তিঃ পালনং বেদ প্রবর্ত্তনং তস্ত ইচ্ছয়া যুষ্মান্ ব্রাহ্মণান্ অসৃজৎ ॥ ২ ॥

তত্ত্রাণায় ব্রাহ্মণপালনায়। ব্রহ্ম ব্রাহ্মণজাতিঃ ক্ষত্রং ক্ষত্রিয়জাতিঃ ॥ ৩ ॥

ক্রমসন্দর্ভঃ।

॥ * ॥ ইতি শ্রীমদ্ভাগবত তৃতীয়স্কন্ধে শ্রীজীবগোস্বামিকৃত ক্রমসন্দর্ভস্য একবিংশোঽধ্যায়ঃ সমাপ্তঃ ॥ * ॥

ব্রহ্ম বিরাট্ রূপঃ স্বমুখত ইতি জাতিমাত্রাপেক্ষয়োক্তং ॥ ১। ২ ॥

এবং দোঃ সহস্রাদিত্যাদীতিচ। হৃদয়ং জ্ঞানশক্তিপ্রাধান্যাৎ অঙ্গং ক্রিয়াশক্তিপ্রাধান্যাৎ ॥ ৩। ৪ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

॥ * ॥ ইতি সারার্থদর্শিন্যাং হর্ষিণ্যাং ভক্তচেতসাং। একবিংশস্তৃতীয়স্য সঙ্গতঃ সঙ্গতঃ সতাং ॥ * ॥

দ্বাবিংশে প্রিয়ভাষী স্বাং জ্ঞাতত্বায় কন্যকাং। কর্দ্দমায় নৃপো দত্বা স্বং ধামাগাদিতীর্য্যতে ॥ ০ ॥

আবিষ্কৃতোঽশেষাণাং গুণানাং কর্ম্মণাঞ্চ উদয় উৎকর্ষো যস্য সঃ। বচনাদুপারতং নিবৃত্তি নিরতং বা মুনিং। সব্রীড় ইবেতি স্বকীর্ত্তি শ্রবণাৎ পরমার্থপরায়ণে তস্মিন্ ব্যবহার বার্ত্তায়া বক্তব্যত্বাচ্চ ॥ ১ ॥

সহসা স্বকন্যাপ্রদান প্রসঙ্গস্য তৎ প্রত্যাখ্যান শঙ্কয়া প্রথমং ব্রাহ্মণক্ষত্রিয়য়োঃ কমপি সম্বন্ধং সন্যায়মাহ ব্রহ্মেতি সার্দ্ধাভ্যাং। আত্মনশ্ছন্দোময়স্য স্বস্য পরীপ্সয়া বেদপ্রবর্ত্তনেন পালনেচ্ছয়া যুষ্মান্ ব্রাহ্মণান্ অসৃজৎ। পর্য্যাপ্তিঃ পালনং ॥ ২ ॥

ব্রাহ্মণান্ কে পালয়েয়ুরিত্যত আহ তদিতি দোঃ সহস্রাদিতি পরমেশ্বরেণৈক্যাৎ ননু ক্ষত্রিয়ানপি কঃ পালয়েত্তত্রাহ ব্রহ্ম ব্রাহ্মণঃ।

॥ * ॥ ইতি তৃতীয়ে একবিংশতি ॥ * ॥

দ্বাবিংশাধ্যায়ে স্বায়ম্ভুব মনু কর্ত্তৃক ঋষিবর কর্দ্দমের হস্তে ভগবানের আদেশানুরূপ কন্যাসম্প্রদান ॥০॥

মৈত্রেয় কহিলেন মহর্ষি কর্দ্দম এই প্রকারে আদিরাজ মনুর অশেষ গুণ ও কর্ম্মের উৎকর্ষ প্রকাশ পূর্ব্বক প্রশংসা করিলে সম্রাট্ আত্ম সুখ্যাতি বাদে লজ্জিত হইলেন এবং আপনার অভিপ্রেত বিষয়ে প্রত্যাখ্যান আশঙ্কায় কহিতে লাগিলেন ॥ ১ ॥

হে ব্রহ্মন্! বেদময় ব্রহ্মা আত্ম পর্য্যাপ্তি বাসনায় অর্থাৎ বেদ প্রবর্ত্তন মানসে আপনাদিগকে তপস্যা বিদ্যা এবং যোগযুক্ত ও অলম্পট করিয়া আপনার মুখ হইতে সৃজন করেন ॥ ২ ॥

তিনিই আপনাদিগের পরিপালন নিমিত্ত স্বীয় বাহু সহস্র হইতে আমাদিগকে সৃষ্টি করিয়াছেন,

অতোহন্যোন্যাত্মনোর্ব্রহ্ম ক্ষত্রঞ্চ রক্ষতঃ । রক্ষতি স্মাব্যয়ো দেব স যঃ সদসদাত্মকঃ ॥ ৪ ॥
তব সন্দর্শনাদেব চ্ছিন্না মে সর্ব্ব সংশয়াঃ । যৎ স্বয়ং ভগবান্ প্রীত্যা ধর্ম্মমাহ রিরক্ষিষোঃ ।
দিষ্ট্যা মে ভগবান্ দৃষ্টো দুর্দর্শো যোহকৃতাত্মনাং । দিষ্ট্যা পাদরজঃ স্পৃষ্টং শীর্ষ্ণা মে ভবতঃ শিবং ॥৫
দিষ্ট্যা ত্বয়ানুশিষ্টোহহং কৃতশ্চানুগ্রহো মহান্ । অপাবৃতৈঃ কর্ণরন্ধ্রৈ র্জুষ্টা দিষ্ট্যোশতী র্গিরঃ ॥৬

শ্রীধরস্বামী ।

এবং স দেব এব রক্ষতি স্ম । কোহসৌ যঃ সদসদাত্মকঃ সর্ব্বাত্মকঃ তথাপ্যব্যয়ো নির্ব্বিকারঃ ॥ ৪ ॥
তং বিজ্ঞাপয়িতুমেব তদ্দর্শনাদিকমভিনন্দতি তবেতি ত্রিভিঃ ॥ ৫ ॥
অনুগ্রহোঽনুশাসনাদিরূপ এব উশতীঃ উশন্ত্যঃ ॥ ৬ ॥

ক্রমসন্দর্ভঃ ।

যত্তু স্বয়ং ভগবান্ ধর্ম্মমাহ তদিদং স্বধিকমিতি শেষঃ । যদ্বা । যৎ যস্মাৎ সংদর্শনাদেবমযোগ্যতায়াং কারণাৎ স্বয়ং ধর্ম্মম-প্যাহ । সংশয়োঽত্র তৎ কারণং চিন্তমলং ॥ ৫ ॥
অনুগ্রহঃ স্বশিক্ষাগ্রহণ সামর্থ্যে হেতুঃ কৃপাদৃষ্ট্যাদিরূপঃ । অপাবৃতৈর্ব্বাধিত কার্য্যানবধানাদিদোষেণাচ্ছন্নৈর্ম্মহত্বং স্পৃহয়ানে কাময়মানত্বাৎ ॥ ৬ । ৭ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী ।

অঙ্গং ভুজঃ । অয়মর্থঃ লোকেহি হৃদয়ে প্রহার আপতিতে ভুজাভ্যাংহৃদয়স্য গোপনং দৃশ্যতে । ভুজেচ প্রহার আপতিতে দেহং কুঞ্চিতীকৃত্য হৃদয়মধ্যে এব ভুজো গোপ্যতে ইতি হৃদয়স্য পালকো ভুজঃ । ভুজস্য পালকং হৃদয়ং ॥ ৩ ॥
এবং ব্রহ্ম ব্রাহ্মণস্তপোবলেন ক্ষত্রিয়ং পালয়তি । ক্ষত্রং ক্ষত্রিয়ঃ শারীরবলেন ব্রাহ্মণমিতি বস্তুতস্তু দেবঃ পরমেশ্বর এবোভয়ং রক্ষতি । সদসদাত্মকঃ তদপ্যব্যয়ো নির্ব্বিকারঃ ॥ ৪ ॥
অতোঽহং স্বস্য পালকং ত্বামাগতমস্মিঁশ্চ স্বসন্দর্শনেনৈবাহং পালিত ইত্যাহ তবেতি । রিরক্ষিষোঃ ক্ষত্রিয়স্য ।
অকৃতাত্মনাং অপুণ্যাত্মনাং ॥ ৫ ॥
উশতীঃ কমনীয়াঃ ॥ ৬ ॥

এই নিমিত্ত লোকে আপনাদিগকে ( ব্রাহ্মণ জাতিকে,) ব্রহ্মার হৃদয় এবং আমাদিগকে (ক্ষত্রিয় জাতিকে ) তাঁহার অঙ্গ বলিয়া থাকে ॥ ৩ ॥

অতএব আমরা ( ব্রাহ্মণ ও ক্ষত্রিয় ) পরস্পরকে রক্ষা করি, কিন্তু যদিও এই রক্ষা আমাদের আত্ম কৃত বোধ হয়, তথাচ যিনি সৎ ও অসতের আত্মা হইয়াও নির্ব্বিকার, সেই পরমেশ্বর হইতেই বাস্তবিক রক্ষা হয় ॥ ৪ ॥

হে মহাশয় ! ঐ বিষয়ে আমার যে সকল সংশয় ছিল একণে আপনার দর্শন মাত্রে তৎসমুদায় ছিন্ন হইয়া গেল, যে হেতু আমি ক্ষত্রিয়, রক্ষা কার্য্য করিতে ইচ্ছুক আপনি প্রীত হইয়া আমার ধর্ম্ম কহিয়া দিলেন। প্রভো ! আমি সৌভাগ্য ক্রমে আপনার দর্শন পাইলাম, অকৃতাত্মলোকে কি আপনার দর্শন পায় ? আমার এই সৌভাগ্য যে আপনার পাদরেণু নিজ মস্তক দ্বারা স্পর্শ করিলাম ॥ ৫ ॥

অপর, ভাগ্য বশতই আমি আপনার অনুশাসন ও সুমহৎ অনুগ্রহ লাভ করিলাম । আর অনাবৃত কর্ণরন্ধ্র দ্বারা যে আপনার কমনীয় বচনাবলী সেবিত হইল, ইহাও আমার সুমহৎ ভাগ্যের ফল ॥ ৬ ॥

স ভবান্ দুহিতৃস্নেহপরিক্লিষ্টাত্মনোমম। শ্রোতুমর্হতি দীনস্য শ্রাবিতং কৃপয়া মুনে ॥ ৭ ॥
প্রিয়ব্রতোত্তানপদোঃ স্বসেয়ং দুহিতা মম। অন্বিচ্ছতি পতিং যুক্তং বয়ঃশীলগুণাদিভিঃ।
যদাতু ভবতঃ শীলশ্রুতরূপ বয়ো গুণান্। অশৃণোন্নারদাদেষা ত্বয্যাসীৎ কৃতনিশ্চয়া ॥ ৮ ॥
তৎপ্রতীচ্ছ দ্বিজাগ্র্যেমাং শ্রদ্ধয়োপাহৃতাং ময়া। সর্ব্বাত্মনানুরূপাং তে গৃহমেধিষু কর্ম্মসু ॥ ৯ ॥
উদ্যতস্য হি কামস্য প্রতিবাদো ন শস্যতে। অপি নির্ম্মুক্তসঙ্গস্য কামরক্তস্য কিং পুনঃ ॥ ১০ ॥

শ্রীধরস্বামী।

বিজ্ঞাপয়তি স ভবানিতি সপ্তভিঃ। দুহিতুঃ স্নেহেন পরিক্লিষ্ট আত্মা যস্য। শ্রাবিতং বিজ্ঞাপিতং ॥ ৭ ॥
প্রিয়ব্রতোত্তানপদোঃ স্বসেতি পুত্রিকাকরণ শঙ্কা নিরস্তা। মম সুতেতি ক্ষত্রিয়কন্যা তব যোগ্যেতি দর্শিতং ॥ ৮ ॥
প্রতীচ্ছ স্বীকুরু ॥ ৯ ॥
উদ্যতস্য স্বতঃ প্রাপ্তস্য বিষয়স্য প্রতিবাদঃ প্রত্যাখ্যানং ॥ ১০ ॥

ক্রমসন্দর্ভঃ।

বর আদ্যানুসন্ধানং তৎ কথনং চ তাদৃশাং ধর্ম্ম সাচিব্য প্রাধান্যেনৈবেতি ন লজ্জাকরং ॥ ৮। ৯ ॥
উদ্যতস্য ধাত্রা স্বয়মুপসাদিতস্য নির্ম্মুক্ত সঙ্গস্য কেবলং ধর্ম্মার্থং বিষয়োপার্জ্জনমিতি মনস্যাসক্তি রহিতস্য ॥ ১০ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

এবঞ্চ ত্বদ্দর্শনাম্মে সর্ব্বে ক্লেশা গতা এব কিন্ত্বেকঃ ক্লেশস্তু দুর্ব্বারো হৃদি বর্ত্তত এব। তমপি তৎকৃপয়া দত্তাশ্বাসো বিগতভীরে-বোদ্ঘাটয়ামীত্যাহ স প্রসিদ্ধঃ কৃপাসিন্ধুরিত্যর্থঃ। পরিক্লিষ্ট ইতি এষ ক্লেশো মে বিবেকেনাপি নাপযাতীতি ভাবঃ ॥ ৭ ॥
প্রিয়ব্রতোত্তানপদোঃ স্বসেতি পুত্রিকাকরণশঙ্কা নিরস্তা। মম দুহিতেতি ক্ষত্রিয়কন্যা তব যোগ্যৈবেতি ভাবঃ ॥ ৮। ৯ ॥
নচাহং বিরক্তস্তপস্বী ত্বৎকন্যাং কথং স্বীকরোমীতি বাচ্যমিত্যাহ। উদ্যতস্য স্বতঃ প্রাপ্তস্য বিষয়স্য প্রতিবাদঃ প্রত্যাখ্যানং কামরক্তস্যেতি ভবাস্তর্গতং কামং জ্ঞাত্বৈবাহমিহাগচ্ছমতো ময়ি কামো নাপলপনীয় ইতি ভাবঃ ॥ ১০ ॥

প্রভো! আপনি আমার প্রতি অশেষ প্রকারে অনুগ্রহ করিলেন, দুহিতার প্রতি স্নেহ বশতঃ আমার অন্তঃকরণ ক্লিষ্ট হওয়াতে আপনাকে একটী নিবেদন করিতে বাঞ্ছা করি, দীনের প্রতি অনুগ্রহ প্রকাশ পূর্ব্বক শ্রবণ করিতে আজ্ঞা হউক ॥ ৭ ॥

হে মুনি সত্তম! এইটী আমার দুহিতা, ইনি প্রিয়ব্রত ও উত্তান পাদের ভগিনী, ইনি বয়ঃশীলাদি সম্পন্ন পতি অন্বেষণ করিতেছিলেন, নারদের প্রমুখাৎ আপনার কুল, শীল, বয়স্, বিদ্যা এবং রূপ গুণের কথা শুনিয়া আপনাকেই পতিত্বে বরণ করিতে কৃতনিশ্চয়া হইয়াছেন ॥ ৮ ॥

অতএব হে দ্বিজবর! আপনি আমার এই কন্যাটীকে স্বীকার করুন, আমি শ্রদ্ধা পূর্ব্বক উপহার স্বরূপ ইহাকে সম্প্রদান করিতেছি। হে মুনে! আমার এই তনয়া সর্ব্ব প্রকারে আপনার অনুরূপা, ইহা হইতে আপনার গ্রহাশ্রম নিবন্ধন কর্ম্ম সকল সুন্দর রূপে সম্পন্ন হইবে ॥ ৯ ॥

হে ঋষিবর! যে ব্যক্তি সঙ্গত্যাগী তাহার নিকটেও যদি ভোগ্য বিষয় আপনা হইতে উপস্থিত হয়, তাহার পক্ষেও তাহা ত্যাগ করা উচিত হয় না, কামাসক্ত ব্যক্তির কথা কি? অর্থাৎ যে ব্যক্তির বিষয়ে আসক্তি আছে তাহার পক্ষে স্বতঃ উপস্থিত বিষয় উপেক্ষা করা কোন ক্রমেই শ্রেয়স্কর নহে অতএব আপনি এই কন্যাটীকে গ্রহণ করুন ॥ ১০ ॥

য উদ্যতমনাদৃত্য কীনাশমভিযাচতে। ক্ষীয়তে তদ্যশঃ স্ফীতং মানশ্চাবজ্ঞয়া হতঃ ॥ ১১ ॥
অহং ত্বা শৃণবং বিদ্বন্ বিবাহার্থং সমুদ্যতং। অতস্ত্বমুপকুর্ব্বাণঃ প্রত্তাং প্রতি গৃহাণ মে ॥ ১২ ॥
শ্রীঋষিরুবাচ ॥
বাঢ়মুদ্বোঢ়ুকামোঽহমপ্রত্তা চ তবাত্মজা। আবয়োরনুরূপোসাবাদ্যো বৈবাহিকোবিধিঃ ॥ ১৩ ॥
কামঃ সভূয়ান্নরদেব তেঽস্যাঃ পুত্র্যাঃ সমাম্নায় বিধৌ প্রতীতঃ।

শ্রীধরস্বামী।

কীনাশং কৃপণং। অবজ্ঞয়া পরাপমানেন ॥ ১১ ॥

যস্ত সাবধি ব্রহ্মচর্য্যং স উপকুর্ব্বাণঃ প্রত্তাং ময়া দত্তাং ॥ ১২ ॥

অপ্রত্তাচেতি মষ্যেব কৃতনিশ্চয়ত্বাৎ কস্মৈচিৎ প্রতিশ্রুতা ন ভবতীত্যর্থঃ। আদ্যঃ প্রথমঃ। ততঃ পূর্ব্বং বিবাহাভাবাৎ মুখ্য ইতি বা ॥ ১৩ ॥

ভূয়াৎ ভবেৎ প্রতীতঃ। গৃভ্ণামি তে সৌভগত্বায় হস্তং ময়া পত্যোত্যাদি মন্ত্রঃ প্রসিদ্ধঃ। স্বয়াঙ্গকাস্তৈব শ্রিয়ং বিভূষণাদি

ক্রমসন্দর্ভঃ।

অবজ্ঞয়া পরকৃতাপমানেন ॥ ১১ । ১২ ॥

বাঢ়মিতি। রুচেঃ প্রথমতো দানবেপি বৈবাহিকবিধেরত্রৈব প্রারব্ধত্বাদাদ্য ইত্যুক্তং ॥ ১৩ ॥

কামঃ স ভূয়াদিত্যাদি ত্রয়স্তায়মর্থঃ তাদৃশীয়ং মাং তপস্বিনমপি প্রার্থয়তে। তত এনাং শুদ্ধভক্তাং কথং ত্যজেয়মিতি

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

তত্র ব্যাবহারিকীং নীতিমাহ য ইতি। অনাদৃত্য প্রতিষ্ঠানুরোধাল্লজ্জয়া প্রত্যাখ্যায় পুনঃ কৃপণমদাতারমপি জনং তমেব কামং যাচতে কামেনৈবাচিরাদেব প্রাবল্যবতা লজ্জাপ্রতিষ্ঠয়োগ্র্সামানত্বাদিতি ভাবঃ। মানশ্চ হতো ভবতীত্যর্থঃ। তেন পরিণামদর্শিনা বিদুষা বর্ত্তমানমপি বৈরাগ্যং স্বমনো মধ্যবর্ত্তিনা কামেনাগ্রতো গ্রসিষ্যমানমনুমায় প্রথমমেব দৈবাদযাচিত এবায়াতোঽনিষিদ্ধো বিষয়োঽঙ্গীকর্ত্তব্য এবেতি ধ্বনিঃ ॥ ১১॥

নন্বু মন্মনো মধ্যবর্ত্তিনং কামং ত্বং কেন লক্ষণেনাজ্ঞাসী তত্র জ্ঞানস্য কা কথা শ্রবণমপি মে জাতমিত্যাহ। অহং ত্বেতি। ত্বা ত্বাং অশৃণবমিতি শ্রবণমিদং স্ফূর্ত্তিপ্রাপ্তস্য ভগবত এব মুখাদিত্যবগন্তব্যং। যস্য সাবধি ব্রহ্মচর্য্যং স উপকুর্ব্বাণঃ প্রত্তাং ময়া দত্তাং ॥ ১২ ॥

অপ্রত্তা কস্মৈচিন্ন প্রতিশ্রুতা আদ্যঃ ততঃ পূর্ব্বং বিবাহাভাবাৎ ॥ ১৩ ॥

অস্যাঃ কামো ভূয়াৎ ভবতু। সম্যগাম্নায়োক্ত বিবাহবিধৌ প্রতীতঃ। গৃভ্ণামি তে সৌভগত্বায় হস্তং ময়া পত্যা জরদষ্টির্ভবেথা

হে বিদ্বন্! উপস্থিত বিষয়ে অনাদর করিয়া যে ব্যক্তি পশ্চাৎ কৃপণ সন্নিধানে যাচ্ঞা করে, তাহার যদি সুবিস্তীর্ণ যশঃ থাকে তাহাও ক্ষয় হয় এবং অবজ্ঞা দ্বারা মানও বিনষ্ট হইয়াযায় ॥ ১১ ॥

হে দ্বিজশ্রেষ্ঠ! আমি শুনিলাম আপনি বিবাহ করিবার নিমিত্ত উদ্যত হইয়াছেন তাহাতেই এই কন্যার পাণি গ্রহণ করাইতে আগ্রহ করিতেছি, আপনি ব্রহ্মচারী বটেন, কিন্তু আপনার ব্রহ্মচর্য্য সাবধিক, অতএব ব্রত সমাপন পূর্ব্বক এই মদ্দত্তা কন্যা প্রতিগ্রহ করুন ॥ ১২ ॥

কর্দ্দম কহিলেন ভালই হইল আমিও বিবাহ করিতে বাসনা করিয়াছি, তোমারও এই কন্যা অদত্তা আছেন এবং ইনি আমাকে পতিত্বে বরণ করিবার নিমিত্ত কৃত নিশ্চয়া হওয়াতে তুমি অন্য কোন ব্যক্তিকে সম্প্রদান করিতেও স্বীকার কর নাই, ইহাতে এই প্রথম বৈবাহিক বিধি আমাদের উভয়েরই অনুরূপ হইবে ॥ ১৩ ॥

অতএব হে নরদেব! বিবাহ বিধিতে যে সকল মন্ত্র প্রসিদ্ধ আছে তাহা আপনার এই পুত্রীর

কএষ তে তনয়াং মাভিপ্রেত স্বয়ৈব কান্ত্যা ক্ষিপতীমিব শ্রিয়ং ॥ ১৪ ॥
যাং হর্ম্ম্যপৃষ্ঠে ক্বণদঙ্ঘ্রিশোভাং বিক্রীড়তীং কন্দুকবিহ্বলাক্ষীং ।
বিশ্বাবসুর্ন্যপতৎ স্বাদ্বিমানাদ্বিলোক্য সম্মোহ বিমূঢ়চেতাঃ ॥ ১৫ ॥
তাং প্রার্থয়ন্তীং ললনাললামমসেবিত শ্রীচরণৈরদৃষ্টাং।
বৎসাং মনোরুচ্চপদঃ স্বসারং কোনানুমন্যেত বুধোহভিযাতাং ॥ ১৬ ॥

শ্রীধরস্বামী।

শোভাং ॥ ১৪ ॥

যাং বিলোক্য ন্যপতৎ সম্মোহেন বিমূঢ়ং ব্যাকুল চেতোযস্য ক্বণন্ত্যামঙ্ঘ্রিভ্যাং শোভা যস্যাঃ ॥ ১৫ ॥

ললনানাং ললামং ভূষণভূতাং অসেবিতৌ শ্রিয়শ্চরণৌ যৈস্তৈরদৃষ্টাং স্বয়মপ্যযোগ্যাং। উচ্চপদঃ উত্তানপাদস্য। অভিযাতাং স্বয়ং প্রাপ্তাং ॥ ১৬ ॥

ক্রমসন্দর্ভঃ।

বক্ষ্যতেচ। পিতৃভ্যাং প্রস্থিত ইত্যাদিভিঃ। শ্রিয়ং জগল্লক্ষ্মীং ॥ ১৪ ॥

যামিত্যাদি যুগ্মকং উভয়োরপি কামাদূষিত চিত্তত্বেন সর্বৈঃ প্রতীয়মানত্বাৎ ন লজ্জাকরং প্রিয়ব্রতস্য তদা বিরজ্য গতত্বাৎ উচ্চপদ ইত্যুক্তং ॥ ১৫। ১৬ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

ইত্যাদি মন্ত্রঃ প্রসিদ্ধঃ। শ্রিয়ং ভূষণশোভাং ॥ ১৪ ॥

ক্ষিপতীমিব শ্রিয়মিতি ব্যতিরেকালঙ্কারেণ তস্যাঃ সৌন্দর্য্যলাবণ্যাদিকং নিরুপমমুক্তং। স্বাভাবিকং প্রভাবমপ্যাহ যামিতি ক্বণন্ত্যামঙ্ঘ্রিভ্যাং শোভা যস্যাস্তাং। বিমানাৎ নিতরাং ভূমিতলে অপতৎ বিলোক্য সংমোহেতি। তত্রাপি সম্যগচেতনো মূর্চ্ছক ইব ভূৎবেতি ভাব পূর্ব্বক তদবলোকনমহাপরাধঃ ফলং সদ্যঃ প্রাপিতার্থঃ। নমু বিলোকেতি ক্ত্বা প্রত্যয়োক্তের্বিশ্বাবসুনা সা দৃষ্টৈবেতি ॥ ১৫ ॥

তত্র নহি নহীত্যাহ। অসেবিত শ্রীচরণৈর্জনৈরদৃষ্টাং মদতীতৈব শ্রীমন্নারায়ণকান্তায়াশ্চরণৌ যৈরেব সেবিতৌ যতো যৈরেব সাদৃশ্যা তবৈষানোষাং কেষামপীতি ভাবঃ। তেন চাকাশচারিণা তস্যাঃ কান্তিরেব বিশ্বাবসুনা বিলোকিতা নতু সেত্যায়াতং। আভিজাত্যেহপ্যুৎকর্ষমাহ মনোস্তব বৎসাং বাৎসল্যপাত্রীং কন্যাং। উচ্চপদঃ উত্তানপাদস্য প্রিয়ব্রতস্য তদা বিরজ্য গতত্বাদ্বোল্লেখঃ। তত্রাপ্যভিযাতাং স্বয়ং প্রাপ্তাং ॥ ১৬ ॥

প্রতি প্রয়োগ করা হউক। মহারাজ! আপনার এই তনয়ার প্রতি আমার অনুরাগ হইবে কি না এ বিষয়ে কোন চিন্তা করিবেন না, ইহাঁর অঙ্গকান্তি দ্বারা ভূষণাদিরও শোভা অধঃকৃতা হয়, অতএব ইহাঁকে কে না আদর করিবে ? ॥ ১৪ ॥

মহারাজ! একদা তোমার এই কন্যা হর্ম্ম্যপৃষ্ঠে আরোহণ পূর্ব্বক কন্দুক লইয়া ক্রীড়া করিতেছিলেন, তখন ক্রীড়নক কন্দুকেই ইহাঁর নেত্র সংলগ্ন ছিল, ক্রীড়ার্থ ইতস্ততঃ ধাবমানা হওয়াতে ইহাঁর নূপুর শব্দায়মান হওয়ায় চরণের অতিশয় শোভা হইয়াছিল। বিশ্বাবসু গন্ধর্ব্ব ইহাঁকে ঐ প্রকার অবলোকন করিবা মাত্র সম্মোহে ব্যাকুল চিত্ত হইয়া আপনার বিমান হইতে পড়িয়া গিয়াছিল ॥ ১৫ ॥

অতএব ইনি ললনাললাম অর্থাৎ স্ত্রীগণের ভূষণ স্বরূপা, কমলার চরণ সেবন ব্যতীত ইহাঁর দর্শন লাভ হইতে পারে না, অপর তুমি আদিরাজ মনু, ইনি তোমার কন্যা এবং উত্তানপাদের ভগিনী, স্বয়ং আগমন করিয়া প্রার্থনা করিতেছেন, ইহাঁর প্রার্থনায় কে সম্মত না হইবে ? ॥ ১৬ ॥

অহো ভজিষ্যে সময়েন সাধ্বীং যাবত্তেজো বিভৃয়াদাত্মনোমে।
অতো ধর্ম্মান্ পারমহংস্যমুখ্যান্ শুক্লপ্রোক্তান্ বহুমন্যেঽবিহিংস্রান্ ॥ ১৭ ॥
যতো ভবদ্বিশ্বমিদং বিচিত্রং সংস্থাস্যতে যত্র চ বাবতিষ্ঠতে।
প্রজাপতীনাং পতিরেষ মহ্যং পরং প্রমাণং ভগবাননন্তঃ ॥ ১৮ ॥
শ্রীমৈত্রেয় উবাচ ॥
স উগ্রধন্বন্নিয়দেবাবভাষে আসীচ্চতূষ্ণীমরবিন্দনাভং।

শ্রীধরস্বামী।

ভজিষ্যে স্বীকরিষ্যে। যাবদপত্যোৎপত্তি তাবদ্গার্হস্থ্যং ততঃ পরং সন্ন্যাস ইতি ভাষাবন্ধঃ সময়ঃ তমেবাহ যাবদাত্মনো মমচ তেজো গর্ভং বিভৃয়াৎ। যদ্বা মমাত্মনো দেহাচ্চ্যুতং তেজোবীর্য্যং বিভৃয়াদিতি। অতঃপরং পারমহংস্যং জ্ঞানং তস্মিন্ মুখ্যান্ শুক্লেন বিষ্ণুনা সাক্ষাৎ প্রকর্ষেণোক্তান্ অবিহিংস্রান্ হিংসারহিতান্ শমাদীন্ বহু যথা ভবতি এবমনুষ্ঠেয়ান্মন্যে। ১৭।
নন্বু তব পিতুঃ প্রজাপতেরাজ্ঞা সৃষ্টাবেব ন সংন্যাসে তত্রাহ যত ইতি সংস্থাস্যতে চ লয়ং যাস্যতি। বাবেতি এবার্থে ঋণত্রয়া-পাকরণানন্তরং সংন্যাস এব মাদৃশানাং ভগবতোক্ত ইত্যর্থঃ। ১৮।
হে উগ্রধন্বন্ সুলুকে মুনে মুখেন প্রলোভ্যতেস্ম যদ্বা মুখেন প্রলোভিতবান্। ১৯।

ক্রমসন্দর্ভঃ।

আত্মনঃ পরমাত্মনঃ কপিলাখ্যং তেজোমে মত্তো যাবদ্বিভৃয়াৎ। ১৭। ১৮।
অরবিন্দনাভাদ্ভুতবজ্জাত প্রসাদরূপেণ স্মিতেন বৎশোভিতং শোভাবিশেষং প্রাপ্তং তেন মুখেন সুলুকে। অয়মেব মহা-

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

সময়েনেতি যাবদপত্যোৎপত্তিস্তাবদ্গার্হস্থ্যং ততঃ পরং সন্ন্যাস ইতি ভাষাবন্ধময়ঃ সময়স্তেন যদ্বা যাবৎ মমাত্মনো দেহাচ্চ্যুতং তেজো বিভৃয়াৎ তাবদ্ভজিষ্যে তত্রাপি সময়ে মম তপঃ শেষসমাপ্ত্যনন্তরং যদাবকাশং লপ্স্যে তদৈবেত্যর্থঃ। অত্র মমাত্মনো মৎপ্রিয়েষ্টদেবস্য তেজঃ কপিলদেবাখ্যমিতি বহ্বর্থশ্চ জ্ঞেয়ঃ। অতোঽনন্তরং পারমহংস্যেষু মুখ্যান্ যদ্বা পারমহংস্যাৎ জ্ঞানাদপি মুখ্যান্ নিষ্পরিগ্রহভক্তিরূপান্ শুক্লেন বিষ্ণুনা সাক্ষাৎ প্রকর্ষেণোক্তান্। অবিহিংস্রান্ হিংসারহিতান্ বহু যথাস্যাদেবমনুষ্ঠে-য়ান্মন্যে। ১৭ ॥
অত্রার্থে প্রমাণং তব মমচ পূজ্যাস্পদো ভগবানেবেত্যাহ যত ইতি। যদ্বা নন্বু তব পিতুঃ প্রজাপতে রাজ্ঞঃ সৃষ্টাবেব ন বৈরাগ্যে তত্রাহ। যত ইতি সংস্থাস্যতে লয়ং যাস্যতি বাবেত্যেবার্থে। প্রজাপতীনাং মৎপিত্রাদীনামপি পতিঃ অতঃ সএব পরং প্রমাণং। তস্যাজ্ঞৈব ময়া পালনীয়া নতু পিতুরেবেতি ভাবঃ। ১৮ ॥
হে উগ্রধন্বন্নিতি। ত্বং যথা বীরো যুদ্ধান্নপ্রত্যাবর্ত্তসে তথা সোঽপি স্বাভিমতাদ্ভগবদ্ধর্ম্মাদিতি ভাবঃ। ততশ্চ দেবহূত্যাঃ

. কিন্তু আমি একটী প্রতিজ্ঞা করিতেছি যাবৎ সন্তানোৎপত্তি হয় তাবৎ গৃহধর্ম্মে প্রবৃত্ত থাকিব অতএব যত দিন্ পর্য্যন্ত ইনি আপনার এবং আমার তেজঃ ধারণ করিবেন অর্থাৎ যাবৎ গর্ভবতী হইবেন তাবৎ ইহাঁর সহিত বাস করিব, তাহার পর ভগবান্ বিষ্ণু, জ্ঞান বিষয়ে মুখ্য শম দমাদি যে সকল ধর্ম্ম স্বয়ং প্রকৃষ্ট রূপে কহিয়াছেন তাহাই অনুষ্ঠেয় রূপে গণ্য করিব ॥ ১৭ ॥
হে রাজন্! এই বিচিত্র বিশ্ব যাঁহা হইতে উৎপন্ন হইয়াছে এবং যাঁহাতে অবস্থিত আছে ও শেষে যাঁহাতে লীন হইবে প্রজাপতি দিগের পতি সেই ভগবান্ অনন্তই এ বিষয়ে আমার প্রমাণ অর্থাৎ ভগ-বান্ আমাকে পিত্রাদির ঋণত্রয় মোচন পূর্ব্বক সন্ন্যাস ধর্ম্ম অবলম্বন করিতেই অনুমতি করিয়াছেন ॥১৮॥
মৈত্রেয় কহিলেন হে উগ্রধন্বন্ বিদুর। কর্দ্দম ঋষি এতাবন্মাত্র বলিয়া ভগবান্ পদ্মনাভকে মনো-

ধিয়োপগৃহ্লন্ স্মিতশোভিতেন মুখেন চেতো লুলুভে দেবহূত্যাঃ ॥ ১৯ ॥
সোঽনুজ্ঞাত্বা ব্যবসিতং মহিষ্যা দুহিতুঃ স্ফুটং। তস্মৈ গুণগণাঢ্যায় দদৌ তুল্যাং প্রহর্ষিতঃ ॥ ২০
শতরূপা মহারাজ্ঞী পারিবর্হান্মহাধনান্। দম্পত্যোঃ পর্য্যদাৎ প্রীত্যা ভূষাবাসঃ পরিচ্ছদান্ ॥ ২১
প্রত্তাং দুহিতরং সম্রাট্ সদৃক্ষায় গতব্যথঃ। উপগুহ্য চ বাহুভ্যামৌৎকণ্ঠ্যোন্মথিতাশয়ঃ ॥ ২২ ॥
অশক্নুবংস্তদ্বিরহং মুঞ্চন্ বাষ্পকলাং মুহুঃ। আসিঞ্চদম্ব বৎসেতি নেত্রোদৈর্দুহিতুঃ শিখাঃ।
আমন্ত্র্য তং মুনিবরমনুজ্ঞাতঃ সহানুগঃ। প্রতস্থে রথমারুহ্য সভার্য্যঃ স্বপুরং নৃপঃ ॥ ২৩ ॥

শ্রীধরস্বামী।

স মনুঃ অনু অনন্তরং মহিষ্যাশ্চ ব্যবসিতং নিশ্চয়ং জ্ঞাত্বা। ২০।

পারিবর্হান্ বিবাহকালে প্রদেয়ান্ ভূষা ভূষণানিচ বাসাংসিচ পরিচ্ছদান্ গৃহোপকরণানিচ। ২১।

প্রত্তাং প্রদত্তাং সদৃক্ষায় সদৃশায় গতা ব্যথা চিন্তা যস্য। ঔৎকণ্ঠ্যেন উন্মথিতং ক্ষুভিতং আশয়ো যস্য। ২২।

তস্যা বিরহং সোঢ়ুং হে অম্ব হে বৎসে ইতি ব্রুবন্ সন্ধিরার্ষঃ। শিখাঃ কেশানাসিঞ্চৎ। ২৩।

ক্রমসন্দর্ভঃ।

ভাগবতো মৎপতিত্বযোগ্য ইতি লোভং চকার। ১৯। ২০। ২১।

প্রত্তামিতি যুগ্মকং। ২২।

আমন্ত্র্যেতি যুগ্মকং। ২৩। ২৪। ২৫।

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

স্মিতশোভিতেন মুখেন চেতো লুলুভে। অর্থাৎ কর্দ্দমস্য চেতস্তস্যাং লুব্ধং বভূব তেনচ হস্ত হস্তাতিবিরক্তে কন্যার্পিতেতি মনু শতরূপয়ো রনুতাপো নাভূদিতি ব্যঞ্জিতং। ১৯।

স মনুঃ অনু অনন্তরং দুহিতুর্দেবহূত্যের্মহিষ্যা স্তন্মাতুশ্চ ব্যবসিতমভিপ্রায়ং। ২০।

পারিবর্হান্ বিবাহে প্রদেয়ান্ মহান্তি ধনানি মূল্যানি যেষাং তাননর্ঘ্যানিত্যর্থঃ। ২১।

প্রত্তাং প্রদত্তাং হে বৎসে ইতি ব্রুবন্। ২২। ২৩।

মধ্যে স্মরণ করত তুষ্ণীভূত হইয়া রহিলেন। কিন্তু তাঁহার সহাস্য বদন দেবহূতির চিত্তে লোভ জন্মাইতে লাগিল ॥ ১৯ ॥

অনন্তর মনু আপনার মহিষী এবং তনয়ার অভিপ্রায় অবগত হইয়া প্রফুল্ল চিত্তে বহুগুণালঙ্কৃত সেই মুনিবরকে অনুরূপা কন্যা সম্প্রদান করিলেন ॥ ২০ ॥

বিবাহ সম্পন্ন হইলে মহারাজ্ঞী শতরূপা প্রীতমনে ভূরি ভূরি মহামূল্য বসন, ভূষণ ও বিবিধ গৃহোপকরণ সকল কন্যা জামাতাকে যৌতুক দিলেন ॥ ২১ ॥

যোগ্যপাত্রে কন্যা সম্প্রদান করিয়া মনু নিশ্চিন্ত হইলেন, কিন্তু তনয়ার প্রতি অতিশয় স্নেহ প্রযুক্ত তাঁহার মনে অন্য প্রকার উৎকণ্ঠা জন্মিল, তাহাতেই চিত্ত ক্ষুব্ধ হইতে লাগিল, অতএব স্নেহভরে ভুজদ্বয় প্রসারণ পূর্ব্বক তনয়াকে আলিঙ্গন করিলেন ॥ ২২ ॥

এবং তাঁহার বিরহ সহ্য করিতে অশক্ত হইয়া "মাতঃ, বৎস" এই রূপ বলিতে বলিতে, বারম্বার অশ্রু বিমোচন পূর্ব্বক তাঁহার কেশ আর্দ্র করিতে লাগিলেন। অনন্তর মুনিবর কর্দ্দমকে সম্ভাষণ করিয়া তাঁহার নিকট বিদায় গ্রহণ পূর্ব্বক ভার্য্যার সহিত রথে আরোহণ করিলেন এবং ভৃত্যগণ সঙ্গে লইয়া আপনার পুরে প্রস্থান করিলেন ॥ ২৩ ॥

উভয়োঋ ষিকুল্যায়াঃ সরস্বত্যাঃ সুরোধসোঃ। ঋষীণামুপশান্তানাং পশ্যন্নাশ্রমসম্পদঃ ॥ ২৪ ॥
তমায়ান্তমভিপ্রেত্য ব্রহ্মাবর্ত্তাৎ প্রজাঃ পতিং। গীতসংস্তুতিবাদিত্রৈঃ প্রত্যুদীয়ুঃ প্রহর্ষিতাঃ ॥২৫
বর্হিষ্মতী নাম পুরী সর্ব্বসম্পৎসমন্বিতা। ন্যপতন্ যত্র রোমাণি যজ্ঞস্যাঙ্গং বিধুন্বতঃ ॥ ২৬ ॥
কুশ কাশাস্ত এবাসন্ শশ্বদ্ধরিতবর্চ্চসঃ। ঋষয়ো যৈঃ পরাভাব্য যজ্ঞঘ্নান্ যজ্ঞমীড়িরে ॥ ২৭ ॥
কুশকাশময়ং বর্হিরাস্তীর্য্য ভগবান্মনুঃ। অযজদ্ যজ্ঞপুরুষং লব্ধাস্থানং যতো ভুবং ॥ ২৮ ॥

শ্রীধরস্বামী।

ঋষিকুলহিতায়া উভয়োঃ সুরোধসোঃ শোভনতটয়োঃ ॥ ২৪ ॥
অভিপ্রেত্য জ্ঞাত্বা ব্রহ্মাবর্ত্তাৎ দেশাৎ প্রজাঃ পতিং প্রত্যুজ্জগ্মুঃ ॥ ২৫ ॥

কোঽসৌ ব্রহ্মাবর্ত্ত ইত্যপেক্ষায়ামাহ। যত্র বর্হিষ্মতী নাম পুরীতি। সাপি কুত্র যত্র যজ্ঞস্য যজ্ঞবরাহস্য রোমাণি ন্যপতন্নিতি। যত্রেতি সর্ব্বত্র সম্বধ্যতে ॥ ২৬ ॥

বর্হিষ্মতীনাম নিরুক্তিং ব্রুবন্ প্রসঙ্গাদ্দেশস্য শ্রৈষ্ঠমাহ দ্বাভ্যাং। কুশাঃ কাশাশ্চাসন্ শশ্বৎ নিত্যং হরিতং বর্চ্চো বর্ণো যেষাং। যজ্ঞঘ্নান্ রাক্ষসাদীন্ পরাভবং নীত্বা যজ্ঞং বিষ্ণুং ॥ ২৭ ॥

যত ইতি যত্রাযজৎ ভুবং স্থানং লব্ধেতি তৃণ্ প্রত্যয়ান্তং। লব্ধবান্ সন্নিত্যর্থঃ। যতো লব্ধবান্ তং যজ্ঞপুরুষমিতি বা স্বর্গা-দপি ভূমিঃ শ্রেষ্ঠা তথাপি তৎ স্থানং শ্রেষ্ঠমিত্যুক্তং ভবতি ॥ ২৮ ॥

ক্রমসন্দর্ভঃ।

কুশকাশা ইতি তএব তদ্রূপা এব ॥ ২৭ । ২৮ । ২৯ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

ঋষিকুল্যায়া ঋষীণাং সরিতঃ ঋষিকুলহিতায়া বা। উভয়োঃ সুরোধসোঃ শোভনতটয়োঃ ॥ ২৪ ॥
প্রত্যুদীয়ুঃ প্রত্যুজ্জগ্মুঃ ॥ ২৪ ॥
কোঽসৌ ব্রহ্মাবর্ত্ত ইত্যপেক্ষায়ামাহ। যত্র বর্হিষ্মতী নাম পুরী। যত্রচ পুর্য্যাং যজ্ঞস্য যজ্ঞবরাহস্য ॥ ২৬ ॥
বর্হিষ্মতী নাম নির্বক্তি রোমাণ্যেব কুশাস্তে আসন্নিত্যন্বয়ঃ ॥ ২৭ ॥
কুশকাশময়মিতি বর্হিঃ শব্দেনোভয়োক্তেঃ ভুবং ভূরূপং স্থানং লব্ধেতি তৃণ্ প্রত্যয়ান্তং ॥ ২৮ ॥

ঋষিনদী সরস্বতীর উভয় তটে প্রশান্ত মুনিগণের আশ্রম ছিল, মনু সে সকলের শোভা সম্পত্তি দেখিতে দেখিতে আসিতে লাগিলেন, তাহাতে তাঁহার চিত্ত পরম পরিতৃপ্ত হইল ॥ ২৪ ॥

অনন্তর পুরসন্নিধানে আসিয়া উপস্থিত হইলে তাঁহার প্রজাগণ সম্বাদ পাইল আমাদের অধিপতি প্রত্যাগমন করিতেছেন, অতএব তাহারা রাজদর্শন মানসে হৃষ্টচিত্ত হইয়া বিবিধ গীত, বাদ্য ও স্তব করিতে করিতে আপনাদের দেশ ব্রহ্মাবর্ত্ত হইতে নির্গমন পুরঃসর অগ্রসর হইয়া আনিতে আসিল ॥ ২৫

বিদুর! কোন দেশ ব্রহ্মাবর্ত্ত তাহার পরিচয় শুনিবে? যে স্থানে সর্ব্ব সম্পত্তি সমন্বিতা বর্হিষ্মতী নামে পুরী আছে তাহাই ব্রহ্মাবর্ত্ত দেশ। ঐ পুরীও যদি জানিতে না পার তাহারও পরিচয় দি শুন, যেখানে যজ্ঞমূর্ত্তি বরাহ আপনার অঙ্গ কম্পিত করাতে তাঁহার শরীর হইতে লোম সকল পতিত হইয়াছিল, সেই স্থানের নাম বর্হিষ্মতী পুরী ॥ ২৬ ॥

বিদুর! ঐ পুরীতে হরিদ্বর্ণ কুশ এবং কাশ সর্ব্বদা পাওয়া যায়, তদ্দ্বারা সততই ঋষিগণ যজ্ঞবিঘ্নকারি রাক্ষসদিগের পরাভব করিয়া তথায় যজ্ঞানুষ্ঠান পূর্ব্বক যজ্ঞেশ্বর বিষ্ণুর আরাধনা করিয়া থাকেন ॥ ২৭ ॥

রাজর্ষি মনুও ভূমণ্ডল রূপ স্থান প্রাপ্ত হইয়া ঐ স্থানে কুশ ও কাশ আস্তরণ পূর্ব্বক যজ্ঞপুরুষের অর্চ্চনা করিয়াছিলেন, অতএব ঐ স্থান অতিশয় শ্রেষ্ঠ ॥ ২৮ ॥

বর্হিষ্মতীং নাম বিভু র্যাং নিবিশ্য সমাবসৎ। তস্যাং প্রবিষ্টো ভবনং তাপত্রয় বিনাশনং ॥ ২৯ ॥
সভার্য্যঃ সপ্রজঃ কামান্ বুভুজেঽন্যাবিরোধতঃ। সংগীয়মানসৎকীর্ত্তিঃ সস্ত্রীভিঃ সুরগায়কৈঃ।
প্রত্যূষেষ্বনুবুদ্ধেন হৃদা শৃণ্বন্ হরেঃ কথাঃ ॥ ৩০ ॥
নিষ্ণাতং যোগমায়াসু মুনিং স্বায়ম্ভুবং মনুং। যদা ভ্রংশয়িতুং ভোগানশেকু র্ভগবৎপরং ॥ ৩১ ॥
অযাতযামা স্তস্যাসন্ যামাঃ স্বান্তর যাপনাঃ। শৃণ্বতোধ্যায়তো বিষ্ণোঃ কুর্ব্বতো ব্রুবতঃ কথাঃ॥৩২

### শ্রীধরস্বামী।

প্রস্তুতমাহ যাং বর্হিষ্মতীং নাম পুরীং সমাবসৎ পূর্ব্বং যস্যাং উষিতঃ তস্যাং নিবিশ্য ভবনং প্রবিষ্টঃ সন্ ভোগান্ বুভুজে ইত্যন্বয়ঃ ॥ ২৯ ॥

অন্যেষাং ধর্ম্মাদীনাং অবিরোধেন। প্রত্যূষেষু উষঃসু সংগীয়মানা সৎকীর্ত্তি র্যস্য। তথাপি স্বয়ং হরেরেব কথাঃ শৃণ্বন্ ভোগান্ বুভুজে। ৩০।

যোগমায়াসু ঐচ্ছিকভোগ রচনাসু যৎ যতঃ আভ্রংশয়িতুং ঈশদপি ভ্রংশয়িতুং অভিভবিতুং ॥ ৩১ ॥

অতঃ যাতঃ যামো যস্য পক্বস্যান্নস্য তদ্গতসারং ভবতি অতোঽন্যদপি গতসারং যাতযামমুচ্যতে। অযাতযামা অগতসারা আসন্ স্বান্তরং তদীয়ং মন্বন্তরং নয়ন্তি যে যামা কালাবয়বাঃ। কুর্ব্বতঃ স্ববাক্যৈরূপনিবধ্নতঃ ॥ ৩২ ॥

### ক্রমসন্দর্ভঃ।

সভার্য্য ইতি সার্দ্ধকং ॥ ৩০ ॥

নিষ্ণাতং ইতি যুগ্মকং। অযাতযামা ন জীর্ণা বৃথা নাপক্ষীণা ইত্যর্থঃ। অজস্রাতা ইতি বা জীর্ণঞ্চ পরিভুক্তঞ্চ যাতযামমিদং দ্বয়মিত্যমরঃ। শৃণ্বত ইত্যাদিকং যথাক্রমমেব জ্ঞেয়ং। ধ্যায়তস্তদ্বৈশিষ্ট্যেন স্মরতঃ। কুর্ব্বতস্তৎ কথা গ্রন্থান্ রচয়তঃ ব্রুবতস্তা-নুপদিশতঃ ॥ ৩১। ৩২। ৩৩ ॥

### শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

প্রস্তুতমাহ যাং সমাবসৎ যস্যাং পূর্ব্বমুষিতস্তস্যাং প্রথমং নিবিশ্য স্বীয়ং ভবনং ॥ ২৯॥

অন্যস্য ধর্ম্মস্যাবিরোধেন প্রত্যূষেষু প্রত্যূষঃসু প্রত্যূষ আরেভ্যেত্যর্থঃ। কথয়ৈব স্বমাধুর্য্যেণানুবিদ্ধেন বশীকৃতেন হৃদা ॥ ৩০ ॥

যোগাদষ্টাঙ্গযোগাভ্যাসাদেব মায়াসু মায়াজ্ঞানেষু নিষ্ণাতং পারগং তথাসৌ বিষয়ান্ ভোক্তুং জানাতি যথা সম্যগ্‌ভুক্তা অপি বিষয়া স্বেষাসক্তিমুৎপাদয়িতুং ন শক্নুবন্তীত্যর্থঃ। তদা তস্য যামা অযাত যামা অব্যর্থাঃ। জীর্ণঞ্চ পরিভুক্তঞ্চ যাতযামমিদং দ্বয়-মিত্যমরঃ। কীদৃশাঃ স্বান্তরং স্বীয়ং মন্বন্তরং যাপয়ন্তীতি তে কুর্ব্বতঃ স্ববাক্যৈ র্দুষ্প্রাপ্যকাব্যরূপেণোপনিবধ্নতঃ ॥ ৩১। ৩২ ॥

সে যাহা হউক স্বায়ম্ভুব যে বর্হিষ্মতী পুরীতে বাস করিতেন তথায় প্রত্যাগত হইয়া আধ্যাত্মিকাদি তাপত্রয় নাশক আপন ভবনে প্রবেশ করিলেন ॥ ২৯ ॥

এবং পুত্র কলত্র সমন্বিত হইয়া ধর্ম্মাদির অবিরোধে বিবিধ ভোগ করিতে প্রবৃত্ত হইলেন। প্রত্যহ প্রত্যূষ সময়ে সস্ত্রীক সুরগায়কগণ তাঁহার সৎকীর্ত্তি গান করিত, নিদ্রাভঙ্গ হইলে তিনি হরিকথায় বশীকৃত চিত্ত হইয়া ভগবানের গুণানুবাদই শ্রবণ করিতেন অর্থাৎ সর্ব্বদা ভগবৎপরায়ণ হইয়াই বিষয়াদি ভোগ করিতেন ॥ ৩০ ॥

আদিরাজ মনু এই রূপে ভগবানের আশ্রিত হইয়া ঐহিক ভোগ রচনায় অবস্থিত হওয়াতে ভোগ সকল তাঁহাকে অত্যল্পও অভিভব করিতে পারিল না। ৩১ ॥

অতএব কালের যে সকল অবয়ব ক্ষণমুহূর্ত্তাদি তাঁহার আপনার মন্বন্তর পূর্ণ করিতেছিল, তাহাদের সার বিগত হইল না। ফলতঃ তিনি সর্ব্বদা ভগবৎ কথা শ্রবণ, ভগবানের ধ্যান এবং আপনার বাক্য দ্বারা ভগবৎ কথা রচনা করিতেন, ইহাতে তাঁহার সময় বৃথা যাপিত হয় নাই অযাতযামই হইয়াছিল ॥৩২

স এবং স্বান্তরং নিন্যে যুগানামেকসপ্ততিঃ। বাসুদেবপ্রসঙ্গেন পরিভূতগতিত্রয়ঃ ॥ ৩৩ ॥
শারীরা মানসা দিব্যা বৈয়াসে যে চ মানুষাঃ। ভৌতিকাশ্চ কথং ক্লেশা বাধেরন্ হরিসংশ্রয়ং ॥৩৪॥
যঃ পৃষ্টো মুনিভিঃ প্রাহ ধর্ম্মান্নানাবিধান্ শুভান্। নৃণাং বর্ণাশ্রমাণাঞ্চ সর্ব্বভূতহিতঃ সদা ॥ ৩৫ ॥
এতত্ত আদিরাজস্য মনোশ্চরিতমদ্ভুতং। বর্ণিতং বর্ণনীয়স্য তদপত্যোদয়ং শৃণু ॥ ৩৬ ॥

॥ * ॥ ইতি শ্রীভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং তৃতীয়স্কন্ধে দেবহূতি প্রদানং দ্বাবিংশতি তমোঽধ্যায়ঃ ॥ * ॥ ২২ ॥ * ॥

শ্রীধরস্বামী।

পরিভূতং গতিত্রয়ং জাগ্রদাদি সাত্ত্বিকাদি বা যেন ॥ ৩৩ ॥
দিব্যাস্বান্তরীক্ষা মানুষাঃ শত্রুপ্রভবাঃ ভৌতিকাঃ শীতোষ্ণাদি প্রভবাঃ বৈয়াসে বিদুর ॥ ৩৪ ॥
তস্য জানাতিশয়মাহ য ইতি নৃণাং সাধারণধর্ম্মান্ ॥ ৩৫ ॥
তস্য যদপত্যং দেবহূতিঃ তস্যা উদয়ং প্রভাবং ॥ ৩৬ ॥

॥ * ॥ ইতি তৃতীয়ে দ্বাবিংশঃ ॥ * ॥

ক্রমসন্দর্ভঃ।

শারীরা মানসাশ্চাধ্যাত্মিকাঃ দিব্যা আধিদৈবিকাঃ। মানুষা ভূতান্তরজাশ্চাধিভৌতিকাঃ। তত্তদবান্তরভেদ বিবক্ষয়াতু ব্যোর্ভেদঃ ॥ ৩৪ ॥

অতো যজ্ঞ স্মৃতিমকরোৎ তদপ্যধিকারানুসারেণ ক্রমশোভগবত্তত্ত্বৌ তান্ প্রবেশয়িতুমিচ্ছয়ৈবেতি জ্ঞেয়মিত্যাহ। য ইতি। মনু তাদৃশস্তেতকানেবানুগৃহ্নাতু। কিং তদ্বিমুখৈরিত্যাশঙ্ক্যাহ। সর্ব্বভূতহিতঃ সদেতি ॥ ৩৫ ॥ তস্যাপত্যানাং দেবহূত্যাদীনামুদয়ং ॥ ৩৬
॥ * ॥ ইতি শ্রীমদ্ভাগবতে তৃতীয়স্কন্ধে শ্রীজীবগোস্বামিকৃত ক্রমসন্দর্ভস্য দ্বাবিংশোঽধ্যায়ঃ সমাপ্তঃ ॥ * ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

গতিত্রয়ং জাগ্রদাদি সত্ত্বাদি বা তাপত্রয়ং বা ॥ ৩৩ ॥
তত্র ভক্তিরেব কারণমিত্যাহ শারীরা ইতি দিব্যা আন্তরীক্ষাঃ মানুষাঃ শত্রুপ্রভবাঃ। ভৌতিকাঃ শীতোষ্ণাদি প্রভবাঃ বৈয়াসে হে বিদুর ॥ ৩৪ ॥ ৩৫ ॥ উদয়ং প্রভাবং ॥ ৩৬ ॥

* ॥ ইতি সারার্থদর্শিন্যাং হর্ষিণ্যাং ভক্তচেতসাং। দ্বাবিংশোঽয়ং তৃতীয়স্য সঙ্গতঃ সঙ্গতঃ সতাং ॥ * ॥

বৎস বিদুর! ঐ প্রকারে স্বায়ম্ভুব মনুর আপনার অন্তর কাল এক সপ্ততি যুগ যাপন করিলেন। ভগবান্ বাসুদেবের কথা প্রসঙ্গে সর্ব্বদাই তাঁহার আসক্তি থাকাতে, তিনি জাগ্রৎ স্বপ্ন সুষুপ্তি এই তিন অবস্থাকে পরিভূত করিয়াছিলেন ॥ ৩৩ ॥

হে ব্যাসনন্দন! ঐ মনুকে কোন সময়ে কোন প্রকার ক্লেশে বাধা দেয় নাই। বৎস! শারীরিক, মানসিক, দৈবিক, শত্রুপ্রভব এবং শীতোষ্ণাদি প্রভব ইত্যাদি বিবিধ ক্লেশ আছে সত্য, কিন্তু সে সকল কি হরিপদাশ্রিত ব্যক্তির পীড়া জন্মাইতে সমর্থ হয়? ॥ ৩৪ ॥

অধিক ঐ মনুর জানাতিশয্যের কথা কি বলিব? মুনিগণ তাঁহাকে ধর্ম্ম জিজ্ঞাসা করাতে তিনি সর্ব্ব প্রাণির হিতার্থে বিবিধ শুভাবহ ধর্ম্ম এবং মানব জাতির সাধারণ ধর্ম্ম তথা বর্ণ ও আশ্রম ধর্ম্ম সম্যক্ প্রকারে কহিয়াছিলেন ॥ ৩৫ ॥

বৎস! আদিরাজ মনুর এই অদ্ভুত চরিত্র তোমার নিকট বর্ণন করিলাম এক্ষণে তাঁহার কন্যা দেবহূতির প্রভাব বলি শ্রবণ কর ॥ ৩৬ ॥

॥ * ॥ ইতি তৃতীয়ে দ্বাবিংশ ॥ * ॥

শ্রীমৈত্রেয় উবাচ ॥

পিতৃভ্যাং প্রস্থিতে সাধ্বী পতিমিঙ্গিতকোবিদা। নিত্যং পর্য্যচরৎ প্রীত্যা ভবানীব ভবং প্রভুং।
বিশ্রম্ভেণাত্মশৌচেন গৌরবেণ দমেনচ। শুশ্রূষয়া সৌহৃদেন বাচা মধুরয়া চ ভোঃ ॥ ১ ॥
বিসৃজ্য কামং দম্ভঞ্চ দ্বেষং লোভমঘং মদং। অপ্রমত্তোদ্যতা নিত্যং তেজীয়াংসমতোষয়ৎ ॥ ২ ॥
স বৈ দেবর্ষিবর্য্যস্তাং মানবীং সমনুব্রতাং। দৈবাদ্গরীয়সঃ পত্যুরাশাসানাং মহাশিষঃ ॥ ৩ ॥
কালেন ভূয়সা ক্ষামাং কর্শিতাং ব্রতচর্য্যয়া। প্রেমগদ্গদয়া বাচা পীড়িতঃ কৃপয়াব্রবীৎ ॥ ৪ ॥

শ্রীধরস্বামী।

ত্রয়োবিংশে তপোযোগ নির্ম্মিতে সর্ব্বসম্পদি। বিমানে কামগে চিত্রা তয়োরতি রুদীর্য্যতে ॥ ০ ॥
প্রস্থিতে গমনে কৃতে সতি ॥ ১ ॥
দম্ভং কপটং অঘং নিষিদ্ধাচরণং। তেজীয়াংসং অতিতেজস্বিনং ॥ ২ ॥
দৈবাদ্গরীয়সঃ দৈবাদপি গুরুতরাৎ দৈবমপ্যন্যথাকর্ত্তুং সমর্থাদিত্যর্থঃ ॥ ৩ ॥
ব্রতচর্য্যয়া কর্শিতাং তত্রাপি ভূয়সা কালেনাতিক্ষামামিত্যর্থঃ ॥ ৪ ॥

ক্রমসন্দর্ভঃ।

বিশ্রম্ভেণেতি যুগ্মকং ॥ ১ । ২ ॥
সবৈ ইতি যুগ্মকং মহাশিষ স্তাদৃশ সন্ততি পর্য্যবসানাঃ ॥ ৩ ॥
ক্ষামাং ক্ষীণশক্তিং কর্ষিতাং তনূকৃত দেহাং কর্দ্দম উবাচেতি কচিৎ ॥ ৪ । ৫ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

দেবহূত্যা বরস্তস্যা বাঞ্ছিতা দিব্যসম্পদঃ। সৃষ্টা রতিঃ কর্দ্দমস্য ত্রয়োবিংশে নিরূপ্যতে ॥ ০ ॥
অঘমপরাধং ॥ ১ । ২ ॥
দৈবাদ্গরীয়সঃ দৈবাদপি গুরুতরাৎ দৈবমপ্যন্যথা কর্ত্তুং সমর্থাৎ। যদ্বা বিসৃজ্য কামমিত্যুক্তং। তদপি কিয়ৎ সময়ানন্তরং দৈবাৎ পরমেশ্বরপ্রেরণবশাৎ মহাশিষঃ কামান্ আশাসানাং ইচ্ছন্তীং ॥ ৩ ॥
কৃপয়া পীড়িতস্তস্যাঃ কার্শ্যদর্শনেন সন্তপ্তঃ ॥ ৪ ॥

ত্রয়োবিংশ অধ্যায়ে তপঃ প্রভাবনির্ম্মিত বিমানে কর্দ্দম ও দেবহূতির রতিক্রীড়া ॥ ০ ॥

মুনিবর মৈত্রেয় সম্বোধন পূর্ব্বক কহিলেন, বৎস বিদুর। পিতা মাতা স্বদেশে প্রস্থান করিলে সাধ্বী দেবহূতি সাতিশয় প্রীত হইয়া পতির অভিপ্রায়ানুসারে নিত্য তাঁহার পরিচর্য্যা করিতে আরম্ভ করিলেন, ভবানী যে প্রকারে ভগবান্ ভবের শুশ্রূষা করিয়াছিলেন তদনুরূপ স্বামির সেবায় রত হওয়াতে কি বিশ্বাস, কি শৌচ, কি গৌরব, কি ইন্দ্রিয় দমন, কি সৌহার্দ্দ প্রদর্শন, কি সুমধুর সম্ভাষণ, কোন বিষয়েই তাঁহার ত্রুটি হইল না ॥ ১ ॥

তিনি কাম, কপট, দ্বেষ, লোভ, অহঙ্কার এবং নিষিদ্ধাচরণ এ সকল বিসর্জ্জন পূর্ব্বক সাবধান হইয়া শুশ্রূষা দ্বারা অহরহঃ কেবল সেই তেজীয়ান্ পতির পরিতোষ জন্মাইতে লাগিলেন ॥ ২ ॥

বৎস। মনুতনয়া দেবহূতির দৈব অপেক্ষাও গুরুতর পতির নিকট সুমহৎ আশীর্ব্বাদ লাভের অভিলাষ ছিল, এ নিমিত্ত তিনি সর্ব্ব প্রকার শুশ্রূষা দ্বারা পতির চিত্তানুবর্ত্তনে প্রবর্ত্তমানা থাকিলেন ॥ ৩ ॥

তাঁহার শরীর একে ব্রতাচরণ দ্বারা ক্ষীণ হইয়াছিল, তাহাতে আবার সুদীর্ঘ কাল ঐ রূপে গত হওয়াতে আরও শীর্ণ হইল। একদা মহর্ষি কর্দ্দম সহধর্ম্মিণীর প্রতি দৃষ্টিপাত করিলেন, প্রেয়সীর ক্ষীণকায় অবলোকিত হওয়াতে কর্দ্দমের অন্তঃকরণ করুণারস সঞ্চারে পীড়িত হইল, সুতরাং প্রেমগদ্গদ বচনে সম্বোধন পূর্ব্বক তাঁহাকে কহিতে লাগিলেন ॥ ৪ ॥

তুষ্টোঽহমদ্য তব মানবি মানদায়াঃ শুশ্রূষয়া পরময়া পরয়াচ ভক্ত্যা।
যোদেহিনাময়মতীব সুহৃৎ স দেহো নাবেক্ষিতঃ সমুচিতঃ ক্ষপিতুং মদর্থে॥ ৫॥
যে মে স্বধর্ম্ম নিরতস্য তপঃ সমাধি বিদ্যাত্মযোগবিজিতা ভগবৎ প্রসাদাঃ।
তানেব তে মদনুসেবনয়াবরুদ্ধান্ দৃষ্টিং প্রপশ্য বিতরাম্যভয়ানশোকান্॥ ৬॥
অন্যে পুনর্ভগবতো ভ্রুব উদ্বিজৃম্ভ বিভ্রংশিতার্থরচনাঃ কিমুরুক্রমস্য।

শ্রীধরস্বামী।

সুহৃৎপ্রিয়ঃ মদর্থে ক্ষপয়িতুং নাবেক্ষিতঃ নগণিতঃ সমুচিতঃ শ্লাঘ্যোঽপি মৎসেবাসক্তয়া উপেক্ষিত ইত্যর্থঃ॥ ৫॥

তপশ্চ সমাধিশ্চ বিদ্যাচ উপাসনা তাসু য আত্মযোগশ্চিত্তৈকাগ্র্যং তেন বিজিতাঃ প্রাপ্তাঃ ভগবৎ প্রসাদা দিব্যা ভোগাস্তানেব তে অবরুদ্ধান্ ত্বয়াপি বশীকৃতান্ প্রপশ্য তে দিব্যাং দৃষ্টিং বিতরামি যয়া দৃষ্ট্যা দ্রক্ষ্যসি॥ ৬॥

অন্যে পুনর্ভোগাঃ কিং ন কিমপি অতিতুচ্ছা ইত্যর্থঃ। অত্র হেতুঃ ভগবত উরুক্রমস্য যা ভ্রূঃ তস্যা উদ্বিজৃম্ভো বক্রীভাবঃ তেন বিভ্রংশিতা অর্থরচনা মনোরথা যেষু। নিজধর্ম্মেণ পাতিব্রত্যেন দুহন্ত ইতি তথা তান্ দুরধিগমান্ দুষ্প্রাপান্ নৃপা বয়

ক্রমসন্দর্ভঃ।

যে ম ইতি। পূর্ব্বং স্বধর্ম্মঃ। তৎ প্রধান পূজা। ততস্তপঃ। ততঃ সমাধিরেকাগ্রতা। ততো বিদ্যানুভবঃ। তত আত্মন ভগবতা শুক্লেন যোগঃ সংযোগঃ। তৈর্ব্বিজিতা ইতি স্বধর্ম্মাদীনামপি তৎ পরত্বেন কৃতির্গম্যতে॥ ৬॥

নৃপাণাং বিক্রিয়াভিঃ সামাত্যপায়ৈঃ॥ ৭॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী

সদেহো নাবেক্ষিতঃ তিষ্ঠতু নশ্যতু বেত্যেবং ন গণিত ইত্যর্থঃ। পরমপতিব্রতায়াস্তবৈতৎ যুক্তমেবেতি দেহং বিশিনষ্টি মদর্থে মৎসেবার্থে এব ক্ষপয়িতুং ক্ষীণীকর্ত্তুং সমুচিতঃ॥ ৫॥

তস্মাদেতন্নিরুপাধিসেবা ঋণপরিশোধনার্থমন্যৎ কিঞ্চন তুভ্যং দাতুং নোপযুজ্যতে কিন্ত্বেতদেব পরমদুর্ল্লভং বক্তুমিত্যাহ যে ইতি সমাধির্ধ্যান পরিপাকঃ বিদ্যা উপাসনা তাবেবাত্মযোগৌ তাভ্যাং বিজিতাঃ প্রাপ্তাঃ অবরুদ্ধান্ ত্বয়াপি বশীকৃতান্ ত্বায়ত্তো লব্ধানেবেত্যর্থঃ। প্রপশ্য তে দিব্যাং দৃষ্টিং বিতরামি যয়া দৃষ্ট্যা তানেবাধুনা সাক্ষাদ্দ্রক্ষ্যসি। যদ্বা মৎকৃপয়া দৃষ্টিং প্রকর্ষেণ পশ্য অল মত্র লজ্জয়েতি ভাবঃ। অত্র স্বধর্ম্মতপোমিশ্র ভগবদ্ধ্যানাদিভি র্যে ভগবৎ প্রসাদা স্তেভ্যো ভোগমোক্ষাববাধিতাবেব স্যাতামিত্যভিপ্রায়েণাহ অভয়ানশোকানিতি॥ ৬॥

অন্যে শচ্যাদিভিরপি ভুজ্যমানাঃ স্বর্গীয়া অপি ভোগা ভয় শোকব্যাপ্তা এবেত্যাহ অন্যে ইতি কিং ন কিমপি তুচ্ছা ইত্যর্থঃ।

হে মানবি! তুমি অতি মানদা, তোমার এই প্রকার শুশ্রূষা এবং ভক্তিতে আমি পরম পরিতুষ্ট হইয়াছি। কি আশ্চর্য্য! যে দেহ দেহিমাত্রের অতিশয় প্রিয়, তুমি সেই দেহকেও আমার নিমিত্ত ক্ষয় করিতে উদ্যত হইয়াছ? একি! আমার সেবায় আসক্তি বশতঃ স্নেহাস্পদ দেহকেও উপেক্ষা করিয়াছিলে?॥ ৫॥

হে প্রিয়তমে! আমি স্বধর্ম্মে রত থাকিয়া তপস্যা, সমাধি, উপাসনা প্রভৃতি দ্বারা চিত্তকে একাগ্র করত তদ্দারা ভগবানের প্রসাদ স্বরূপ ভয় শোক বিহীন যে যে দিব্য ভোগ জয় করিয়াছি, তুমি আমার সেবা দ্বারা সেই সকল ভোগ আয়ত্ত করিলে। আমি তোমাকে দিব্য চক্ষুঃ প্রদান করিতেছি তুমি তদ্দারা ঐ সমস্ত দেখিতে পাইবে॥ ৬॥

প্রিয়ে! অন্যান্য অনেক ভোগ আছে সত্য, কিন্তু সে সকল কি তোমার ভোগ্য? ভগবান্ উরুক্রমের ভ্রূভঙ্গি মাত্রে সে সকলের প্রতি মনোরথ ভ্রংশিত হয়, অতএব তৎসমুদায় তোমার উপযুক্ত নয়, তুমি সিদ্ধ হইয়াছ, আপনার পাতিব্রত্য ধর্ম্মে উপার্জ্জিত সেই সকল দিব্য ভোগ উপভোগ কর। হে সুন্দরি!

সিদ্ধাসি ভুঙ্ক্ষ্ব বিভবান্নিজধর্মদোহান্ দিব্যান্নরৈর্দুরধিগান্নৃপবিক্রিয়াভিঃ ॥ ৭ ॥
এবং ব্রুবাণমবলাখিলযোগমায়াবিদ্যাবিচক্ষণমবেক্ষ্য গতাধিরাসীৎ।
সংপ্রশ্রয়প্রণয়বিহ্বলয়া গিরেষদ্‌ব্রীড়াবলোকবিলসদ্ধসিতাননাহ ॥ ৮ ॥
শ্রীদেবহূতিরুবাচ ॥
রাদ্ধং বত দ্বিজবৃষৈতদমোঘযোগমায়াধিপে ত্বয়ি বিভো তদবৈমি ভর্তঃ।

শ্রীধরস্বামী।

নৃপতি বা বিক্রিয়া তত্তদ্ভোগবিকৃতয়ঃ তাভিঃ ॥ ৭ ॥

অখিল যোগমায়াশ্চ বিদ্যাশ্চ তত্তদুপাসনা তাসু বিচক্ষণং নিপুণং এবং ব্রুবাণং পতিমবেক্ষ্য গতাধি র্নিশ্চিন্তা জাতা। সংপ্রশ্রয়ো বিনয়ঃ প্রণয়ঃ প্রেম তাভ্যাং বিহ্বলা গদ্গদা তয়া গিরা। ঈষদ্‌ব্রীড়া সহিতো যোঽবলোকস্তেন বিলসদ্ধসিতমাননং যস্যাঃ সা আহ জগাদ ॥ ৮ ॥

রাদ্ধমিতি হর্ষে দ্বিজবৃষ দ্বিজশ্রেষ্ঠ হে ভর্তঃ ত্বয়ি এতৎ সর্বং রাদ্ধং সিদ্ধমেব তৎ অহমবৈমি জানামি। কিন্তু যস্তে ময়া সময়োঽভিহিতঃ স ভাবভূয়াৎ। সকৃদিতি গর্ভসম্ভব মাত্র পর্যন্ত ইত্যর্থঃ। যস্মাদ্‌গরীয়সি শ্রেষ্ঠে ভর্তরি হেতুভূতে স্ত্রীণাং প্রসবো গুণো মহান্ স্যাতঃ। সমাস পাঠে গরীয়সি পত্যৌ সতি সতীনাং যতো গুণপ্রসবো গুণবিস্তারো ভবতি। অতঃ পুত্রোৎপত্ত্যা

ক্রমসন্দর্ভঃ।

এবমিত্যত্র হসিতস্যৈব ঈষদিত্যপি বিশেষণং ॥ ৮ ॥
অঙ্গসঙ্গ ইত্যনেন প্রাপ্তাং মদনোদ্ভবদোত্তমজ্জাং লজ্জাং বারয়তি। গরীয়সীতি ॥ ৯ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্তী।

নিজধর্মেণ পাতিব্রত্যেন দুহ্যমানান্ নৃপোঽহং নৃপপত্নী চাহমিতি যা বিক্রিয়াস্তাভির্দুরধিগমান্ দুষ্প্রাপ্যানিত্যর্থঃ ॥ ৭ ॥

যোগমায়া যোগোত্থবিভূতয়ঃ বিদ্যা উপাসনাশ্চ তাসু চ বিচক্ষণং মদ্ভর্তা মৎপারলৌকিকীর্ভোগমোক্ষসংপদো মহ্যং দদাতি নত্বৈহিকীরিতি মনসি বিমৃশন্তী সংপ্রশ্রয়ো বিনয়ঃ প্রণয়ঃ প্রেমবিশেষস্তাভ্যামেব বিহ্বলং যথাস্যাত্তথা যান্তী কর্দমং প্রতি গচ্ছন্তী যা গীস্তয়া। বিহ্বলয়েতি লোমপা শব্দবৎ। ঈষদ্‌ব্রীড়াযুক্তোঽবলোকএব বিলসদ্ধসিতমাননং যস্যাঃ সা আহ পত্যৌ প্রকটসম্ভোগ প্রার্থনায়া রসাভাসত্বাৎ তস্যা দেবহূতেশ্চোত্তমাঙ্গনা মুকুটমণিত্বাৎ রাদ্ধমিত্যাদি পদ্যদ্বয়স্য মুখেন বক্তুমশক্যত্বাৎ তদ্বাচনার্থং লজ্জাহসিতব্যঞ্জিতমবলোকমেব মুখঞ্চকার। তত্র ব্যাখ্যামানৌ বিনয়প্রণয়াবেব গদ্গদবাণীকত্বাৎ তস্যা যথা রাদ্ধমিত্যাদি পদ্যদ্বয়ং স্পষ্টমুচ্চারয়িতুং বভূব। মুখেনতু সা তূষ্ণীমেব তস্থা ইত্যাহুরিত্যর্থঃ ॥ ৮ ॥

দেবহূতিরুবাচেতি সেয়মুক্তিস্তেনেতি জ্ঞেয়ঃ। হে দ্বিজবৃষ ব্রাহ্মণশ্রেষ্ঠ এতৎ ত্বয়ি রাদ্ধং সিদ্ধমেব তদহমেবাবৈমি জানাম্যেব কিন্তু যস্তে ময়া সময়োঽভ্যধায়ি উক্তঃ স ভূয়াৎ সকৃদিতি সকৃদঙ্গসঙ্গবর্ণনমেবোঽঙ্গসঙ্গ ইত্যর্থঃ। যস্মাদ্‌গরীয়সি শ্রেষ্ঠে পত্যৌ হেতুভূতে সতীনাং স্ত্রীণাং গুণঃ খলু প্রসবোঽপত্যোৎপত্তিরেব মহত্ত্বাধায়ক ইতি স্ত্রীষু নিষ্ঠেবেতি ভাবঃ। বিবিক্তপাঠে

ঐ সকল ভোগ মানবদিগের অতি দুষ্প্রাপ্য "আমরা নৃপতি" এই রূপ বিক্রিয়া অর্থাৎ এই প্রকার যে ভাগ্য বিকৃতি তদ্দ্বারাও ঐ সকল ভোগ ভোগ্য হইতে পারে না ॥ ৭ ॥

মহর্ষি কর্দম অখিল যোগ মায়া এবং উপাসনায় সুনিপুণ ছিলেন তিনি এই প্রকার বলিতে লাগিলে তাঁহাকে অবলোকন করিয়াই দেবহূতি নিশ্চিন্ত হইলেন এবং ঈষৎ লজ্জা প্রকাশ পুরঃসর স্বামির প্রতি দৃষ্টিপাত করিলেন, তাহাতে তাঁহার বদনের সাতিশয় শোভা হইল। পরে সুতিকে সম্বোধন করিয়া বিনয় ও প্রণয় বশতঃ গদগদ বচনে বলিতে লাগিলেন ॥ ৮ ॥

হে দ্বিজশ্রেষ্ঠ! হে স্বামিন্! আপনি অমোঘ যোগ ও মায়ার অধিপতি, যাহা কহিলেন সকলই আপনাতে সিদ্ধ আছে সংশয় নাই, কিন্তু আপনি আমার পাণিগ্রহণ সময়ে যে অঙ্গীকার করিয়াছেন

যত্তেভ্যধায়ি সময়ঃ সকৃদঙ্গসঙ্গো ভূয়াদ্গরীয়সি গুণঃ প্রসবঃ সতীনাং ॥ ৯ ॥
তত্রেতিকৃত্যমুপশিক্ষ যথোপদেশং যেনৈষ মে কর্ষিতোঽতিরিরংসয়াত্মা।
সিধ্যেত তে কৃতমনোভবধর্ষিতায়া দীনস্তদীশ ভবনং সদৃশং বিচক্ষ্ব ॥ ১০ ॥
শ্রীমৈত্রেয় উবাচ ॥
প্রিয়ায়াঃ প্রিয়মন্বিচ্ছন্ কর্দ্দমো যোগমাস্থিতঃ। বিমানং কামগং ক্ষত্ত স্তর্হ্যেবাবিরচীকরৎ ॥ ১১ ॥

শ্রীধরস্বামী।

মম গুণবিস্তারে জাতে পশ্চাৎ যদুক্তং সর্ব্বং ভবত্বিতি ভাবঃ ॥ ৯॥

অঙ্গসঙ্গার্থঞ্চ প্রথমমিতিকর্ত্তব্যং সম্পাদয়েত্যাহ। হে ঈশ তত্রাঙ্গ সঙ্গে ইতিকৃত্যং সাধনং যথোপদেশং কামশাস্ত্রানুসারেণ উপশিক্ষ জানীহি উপকল্পয়েত্যর্থঃ যেন সাধনেন অভ্যঙ্গ ভোজন পানাদিনা; অতীব রন্তুমিচ্ছয়া কর্ষিতো দীনশ্চ মমৈব আত্মা দেহঃ সিধ্যেত রতিসমর্থো ভবেৎ। কথম্ভূতায়াঃ তে ত্বয়ৈব কৃতঃ ক্ষোভিতো যো মনোভব স্তেন ধর্ষিতায়াঃ তত্তদনুরূপং ভবনঞ্চ বিচক্ষ্ব বিতর্কয় বিস্তারয় ইতি যাবৎ ॥ ১০ ॥ তর্হি তৎক্ষণমেব আবিরচীকরৎ আবির্ভাবয়াম্বভূব ॥ ১১ ॥

ক্রমসন্দর্ভঃ।

তত্র সৎপুত্রোৎপত্তিকামনায়াং ইতিকর্ত্তব্যং শিক্ষয়। যথোপদেশং যচ্ছিক্ষানুরূপং যেন চ তৎ কর্ত্তব্যেন হেতুনা তৎকৃত কামধর্ষিতা ভবত্যা মে মম এব আত্মা দেহঃ তপ আদিনা অপি কর্ষিতো দীনশ্চাপি রিরংসয়া সিধ্যেৎ। তদেযাগ্যঃ স্যাৎ তদনন্তরঞ্চ॥১০
প্রিয়ায়া ইতি দশকং ॥ ১১। ১২। ১৩ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

গুণানাং প্রসব ইতি সমাসেঽপত্যামিষেণ পত্যুর্গুণা এব প্রসূয়ন্তে তাভিরিতি মে যত্তঃ সদপত্যানি ভবন্ত্বিতি ভাবঃ ॥ ৯ ॥

নহু তর্হি প্রবিশ পর্ণশালাং তত্তে বাঞ্ছিতং করবাণীতি চেন্ন তদীদৃশ মলিন কৃশশরীরেণ নৈতাদৃশ পর্ণশালায়াং নৈতাদৃশ পরিচ্ছদেন সিধ্যেদিত্যাহ তত্রেতি। তত্র অঙ্গসঙ্গে ইতিকৃত্যং সাধনং যথোপদেশং বাৎস্যায়নাদিশাস্ত্রোপদেশমনতিক্রম্য উপশিক্ষ। স্বস্মাদেব জানীহি কামপ্রক্রিয়ায়াঃ স্বৈকগম্যত্বাৎ। অথাচ তত্তৎ সমুচিত বস্তু জাতং রসোদ্দীপনাদিকমভ্যঙ্গভোজনপানাদিকঞ্চ সাধু সম্পাদয়েত্যর্থঃ। যেন এব আত্মা দেহঃ অতিরিরংসয়া কর্ষিতঃ ক্ষোভিতঃ সন্ সিধ্যেত রতিসমর্থো ভবেৎ মম কীদৃশ্যাঃ তে ত্বয়ৈব কৃতঃ স্বদর্শনাদিনা জনিতো যো মনোভব স্তেন ধর্ষিতায়াঃ দীনঃ সংপ্রতি তু দরিদ্র এব তত্তস্মাৎ হে ঈশ যোগবলেন সর্ব্বং স্রষ্টুং সমর্থ সদৃশং রত্যনুরূপং ভবনঞ্চ বিচক্ষ্ব বিচারয় ॥ ১০ ॥

তূষ্ণীং স্থিতয়া দেবহূত্যা নেত্রেঙ্গিতেনৈব এতদ্যদুক্তং কর্দ্দমোঽপি তূষ্ণীং স্থিত এব তদৈব তত্তৎ সর্ব্বং সম্পাদয়মাসৈব নতু প্রত্যুত্তরং দদাবিত্যাহ প্রিয়ায়া ইত্যাদিনা ॥ ১১ ॥

তাহা সম্পন্ন করুন, যাহাতে আমি গর্ব্ভবতী হইতে পারি এমত অঙ্গ সঙ্গ একবার হউক। প্রভো! সাধ্বী স্ত্রীগণ শ্রেষ্ঠ পতি লাভ করিয়া যদি পুত্র প্রসব করিতে পারে তাহাই তাহাদের সুমহৎ লাভ ॥৯॥

হে ঈশ। যদি স্বীকৃত পালন নিমিত্ত অঙ্গসঙ্গ করিতে মানস হয় তবে তদ্বিষয়ের ইতিকর্ত্তব্যতা সম্পাদন করুন অর্থাৎ কাম শাস্ত্রে যে রূপ উপদিষ্ট আছে উপকল্পিত করিতে আজ্ঞা হউক অর্থাৎ ভোজনাদি দ্বারা শরীরে বলাধান সাধন করিতে অনুমতি দিউন, তাহা হইলে আমার এই কলেবর রতি ক্রীড়ায় সমর্থ হইবে, প্রভো। মনোভব কাম আপনার নিকট ক্ষোভ প্রাপ্ত হইয়া আমার উপরে দম্ভ প্রকাশ করিতেছে, তজ্জন্য আমার মনঃরমণেচ্ছায় আকর্ষিত হওয়াতে মদীয় দেহ দীন হইয়া পড়িয়াছে, অতএব বলাধান করা আবশ্যক এবং রতি সাধনের অনুরূপ ভবনও নিরূপণ করুন ॥ ১০ ॥

মৈত্রেয় কহিলেন মুনিবর কর্দ্দম আপনার প্রেয়সীর এই সকল বাক্য শ্রবণ করিয়া তাঁহার সন্তোষ জন্য যোগাবলম্বন করিলেন, মুনির যোগবলে তৎক্ষণাৎ একটী বিমান আসিয়া উপস্থিত হইল ॥ ১১ ॥

সর্ব্বকামদুঘং দিব্যং সর্ব্বরত্নসমন্বিতং। সর্ব্বর্দ্ধ্যুপচয়োদর্কং মণিস্তম্ভৈরুপস্কৃতং ॥ ১২ ॥
দিব্যোপস্করণোপেতং সর্ব্বকালসুখাবহং। পট্টিকাভিঃ পতাকাভির্বিচিত্রাভিরলঙ্কৃতং ॥ ১৩ ॥
স্রগ্‌ভির্বিচিত্রমাল্যাভির্মঞ্জুসিঞ্জৎষড়ঙ্ঘ্রিভিঃ। দুকূলক্ষৌমকৌশেয়ৈর্নানাবস্ত্রৈর্বিরাজিতং ॥ ১৪ ॥
উপর্য্যুপরি বিন্যস্ত নিলয়েষু পৃথক্ পৃথক্। কৢপ্তৈঃ কশিপুভিঃ কান্তং পর্য্যঙ্কব্যজনাসনৈঃ।
তত্র তত্র বিনিক্ষিপ্ত নানাশিল্পোপশোভিতং। মহামরকতস্থল্যা জুষ্টং বিদ্রুমবেদিভিঃ ॥ ১৫ ॥

শ্রীধরস্বামী।

তদেব বিশিনষ্টি সর্ব্বকামদুঘমিতি নবভিঃ। সর্ব্বৈশ্চ রত্নাদিভিঃ সমন্বিতং সর্ব্বর্দ্ধীনাং সর্ব্বসম্পদাং য উপচয় স্তস্য উদর্কঃ উত্তরোত্তরাতি বৃদ্ধির্যস্মিন্ উপস্কৃতং শোভিতং ॥ ১২ ॥

উপস্করণং পরিকরঃ পট্টিকা অল্পবিস্তার পট্টবস্ত্র বিশেষাঃ পতাকা বিস্তৃতা স্তাভিঃ ॥ ১৩ ॥

বিচিত্রাণি মাল্যানি পুষ্পাণি যাসু। মঞ্জু যথা ভবতি এবং সিঞ্জন্তঃ ষড়ঙ্ঘ্রয়ো যাসু তাভিঃ স্রগ্‌ভিঃ ॥ ১৪ ॥

উপর্য্যুপরি বিরচিতা গৃহেষু কশিপুভিঃ শয্যাভিঃ কান্তং কমনীয়ং। পর্য্যঙ্কাদিভিশ্চ কান্তং ॥ ১৫ ॥

ক্রমসন্দর্ভঃ।

দুকূলক্ষৌমে অতসীতন্তু সম্ভবত্বেন সমানেপ্যবান্তর ভেদে জ্ঞেয়ে। দুকূলং ক্ষৌমমস্ত্রিয়ামিত্যমরঃ ॥১৪।১৫।১৬।১৭।১৮॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

নচ দেবমনুষ্যাদিকৃতমিব তদপূর্ণসুখময়মিত্যাহ সর্ব্বেতি নচ সামান্যবিমানমিব উত্তরোত্তরকালকৃতাপচয়এব উদর্কঃ উত্তরোত্তর ফলং যত্র তৎ ॥ ১২ ॥

উপস্করণং পরিকরঃ নচৌষ্ণ্যশৈত্যাদিকালিক দুঃখসহিতমিত্যাহ সর্ব্বকালেতি। পট্টিকাভিঃ ক্ষুদ্রপতাকাভিঃ পতাকাভির্বৃহতীভিঃ ॥ ১৩ ॥

স্রগ্‌ভিরন্তিপৃষ্টদীর্ঘাভি র্গোপানসীলয়াভিঃ বিচিত্রানি রক্তপীতাদিবর্ণানি মাল্যান্যন্তরান্তরা প্রোতানি যাসু তাভিঃ। দুকূলৈঃ ক্ষুদ্রকৃমিকোষোত্থ পট্টবস্ত্রৈঃ ক্ষৌমৈরতসীতন্তুভবৈঃ কৌশেয়ৈর্বৃহৎকৃমিকোষোত্থৈর্নানাবস্ত্রৈরাঙ্কবৈঃ কার্পাসৈশ্চ চন্দ্রাতপকা বেদ্যাস্তরণরূপৈঃ ॥ ১৪ ॥

কশিপুভিঃ শয্যাভিঃ ॥ ১৫ ॥

সেই দিব্য বিমান খানি সকল কামনার দোহনকারী, তাহা বিবিধ রত্ন সমন্বিত এবং তন্মধ্যে সমস্ত সম্পত্তির উপচয় উত্তরোত্তর বৃদ্ধিশীল হইতে ছিল, এবং তাহা মণিময় স্তম্ভে শোভিত ছিল ॥ ১২ ॥

অপর তাহার মধ্যে বহু প্রকার সজ্জায় সঙ্কলিত হইয়াছিল এবং পট্টিকা নামে অল্প পরিসর বস্ত্র বিশেষ তথা বিচিত্র পতাকাদি দ্বারা তাহার অলঙ্কারশ্রী প্রকাশ পাইতেছিল, অতএব দর্শন করিবা মাত্র বোধ হইল ইহা সকল কালেই সুখ বিস্তার করিবে ॥ ১৩ ॥

অপিচ সেই বিমান মধ্যে বহুবিধ বিচিত্র মাল্য এবং পুষ্প সকল সজ্জিত ছিল, যে সকলের সৌরভে অলিকুল আকুল হইয়া ইতস্ততঃ ভ্রমণ করত মনোহর ধ্বনি করিতে লাগিল, অপর তাহার সকল অংশই দুকূল, ক্ষৌম, কৌশেয় প্রভৃতি বসনে আবৃত ছিল ॥ ১৪ ॥

বিদুর। সেই বিমানের উপর্য্যুপরি ভাবে যে সমস্ত গৃহ নির্ম্মিত ছিল সে সকলের মধ্যে উত্তম উত্তম শয্যাও বিরচিত ছিল এবং পর্য্যঙ্ক, ব্যজন, তথা আসন স্থানে স্থানে সুসজ্জিত থাকাতে সকল স্থানই রমণীয় বোধ হইল। অপর স্থানে স্থানে নানাবিধ শিল্পকার্য্য এবং কোন স্থানে মরকত মণির স্থল, কোথাও বা মনোহর বিদ্রুম বেদি দৃষ্ট হইল ॥ ১৫ ॥

দ্বার্ষু বিক্রমদেহল্যা ভাতং বজ্রকবাটবৎ। শিখরেষ্বিন্দ্রনীলেষু হেমকুম্ভৈরধিশ্রিতং ॥ ১৬ ॥
চক্ষুষ্মৎ পদ্মরাগাগ্র্যৈ র্বজ্রভিত্তিষু নির্ম্মিতৈঃ। জুষ্টং বিচিত্রবৈতানৈঃ মহার্হৈর্হেমতোরণৈঃ ॥ ১৭ ॥
হংসপারাবতব্রাতৈস্তত্র তত্র নিকূজিতং। কৃত্রিমান্ মন্যমানৈঃ স্বানধিরুহ্যাধিরুহ্য চ ॥ ১৮ ॥
বিহারস্থানবিশ্রামসংবেশপ্রাঙ্গনাজিরৈঃ। যথোপজোষং রচিতৈ র্বিস্মাপনমিবাত্মনঃ ॥ ১৯ ॥
ঈদৃগ্ গৃহং তৎপশ্যন্তীং নাতি প্রীতেন চেতসা। সর্ব্বভূতাশয়াভিজ্ঞঃ প্রাবোচৎ কর্দ্দমঃ স্বয়ং ॥২০॥

শ্রীধরস্বামী।

দ্বার্ষু দ্বারেষু বিক্রম রচিতা দেহলী উডুম্বর স্তয়া ভাতং.শোভিতং বজ্রখচিতকবাটযুক্তং। ইন্দ্রনীলমণিময়েষু শিখরেষু প্রাসাদাগ্রভাগেষু। ১৬।

চক্ষুষ্মন্ত ইব যে পদ্মরাগাগ্র্যাস্তৈঃ। যদ্বা চক্ষুষ্মদিব কৈঃ পদ্মরাগাগ্র্যৈঃ বিচিত্রৈর্বৈতানৈ র্বিতানসমূহৈঃ ॥ ১৭ ॥

কৃত্রিমানপি হংসাদীন্ স্বান্ স্বজাতীয়ান্ মন্যমানৈঃ তত্র তত্রাধিরুহ্যাধিরুহ্য নিকূজিতং ॥ ১৮ ॥

বিহারস্থানং ক্রীড়াপ্রদেশঃ। বিশ্রামঃ শয়নগৃহং। সংবেশ উপভোগ স্থানং প্রাঙ্গনং গৃহাদ্বহিঃ। অজিরং প্রাকারাদ্বহিঃ। যথোপজোষং যথাসুখমাত্মনঃ স্বস্য মায়াবিনোঽপি বিস্ময়জনকমিব ॥ ১৯ ॥

নাতিপ্রীতেন মলিনদেহত্বাৎ পরিচারিকাভাবাচ্চ ॥ ২০ ॥

ক্রমসন্দর্ভঃ।

আত্মন ইতি। বিমানস্যাপি বিস্মাপনমিবেত্যুৎপ্রেক্ষামাত্রং ॥ ১৯ ॥

মলিনে দেহাদিত্বেন ভাবাসুদ্দীপ্তের্নাতিপ্রীতেন স্বয়মিত্যত্র প্রিয়ামিতি ক্বচিৎ ॥ ২০ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

বিক্রমময্যা দেহল্যা ভাতং দ্বার্ষু বজ্রকবাটবৎ হীরককবাটযুক্তং শিখরেষু সর্ব্বোর্দ্ধ প্রাসাদচূড়াসু ॥ ১৬ ॥

হীরকময়ভিত্তিষু অর্পিতৈঃ পদ্মরাগাগ্র্যখণ্ডৈশ্চক্ষুষ্মদিব বৈতানৈ র্বিতানসমূহৈঃ হেমতোরণৈর্বন্দনমাল্যোতি খ্যাতৈঃ ॥ ১৭ ॥

কৃত্রিমানপি হংসাদীন্ স্বান্ স্বজাতীয়ান্মন্যমানৈ স্তত্র তত্র স্বগণমধ্যে অধিরুহ্য নিতরাং কূজিতং ॥ ১৮ ॥

বিহারস্থানং ক্রীড়াপ্রদেশঃ বিশ্রামঃ শয়নগৃহঃ সংবেশঃ সম্ভোগান্তনিদ্রাগৃহং। প্রাঙ্গনং গৃহাদ্বহিঃ অজিরং প্রাচীরাদ্বহিঃ যথোপজোষং যথাসুখং আত্মনঃ স্বস্য কর্দ্দমস্যাপি ইবেতি স্বনির্ম্মিতত্বাৎ স্বস্ত বস্তুতো নবিস্মাপনমিতি ॥ ১৯ ॥

নাতিপ্রীতেনেতি মলিনদেহত্বাৎ পরিচারিকাভাবাচ্চেতি ভাবঃ ॥ ২০ ॥

অহে বিদুর! সেই বিমানের দ্বার সকল বিক্রম নির্ম্মিত হওয়াতে তাহারই বা শোভা কত? তাহার কবাটে কতই বজ্র ( রত্ন বিশেষ ) খচিত ছিল। তাহার অগ্রভাগ ইন্দ্রনীল মণিময় এবং তাহার উপর স্বর্ণ কলস সংস্থাপিত ছিল ॥ ১৬ ॥

অপর সেই বিমানের বজ্রময় ভিত্তি সকলে বৃহৎ বৃহৎ জ্যোতির্ম্ময় পদ্মরাগ খচিত ছিল এবং বিচিত্র বিমান, হার, তথা স্বর্ণ তোরণ যথাস্থানে বিন্যস্ত থাকাতে সর্ব্ব প্রকারে রমণীয় বোধ হইল ॥১৭॥

অপিচ তাহাতে বহুবিধ হংস পারাবত প্রভৃতি পক্ষি সকল এ রূপে চিত্রিত ছিল যে অকৃত্রিম হংসাদি তাহাদিগকে অবলোকন করিয়া তদুপরি বারম্বার পতন পূর্ব্বক স্বগণ ভ্রমে শব্দ করিতে লাগিল ॥ ১৮ ॥

বৎস! অধিক কি বলিব সেই বিমানে ক্রীড়া স্থান, শয়ন গৃহ, উপবেশন স্থান, প্রাঙ্গন এবং প্রাচী-রের বহির্ভাগে অজির ইত্যাদি সর্ব্ব প্রকার সুখদায়ক স্থানই উত্তমরূপে নির্ম্মিত ছিল, এমন কি! তাহা দেখিলে আপনারও পরম বিস্ময় জন্মিত ॥ ১৯ ॥

এই প্রকার গৃহ অবলোকন করিয়াও দেবহূতির দেহমালিন্য এবং পরিচারিকার অভাব প্রযুক্ত চিত্ত

নিমজ্জ্যাস্মিন্ হ্রদে ভীরু বিমানমিদমারুহ। ইদং শুক্লকৃতং তীর্থমাশিষাং যাপকং নৃণাং ॥ ২১ ॥
সা তদ্ভর্ত্তুঃ সমাদায় বচঃ কুবলয়েক্ষণা। সরজং বিভ্রতী বাসো বেণীভূতাংশ্চ মূর্দ্ধজান্ ॥ ২২ ॥
অঙ্গঞ্চ মলপঙ্কেন সংছন্নং শবলস্তনং। আবিবেশ সরস্বত্যাঃ সরঃ শিবজলাশয়ং ॥ ২৩ ॥
সান্তঃ সরসি বেশ্মস্থাঃ শতানি দশকন্যকাঃ। সর্ব্বাঃ কিশোরবয়সো দদর্শোৎপলগন্ধয়ঃ।
তাং দৃষ্ট্বা সহসোত্থায় প্রোচুঃ প্রাঞ্জলয়ঃস্ত্রিয়ঃ। বয়ং কর্ম্মকরী স্তুভ্যং শাধি নঃ করবাম কিং ॥২৪॥

শ্রীধরস্বামী।

অস্মিন্ হ্রদে বিন্দুসরসি। আরুহ অধিরোহ শুক্লেন বিষ্ণুনা কৃতং আনন্দ বিন্দুনিপাতেন যাপকং প্রাপকং ॥ ২১ ॥
সমাদায় আদৃত্য সরজং মলিনং ॥ ২২ ॥
শবলৌ বিবর্ণৌ স্তনৌ যস্মিন্ তৎ। সরস্বত্যাঃ শিবানি জলানি আশেরতে যস্মিন্ শিবা জলাশয়া জলচরা যস্মিন্ ইতি বা ॥২৩
সা তত্র নিমগ্না সতী বিস্ময়ং দদর্শ। তদাহ সান্তঃসরসীতি দশভিঃ উৎপলগন্ধয়ঃ স্ত্রিয়ঃ প্রোচুঃ তব কর্ম্মকরী পরিচারিকা বয়ং অস্মানাজ্ঞাপয়েতি ॥ ২৪ ॥

ক্রমসন্দর্ভঃ।

ইতি কৃত্যং শিক্ষয়তি। নিমজ্জেতি যুগ্মকং। বেণীভূতান্ স্বমূর্দ্ধজানিতি কচিৎ ॥ ২১। ২২। ২৩ ॥
সান্তরিতি যুগ্মকং। কর্ম্মকরী নঃ শাধি। বয়ং কিং করবামেত্যন্বয়ঃ ॥ ২৪ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

হ্রদে বিন্দুসরসি যাপকং প্রাপকং ॥ ২১ ॥
সমাদায় আদৃত্য ॥ ২২। ২৩ ॥
তুভ্যং তব কর্ম্মকরীঃ কিঙ্কর্য্যঃ। যদ্বা তুভ্যং ত্বাং পরিচরিতুং স্বমস্মান্ শাধি আজ্ঞাপয় ॥ ২৪ ॥

সাতিশয় প্রীত হইল না, ঋষিবর কর্দ্দম যোগ প্রভাবে সকল প্রাণিরই মানস জানিতেন, প্রেয়সীর আশয় জানিতে পারিয়া তাঁহাকে কহিলেন ॥ ২০ ॥

হে ভীরু! এই হ্রদে অবগাহন করিয়া আসিয়া এই বিমানে আরোহণ কর, ঐ সরোবর সামান্য নহে উৎকৃষ্ট তীর্থ, ভগবান্ বিষ্ণু ঐ তীর্থ নির্ম্মাণ করিয়াছেন, উহা আনন্দবিন্দুপাত দ্বারা মানবগণের অভিলষিত প্রদান করে ॥ ২১ ॥

পদ্মাক্ষী দেবহূতি সানন্দ মনে ভর্ত্তার ঐ বাক্য গ্রহণ করিলেন। তাঁহার পরিধান বসন মলিন এবং কেশ সকল সংস্কার বিরহে বেণীভূত ॥ ২২ ॥

ও শরীর মলরূপ পঙ্কে আচ্ছন্ন থাকাতে স্তনদ্বয় পর্য্যন্ত বিবর্ণ হইয়াছিল। পতির আদেশমাত্রে সরস্বতী সরে গিয়া প্রবেশ করিলেন, ঐ সরোবরের জলে পবিত্র জলচর সকল বাস করিত ॥ ২৩ ॥

জলে প্রবেশ করিয়াই দেবহূতি আশ্চর্য্য দেখিলেন, সরোবরের অভ্যন্তরস্থ গৃহ মধ্যে দশশত কন্যা রহিয়াছে, তাহাদের সকলেরই তরুণ বয়স, সকলের গাত্র হইতেই উৎপলের গন্ধ বহির্গত হইতেছে। ঐ সকল কন্যা তাঁহাকে দেখিয়া সসম্ভ্রমে গাত্রোত্থান করিল এবং অঞ্জলি বন্ধন পূর্ব্বক কহিতে লাগিল, আমরা আপনকার পরিচারিকা আমাদিগকে আজ্ঞা করুন, আমরা কি করিব ॥ ২৪ ॥

স্নানেন তাং মহার্হেণ স্নাপয়িত্বা মনস্বিনীঃ। দুকূলে নির্ম্মলে নূত্নে দদুরস্যৈচ মানদাঃ ॥ ২৫ ॥
ভূষণানি পরার্দ্ধ্যানি বরীয়াংসি দ্যুমন্তি চ। অন্নং সর্ব্বগুণোপেতং পানঞ্চৈবামৃতাসবং ॥ ২৬ ॥
অথাদর্শে স্বমাত্মানং স্রগ্বিনং বিরজাম্বরং। বিরজং কৃতস্বস্ত্যয়নং কন্যাভি র্বহুমানিতং ॥ ২৭ ॥
স্নাতং কৃতশিরঃ স্নানং সর্ব্বাভরণভূষিতং। নিষ্কগ্রীবং বলয়িনং কূজৎকাঞ্চননূপুরং ॥ ২৮ ॥
শ্রোণ্যোরধ্যস্তয়া কাঞ্চ্যা কাঞ্চন্যা বহুরত্নয়া। হারেণচ মহার্হেণ রুচকেন চ ভূষিতং ॥ ২৯ ॥

শ্রীধরস্বামী।

ততশ্চ স্নানেন স্নানযোগ্য তৈলাদিনা ॥ ২৫ ॥

পরার্দ্ধ্যানি উৎকৃষ্টানি বরীয়াংসি তৎ প্রিয়াণি দীপ্তিমন্তিচ পানং পেয়ং অমৃতং স্বাদু আসবং মাদকং ॥ ২৬ ॥

আদর্শে স্বমাত্মানং দদর্শেতি শেষঃ। আত্মানং বিশিনষ্টি চতুর্ভিঃ কৃতং স্বস্ত্যয়নং মঙ্গলং যস্য। পুংস্বমাত্ম শব্দ সামানাধিকরণ্যাৎ ॥ ২৭ ॥

বিরজমিত্যস্য প্রপঞ্চঃ স্নানং উদ্বর্ত্ত্য ক্ষালিতং কৃতং শিরঃ স্নানমভ্যঙ্গো যেন। ভূষিতত্বমেবাহ নিষ্কং পদকং গ্রীবায়াং যস্য ॥২৮

বহূনি রত্নানি যস্যাং তয়া রুচকেন মঙ্গল দ্রব্যেণ কুঙ্কুমাদিনা। তদুক্তং বিশ্বপ্রকাশে। রুচকং মঙ্গল দ্রব্যে গ্রীবাভরণ দন্তযোরিতি ॥ ২৭ ॥

ক্রমসন্দর্ভঃ।

স্নানেনেতি যুগ্মকং। পরার্দ্ধ্যানীতি পাঠো বহুত্র ॥ ২৫। ২৬ ॥ অথাদর্শ ইতি চতুষ্কং ॥ ২৭ ॥
কৃতশিরঃ স্নানং তৈলাদিনা আ শির আরভ্য সর্ব্বাঙ্গস্নানং ॥ ২৮। ২৯। ৩০ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

স্নানেন স্নানযোগ্যতৈলাদিনা ভূষণাদীনি পরিধাতুং দদুঃ। অন্নপানেচ ভোক্তুং দদুঃ ॥ ২৫। ২৬ ॥

স্বমাত্মানং দদর্শেতি শেষঃ। কাশ্চিৎ পাশ্চাত্যাঃ স্ত্রিয়ঃ শিরসা ন স্নান্তীতি তন্নিবারণার্থমাহ। কৃতশিরঃ স্নানমিতি। শ্রোণ্যোঃ কোটোয়োরধ্যস্তয়া উপরি বিন্যস্তয়া কাঞ্চ্যা রুচকেন মঙ্গলদ্রব্যেণ। রুচকং মঙ্গলদ্রব্যে গ্রীবাভরণ দন্তয়োরিতি বিশ্বঃ। সুদতা সুভ্রুবা চক্ষুষেতি জাত্যাবেকবচনানি। শ্লক্ষ্ণো মনোহরঃ। স্নিগ্ধোঽপাঙ্গো যত্র তেন পদ্মকোষেণ সহ স্পর্দ্ধত ইতি পদ্মকোষস্পৃৎ তেন ॥ ২৭। ২৮। ২৯। ৩০ ॥

এই বলিয়া আপনারাই স্নান যোগ্য মহার্হ তৈলাদি লইয়া তাঁহার অঙ্গে লেপন পূর্ব্বক স্নান করাইয়া দিল, তাহার পরে নির্ম্মল দুই খানি নূতন দুকূল পরিধান করাইল ॥ ২৫ ॥

এবং যে সকল উত্তম উত্তম অলঙ্কারে তাঁহার প্রীতি জন্মিত এবং যাহা যাহা অতিশয় দীপ্তি যুক্ত ছিল, সে সকল আভরণে তাঁহার সর্ব্বাঙ্গ ভূষিত করিল। তদনন্তর সর্ব্ব গুণযুক্ত ভক্ষ্য পেয় এবং সুস্বাদু আসব আনিয়া সম্মুখে রাখিল ॥ ২৬ ॥

অনন্তর দেবহুতি তত্রস্থ আদর্শে আপনার প্রতিবিম্বিত অঙ্গ অবলোকন করিলেন, তাহাতে তাঁহার দৃষ্টিগোচর হইল যে, গলদেশে মালা লম্বমান এবং নির্ম্মল বসন পরিধান, শরীরে মলামাত্র নাই, যে অঙ্গে যে রূপ মঙ্গলাবহ ভূষণ ধারণ করিতে হয় সে সমুদায় সন্নিবেশিত করিয়া কতক গুলি কন্যা প্রশংসা করিতেছে ॥ ২৭ ॥

আরও দেখিলেন আপনার দেহ উদ্বর্ত্তনাদি দ্বারা উত্তম রূপে মার্জ্জিত ও ক্ষালিত এবং মস্তক তৈল দ্বারা অভ্যক্ত হইয়াছে, আর অঙ্গ সকল সর্ব্বাভরণে ভূষিত অর্থাৎ গ্রীবাদেশে পদক, হস্তে বলয়, চরণ দ্বয়ে শব্দায়মান স্বর্ণ নূপুর ॥ ২৮ ॥

নিতম্বদেশের উপরি ভাগে বিবিধ রত্ন খচিত কাঞ্চনময় কাঞ্চী এবং গলদেশে মহার্হ হার ও অন্যান্য মাঙ্গল্য দ্রব্য শোভা বিস্তার করিতেছে ॥ ২৯ ॥

সুভ্রুবা সুদতা শ্লক্ষ্ণ স্নিগ্ধাপাঙ্গেন চক্ষুষা। পদ্মকোশস্পৃধা নীলৈরলকৈশ্চ লসন্মুখং ॥ ৩০ ॥
যদা সস্মার ঋষভমৃষীণাং দয়িতং পতিং। তত্র চাস্তে সহ স্ত্রীভি র্যত্রাস্তে স প্রজাপতিঃ ॥ ৩১ ॥
ভর্ত্তুঃ পুরস্তাদাত্মানং স্ত্রীসহস্রবৃতং তদা। নিশাম্য তদ্যোগগতিং সংশয়ং প্রত্যপদ্যত ॥ ৩২ ॥
স তাং কৃতমলস্নানাং বিভ্রাজন্তীমপূর্ব্ববৎ। আত্মনো বিভ্রতীং রূপং সংবীত রুচিরস্তনীং ॥ ৩৩ ॥

শ্রীধরস্বামী।

সুদতা সুভ্রুবা চক্ষুষেতিচ ভাভাবেক বচনানি এতৈ র্লসৎ শোভমানং মুখং যস্য কথং ভূতেন চক্ষুষা শ্লক্ষ্ণো মনোহরঃ স্নিগ্ধোঽপাঙ্গো নেত্রপ্রান্তো যস্য। পদ্মকোশেন স্পর্দ্ধত ইতি পদ্মকোশস্পৃৎ তেন ॥ ৩০ ॥
দৃষ্ট্বা চ যদা পতিং সস্মার তদা যত্রাসৌ তত্রৈব স্বয়মপ্যাস্তে ॥ ৩১ ॥
আত্মানং নিশাম্য দৃষ্ট্বা তাঞ্চ তস্য যোগগতিং যোগপ্রভাবং দৃষ্ট্বা সংশয়ং কিমিদমিতি বিস্ময়ং ॥ ৩২ ॥
স মুনিঃ বিবাহাৎ প্রাগাত্মনো যৎরূপং তদেব পুনর্বিভ্রতীং সম্বীতৌ প্রাবৃতৌ রুচিরৌ স্তনৌ যস্যাঃ। সম্বীতরুচিরস্তনমিতি পাঠে রূপবিশেষণং ॥ ৩৩ ॥

ক্রমসন্দর্ভঃ।

ততশ্চ ভাবোজাত ইত্যাহ। যদেতি ॥ ৩১। ৩২ ॥
স তামিতি যুগ্মকং। অপূর্ব্বত্বে হেতুঃ। আত্মন ইতি টীকায়াং বিবাহাৎ প্রাগিত্যাদিকং অপূর্ব্ববদিতি বতি প্রত্যয় স্বারস্যালভ্যাতে অপূর্ব্বত্বং হি তপোময়দশামাত্রাপেক্ষয়া ॥ ৩৩। ৩৪ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী

দৃষ্ট্বা চ পত্যুস্তস্য রমণযোগ্যামাত্মানং মত্বা যদা তং সস্মার তদা যত্র স প্রজাপতিস্তত্রৈব স্বয়মপ্যাস্তে ইতি তত্রাত্মানং পত্যুরেকাসনে আসীনমেব বিবেদ। নতু জলহ্রদাৎ পদব্যাপারেণ যাস্তমিতি তস্যাস্তুতৈব যোগগতিঃ ॥ ৩১ ॥
নিশাম্য দৃষ্ট্বা তস্যৈব যোগগতিং যোগপ্রভাবঞ্চ দৃষ্ট্বা সংশয়ং কথমেতদভূদিতি বিস্ময়ং ॥ ৩২ ॥
স মুনিঃ আত্মনো রূপং বিবাহাৎ প্রাক্ যাদৃশমাসীত্তদেব পুনর্বিভ্রতীমিত্যর্থঃ। সংবীতৌ প্রাবৃতৌ রুচিরৌ স্তনৌ যস্যাস্তাং নপুংসকপাঠে রূপবিশেষণং হে অমিত্রহন্ জিতকামঃ ॥ ৩৩। ৩৪ ॥

আরও দেখিতে পাইলেন সুন্দর ভ্রূ, শোভন দশন, পদ্মকোষের সহিত স্পর্দ্ধাকারি সুস্নিগ্ধ অপাঙ্গান্বিত নয়ন এবং বিলাস শালিনী অলকাবলী এই সকল দ্বারা আপনার বদন সাতিশয় শোভা পাইতেছে ॥ ৩০
দেবহূতি আদর্শ মধ্যে আপনার ঐ প্রকার অসামান্য রূপ লাবণ্য অবলোকন করিয়া ঋষিশ্রেষ্ঠ প্রিয়তম পতিকে স্মরণ করিলেন, তাহাতে তাঁহার পতি ঐ প্রজাপতি যে স্থানে অবস্থিতি করিতেছেন, ক্ষণমাত্রে সেই স্থানে ঐ সকল কন্যাগণ পরিবৃতা হইয়া আপনাকে উপস্থিত দেখিলেন ॥ ৩১ ॥
কিন্তু ভর্ত্তার অগ্রে গিয়া যখন স্ত্রী সহস্র পরিবৃত আপনার প্রতি এবং স্বামির যোগপ্রভাবের দিকে তাঁহার নেত্রপাত হইল, তখন মনোমধ্যে সংশয় জন্মিল, অর্থাৎ কি প্রকারে এই সকল হইল? এই বলিয়া বিস্ময় প্রকাশ করিলেন ॥ ৩২ ॥
সে যাহা হউক দেবহূতি কৃত স্নান হইয়া প্রত্যাগমন করিলে মুনিবর প্রেয়সীর পরম শোভা হইয়াছে, বিবাহের পূর্ব্বে ইহাঁর যে রূপ মনোহর রূপ ছিল, পুনর্ব্বার সেই রূপ প্রাপ্ত হইয়াছেন, আর ইহাঁর রুচির স্তনযুগল বসন দ্বারা আবৃত হওয়াতে সাতিশয় শোভা পাইতেছে ॥ ৩৩ ॥

বিদ্যাধরী সহস্রেণ সেব্যমানাং সুবাসসং। জাতভাবো বিমানং তদারোহয়দমিত্রহন্ ॥ ৩৪ ॥
তস্মিন্নলুপ্তমহিমা প্রিয়য়ানুরক্তো বিদ্যাধরীভিরুপচীর্ণবপুর্বিমানে।
বভ্রাজ উৎকচ কুমুদ্গণবানপীব্য স্তারাভিরাবৃত ইবোড়ুপতি র্নভস্থঃ ॥ ৩৫ ॥
তেনাষ্টলোক পরিহার কুলাচলেন্দ্রদ্রোণিষ্বনঙ্গসখমারুতসৌভগাসু।
সিদ্ধৈর্নুতো দ্যুধুনিপাতশিবস্বনাসু রেমে চিরং ধনদবল্ললনাবরূথী ॥ ৩৬ ॥
বৈশ্রম্ভকে সুরসনে নন্দনে পুষ্পভদ্রকে। মানসে চৈত্ররথ্যেচ স রেমে রাময়া রতঃ ॥ ৩৭ ॥

শ্রীধরস্বামী।

শোভনে বাসসী যস্যাঃ। জাতোভাবঃ প্রেম যস্য। হে অমিত্রহন্ জিতকাম ॥ ৩৪ ॥

তস্মিন্ বিমানে মুনির্বভ্রাজে। ন লুপ্তো মহিমা স্বাতন্ত্র্যং যস্য উপচীর্ণং শুশ্রূষিতং বপুর্যস্য বিকসিত কুমুদ্গণবান্ অপীব্যাঽতি সুন্দরঃ। পূর্ণচন্দ্র ইব মুনিঃ। নভ ইব বিমানং তারা ইব তাঃ স্ত্রিয়ঃ কুমুদানীব তাসাং নেত্রাণীতি জ্ঞেয়ং ॥ ৩৫ ॥

তেন বিমানেন অষ্টলোকপালানাং বিহারো যস্মিন্ কুলাচলেন্দ্রে মেরৌ তস্য দ্রোণীষু দরীষু। অনঙ্গস্য সখা যো মারুতঃ শীত সুগন্ধ মন্দানিলঃ তেন সৌভগং সৌন্দর্য্যং যাসু। সিদ্ধৈর্নুতঃ স্তুতঃ সন্। দ্যুধুনী গঙ্গা তস্যাঃ পাতেন শিবঃ স্বনো যাসু তাসু রেমে ললনাবরূথী স্ত্রীসমূহবান্ ॥ ৩৬ ॥

বৈশ্রম্ভকাদিষু দেবোদ্যানেষু। মানসেচ সরসি রতঃ প্রীতঃ সন্ ॥ ৩৭ ॥

ক্রমসন্দর্ভঃ।

উড়ুপতিরিতি। উড়ুঃ রোহিণী সাচ প্রিয়াস্থানীয়া জ্ঞেয়া। প্রিয়াশব্দ এবোত্তয়ত্রোন্নীয়তে ॥ ৩৫। ৩৬। ৩৭ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

তস্মিন্ বিমানে মুনির্বভ্রাজে। উপচীর্ণঃ শুশ্রূষিতং বপুর্যস্য সঃ। বিকসিতকুমুদ্গণবান্ অপীব্যোঽতিসুন্দরঃ। পূর্ণচন্দ্র ইব মুনিঃ নভ ইব বিমানং তারা ইব তা স্ত্রিয়ঃ। কুমুদানীব তাসাং নেত্রানীতি জ্ঞেয়ং ॥ ৩৫ ॥

তেন বিমানেন রেমে। কুলাচলেন্দ্রো মেরুঃ দ্যুধুনি গঙ্গা তস্যা ঊর্দ্ধতঃ পাতেন শিবঃ স্বনো যাসু তাসু ললনাসমূহবান্ ॥ ৩৬

বৈশ্রম্ভকাদিষু দেবোদ্যানেষু মানসে সরসি ॥ ৩৭ ॥

অপর ইহাঁর শোভন বসন পরিধান এবং সহস্র বিদ্যাধরী চারিদিকে সেবার্থ উদ্যত। ঐ ঋষিবর প্রেয়সীকে ঐ রূপ অবলোকন করিয়া হৃষ্টচিত্তে প্রেমবান্ হইয়া কর ধারণ পুরঃসর সেই বিমানোপরি আরোহণ করাইলেন ॥ ৩৪ ॥

কর্দ্দম অনুরক্ত হইয়া প্রিয়তমার সহিত বিমানে আরূঢ় হইলে তাঁহার অতিশয় শোভা হইল, তৎ কালে তদীয় মহিমাও কোন অংশে লুপ্ত হইল না, বিদ্যাধরীগণ নানা প্রকারে তাঁহার শরীর শুশ্রূষা করিতে লাগিল, অতএব কুমদগণের প্রকাশক গগণমণ্ডলস্থ পূর্ণসুধাকর তারানিকরে পরিবৃত হইলে তাঁহার যদ্রূপ সৌন্দর্য্য হয় ঐ মুনির অবিকল তদ্রূপ শ্রী প্রকাশ পাইতে লাগিল ॥ ৩৫ ॥

অনন্তর তিনি স্ত্রী সমূহ পরিবৃত হইয়া সেই বিমানোপরি বহুকাল ক্রীড়া করিতে লাগিলেন, তাহাতে অষ্টলোকপালের বিহার স্থল কুলাচলেন্দ্র অর্থাৎ সুমেরু পর্ব্বতের যে যে কন্দর সুশীতল অথচ সুগন্ধও মন্দ মন্দ বহনশীল অনিলের দ্বারা রমণীয় এবং যে স্থান স্বর্গনদী মন্দাকিনীর পতনে শব্দায় মান, তথায় সিদ্ধগণ কর্ত্তৃক স্তুত হইয়া ভ্রমণ কারি কুবেরের যদ্রূপ প্রীতি জন্মে তিনিও তদ্রূপ প্রীতি অনুভব করিতে লাগিলেন ॥ ৩৬ ॥

অর্থাৎ সেই বিমানে অবস্থিত হইয়া বৈশ্রম্ভক, সুরসন, নন্দন, পুষ্পভদ্রক, চৈত্ররথ ইত্যাদি বিবিধ

ভ্রাজিষ্ণুনা বিমানেন কামগেন মহীয়সা। বৈমানিকানত্যশেত চরল্লোকান্ যথানিলঃ ॥ ৩৮ ॥
কিং দুরাপাদনং তেষাং পুংসামুদ্দামচেতসাং। যৈরাশ্রিতস্তীর্থপদশ্চরণো ব্যসনাত্যয়ঃ ॥ ৩৯ ॥
প্রেক্ষয়িত্বা ভুবো গোলং পত্ন্যৈ যাবান্ স্বসংস্থয়া। বহ্বাশ্চর্য্যং মহাযোগী স্বাশ্রমায় ন্যবর্ত্তত ॥৪০
বিভজ্য নবধাত্মানং মানবীং সুরতোৎসুকাং। রামাং নিরময়ন্ রেমে বর্ষপূগান্ মুহূর্ত্তবৎ।
তস্মিন্ বিমান উৎকৃষ্টাং শয্যাং রতিকরীং শ্রিতা। নচাবুধ্যত তং কালং পত্যাহপীব্যেন সংগতা ॥৪১

শ্রীধরস্বামী।

অত্যশেত অতিক্রম্য স্থিতঃ ॥ ৩৮ ॥
উদ্দামচেতসাং ধীরাণাং ব্যসনং সংসার স্তস্যাত্যয়ো যস্মাৎ ॥ ৩৯ ॥
প্রেক্ষয়িত্বা দর্শয়িত্বা। গোলং মণ্ডলং স্বসংস্থয়া দ্বীপবর্ষাদি রচনয়া যাবান্ তাবন্তং। বহূনি আশ্চর্য্যাণি যস্মিন্ তং ॥ ৪০ ॥
বিভজ্য নবধা নব প্রভেদমাত্মানং কৃত্বা ॥ ৪১ ॥

ক্রমসন্দর্ভঃ।

কিমিতি। উদ্দাম চেতসাং অপেক্ষান্তরাবদ্ধ চিত্তত্বেন নিজাশ্রয়ে ধৈর্য্যং গতানাং। যদ্বা। সর্ব্বতঃ কুণ্ঠতারহিত চিত্তানামিতি তীর্থপদ ইতি ব্যসনাত্যয় ইতি চ দুঃসাধ্যত্বমেব ব্যাবর্ত্তয়তি। সর্ব্ববিঘ্নাত্যয়পূর্ব্বকং সর্ব্ব সম্পাদনস্ত বিবক্ষিতত্বাৎ ॥ ৩৮। ৩৯। ৪০ ॥
তত্তদপত্যোৎপত্তৌ তত্তদ্গুণ প্রধানত্বেন নবধা ॥ ৪১। ৪২ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

অত্যশেত অতিক্রান্তবান্ ॥ ৩৮ ॥
উদ্দামচেতসাং তচ্চরণাদন্যত্রাবদ্ধমনসাং ॥ ৩৯ ॥
গোলং মণ্ডলং স্বসংস্থয়া দ্বীপবর্ষাদিরচনয়া যাবান্ তাবন্তং ॥ ৪০ ॥
নবধা নবপ্রভেদেনাত্মানং কৃত্বা ॥ ৪১ ॥

দেবোদ্যান সকলে, তথা মানস সরোবরে, মহর্ষি কর্দ্দম আপনার প্রিয়তমার সহিত প্রীত হইয়া ঐ সকল স্থানে ক্রীড়া করিতে লাগিলেন সুতরাং তাঁহার অন্তঃকরণে ধনদের তুল্য সন্তোষ জন্মিতে লাগিল ॥ ৩৭

তিনি দীপ্তিযুক্ত ও কামগামী সেই বিমান যোগে আকাশ মার্গে বায়ুর ন্যায় সকল লোক ভ্রমণ করিতে আরম্ভ করিলেন, তাহাতে অত্যল্প ক্ষণ মধ্যেই বৈমানিক লোক সকলকে অতিক্রম করিয়া অবস্থিত হইলেন ॥ ৩৮ ॥

অহে বিদুর! কর্দ্দম ঋষির সহসা বৈমানিক লোক অতিক্রমণে বিস্ময়ান্বিত হইও না, তীর্থপাদ হরির যে চরণদ্বয় স্মরণ মাত্রে সংসার নাশ করে, সেই চরণ কমল যে সকল ধীর ব্যক্তি আশ্রয় করেন তাঁহাদিগের কি দুষ্প্রাপ্য থাকে? ॥ ৩৯ ॥

মহাযোগী কর্দ্দম ঐ প্রকারে পর্য্যটন করিতে করিতে বহু বিচিত্রময় অবনীমণ্ডলের দ্বীপবর্ষাদি যাবন্ত অংশ প্রিয়তমাকে অবলোকন করাইয়া পরে আপনার আশ্রমে নিবৃত্ত হইলেন ॥ ৪০ ॥

অনন্তর প্রেয়সীর দিকে দৃষ্টিপাত হওয়াতে তাঁহার বোধ হইল, তিনি সুরতার্থে উৎসুকা হইতেছেন অতএব মহামুনি কর্দ্দম আপনাকে নয় প্রকারে বিভক্ত করিয়া সেই রামার সহিত রমণ করিতে প্রবৃত্ত হইলেন। বিদুর! ঐ ঋষি বহু বৎসর সুরত ক্রীড়ায় ব্যাপৃত ছিলেন সত্য, কিন্তু তাঁহার পক্ষে ঐ সময় মুহূর্ত্তের ন্যায় যাপিত হইল। তাঁহার পত্নী দেবহূতিও সেই বিমানে রতিকরী উৎকৃষ্ট শয্যায় পতির সহিত সঙ্গতা থাকাতে তাবৎ কাল যে গত হইল তাহা জানিতে পারিলেন না ॥ ৪১ ॥

এবং যোগানুভাবেন দম্পত্যো রমমাণয়োঃ। শতং ব্যতীয়ুঃ শরদঃ কামলালসয়োর্মনাক্ ॥ ৪২ ॥
তস্যামাধত্ত রেতস্তাং ভাবয়ন্নাত্মনাত্মবিৎ। নোধা বিধায় রূপং স্বং সর্ব্বসংকল্পবিদ্বিভুঃ ॥ ৪৩ ॥
অতঃ সা সুষুবে সদ্যো দেবহূতিঃ স্ত্রিয়ঃ প্রজাঃ। সর্ব্বাস্তাশ্চারু সর্ব্বাঙ্গ্যো লোহিতোৎপলগন্ধয়ঃ ॥৪৪

শ্রীধরস্বামী।

শরদঃ সম্বৎসরাঃ মনাক্ ঈষদিব ব্যতীয়ুঃ ॥ ৪২ ॥

আত্মনা স্বদেহার্দ্ধরূপেণ। অতিপ্রীত্যা ভাবয়ন্। তথা সতি সৎপত্যং ভবেদিতি নোধা নবধা। সর্ব্ব সংকল্পবিদিতি তস্যা বহ্বপত্যসংকল্পং জানন্নিত্যর্থঃ। বিভুস্তথা কর্ত্তুং সমর্থশ্চ। আত্মবিদিতিচ তস্যামনাসক্তত্বাৎ স্ত্রিয়ঃ জাতা ইতি ভাবঃ পুমান্ পুংসোঽধিকে শুক্রে স্ত্রী ভবেদধিকে স্ত্রিয়া ইতি স্মৃতেঃ। ৪৩।

অতোঽনন্তরমেব সদ্যঃ একস্মিন্নেবাহনি চারূণি সর্ব্বাণ্যঙ্গানি যাসাং। ৪৪।

ক্রমসন্দর্ভঃ।

তস্যামিতি সর্ব্বেষাং ব্রহ্মণো মরীচ্যাদি প্রজাপতীনাঞ্চ সৃষ্টিকামনয়া যঃ সঙ্কল্প স্তদ্বিৎ তথা আত্মানং ভগবন্তঞ্চ নিজোপদেশকং বেত্তীতি তথা যা ত আত্মভূতং বীর্য্যং নবধা প্রসবিষ্যতি। বীর্য্যে ত্বদীয়ে ঋষয় আধাস্যন্ত্যঞ্জসাত্মনঃ। সহাহং স্বাংশকলয়া ত্বদ্বীর্য্যেণ মহামুনে। তব ক্ষেত্রে দেবহূত্যাং প্রণেষ্যে তত্ত্বসংহিতাং। ইতি হি তদুপদেশাঃ যদ্যপীত্থং তথাপি তদসমাপ্তৌ প্রব্রজিষ্যন্তমিতি ততোপ্যগ্রিম তৎ প্রার্থনান্তরমাশঙ্কোতি গম্যতে শ্রীদেবহূত্যাস্ত যাবত্তেজোবিভূম্যাদাত্মনো মে ইত্যত্রার্থ বিশেষোনাবগত ইতি ॥ ৪৩। ৪৪ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

মনাক্ ঈষদিব ব্যতীয়ুঃ ॥ ৪২ ॥

তাং স্ত্রিয়ং ভাবয়ন্নিতি আধানকালে স্ত্রীধ্যানেন স্ত্র্যপত্যং স্যাদিতি তস্যাঃ স্ত্র্যপত্যকামনাং জানন্নিত্যর্থঃ। আত্মনা বুদ্ধ্যা আত্মবিদ্বিরক্ত ইতি তস্য কামাল্পত্বাৎ শুক্রাল্পত্বমতোপি স্ত্র্যপত্যং ভবেদযদুক্তং পুমান্ পুংসোধিকে শুক্রে স্ত্রীভবেদধিকে স্ত্রিয়া ইতি নোধা নবধা সর্ব্বসংকল্পবিদিতি তস্যা বহ্বপত্যসংকল্পং জানন্নিত্যর্থঃ বিভুঃ সর্ব্বত্র সমর্থঃ ॥ ৪০ ॥

সদ্য একস্মিন্নেবাহনি ॥ ৪৪ ॥

ফলতঃ ঐ দম্পতী যোগপ্রভাবে সুরত ক্রীড়ায় আসক্ত হইয়াছিলেন, অতএব রমণ ব্যাপারে শত সম্বৎসর অতীত হইলেও কামমুগ্ধতা প্রযুক্ত তাঁহাদের পক্ষে ঐ সুদীর্ঘ কালও অত্যল্পক্ষণ তুল্য শীঘ্রই গত হইল ॥ ৪২ ॥

কর্দ্দম ঋষি যোগবলে সকলেরই মানস জানিতে পারিতেন, আপনার পত্নীর বহু অপত্য নিমিত্ত যে সঙ্কল্প ছিল তাহা অবগত হইলেন এবং তাঁহার অভিলাষপূরণে আপনার সামর্থ্য আছে ইহাও বিবেচনা করিয়া দেখিলেন, অতএব সাতিশয় প্রীতি প্রকাশ পূর্ব্বক তাঁহাকে আত্ম দেহার্দ্ধ তুল্য ভাবনা করিয়া আপনাকে নয় প্রকারে বিভক্ত করত তদীয় গর্ভে বীর্য্যাধান করিলেন। বৎস বিদুর! প্রজাপতি কর্দ্দম আত্মজ্ঞ ছিলেন এ নিমিত্ত পত্নীতে তাঁহার চিত্ত আসক্ত হয় নাই, সুতরাং সমধিক রেতঃ পাত না হওয়াতে ঐ গর্ভে কন্যা জন্মিল ॥ ৪৩ ॥

অতএব তাহার পরে সদ্যই অর্থাৎ এক দিবসের মধ্যেই তাঁহার পত্নী দেবহূতি কতকগুলি স্ত্রীঅপত্য প্রসব করিলেন, সেই কন্যাদিগের সকলের অঙ্গই অতিশয় সুন্দর, সকলেরই কলেবর হইতে রক্তোৎপলের সৌরভ বহির্গত হইতেছিল ॥ ৪৪ ॥

পতিং সা প্রব্রজিষ্যন্তং তদালক্ষ্যোশতী বহিঃ। স্ময়মানা বিক্লবেন হৃদয়েন বিদূয়তা ॥ ৪৫ ॥
লিখন্ত্যধোমুখী ভূমিং পদা নখমণিশ্রিয়া। উবাচ ললিতাং বাচং নিরুদ্ধ্যাশ্রুকলাঃ শনৈঃ ॥ ৪৬ ॥
শ্রীদেবহূতিরুবাচ ॥
সর্ব্বং তদ্ভগবান্ মহ্যমুপোবাহ প্রতিশ্রুতং। অথাপি মে প্রপন্নায়া অভয়ং দাতুমর্হসি ॥ ৪৭ ॥
ব্রহ্মন্ দুহিতৃভিস্তুভ্যং বিমৃগ্যাঃ পতয়ঃ সমাঃ। কশ্চিৎ স্যান্মে বিশোকায় ত্বয়ি প্রব্রজিতে বনং ॥৪৮॥

শ্রীধরস্বামী।

প্রব্রজিষ্যন্তমালক্ষ্য বিতর্ক্য। স্ময়মানা বহিঃ অন্তস্তু বিক্লবেন ব্যাকুলেন বিদূয়তা সংতপ্যমানেন হৃদা উবাচেত্যুত্তরেণান্বয়ঃ ॥৪৫
নখাএব মণয়ঃ তৈঃ শ্রীঃ শোভা যস্য তেন পদা ভুবং লিখন্তীতি দুরন্তচিন্তালক্ষণং ॥ ৪৬ ॥
উপোবাহ সম্পাদিতবান্। অভয়মিতি ভাবিনো দৈন্যাৎ সংসারাচ্চ যদ্ভয়ং তন্নিবর্ত্তয় ইত্যর্থঃ ॥ ৪৭ ॥
তত্র দৈন্যং নিবেদয়তি তুভ্যং তব দুহিতৃভিঃ স্বয়মেবাত্মনঃ সমা যোগ্যাঃ পতয়ো বিমৃগ্যা ইতি দৈন্যং প্রাপ্তং সংসার ভয়ং উররীকৃত্যাহ কশ্চিদিতি। বিশোকায় জ্ঞানোপদেশায়। স্ত্রীভিঃ ঋণানপকরণাৎ। কঞ্চিৎকালং তদবস্থানেন ব্রহ্মবিৎ পুত্রঃ কশ্চিৎ কিং নস্যাদিত্যর্থঃ ॥ ৪৮ ॥

ক্রমসন্দর্ভঃ।

পতিমিতি যুগ্মকং ॥ ৪৫। ৪৬ ॥
অথ শ্রীদেবহূতিরুবাচেতি কচিৎ অভয়ং পুনঃ প্রার্থনা ক্ষমা রূপং ॥ ৪৭ ॥
প্রার্থনামেবাহ। ব্রহ্মন্নিতি। তুভ্যং ত্বয়া দুহিতৃভিঃ সমাস্তাসাং যোগ্যাঃ ॥ ৪৮। ৪৯। ৫০ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

স্ময়মানেতি পতিদর্শনস্বাভাব্যাৎ বস্তুতস্তু বিক্লবেন ব্যাকুলেন বিদূয়মানেন চিন্তাভিরিত্যর্থঃ ॥ ৪৫। ৪৬ ॥
উপোবাহ সম্পাদিতবান্ ॥ ৪৭ ॥
তুভ্যং তব স্বয়মেব বিমৃগ্যা ইত্যাসাং বিবাহচিন্তাপি মে নাস্তীতি ভাবঃ। বিশোকায় শোকদূরীকরণায় তেন কমপি যোগ্যং পুত্রমপি ত্বত্তোহহং প্রাপ্স্যামিতি কৃপয়া কতিচিদ্দিনানি তিষ্ঠেতি ভাবঃ ॥ ৪৮ ॥

মহামুনি কর্দ্দম ঐ সময়ে প্রব্রজ্যাশ্রমে গমন করিতে উদ্যত হইলেন, তাঁহাকে তদ্রূপ দেখিয়া দেবহূতির বাহ্যে বিস্ময় এবং অন্তরে ব্যাকুলতা জন্মিল ও তাঁহার হৃদয় শোকে সাতিশয় সন্তপ্ত হইল ॥ ৪৫ ॥

তিনি দুরন্ত চিন্তা প্রকাশ করত অধোমুখী হইয়া নখমণি শোভিত চরণ দ্বারা ভূমি খনন করিতে লাগিলেন, তদনন্তর নেত্রবারি সংরোধ করিয়া মৃদুস্বরে কএকটী কোমল বচন প্রয়োগ করিলেন ॥ ৪৬ ॥

দেবহূতি কহিলেন ভগবন্। আপনি আমার নিকট যাহা যাহা প্রতিশ্রুত হইয়াছিলেন সকলই সম্পন্ন করিয়াছেন, আমি পুনরায় আপনকার শরণাপন্ন হইতেছি আমাকে অভয় দান করুন। প্রভো! ভাবি দৈন্য ও সংসার হইতে যে ভয় সম্ভাবনা আছে তাহা নিবর্ত্ত করিয়া দিউন ॥ ৪৭ ॥

ব্রহ্মন্! আপনি প্রব্রজ্যা করিয়া বনে গমন করিলে আপনকার এই কন্যাদিগকে স্বয়ং স্ব স্ব যোগ্য পতি অন্বেষণ করিতে হইবে ইহা আমার পক্ষে কিরূপ দৈন্য, বিবেচনা করুন। অপর আপনি সন্ন্যাস ধর্ম্ম অবলম্বন করিয়া যাইতেছেন, আমাকে জ্ঞান শিক্ষা কে প্রদান করিবে, আমার জ্ঞানোপদেশের নিমিত্ত কাহাকেও রাখিয়া যাইতে আজ্ঞা হউক অর্থাৎ যদি আরও আপনি কিছুকাল অবস্থিতি করেন তাহা হইলে আমার গর্ভে ব্রহ্মজ্ঞ কোন একটী সন্তান অবশ্যই হইতে পারে ॥ ৪৮ ॥

এতাবতালং কালেন ব্যতিক্রান্তেন মে প্রভো। ইন্দ্রিয়ার্থপ্রসঙ্গেন পরিত্যক্তপরাত্মনঃ ॥ ৪৯ ॥
ইন্দ্রিয়ার্থেষু সজ্জন্ত্যা প্রসঙ্গস্ত্বয়ি মে কৃতঃ। অজানন্ত্যা পরং ভাবং তথাপ্যস্ত্বভয়ায় মে ॥ ৫০ ॥
সঙ্গো যঃ সংসৃতে র্হেতুরসৎসু বিহিতোঽধিয়া। স এব সাধুষু কৃতো নিঃসঙ্গত্বায় কল্পতে ॥ ৫১ ॥
নেহ যৎ কর্ম্ম ধর্ম্মায় ন বিরাগায় কল্পতে। ন তীর্থপদসেবায়ৈ জীবন্নপি মৃতো হি সঃ ॥ ৫২ ॥

শ্রীধরস্বামী।

বিষয়ান্ ভুঙ্ক্ষ্ব, কিং ব্রহ্মবিদ্যয়া ইতি চেত্তত্রাহ এতাবতা অলং পূর্য্যতে। পরিত্যক্তঃ পর আত্মা যয়া তস্যা মম ॥ ৪৯ ॥
স্বকৃতমনুশোচন্ত্যাহ ইন্দ্রিয়ার্থেষ্বিতি চতুর্ভিঃ। মে ময়া ত্বাবং তত্ত্বং ত্বং ব্রহ্মবিদিতি ॥ ৫০ ॥
প্রসঙ্গঃ কথমভবায়াস্তু তত্রাহ সঙ্গ ইতি। অধিয়া অজ্ঞানেন ॥ ৫১ ॥
স্বভাবতঃ প্রবৃত্তং যস্য কর্ম্ম ধর্ম্মার্থং ন প্রকল্পতে ধর্ম্মাভিমুখং ন ভবেৎ। তত্রাপি নিষ্কাম ধর্ম্মদ্বারা বিরাগায় ন কল্পতে তদ্দ্বারাচ তীর্থপদস্য হরেঃ সেবার্থং ন পর্য্যবস্যেদিত্যর্থঃ ॥ ৫২ ॥

ক্রমসন্দর্ভঃ।

সঙ্গ ইতি। সএব সোপি অজ্ঞান পূর্ব্বকোপীত্যর্থঃ ॥ ৫১ ॥ তীর্থপদাঃ সাধবঃ। তীর্থীকুর্ব্বন্তি তীর্থানীত্যাদ্যুক্তেঃ ॥ ৫২ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

নম্ন কিমেতদ্ভক্তি ভঙ্গ্যা পুনরপি মত্তো বিষয়সুখং বাঞ্ছসীতি তত্র সলজ্জমাহ। এতাবতা কালেন য ইন্দ্রিয়ার্থ প্রসঙ্গস্তেনালং যতঃ পরিত্যক্তঃ পর আত্মা পরমেশ্বরো যয়া তস্যা ইতি তেনৈতাবান্ কালোমে ব্যর্থএব গত ইতি ভাবঃ ॥ ৪৯ ॥
মহাভাগবতস্য তব ক্ষণিকেনাপি সঙ্গেন লোকা নিস্তরন্তি। মমত্বেতাবদ্বার্ষিকেণাপি যন্নিস্তারো নাভূত্তত্রৈতদেব হেতুবর মিত্যাহ ইন্দ্রিয়ার্থেষ্বিতি পরঃ ভাবং তবৈবং মহাবৈরাগ্যং মহাভাগবতত্বঞ্চ যৎক্ষণমাত্রেণৈব সর্ব্বং মমতাস্পদং ত্যক্তুং প্রবৃত্তো সীতি ভাবঃ। তথাপীতি তদপি মদ্যপরাধিন্যাং কৃপাং কুর্ব্বিতি ভাবঃ ॥ ৫০ ॥
কিঞ্চ বস্তুশক্তির্বুদ্ধিং নাপেক্ষত ইত্যতো ভবদ্বিধ সাধুসঙ্গো বিফলো ভবিতুং সর্ব্বথৈব নার্হতীত্যাহ সঙ্গ ইতি অধিয়া অজ্ঞানেনাপীত্যভয়ত্রাপ্যন্বেতি ॥ ৫১ ॥
নম্ন কিমেবং নির্ব্বিদ্যসে ভবৈতাবতী সম্পত্তি রতো বিষয়ান্ ভুঙ্ক্ষ্বেতি তত্রাহ নেহেতি যস্য কর্ম্ম দেহেন্দ্রিয়াদিব্যাপারো ধর্ম্মার্থং ন ভবেৎ ॥ ৫২ ॥

প্রভো! আর আমার বিষয়ভোগে অভিলাষ নাই, এতাবৎ কাল তাহাতেই যাপন করিলাম, তাহা পূর্ণ হইয়াছে। আমি ইন্দ্রিয় ভোগ্য বিষয়ে এমত রত ছিলাম যে তদাসক্তি বশতঃ আমার পরমাত্মা পর্য্যন্ত পরিত্যক্ত হইয়াছিলেন ॥ ৪৯ ॥

হে ব্রহ্মন্! আমি ইন্দ্রিয়ের বিষয়ে প্রসক্ত হইয়া আপনাতে আসক্তি করিতাম, কিন্তু আপনকার পরম ভাব আমার বুদ্ধিতে উদিত হইত না, প্রার্থনা করি আপনকার অনুগ্রহে ঐ সকল বিষয় আমার অভয় নিমিত্ত হউক ॥ ৫০ ॥

হে মুনিবর! যদিও বিষয়াসক্তি অভয়ের নিমিত্ত হয় না সত্য, তথাচ আমার শ্রুত আছে যে আসক্তি অসৎ বিষয়ে অজ্ঞান পূর্ব্বক বিধান করিলে সংসার বিষয়ক ভয়ের কারণ হয়, তাহাই আবার সাধু পুরুষে বিহিত হইলে নিঃসঙ্গত্বের ফল দেয় ॥ ৫১ ॥

প্রভো! যাহার কর্ম্ম অর্থাৎ দেহেন্দ্রিয়াদির ব্যাপার ইহলোকে ধর্ম্ম, বৈরাগ্য এবং ভগবানের সেবা নিমিত্ত কল্পিত না হয় অর্থাৎ স্বভাবতঃ প্রবৃত্ত কর্ম্মেরও ধর্ম্মাভিমুখ হওয়া উচিত, পরে নিষ্কাম ধর্ম্মের দ্বারা ভগবৎ সেবায় তাহার পর্য্যবসান করা কর্ত্তব্য, যে ব্যক্তির কর্ম্ম ঐ প্রকার না হয় সে জীবন সত্ত্বেই মৃত ॥ ৫২ ॥

সাহং ভগবতো নূনং বঞ্চিতা মায়য়া দৃঢ়ং। যত্ত্বাং বিমুক্তিদং প্রাপ্য ন মুমুক্ষেয় বন্ধনাৎ॥ ৫৩॥

॥ * ॥ ইতি শ্রীভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং তৃতীয়স্কন্ধে দেবহূত্যনুতাপো নাম ত্রয়োবিংশোঽধ্যায়ঃ ॥ * ॥ ২৩ ॥ * ॥

শ্রীমৈত্রেয় উবাচ ॥

নির্ব্বেদবাদিনীমেবং মনোর্দুহিতরং মুনিঃ। দয়ালুঃ শালিনীমাহ শুক্লাভিব্যাহৃতং স্মরন্॥ ১ ॥

শ্রীঋষিরুবাচ ॥

মা খিদো রাজপুত্রীত্থমাত্মানং প্রত্যনিন্দিতে। ভগবাংস্তেঽক্ষরো গর্ভমদূরাৎ সংপ্রপৎস্যতে ॥ ২ ॥

শ্রীধরস্বামী।

ন মুমুক্ষেয় মোক্ষমিচ্ছাং ন কৃতবত্যস্মি॥ ৫৩॥

॥ ইতি তৃতীয়ে ত্রয়োবিংশঃ ॥ * ॥

চতুর্বিংশে ততো জন্ম কপিলস্যাহ তৎপিতুঃ। প্রব্রজ্যাং তমনুজ্ঞাপ্য ঋণত্রয় বিমোক্ষতঃ॥ ০॥

শালিনীং শ্লাঘ্যাং শুক্লেনাভিব্যাহৃতং সহাহং স্বাংশ কলয়া ইত্যাদি॥ ১॥

ইত্থং মাখিদঃ খেদং মাকার্ষীঃ আত্মানং প্রত্যহং ভাগ্যহীনেতি। অদূরাৎ শীঘ্রং॥ ২॥

ক্রমসন্দর্ভঃ।

সা যথা কথঞ্চিৎ কৃতভবৎসংজ্ঞাপ্যাহং স্বমহিমাজ্ঞানাংশেন বঞ্চিতা। অতো ভগবন্মায়ৈবাত্র কারণমিত্যর্থঃ॥ ৫৩॥

॥ * ॥ ইতি শ্রীমদ্ভাগবতে তৃতীয়স্কন্ধে শ্রীজীবগোস্বামিকৃত ক্রমসন্দর্ভস্য ত্রয়োবিংশোঽধ্যায়ঃ সমাপ্তঃ ॥ * ॥

শালিনীমিতি শড়ৃশ্লাঘায়াং শাডনং শালঃ সোঽস্যাস্তীতি শালিনী তাং শুক্লাভিব্যাহৃতং স্মরন্নিতি তদেক ধ্যানবাৎ॥১।২।৩॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

তত্রোদাহরণমহমেবেত্যাহ সাহং জীবন্মুক্তান্ মুমুক্ষেয় মোক্ষমিচ্ছামাত্রমপি নকৃতবত্যস্মীতি সাক্ষ সগদ্গদবাক্যং॥ ৫৩॥

* ॥ ইতি সারার্থদর্শিন্যাং হর্ষিণ্যাং ভক্তচেতসাং। ত্রয়োবিংশস্তৃতীয়স্য সঙ্গতঃ সঙ্গতঃ সতাং ॥ * ॥

চতুর্বিংশে ততঃ প্রোক্তং কপিলস্য বিধের্বচঃ। কনোদ্বাহঃ কর্দমস্য প্রব্রজ্যা স্বত্যনন্তরা॥ ০॥

শালিনীং শ্লাঘ্যাং শুক্লেনাভিব্যাহৃতং সহাহং স্বাংশকলয়েত্যাদি॥ ১॥

হে অনিন্দিতে ইত্থং মাখিদ খেদং মা কার্ষীঃ॥ ২॥

নচান্যা প্রাকৃতীবত্ত্বমকৃত পুণ্যেত্যাহ ধৃতব্রতাসি পূর্ব্বজন্মানি কৃতব্রতাদি নিয়মাসৃত ইহাপি জন্মনি তে ভদ্রং ভবিষ্যতি॥ ৩॥

যাহা হউক, আমি ভগবানের মায়াতে অতিশয় বঞ্চিত হইয়াছি, মুনে! একি সামান্য দুঃখের বিষয় নয়? আমি মোক্ষপ্রদ স্বামি প্রাপ্ত হইয়াও মুক্ত হইবার ইচ্ছা করি নাই॥ ৫৩॥

॥ * ॥ তৃতীয়ে ত্রয়োবিংশ ॥ * ॥

চতুর্বিংশ অধ্যায়ে দেবহূতির গর্ভে কপিলদেবের জন্ম এবং তাঁহার অনুমতি ক্রমে কর্দ্দমের প্রব্রজ্যায় গমন॥ ০॥

মৈত্রেয় কহিলেন বৎস বিদুর! মনুতনয়া দেবহূতি এই প্রকার নির্ব্বেদ বাক্য বলিতে থাকিলে মুনিবর কর্দ্দমের অন্তঃকরণ করুণারসে আর্দ্র হইল, ভগবান্ বিষ্ণু যাহা কহিয়াছিলেন স্মরণ করত কহিলেন॥ ১॥

হে অনিন্দিতা রাজপুত্রি! তুমি আপনাকে ভাগ্যহীনা বলিয়া খেদ করিও না, ভগবান্ অচিরেই তোমার গর্ভে প্রবিষ্ট হইবেন॥ ২॥

ধৃতব্রতাসি ভদ্রং তে দমেন নিয়মেনচ। তপোদ্রবিণদানৈশ্চ শ্রদ্ধয়া চেশ্বরং ভজ ॥ ৩ ॥

স ত্বয়া রাধিতঃ শুক্লো বিতন্বন্ মামকং যশঃ। ছেত্তা তে হৃদয়গ্রন্থিমৌদর্য্যো ব্রহ্মভাবনঃ ॥ ৪ ॥

শ্রীমৈত্রেয় উবাচ ॥

দেবহূত্যপি সন্দেশং গৌরবেণ প্রজাপতেঃ সম্যক্ শ্রদ্ধায় পুরুষং কূটস্থমভজদ্ গুরুং ॥ ৫ ॥

তস্যাং বহুতিথে কালে ভগবান্ মধুসূদনঃ। কার্দ্দমং বীর্য্যমাপন্নো জজ্ঞেঽগ্নিরিব দারুণি ॥ ৬ ॥

অবাদয়ং স্তদা ব্যোম্নি বাদিত্রাণি ঘনাঘনাঃ। গায়ন্তি তং স্ম গন্ধর্ব্বা নৃত্যন্ত্যপ্সরসো মুদা ॥ ৭ ॥

---

শ্রীধরস্বামী।

দমেনেন্দ্রিয়সংযমেন নিয়মেন স্বধর্ম্মেণ তপাংসি দ্রবিণদানানি চ তৈঃ। ৩।

হৃদয়গ্রন্থিমহঙ্কারলক্ষণং বন্ধং ছেত্তা ছেৎস্যতি ঔদর্য্যঃ পুত্রঃ সন্ ব্রহ্ম ভাবয়তি উপদিশতীতি তথা। ৪।

শ্রদ্ধায় বিশ্বস্য। ৫।

বহুতিথে বহুতরে কালে অতিক্রান্তে। ৬।

ঘনাঘনা ইত্যেকং পদং বর্ষন্তো মেঘাঃ। গায়ন্তিস্ম নৃত্যন্তিস্ম ॥ ৭ ॥

---

ক্রমসন্দর্ভঃ।

স ত্বয়েতি। কদাচিদপি তদ্বিমর্ত্তুং নশক্নোতি যঃ স ইত্যর্থঃ ব্রহ্ম ভগবত্তত্বং ॥ ৪ ॥

সন্দেশমুপদেশং গুরু গুরুতয়া চিন্ত্যমানং। ৫।

বহুতিথে বহুনাং পূরণে কালে বহুযুগগণ সংখ্যা তিথুগিতি পূরণ প্রকরণে পাণিনিসূত্রং। বীর্য্যং ভক্তিপ্রভাবঃ তদাপন্নত্বেন বশীকৃত ইত্যর্থঃ। ৬। ৭। ৮। ৯।

---

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

হৃদয়গ্রন্থিমহঙ্কারলক্ষণং বন্ধং ঔদর্য্যঃ উদরজাতঃ সন্ ব্রহ্মভাবনঃ ব্রহ্মোপদেষ্টা। ৪।

সন্দেশমুপদেশং গুরুং যঃ পুত্রো ভূত্বা গুরুর্ভবিষ্যতি তং। ৫।

বহুতিথেতি বহুনাং পূরণে বহুতরে কালে অতিক্রান্তে সতীত্যর্থঃ বহুযুগগণসঙ্ঘস্ত তিথুগিতি সূত্রং। কার্দ্দমং বীর্য্যং কর্দ্দমস্ত ভক্তিপ্রভাবং আপন্নত্বেন বশীকৃত ইত্যর্থঃ। অগ্নিরিব দারুণীতি তস্যামন্তর্যামিরূপেণ স্থিতএব স পুত্ররূপেণ প্রকটীবভূবেত্যর্থঃ ॥৬॥

ঘনাঘনা গর্জন্তো মেঘা ইব দেবা ইত্যর্থঃ। বর্ষুকাব্দা ঘনাঘনা ইত্যমরঃ। ৭।

---

তুমি ধৃতব্রতাই আছ, এক্ষণে ইন্দ্রিয়দমন, স্বধর্ম্মাচরণ, তপস্যানুষ্ঠান এবং ধনাদি দান দ্বারা শ্রদ্ধা পূর্ব্বক ভগবানের আরাধনা কর ॥ ৩ ॥

প্রিয়ে! তুমি ভগবানের আরাধনায় প্রবৃত্ত হইলে তিনি আমার যশঃ বিস্তার করিয়া তোমার পুত্র রূপে জন্ম গ্রহণ করিবেন এবং তোমাকে পরম ব্রহ্ম উপদেশ করিয়া তোমার হৃদয়গ্রন্থি অর্থাৎ সংসার বন্ধন ছেদন করিবেন ॥ ৪ ॥

মৈত্রেয় কহিলেন বৎস বিদুর! কর্দ্দম প্রজাপতি এই প্রকার আদেশ করিলে দেবহূতি গৌরব করিয়া তাঁহার উপদেশ বাক্য গ্রহণ করিলেন এবং তাহাতে সম্যক্ বিশ্বাস করিয়া সর্ব্বকাল ব্যাপি পরম পুরুষ ভগবানের আরাধনায় প্রবৃত্ত হইলেন। ৫ ॥

ঐ রূপ আরাধনায় বহুতর কাল অতিক্রান্ত হইল, কাষ্ঠে যেমন অগ্নি উৎপন্ন হয়, তাহার ন্যায় ভগবান্ মধুসূদন কর্দ্দমের বীর্য্য আশ্রয় করিয়া দেবহূতির গর্ভে জন্ম গ্রহণ করিলেন ॥ ৬ ॥

যখন দেবহূতির গর্ভে ভগবান্ উৎপন্ন হইলেন তখন গগনমণ্ডলে বর্ষুক জলধর পটল হইতে বিবিধ বাদ্য হইল এবং গন্ধর্ব্বগণ গান করিতে লাগিল ও অপ্সরা সকল আনন্দে নৃত্য আরম্ভ করিল ॥ ৭ ॥

পেতুঃ সুমনসো দিব্যাঃ খেচরৈরপবর্জিতাঃ । প্রসেদুশ্চ দিশঃ সর্ব্বা অম্ভাংসি চ মনাংসি চ ॥ ৮ ॥

তৎ কর্দ্দমাশ্রমপদং সরস্বত্যা পরিশ্রিতং । স্বয়ম্ভূঃ সাকমৃষিভি র্মরীচ্যাদিভিরভ্যয়াৎ ॥ ৯ ॥

ভগবন্তং পরং ব্রহ্ম সত্ত্বেনাংশেন শত্রুহন্ । তত্ত্বসংখ্যান বিজ্ঞপ্ত্যৈ জাতং বিদ্বানজঃ স্বরাট্ ॥ ১০ ॥

সভাজয়ন্ বিশুদ্ধেন চেতসা তচ্চিকীর্ষিতং । প্রহৃষ্যমাণৈরসুভিঃ কর্দ্দমঞ্চেদমভ্যধাৎ ॥ ১১ ॥

শ্রীব্রহ্মোবাচ ॥

ত্বয়া মেঽপচিতিস্তাত কল্পিতা নির্ব্যলীকতঃ । যন্মে সংজগৃহে বাক্যং ভবান্ মানদ মানয়ন্ ॥ ১২ ॥

এতাবত্যেব শুশ্রূষা কার্য্যা পিতরি পুত্রকৈঃ । বাঢ়মিত্যনুমন্যেত গৌরবেণ গুরোর্ব্বচঃ ॥ ১৩ ॥

শ্রীধরস্বামী ।

অপবর্জিতা মুক্তাঃ ॥ ৮ ॥

পরিশ্রিতং বেষ্টিতং ॥ ৯ ॥

আগত্য কিং কৃতবান্ তদাহ ভগবন্তমিতি দ্বাভ্যাং তত্ত্বানাং সংখ্যানং যস্মিন্ তস্য সাংখ্যস্য বিজ্ঞপ্ত্যৈ বিশেষেণ জ্ঞাপনায় ভগবন্তং জাতং বিদ্বান্ অজো ব্রহ্মা স্বরাট্ স্বতঃ সিদ্ধজ্ঞানঃ ॥ ১০ ॥

তস্য চিকীর্ষিতং সভাজয়ন্ পূজয়ন্ । প্রহৃষ্যমাণৈ রসুভি রিন্দ্রিয়ৈরুপলক্ষিতঃ কর্দ্দমঞ্চেদমভ্যধাৎ ইতি দ্বয়োরন্বয়ঃ । চকারাৎ দেবহূতিঞ্চ ॥ ১১ ॥

তত্র ত্বয়েতি পঞ্চভিঃ কর্দ্দমং প্রাহ অপচিতিঃ পূজা কৃতা । যদ্যস্মাৎ নিষ্কপটং সম্যক্ গৃহীতবান্ ॥ ১২ ॥

অনুমন্যেতেতি যদেতাবত্যেব ॥ ১৩ ॥

ক্রমসন্দর্ভঃ ।

ভগবন্তমিতি যুগ্মকং ॥১০।১১।১২।১৩।১৪।১৫॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী ।

অপবর্জিতা বিসৃষ্টাঃ ॥ ৮ ॥ পরিশ্রিতং বেষ্টিতং ॥

অংশেন শুদ্ধসত্ত্বরূপেণ অংশেন নতু পূর্ণস্বরূপেণেত্যর্থঃ । তত্ত্বস্য সংখ্যানং যস্মিন্ তস্য সাংখ্যস্য বিজ্ঞপ্ত্যৈ বিশেষেণ জ্ঞাপনায় জাতমাবির্ভূতং জানন্ সভাজয়ন্ পূজয়ন্ প্রহৃষ্যমাণৈরসুভিরিন্দ্রিয়ৈরুপলক্ষিতঃ কর্দ্দমঞ্চকারাদ্দেবহূতিঞ্চ ॥ ১০। ১১ ॥

অপচিতিঃ পরিচর্য্যা কৃতা ॥ ১২ ॥ পুত্রকৈঃ সৎপুত্রৈঃ । বাঢ়মিতি যথাজ্ঞাপয়সি তথা করবাণীতি ॥ ১৩ ॥

অপর আকাশ হইতে অমরবৃন্দ কর্তৃক পরিমুক্ত দিব্য পুষ্প বৃষ্টি পাতিত হইতে লাগিল, আর দিক্, জল, তথা সর্ব্ব প্রাণির মনঃ প্রসন্ন হইয়া উঠিল ॥ ৮ ॥

হে শত্রুনাশন বিদুর ! তদনন্তর মরীচি প্রভৃতি ঋষিগণ সমভিব্যাহারে ব্রহ্মা কর্দ্দমের আশ্রমে আগমন করিলেন ॥ ৯ ॥

স্বতঃসিদ্ধ জ্ঞান প্রভাবে ব্রহ্মার বিদিত হইল যে, বিশেষ রূপে সাংখ্য জ্ঞান উপদেশার্থ পরব্রহ্ম স্বয়ং ভগবান্ সত্ত্ব অংশে জন্ম গ্রহণ করিয়াছেন ॥ ১০ ॥

বিশুদ্ধ চিত্ত দ্বারা ভগবানের ঐ চিকীর্ষিত অবগত হওয়াতে তদীয় বাসনার প্রশংসা করিলেন পরে প্রহৃষ্টেন্দ্রিয় হইয়া আনন্দ প্রকাশ পূর্ব্বক কর্দ্দম এবং দেবহূতিকে বলিলেন ॥ ১১ ॥

ব্রহ্মা প্রথমতঃ কর্দ্দমকে সম্বোধন করিয়া কহিলেন, হে তাত ! তুমি সম্যক প্রকারে আমার পূজা করিলে, যে হেতু অকপটে আমার প্রতি মান দান পূর্ব্বক আমার বাক্য গ্রহণ করিয়াছ ॥ ১২ ॥

যোঽন্তঃ প্রবিশ্য ভূতানি ভূতৈরত্ত্যখিলাশ্রয়ঃ। স বিষ্ণ্বাখ্যোঽধিযজ্ঞোঽসৌ কালঃ কলয়তাং প্রভুঃ।

শ্রীধরস্বামী।

কীদৃশং প্রধানপুরুষাত্মকং পরং তদ্ব্যতিরিক্তং চ এতদেব দৈবমিত্যভিধীয়তে কীদৃশং কর্ম্মণো বিচেষ্টিতং নানা সংসৃতি লক্ষণং যস্মাৎ তদ্দৈবপ্রেরিত কর্ম্মকৃতাঃ সংসৃতয়ো বিচিত্রা ইত্যর্থঃ। এতদেব ভগবতো রূপং কাল ইতি চাভিধীয়তে। কীদৃশং রূপ-ভেদস্ত বস্তূনামন্যথাত্বস্যাস্পদমাশ্রয়ঃ কারণং উক্তংহি কালাদ্গুণব্যতিকর ইতি বক্ষ্যতেচ গুণব্যতিকরঃ কাল ইতি। দিব্য মদ্ভুতপ্রভাবং ॥ ৩১ ॥

তদেবাহ ভূতানামিতি যাবৎসমাপ্তি। মহদাদীনাং তত্তদভিমানিনাং জীবানাং ॥ ৩২ ॥

ভয়হেতুত্বমাহ য ইতি। ভূতৈরেব ভূতান্যত্তি সংহরতি অধিযজ্ঞো যজ্ঞফলদাতা কলয়তাং বশীকুর্ব্বতাং ॥ ৩৩ ॥

ক্রমসন্দর্ভঃ।

ভগবদাদি সংজ্ঞং রূপত্রয়ং ন ততোভিন্নমিত্যর্থঃ। পুরুষোহত্র বদন্তি তত্ত্ববিদ ইত্যত্রোক্তমদ্বয় জ্ঞানমেব। পূর্ব্বমেবাহমিহাসমিতি তৎ পুরুষস্য পুরুষত্বমিতি শ্রুতেঃ। অত্র যৎ রূপ রূপিণোরভেদেঽপি ভেদ বিবক্ষা শিলাপুত্রস্য শরীরমিতিবৎ। তত্ত্বরূপং পরং নিরুপাধিকমেব। একস্যৈব তস্য তত্ত্বস্য রূপধর্ম্ম বিশেষাবির্ভাবানাবির্ভাবাভ্যাং তত্তদাবির্ভাব ভেদ ইতি ভাবঃ। তদেবং প্রাধান্যেন শুদ্ধ রূপত্রয়ং নিরূপ্যান্যত্র যং নিরূপয়তি এতদেব প্রধান পুরুষং প্রধানোপাধিকং পুরুষরূপমিত্যর্থঃ। পুরি শেতে পুরুষ ইতি নিরুক্তেঃ। প্রধানমিতি বহুত্র পাঠঃ কিন্তু স্বাম্যসম্মতঃ। অত্র পরমাত্মনঃ সাক্ষিত্বমস্যাতু কর্ত্তৃত্বমিতি ভেদঃ স্বীকৃতঃ। ভগবদ্ব্রহ্মণোর্ভেদশ্চ ব্যাখ্যাত এব। এতদেবচ পূর্ব্বোক্তং তত্ত্বং প্রকৃত্যুপাধি পুরুষরূপং ভগবদ্বৃত্তি ভেদেন দৈবং কালশ্চেত্যভিধীয়তে। তত্র দৈবস্য লক্ষণং কর্ম্মণো বিচেষ্টিতং যস্মাত্তদিতি। কালস্য লক্ষণং রূপেতি। যদ্বা। তদিদমেতদিত্যস্যৈব বিশেষণং তত্তদ্রূপাশ্রয় ইত্যর্থঃ। তত্র হেতুঃ। দিব্যমচিন্ত্যশক্তীত্যর্থঃ ॥ ৩১ ॥ ৩২ ॥

ভীষাস্মাদ্বাতঃ পবতে ইত্যাদি শ্রুতিপ্রসিদ্ধমেতস্য ভীষণত্বমপি কালরূপেণৈবেত্যাহ। যদিতি ষট্কেন। যন্ত্রয়াৎ যস্য

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

স্ববক্ষঃ স্পৃশন্নাহ। এতদিতি। অয়মর্থঃ। যঃ খলু ভক্তেষু ভগবান্ ভবতি জ্ঞানিষু ব্রহ্মযোগিষু পরমাত্মা তস্যৈব পরং যদপ্রাকৃতং রূপং তদেতদেব। ত্বৎপুত্রোঽহমেব পরমেশ্বর ইত্যর্থঃ। ন কেবল মেতাবদেব কিন্তু প্রকৃতি পুরুষ জীবাদৃষ্ট কালাদ্যপি মদীয়মেতদ্রূপমেবেত্যাহ প্রধানঞ্চ তৎপ্রবর্ত্তকঃ পুরুষশ্চেতি দ্বন্দ্বৈক্যং। দৈবং জীবাদৃষ্টং কীদৃশং কর্ম্মভিঃ পুণ্য পাপৈর্বিবিধং চেষ্টিতং যতস্তৎ তথা কাল ইত্যভিধীয়তে। যত্তদপি দিব্যমদ্ভুতপ্রভাবং মৎস্বরূপমেব রূপ ভেদস্য বস্তূনামন্যথা-ভাবস্য আস্পদমাশ্রয়ঃ কারণং। উক্তং হি কালাদ্গুণ ব্যতিকর ইতি ॥ ৩১ ॥

ত্বয়া পৃষ্টং কালস্য লক্ষণমুক্তমুচ্যতে চেত্যাহ যতঃ সকাশান্মহদাদীনাং তত্তদভিমানিনাং জীবানাং সৃষ্ট্যাদি মধ্যান্ত ভাবানাং

অর্থাৎ প্রধান পুরুষ হইতে ব্যতিরিক্ত, ইহাই সেই দৈব, যাঁহা হইতে নানা সংসার রূপ কর্ম্মের বিবিধ চেষ্টা হয়, ফলতঃ দৈব প্রেরিত কর্ম্মকৃত সংসারই নানাবিধ হইয়া থাকে। অপর ভগবানের এই রূপকেই রূপ ভেদের অর্থাৎ বস্তু সকলের অন্যথাত্বের আস্পদ অর্থাৎ আশ্রয় ও আশ্চর্য্য প্রভাবশালী কাল বলা যায় ॥ ৩১ ॥

ঐ কাল হইতেই মহদাদি ভূত সকলের অর্থাৎ তত্তদভিমানি ভিন্নদর্শি জীব সমূহের ভয় উৎপন্ন হয় ॥ ৩২ ॥

অখিলের আশ্রয় ঐ কাল অন্তরে প্রবেশ পূর্ব্বক ভূত দ্বারাই ভূত সকলকে সংহার করেন। অপর, ঐ কাল ভগবান্ বিষ্ণুর সংজ্ঞা বিশেষ, অতএব তিনিই যজ্ঞের ফলদাতা এবং যে সকল পদার্থ অন্যকে

নচাস্য কশ্চিদ্দয়িতো নদ্বেষ্যো নচ বান্ধবঃ। আবিশত্যপ্রমত্তোঽসৌ প্রমত্তজনমন্তকৃৎ॥

যদ্ভয়াদ্বাতি বাতোঽয়ং সূর্য্যস্তপতি যদ্ভয়াৎ। যদ্ভয়াদ্বর্ষতে দেবো ভগণো ভাতি যদ্ভয়াৎ॥ ৩৩॥

যদ্বনস্পতয়োভীতা লতাশ্চৌষধিভিঃ সহ। স্বে স্বে কালেঽভিগৃহ্ণন্তি পুষ্পাণিচ ফলানিচ॥ ৩৪॥

স্রবন্তি সরিতো ভীতা নোৎসর্পত্যুদধি র্যতঃ। অগ্নিরিন্ধে সগিরিভি র্ভূ র্ন মজ্জতি যদ্ভয়াৎ॥ ৩৫

অদো দদাতি শ্বসতাং পদং যন্নিয়মান্নভঃ। লোকং স্বদেহং তনুতে মহান্ সপ্তভিরাবৃতং॥ ৩৬॥

শ্রীধরস্বামী।

যস্মাদ্ভীতাঃ॥ ৩৪॥

যতোভীতাঃ সরিতঃ স্রবন্তি। ইন্ধে দীপ্যতে। সহ গিরিভি র্ভূঃ॥ ৩৫॥

অদো নভো যন্নিয়মাৎ যস্যাজ্ঞয়া মহান্ মহত্তত্ত্বং অহঙ্কারাত্মকং স্বদেহং লোকত্বেন বিস্তারয়তি॥ ৩৬॥

ক্রমসন্দর্ভঃ।

প্রেরণাৎ। বাতি স্বল্পত্বেন বহুত্বেন দিগ্‌ভেদেন চ চলতি তপতি কুত্রচিৎ। কদাচিত্তাপন পূর্ব্বকং প্রকাশয়তি উদয়াস্তময়ত্বাৎ। এবং ভাতিচ॥ ৩৩॥ ৩৪॥

স্রবন্তি কচিচ্ছিন্না কলৌ গঙ্গা ভবিষ্যতীতি ন্যায়াৎ কদাচিন্ন স্রবন্ত্যপীতি। ইন্ধে কদাচিৎ কুত্রচিৎ অব্যক্তমপি তিষ্ঠতীতি॥ ৩৫

অদঃ শারীরং নভঃ শ্বসতাং দেহানাং পদং শ্বাসক্রিয়াণামবকাশং দদাতি মৃতানাং তেষান্তু নদদাতি তদাস্পদং ন ভবতীত্যর্থঃ॥ ৩৬॥ ৩৭॥ ৩৮॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী

ভিন্নদৃশামজ্ঞানিনাং সর্ব্বেষাং, ভয়ং- ভয়প্রকারমাহ য ইতি। ভূতৈরেব ভূতান্যত্তি সংহরতি। অধিযজ্ঞঃ যজ্ঞাধিকারিত্বেন তৎফলদাতা। কলয়তাং বশীকুর্ব্বতামপি॥

যদ্যস্মাৎ বিষ্ণ্বাখ্যাৎ॥ ৩৩॥ ৩৪॥

ইন্ধে দীপ্যতে সোঽগ্নিঃ। গিরিভিঃ সহ ভূ র্বহুপাপাত্মক পুরুষভারেণাপি ন মজ্জতি কিন্তু কষ্টেনাপি ধৈর্য্যমেব ধত্তে অতি কষ্টেতু স্বাপরাস্তে তয়া গোরূপিণ্যা ব্রহ্মণে স্বভাব জ্ঞাপনমিতি ভাবঃ॥ ৩৫॥

অদো নভঃ যন্নিয়মাৎ যন্নিদেশাৎ। শ্বসতাং জীবতাং প্রাণিনাং শ্বাসক্রিয়াবতাং পদমবকাশং নতু মৃতানাং দদাতি মহান্ মহত্তত্ত্বং ব্রহ্মা স্বদেহং বৈরাজং লোকং ভূরাদি লোকত্বেন বিস্তারয়তি॥ ৩৬॥

বশীভূত করে তাহাদিগেরও প্রভু। তাঁহার প্রিয় কেহ নাই এবং বান্ধবও কেহ নাই, আর তিনি স্বয়ং অপ্রমত্ত হইয়া প্রমত্ত জনের অন্ত করেন॥

অপর, তাঁহার ভয়েতেই বায়ু সর্ব্বত্র বিচরণ করিতেছেন, তাঁহার ভয়েতেই সূর্য্য উত্তাপ দিতেছেন, তাঁহার ভয়েতেই ইন্দ্র বর্ষণ করিতেছেন, তাঁহার ভয়েতেই নক্ষত্রগণ দীপ্তি পাইতেছে॥ ৩৩॥

তাঁহার ভয়েই ওষধি সহ বৃক্ষ ও লতা সকল স্ব স্ব কালে ফল পুষ্প গ্রহণ করিতেছে॥ ৩৪॥

তাঁহাকে ভয় করিয়া নদী সকল প্রবাহিত হইতেছে, জলনিধি তাঁহার ভয়েতেই ভীত হইয়া আপনার বেলা (তীর বা সীমা) অতিক্রমণ করিতেছে না, তাঁহার ভয়েই অগ্নি দীপ্তি পাইতেছেন, তাঁহার ভয়েতেই অচল সহ এই অচলা জলমগ্ন হইতেছে না॥ ৩৫॥

তাঁহার আজ্ঞায় এই আকাশ শ্বাস ত্যাগার্থ অবকাশ দিতেছে এবং তাঁহার আজ্ঞায় এই মহান্ অর্থাৎ মহত্তত্ত্ব সপ্ত পদার্থে আবৃত হইয়া অহঙ্কার রূপ স্বীয় দেহকে লোক তত্ত্ব রূপে বিস্তার করিতেছে॥ ৩৬॥

গুণাভিমানিনো দেবাঃ সর্গাদিষস্য যদ্ভয়াৎ। বর্ত্তন্তেঽনুযুগং যেষাং বশ এতচ্চরাচরং ॥ ৩৭ ॥

সোঽনন্তোঽন্তকরঃ কালোঽনাদিরাদিকৃদব্যয়ঃ। জনং জনেন জনয়ন্মারয়ন্মৃত্যুনান্তকং ॥ ৩৮ ॥

॥ * ॥ ইতি শ্রীভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং তৃতীয়স্কন্ধে কাপিলেয়ে ভক্তিযোগো নাম একোনত্রিংশোঽধ্যায়ঃ ॥ * ॥ ২৯ ॥ * ॥

শ্রীভগবানুবাচ ॥

তস্যৈতস্য জনো নূনং নায়ং বেদোরুবিক্রমং। কাল্যমানোঽপি বলিনো বায়োরিব ঘনাবলিঃ ॥ ১

শ্রীধরস্বামী।

গুণাভিমানিনো গুণনিয়ন্তারো দেবা ব্রহ্মাদয়ঃ। অস্য বিশ্বস্য সর্গাদিষু প্রবর্ত্তন্তে। অনুযুগং বারংবারমিত্যর্থঃ ॥ ৩৭ ॥

জনেন পিত্রাদিনা জনং পুত্রাদিং জনয়ন্ আদিকৃৎ মৃত্যুনা অন্তকমপি মারয়ন্নন্তকরঃ স্বয়ন্তু অনাদিরনন্তোঽব্যয়শ্চ ॥ ৩৮ ॥

॥ * ॥ ইতি তৃতীয়ে একোনত্রিংশঃ ॥ * ॥

ত্রিংশেতু কায় কান্তাদি লালনাকুলচেতসাং। কামিনাং তামসী পাপাদধোগতিরুদীর্য্যতে ॥ ০ ॥

কালপ্রভাববর্ণনপূর্ব্বকং বৈরাগ্যায় চিত্রকর্ম্মকৃতাং সংসৃতিং অধ্যায়ত্রয়েণ প্রপঞ্চয়তি। তস্যৈতস্য বলিনঃ কালস্য বলিনেতি বা পাঠঃ। কাল্যমানঃ বিচাল্যমানো ঽপি বায়োর্বিক্রমং যথা মেঘপঙ্‌ক্তি র্ন বেদ ॥ ১ ॥

ক্রমসন্দর্ভঃ।

॥ * ॥ ইতি শ্রীভাগবতে তৃতীয়স্কন্ধে শ্রীজীবগোস্বামিকৃত ক্রমসন্দর্ভস্য একোনত্রিংশোঽধ্যায়ঃ সমাপ্তঃ ॥ * ॥

বলিনেতি পাঠে তেন কালেনৈবেতি শেষঃ ॥ ১। ২। ৩। ৪। ৫। ৬ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

গুণাভিমানিনো ব্রহ্ম ধর্ম্ম রুদ্রাদয়ঃ। অনুযুগং প্রতিকল্পং ॥ ৩৭ ॥

জনেন পিত্রাদিনা জনয়ন্ সম্যাদিকৃৎ ॥ ৩৮ ॥

॥ * ॥ ইতি সারার্থদর্শিন্যাং হর্ষিণ্যাং ভক্তচেতসাং। ঊনত্রিংশস্তৃতীয়স্য সঙ্গতঃ সঙ্গতঃ সতাং ॥ * ॥

নির্গুণাং সগুণাং ভক্তিং জ্ঞানযোগৌচ সাত্ত্বিকৌ। হরিঃ পঞ্চভিরধ্যায়ৈর্দর্শয়ামাস মাতরং। অধ্যায়ত্রিতয়েনাথ ক্রমেণ কিল্ব কুর্ম্মণাং। তামসীং রাজসীঞ্চাপি সাত্ত্বিকীং গতিমৈক্ষয়ৎ। ত্রিংশে তাস্বপ্য বুরুষ মৃতি নারকযন্ত্রণাঃ। প্রাহ সাংসারিকাণাং স্ত্রীপুত্রাদ্যাকুলচেতসাং ॥ ০ ॥

অথ হরিভক্তিং বিনা বিচিত্র কর্ম্মকৃতাং সাংসারিকং দুঃখমধ্যায়ত্রয়েণ প্রপঞ্চয়তি। তস্য কালস্য বলিনো বলিনেতি চ পাঠঃ ॥ ১

তাঁহা হইতেই ভীত হইয়া গুণনিয়ন্তা দেবগণ বারম্বার এই বিশ্বের সৃষ্ট্যাদিতে প্রবর্ত্তমান হইতেছেন, এই কারণেই এই চরাচর জগৎকে ঐ সকল দেবতার বশবর্ত্তী বলা গিয়া থাকে ॥ ৩৭ ॥

মা! সেই কাল পিত্রাদি জন দ্বারা পুত্রাদি জনকে উৎপন্ন করিয়া থাকেন এবং তিনি মৃত্যু দ্বারা যমকেও মারিয়া থাকেন, অতএব তিনি সকলের আদিকর্ত্তা এবং তাঁহা হইতেই সকলের অন্ত হয়, কিন্তু তিনি স্বয়ং অনাদি, অনন্ত ও অব্যয় ॥ ৩৮ ॥

॥ * ॥ ইতি তৃতীয়ে ঊনত্রিংশ ॥ * ॥

ত্রিংশদধ্যায়ে অধর্ম্ম দ্বারা কায় কান্তাদি ভরণ পোষণার্থ ব্যগ্রচিত্ত কামি পুরুষদিগের তামসী গতি বর্ণন হইতেছে ॥ ০ ॥

ভগবান্ কপিল কহিলেন মাতঃ! এই সকল লোক সেই বলবান্ কাল কর্ত্তৃক নিরন্তর বিচাল্যমান হইয়াও, যেমন মেঘ পঙ্‌ক্তি বায়ুর বেগ জানে না, তাহার ন্যায়, তাঁহার দুরতিক্রম বিক্রম অবগত হইতে পারে না ॥ ১ ॥

যং যমর্থমুপাদত্তে দুঃখেন সুখহেতবে। তং তং ধুনোতি ভগবান্ পুমান্ শোচতি যৎকৃতে ॥ ২
যদধ্রুবস্য দেহস্য সানুবন্ধস্য দুর্ম্মতিঃ। ধ্রুবাণি মন্যতে মোহাদ্গৃহ ক্ষেত্র বসূনিচ ॥ ৩ ॥
জন্তুর্বৈ ভব এতস্মিন্ যাং যাং যোনিমনুব্রজেৎ। তস্যাং তস্যাং স লভতে নির্বৃতিং ন বিরজ্যতে ॥ ৪
নরকস্থো হৃপি দেহং বৈ ন পুমাংস্ত্যক্তুমিচ্ছতি। নারক্যাং নির্বৃতৌ সত্যাং দেবমায়াবিমোহিতঃ।
সৎসঙ্গরহিতো মর্ত্ত্যো বৃদ্ধসেবাপরিচ্যুতঃ। মামনারাধ্য দুঃখার্ত্তঃ কুটুম্বাসক্তমানসঃ ॥ ৫ ॥
আত্ম জায়া সুতাগার পশু দ্রবিণ বন্ধুষু। নিরূঢ় মূল হৃদয় আত্মানং বহু মন্যতে ॥ ৬ ॥

শ্রীধরস্বামী।

বিক্রমমেবাহ যং যং অর্থং দুঃখেন প্রয়াসেন উপাদত্তে আপাদয়তি তং তং ভগবান্ কালো ধুনোতি বিনাশয়তি যৎকৃতে যস্মিন্ নিমিত্তং ॥ ২ ॥

শোকে হেতুঃ যদ্যস্মাৎ সানুবন্ধস্য কলত্রাদি সহিতস্য দেহস্য সম্বন্ধীনি গৃহাদীনি বসু দ্রব্যং। অনুক্তসমুচ্চয়ার্থশ্চকারঃ ॥ ৩ ॥

দুর্ম্মতিত্বং দর্শয়ন্ দুঃখং প্রপঞ্চয়তি জন্তুরিতি চতুর্দ্দশভিঃ ॥ ৪ ॥

নারক্যাং নরকাহারাদিভি র্জাতায়াং ॥ ৫ ॥

নিরূঢ়মূলং প্রসৃতমনোরথং হৃদয়ং যস্ত বহু মন্যতে কৃতার্থো হহমিতি শ্লাঘতে ॥ ৬ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী

ভগবান্ কালঃ ॥ ২

শোকে হেতুঃ যদ্যস্মাৎ সানুবন্ধস্য কলত্রাদি সহিতস্য ॥ ৩ ॥

দুর্ম্মতিত্বং দর্শয়তি জন্তুরিতি ॥ ৪ ॥

নারক্যাং নরকাহার স্ত্রীসঙ্গাদিভি র্জাতায়াং ॥ ৫ ॥

নিরূঢ়ং মূলং যস্য তাদৃশং হৃদয়ং যস্য সঃ ॥ ৬ ॥

অতএব ইহারা সুখের নিমিত্ত সাতিশয় প্রয়াস করিয়া যে যে অর্থ উৎপাদন করে, ভগবান্ কাল তৎ সমুদায় বিনাশ করিয়া ফেলেন, তাহার নিমিত্ত পুরুষ শোকে নিমগ্ন হয় ॥ ২ ॥

কারণ পুত্র কলত্রাদি সহ অনিত্য দেহ সম্বন্ধী, যে সকল গৃহ, ক্ষেত্র এবং ধনাদি, ঐ দুর্মতি ব্যক্তি মোহ বশতঃ সে সমুদায়কে নিত্য বলিয়া মানে ॥ ৩ ॥

তাহাতে ঐ জীব এই সংসারে যে যে যোনি প্রাপ্ত হয়, সেই সেই যোনিতেই সুখ লাভ করে, কিন্তু তাহার বৈরাগ্য হইতে পারে না ॥ ৪ ॥

মা! সে ব্যক্তি দেবমায়াতে এরূপ বিমোহিত যে, যদি নরকস্থ হয়, নরকাহারজনিত নির্বৃতি হইলে তাহাতেই তৃপ্তি বোধ করে, তখনও দেহ ত্যাগ করিতে তাহার ইচ্ছা হয় না। মা! সকল ব্যক্তির এ প্রকার মোহ হয় না, যে মানব সৎসঙ্গ রহিত এবং বৃদ্ধসেবায় পরাঙ্মুখ, কেবল কুটুম্বেতেই আসক্ত চিত্ত, কখন আমার আরাধনা করে না, তাহারই ঐ প্রকার দুর্গতি হয় ॥ ৫ ॥

দেহ, কলত্র, পুত্র, গৃহ, পশু, দ্রবিণ এবং বন্ধু বান্ধবে তাহার হৃদয় প্রসক্ত হওয়াতে নানা মনোরথ উৎপন্ন হয়, তাহাতেই সে আপনাকে বহু করিয়া মানে, অর্থাৎ আমি কৃতার্থ হইলাম এই বলিয়া আপনাকে শ্লাঘা করে ॥ ৬ ॥

স'দহ্যমান সর্ব্বাঙ্গ এষামুদ্বহনাধিনা। করোত্যবিরতং মূঢ়ো দুরিতানি দুরাশয়ঃ ॥ ৭ ॥
আক্ষিপ্তাত্মেন্দ্রিয়স্ত্রীণামসতীনাঞ্চ মায়য়া। রহোরচিতয়ালাপৈঃ শিশূনাং কলভাষিণাং ॥ ৮ ॥
গৃহেষু কূটধর্ম্মেষু দুঃখতন্ত্রেষ্বতন্ত্রিতঃ। কুর্ব্বন্ দুঃখপ্রতীকারং সুখবন্মন্যতে গৃহী ॥ ৯ ॥
অর্থৈরাপাদিতৈর্গুর্ব্ব্যা হিংসয়েতস্ততশ্চ তান্। পুষ্ণাতি যেষাং পোষেণ শেষভুগ্ যাত্যধঃ স্বয়ং ॥ ১০
বার্ত্তায়াং লুপ্যমানায়ামারব্ধায়াং পুনঃ পুনঃ। লোভাভিভূতো নিঃসত্ত্বঃ পরার্থে কুরতে স্পৃহাং ॥ ১১ ॥

শ্রীধরস্বামী।

উদ্বহনাধিনা পোষণচিন্তয়া ॥ ৭ ॥
দুরাশয়ত্বমাহ আক্ষিপ্ত আত্মা ইন্দ্রিয়াণিচ যস্য। কয়া অসতীনাঞ্চ পুংশ্চলীনাং অপি রহসি রচিতয়া সম্ভোগাদি রূপয়া মধুর-ভাষিণাং শিশূনাং আলাপৈশ্চ সুখবন্মন্যতে ইত্যুত্তরেণান্বয়ঃ ॥ ৮ ॥
কূটা বিত্তশাঠ্যাদি বহুলা ধর্ম্মা যেষু দুঃখপ্রধানেষু ॥ ৯ ॥
যেষাং পোষণেনাধো যাতি তান্ পুষ্ণাতি। শেষভুগিতি ভোগোঽপি তস্য দুর্ল্লভ ইত্যর্থঃ ॥ ১০ ॥
বর্ত্তায়াং জীবিকায়াং নিঃসত্ত্বঃ অসক্তঃ। পরার্থে পরস্বে ॥ ১১ ॥

ক্রমসন্দর্ভঃ।

সংদহ্যেতি কচিৎ পাঠঃ নৈষ পুণ্যাবণ্যসম্মতঃ ॥ ৭ ॥
আক্ষিপ্তাত্মেতি যুগ্মকং ॥ ৮। ৯। ১০। ১১। ১২। ১৩ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

উদ্বহনাধিনা রক্ষণ পোষণানুরঞ্জন বিবাহ প্রদানাদি চিন্তয়া ॥ ৭ ॥ ৮ ॥
কূটা বিত্তশাঠ্যাদি বহুলা ধর্ম্মা যেষু দুঃখতন্ত্রেষু দুঃখপ্রধানেষু ॥ ৯ ॥
শেষভুক্ তদ্ভুক্তাবশিষ্টভুগিতি ভোগো ঽপি তস্য দুর্ল্লভ ইত্যর্থঃ ॥১০ ॥
বার্ত্তায়াং জীবিকায়াং ॥ ১১ ॥

এবং ঐ সমস্ত পুত্র কলত্রাদির ভরণ পোষণ অনুরঞ্জন ও বিবাহ দেওয়া ইত্যাদি চিন্তায় তাহার সর্ব্বাঙ্গ দগ্ধ হইতে থাকে, সুতরাং সেই দুরাশয় মূঢ় দুষ্কর্ম্ম করিতে প্রবৃত্ত হয় ॥ ৭ ॥

অপিচ, তাহার আত্মা এবং ইন্দ্রিয়গণ বিষয়ে আক্ষিপ্ত হওয়াতে সে পুংশ্চলীদিগের নির্জনে বির-চিত সম্ভোগাদি রূপ মায়া তথা মধুরভাষি শিশুদিগের সুমধুর আলাপ দ্বারা-- ॥ ৮ ॥

আপনাকে সুখিতুল্য বোধ করে এবং যে গৃহাশ্রমে বিত্তশাঠ্যাদি কাপট্যই বহুল, আর যাহাতে দুঃখই প্রধান,তাহাতে আসক্ত হইয়া আলস্য পরিহার পূর্ব্বক নিরন্তর দুঃখের প্রতীকার করিতেই যত্ন-বান্ হয় ॥ ৯ ॥

অতএব গুরুতর হিংসায় ইতস্ততঃ বহু স্থান হইতে অর্থ সংগ্রহ করত তদ্দ্বারা এমত সকল লোকের পোষণ করে যে, যাহাদের ভরণে অধোগতি হয়। ঐ হতভাগ্য মনুষ্য ঐ প্রকারে অর্থসংগ্রহ করিয়া স্বয়ং ভোগ করুক, তাহাও তাহার পক্ষে দুর্ঘট, সে সকলকে ভোজন করাইয়া আপনি অবশিষ্ট ভক্ষণ করে ॥ ১০ ॥

পরে যদি কদাচিৎ জীবিকা বিলুপ্ত হয়, অন্য জীবিকা অবলম্বনার্থ পুনঃপুনঃ যত্ন করে, কিন্তু যখন তাহাও বিফল হয় এবং আর উপায় করিতে সমর্থ হয় না, তখন লোভাভিভূত হইয়া অন্যের ধনে স্পৃহা করে ॥ ১১ ॥

কুটুম্বভরণে হকল্যো মন্দভাগ্যো বৃথোদ্যমঃ। শ্রিয়া বিহীনঃ কৃপণো ধ্যায়ন্ শ্বসিতি মূঢ়ধীঃ ॥ ১২
এবং স্বভরণাকল্যং তৎকলত্রাদয়স্তদা। নাদ্রিয়ন্তে যথাপূর্ব্বং কীনাশা ইব গোজরং ॥ ১৩ ॥
তত্রাপ্যজাতনির্ব্বেদো ভ্রিয়মাণঃ স্বয়ম্ভৃতৈঃ। জরয়োপাত্তবৈরূপ্যো মরণাভিমুখো গৃহে ॥ ১৪ ॥
আস্তেঽবমত্যোপন্যস্তং গৃহপাল ইবাহরন্। আময়াব্যপ্রদীপ্তাগ্নিরল্পাহারোঽল্পচেষ্টিতঃ ॥ ১৫ ॥
বায়ুনোৎক্রমতোত্তারঃ কফসংরুদ্ধনাড়িনা। কাস শ্বাস কৃতায়াসঃ কণ্ঠে ঘুরঘুরায়তে ॥ ১৬ ॥

শ্রীধরস্বামী।

অকল্যঃ অসমর্থঃ ॥ ১২ ॥
পূর্ব্বং যথাদ্রিয়ন্ত তথা আদরং ন কুর্ব্বন্তি। কীনাশাঃ কৃপণাঃ কৃষীবলাঃ। গোজরং বৃদ্ধবলীবর্দ্দং ॥ ১৩ ॥
ভ্রিয়মাণঃ পুষ্যমাণঃ ॥ ১৪ ॥
অবমত্যা অবজ্ঞয়া উপন্যস্তং সমীপে প্রক্ষিপ্তং গৃহপালঃ শ্বা আহরন্ ভুঞ্জানঃ। আময়াবী রোগী ॥ ১৫ ॥
উত্তারো বহির্নির্গতনেত্রঃ। কফেন সংরুদ্ধা নাড়্যো মার্গভূতা যস্য তেন কাসশ্বাসাভ্যাং কৃত আয়াসো যস্য ঘুর ঘুর ইতি

ক্রমসন্দর্ভঃ।

তত্রাপীতি সার্দ্ধকং ॥ ১৪। ১৫। ১৬। ১৭ ॥ ১৮। ১৯ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

পুত্রাদি জীবনোপায়ং ধ্যায়ন্ ॥ ১২ ॥
কীনাশাঃ কৃষীবলাঃ। গোজরং বৃদ্ধবলীবর্দ্দং ॥ ১৩ ॥
পূর্ব্বংভৃতৈঃ পুত্রাদিভির্ভ্রিয়মাণঃ পুষ্যমাণঃ পোষণপ্রকারমাহ। অবমত্যা অবজ্ঞয়া উপন্যস্তং প্রক্ষিপ্তং গৃহপালঃ শ্বেব আহরন্ ভুঞ্জানঃ ॥ ১৪ ॥
আময়াবী রোগী ॥ ১৫ ॥
উৎক্রমতা কাশাদ্যাধিক্যেন উর্দ্ধমুত্তিষ্ঠতা কফরুদ্ধনাড়ীমার্গেণ বায়ুনা হেতুনা উদ্বর্ত্তিতা তারা অক্ষঃ কনীনিকা যস্য সঃ

তাহার মন্দভাগ্য প্রযুক্ত ধনোপার্জ্জনার্থ উদ্যম সকল যখন বিফল হয় তখন অতি দীন ও শ্রীবিহীন, সুতরাং কুটুম্বভরণে অসমর্থ হইয়া দুরন্ত চিন্তায় ব্যাকুল হয় এবং বুদ্ধি বিমূঢ় হওয়াতে কেবল এক একবার দীর্ঘ নিশ্বাস ত্যাগ করিতে থাকে ॥ ১২ ॥

কিন্তু, আশ্চর্য্যের বিষয় এই যে ঐ পুরুষ যখন আপনার ও আত্মীয়গণের ভরণ পোষণে অক্ষম হয় তখন যেমন নির্দ্দয় কৃষকেরা বলীবর্দ্দ বৃদ্ধ হইলে তাহার প্রতি আর যত্ন করে না, তদ্রূপ ঐ ব্যক্তির পুত্র কলত্রাদি পূর্ব্বের ন্যায় আর তাহার প্রতি আদর করে না ॥ ১৩ ॥

পরন্তু, তৎকালেও ঐ পুরুষের নির্ব্বেদ জন্মে না, যে সকল ব্যক্তিকে স্বয়ং পোষণ করিয়াছিল তাহাদের কর্ত্তৃক পুষ্যমাণ হইয়া গৃহেতেই অবস্থিতি করে, তখন জরায় অত্যন্ত বৈরূপ্য প্রাপ্ত হইয়া মরণার্থ অভিমুখ হয় ॥ ১৪ ॥

তথাচ, সে যাহাদিগকে পোষণ করিয়াছিল তাহারা যত্ন পূর্ব্বক আর তাহার পোষণ করে না, যথাকালে অবজ্ঞা পূর্ব্বক যৎ কিঞ্চিৎ ভক্ষ্য দ্রব্য তাহার অগ্রে ফেলিয়া আইসে, গৃহপাল কুক্কুরের তুল্য তাহাই তাহাকে আহার করিতে হয়, তৎকালে তাহার শরীরের স্বাচ্ছন্দ্য দূরে থাকুক ক্রমশঃ রোগগ্রস্ত হইয়া পড়ে, আর পূর্ব্বের ন্যায় অগ্নির তেজ থাকে না এবং অল্পাহার ও অল্প চেষ্টা হইয়া থাকে ॥ ১৫ ॥

অনন্তর ঐ ব্যক্তির যখন মৃত্যু উপস্থিত হয় তখনও তাহার ক্লেশের পরিসীমা নাই, তাহার দেহস্থ

শয়ানঃ পরিশোচদ্ভিঃ পরিবীতঃ স্ববন্ধুভিঃ। বাচ্যমানো ঽপি ন ব্রূতে কালপাশবশং গতঃ ॥ ১৭ ॥

এবং কুটুম্বভরণে ব্যাপৃতাত্মাজিতেন্দ্রিয়ঃ। ম্রিয়তে রুদতাং স্বানামুরুবেদনয়াস্তধীঃ ॥ ১৮ ॥

যমদূতৌ তদা প্রাপ্তৌ ভীমৌ সরভসেক্ষণৌ। স দৃষ্ট্বা ত্রস্তহৃদয়ঃ শকৃন্মূত্রং বিমুঞ্চতি ॥ ১৯ ॥

যাতনা দেহ আবৃত্য পাশৈর্বদ্ধা গলে বলাৎ। নয়তো দীর্ঘমধ্বানং দণ্ড্যং রাজভটা যথা ॥ ২০ ॥

তয়োর্নির্ভিন্ন হৃদয় স্তর্জনৈর্জাতবেপথুঃ। পথি শ্বভি র্ভক্ষ্যমাণ আর্ত্তোঘং স্বমনুস্মরন্ ॥ ২১ ॥

শ্রীধরস্বামী।

শব্দং করোতি ॥ ১৬ ॥

পবিবীতঃ পরিবেষ্টিতঃ বাচ্যমানঃ বন্ধো তাতেত্যাহূয়মানঃ ॥ ১৭ ॥

অস্তধী র্নষ্টমতিঃ ॥ ১৮ ॥

মৃতস্য পুণ্য পাপাভ্যাং দ্বে গতী তত্র পাপগতিমাহ যমদূতাবিত্যাদি যাবৎসমাপ্তি। সরভসং সক্রোধমীক্ষণং যয়োস্তৌ দৃষ্ট্বা ॥ ১৯ ॥

আবৃত্য নিরুধ্য ॥ ২০ ॥

তয়োস্তর্জনৈঃ নির্ভিন্নং হৃদয়ং যস্য। আর্ত্তঃ সন্ চলতীতি দ্বিতীয়েনৈবান্বয়ঃ ॥ ২১ ॥

ক্রমসন্দর্ভঃ।

যাতনা দেহে তমাবৃত্য প্রবেশন পূর্ব্বকং নিরুধ্যেত্যর্থঃ। নয়তঃ তাবিতিশেষঃ ॥ ২০ ॥ তয়োরিতি যুগ্মকং ॥ ২১। ২২। ২৩ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী

ঘুর্ঘুর ইতি শব্দং করোতি ॥ ১৬ ॥ ১৭ ॥

অস্তধী র্নষ্টমতিঃ ॥ ১৮ ॥

মৃতস্য পাপাত্মনো গতিমাহ যমদূতাবিতি। স ম্রিয়মাণঃ ॥ ১৯ ॥

স্থূলদেহান্নিষ্কাশ্য যাতনাময়দেহে তং প্রবেশ্য আবৃত্য নিরুধ্য তৌ নয়তঃ প্রাপয়তঃ ॥ ২০ ॥

তয়োস্তর্জ্জনৈঃ স্বমঘং তস্যৈব পাপস্য ফলমিদমনুভবামীতি স্মরন্ ॥ ২১ ॥

বায়ুর উৎক্রমণ আরম্ভ হইলে নেত্র বহির্গত হইয়া পড়ে এবং ঐ বায়ুর মার্গ রূপ নাড়ী সকলও কফ দ্বারা রুদ্ধ হইয়া যায়, তাহাতে নিশ্বাস ফেলিতে অথবা কাসিতেও বহু আয়াস বোধ হয়, কেবল কণ্ঠ মধ্যে এক প্রকার "ঘুর ঘুর" শব্দ হইতে থাকে ॥ ১৬ ॥

মা! সে ঐ অবস্থায় শয়ন করিয়া শোককারি স্ববন্ধুগণে পরিবৃত হইলে তাহাদের মধ্যে কেহ "হে বন্ধো" কেহ "হে তাত" এই বলিয়া পুনঃ পুনঃ আহ্বান করিলেও কালপাশের বশবর্ত্তী হওয়াতে সে কিছুই বলিতে পারে না ॥ ১৭ ॥

অতএব যে পুরুষ ইন্দ্রিয় জয় করিতে না পারিয়া কেবল কুটুম্ব ভরণেই ব্যাপৃত হয়, মরণ কালেও তাহার সুখ দেখা যায় না, রোরুদ্যমান আত্মীয় স্বজনের কাতরতায় তাহার হৃদয়ে গুরুতর বেদনা উপস্থিত হয়, তাহাতে সে জ্ঞান শূন্য হইয়াই প্রাণ ত্যাগ করে ॥ ১৮ ॥

ঐ প্রকারে মৃত ব্যক্তির পাপ ও পুণ্যানুসারে গতি দুই প্রকার হয়, তন্মধ্যে প্রথমতঃ পাপ গতির বিবরণ বলি শ্রবণ করুন। সেই ব্যক্তির মৃত্যু হইবা মাত্র সক্রোধ নয়ন দুইজন যমদূত আসিয়া উপস্থিত হয়, তাহাদিগকে দেখিয়াই সে কম্পিত হৃদয় হইয়া মল মূত্র ত্যাগ করে ॥ ১৯ ॥

পরে ঐ যমদূতেরা তাহাকে স্থূল দেহ হইতে যাতনা দেহে নিরুদ্ধ করত যেমন রাজপুরুষেরা দণ্ডার্হ লোককে বন্ধন করে তাহার ন্যায় গলদেশে পাশ বন্ধন পূর্ব্বক সুদীর্ঘ পথে লইয়া যায় ॥ ২০ ॥

তাহাদের দুই জনের তর্জনে ঐ পুরুষের হৃদয় বিদীর্ণ হইতে থাকে এবং সাতিশয় কম্প উপস্থিত

ক্ষুত্তৃট্‌ পরীতোঽর্ক দবানলানিলৈঃ সন্তপ্যমানঃ পথি তপ্তবালুকে।
কৃচ্ছ্রেণ পৃষ্ঠে কষয়াচ তাড়িতশ্চলত্যশক্তো ঽপি নিরাশ্রমোদকে ॥ ২২ ॥
তত্র তত্র পতন্‌ শ্রান্তো মূর্চ্ছিতঃ পুনরুত্থিতঃ। পথা পাপীয়সা নীতস্তমসা যমসাদনং ॥ ২৩ ॥
যোজনানাং সহস্রাণি নবতিং নবচাধ্বনঃ। ত্রিভির্মুহূর্ত্তৈর্দ্বাভ্যাং বা নীতঃ প্রাপ্নোতি যাতনাঃ ॥২৪
আদীপনং স্বগাত্রাণাং বেষ্টয়িত্বোল্মুকাদিভিঃ। আত্মমাংসাদনং কাপি স্বকৃত্তং পরতো ঽপি বা ॥২৫

শ্রীধরস্বামী।

ক্ষুত্তৃড়্‌ভ্যাং পরীতো ব্যাপ্তঃ। তপ্তা বালুকা যস্মিন্‌। নির্গত আশ্রমো বিশ্রাম স্থানং উদকঞ্চ যস্মিন্‌ ॥ ২২ ॥
যমসাদনং নীতো ভবতি ॥ ২৩ ॥
তত্রৈব বিশেষমাহ অধ্বনঃ সম্বন্ধিনাং যোজনানাং নবতিং নবচ সহস্রাণি পাপাধিক্যে দ্বাভ্যাং নীতঃ সন্‌ ॥ ২৪ ॥
যাতনাঃ সংক্ষেপতো দর্শয়তি চতুর্ভিঃ। আদীপনং প্রজ্বলনং প্রাপ্নোতি স্বেন কৃত্তং অন্যেন বা কৃত্তং ছিন্নং যৎ স্বস্য মাংসং তস্য ভক্ষণমিত্যর্থঃ ॥ ২৫ ॥

ক্রমসন্দর্ভঃ।

যোজনানামিতি চতুষ্কং ॥ ২৪। ২৫ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

নিরাশ্রমোদকে বিশ্রামস্থল জল রহিতে পথি ॥ ২২। ২৩ ॥
অধ্বনঃ সম্বন্ধিনাং যোজনানাং নবতিং সহস্রাণি নবত্যধিকানি পাপাধিক্যে দ্বাভ্যামেব মুহূর্ত্তাভ্যাং নীতঃ সন্‌ ॥ ২৪ ॥
যাতনা এবাহ। আদীপনং প্রজ্বলনমিত্যাদীনাং প্রাপ্নোতীত্যনেনান্বয়ঃ। স্বেন কৃত্তং ছিন্নং পরতঃ পরেণ বা ॥ ২৫ ॥

হয়। পথি মধ্যে তাহাকে কুক্কুরে ভক্ষণ করিতে আইসে। তখন সে আপনার পাপ স্মরণ করত অতিশয় ব্যাকুল হয় ॥ ২১ ॥

অপর ক্ষুধা তৃষ্ণায় ব্যাপ্ত এবং পৃষ্ঠদেশে কষা দ্বারা তাড়িত, আর তপ্তবালুকাময় পথে, সূর্য্য কিরণ, দাবানল ও উষ্ণ বায়ু দ্বারা সন্তাপিত হইয়া গমন করে, সেই পথে বিশ্রামস্থান অথবা জল কিছুই পাইবার সম্ভাবনা নাই, অসক্ত হইয়াই চলিতে হয় ॥ ২২ ॥

কিন্তু কি করিবে সাধ্য নাই, শ্রান্তি বশতঃ বারম্বার পড়িয়া মূর্চ্ছা যায়, আবার মূর্চ্ছা অপগত হইলে আপনিই গাত্রোত্থান করে, এই প্রকারে অত্যন্ত ক্লেশ ভোগ করিতে করিতে ঐ ভয়ঙ্কর পথ দ্বারা শমন সদনে নীত হয় ॥ ২৩ ॥

মা! যে পথ দিয়া যমভবনে গমন করিতে হয় তাহার পরিমাণ নিরানব্বই সহস্র যোজন, উক্ত পরিমাণের বর্ত্ম ঐ ব্যক্তিকে তিন মুহূর্ত্ত এবং তদপেক্ষা গুরুতর পাপ থাকিলে দুই মুহূর্ত্তের মধ্যে অতিক্রমণ করিয়া উপনীত হইতে হয়, সে স্থানে উপস্থিত হইয়াই যে সুস্থির হইবে, এমত নয়, গত মাত্রে যাতনা প্রাপ্ত হয় ॥ ২৪ ॥

কোন স্থানে জ্বলন্ত কাষ্ঠ দ্বারা গাত্র বেষ্টিত করিয়া দগ্ধ করে, কোথাও বা দেখে আপনা দ্বারা অথবা অন্যের দ্বারা ছিন্ন আপনার মাংস ভক্ষণ করিতে হইতেছে ॥ ২৫ ॥

জীবতশ্চান্ত্রাভ্যুদ্ধারং শ্বগৃধ্রৈর্যমসাদনে। সর্প-বৃশ্চিক দংশাদ্যৈ র্দশদ্ভিশ্চাত্মবৈশসং ॥ ২৬ ॥

কৃন্তনঞ্চাবয়বশো গজাদিভ্যো ভিদাপনং। পাতনং গিরিশৃঙ্গেভ্যো রোধনং চাম্বুগর্ত্তয়োঃ।

যাস্তামিস্রান্ধতামিস্র রৌরবাদ্যাশ্চ যাতনাঃ। ভুঙ্ক্তে নরো বা নারী বা মিথঃ সঙ্গেন নির্ম্মিতাঃ ॥ ২৭ ॥

অত্রৈব নরকঃ স্বর্গ ইতি মাতঃ প্রচক্ষ্যতে। যা যাতনা বৈ নারক্যস্তা ইহাপ্যুপলক্ষিতাঃ ॥ ২৮ ॥

এবং কুটুম্বং বিভ্রাণ উদরং ভর এব বা। বিসৃজ্যেহোভয়ং প্রেত্য ভুঙ্ক্তে তৎ ফলমীদৃশং ॥ ২৯

শ্রীধরস্বামী।

আত্মনো বৈশসং পীড়াং ॥ ২৬ ॥

ভিদাপনং ভেদপ্রাপণং ॥ ২৭ ॥

নচেদমসম্ভাবিতং অত্রাপি দৃশ্যমানত্বাদিত্যাহ অত্রৈবেতি ॥ ২৮ ॥

উভয়ং কুটুম্বং স্বদেহঞ্চ ॥ ২৯ ॥

ক্রমসন্দর্ভঃ।

উদ্ধারমিতি সম্মতঃ পাঠঃ। প্রাপ্নোতীতি যোজনয়া পীড়ামিত্যপি দ্বিতীয়ান্তেন ব্যাখ্যাসামান্যত্বাৎ ॥ ২৬ ॥

কৃন্তনং কর্ত্তনং ॥ ২৭ ॥

যা যাতনাস্তাশ্চ ভুঙ্ক্তে। মিথঃ সঙ্গেনেতি। পাপিষ্ঠ গৃহস্থ প্রসঙ্গান্নরনার্য্যোস্তয়োঃ পাপিষ্ঠত্বে প্রাপ্তে পরস্পর সঙ্গঃ পাপাতিশয় হেতুরিতি ॥ ২৮। ২৯। ৩০ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

বৈশসং পীড়াং ॥ ২৬ ॥

ভিদায়া বিদারণস্য আপনং প্রাপণং ॥ ২৭ ॥

নচৈতদসম্ভাবিতমত্রাপি রাজদণ্ডে কাসাঞ্চিৎ প্রত্যবয়ব কৃন্তনাদি যাতনানাং তথা স্রক্ চন্দন বনিতাদি সুখভোগানাঞ্চ দৃশ্যমানত্বাদিত্যাহ তত্রৈবেতি ॥ ২৮ ॥

উভয়ং কুটুম্বং উদরঞ্চ। প্রেত্য মৃত্বা ॥ ২৯ ॥

অপর যমালয়ে উপস্থিত হইয়া দেখে কুক্কুর গৃধ্র প্রভৃতি জীবন সত্ত্বেই অন্ত্র (নাড়ী) টানিয়া বাহির করিতেছে, কোন স্থানে বা সর্প বৃশ্চিক দংশাদি নিষ্ঠুর রূপে দংশন করিতেছে, ইহাতে সে সাতিশয় বেদনার্দ্দিত হয় ॥ ২৬ ॥

অপিচ, কোথাও অবয়ব সকলের কর্ত্তন, কেথাও বা গজাদি দ্বারা বিদারণ, কোথাও বা গিরিশৃঙ্গ হইতে পাতন, কোথাও বা জল ও গর্ত্তের অবরোধ ইত্যাদি যাতনা অনুভব করে। আর তামিস্র, অন্ধতামিস্র, রৌরব প্রভৃতি যে সকল যাতনা পরস্পর সঙ্গ দ্বারা নির্ম্মিত হয়, ঐ মৃত ব্যক্তি নর হউক বা নারীই হউক তৎসমুদায়ও তাহাকে ভোগ করিতে হয় ॥ ২৭ ॥

মা! এই যে সকল যাতনার কথা কহিলাম ইহা অসম্ভাবিত নয়, যে হেতু রাজদণ্ডে কাহারও কাহারও অবয়ব কর্ত্তনাদি যাতনা আর কাহাকেওবা স্রক্ চন্দন বনিতাদি উপভোগ করিতে এস্থানেই দেখিতে পাওয়া যায়, অতএব পণ্ডিতেরা কহিয়া থাকেন যে, এই স্থানেই নরক ও এই স্থানেই স্বর্গ। ফলতঃ নরক সম্বন্ধীয় যে যে যাতনা ভোগ করিতে হয় তাহা এখানেও দৃষ্ট হইয়া থাকে ॥ ২৮ ॥

অতএব সংসারে থাকিয়া কুটুম্ব ভরণেই ব্যাপৃত হউক অথবা উদর ভরণমাত্র কর্ম্মে নিয়ত রত হইয়া জীবন যাপন করুক, মৃত্যুর পর এই স্থানেই দেহ ও কুটুম্ব পরিত্যাগ করিয়া পরলোকে কেবল আপনাকে ঐ সকল কর্ম্মের ঐ প্রকার ফল ভোগ করিতে হয় ॥ ২৯ ॥

একঃ প্রপদ্যতে ধ্বান্তং হিত্বেহ স্বং কলেবরং। কুশলেতরপাথেয়ো ভূতদ্রোহেণ যদ্ভৃতং ॥ ৩০

দৈবেনাসাদিতং তস্য শমলং নিরয়ে পুমান্। ভুঙ্ক্তে কুটুম্বপোষস্য হৃতচিত্ত ইবাতুরঃ ॥ ৩১ ॥

কেবলেন হ্যধর্ম্মেণ কুটুম্বভরণোৎসুকঃ। যাতি জীবো হ্বন্ধতামিস্রং চরমং তমসঃ পদং ॥ ৩২ ॥

অধস্তান্নরলোকস্য যাবতী র্যাতনাস্তু তাঃ। ক্রমশঃ সমনুক্রম্য পুনরত্রাব্রজেচ্ছুচিঃ ॥ ৩৩ ॥

॥ * ॥ ইতি শ্রীভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং তৃতীয়স্কন্ধে কাপিলেয়ে কর্ম্ম বিপাকস্ত্রিংশোঽধ্যায়ঃ ॥ * ॥ ৩০ ॥ * ॥

শ্রীধরস্বামী।

পাপার্জিতং ধনং ভুঞ্জতে বহবঃ কর্ত্তৈব তু নরকং যাতীত্যাহ এক ইতি। ভূতদ্রোহেণ যদ্ভৃতং তৎ স্থূলং কলেবরং স্বং ধনঞ্চ ইহৈব-হিত্বা কুশলাদিতরং পাপং তদেব পাথেয়ং ভোগ্যং যস্য ॥ ৩০ ॥

ননু পাপমপি বিহায় গচ্ছতু তত্রাহ দৈবেনেতি তস্য কুটুম্ব পোষণস্য শমলং পাপং দৈবেনেশ্বরেণ প্রাপিতং ভুঙ্ক্তে ॥ ৩১ ॥

ননু কুটুম্বপোষণং বিহিতমেব তত্রাহ কেবলেনেতি। তমসো নরকস্য চরমং পদং স্থানং ॥ ৩২ ॥

পুনর্ম্মনুষ্য শরীরপ্রাপ্তি প্রকারমাহ। নরলোকস্য মনুষ্যদেহপ্রাপ্তেরধস্তাৎ অর্ব্বাক্ যাবত্যো যাতনাঃ যাবচ্ছব্দেন শ্বশূকরাদি যোনয়শ্চ তাঃ সর্ব্বাঃ ক্রমেণ সংপ্রাপ্য ভোগেন ক্ষীণপাপঃ শুচিঃ সন্ অত্র পুনর্নরত্বং প্রাপ্নোতীত্যর্থঃ ॥ ৩৩ ॥

॥ * ॥ ইতি তৃতীয়ে ত্রিংশঃ ॥ * ॥

ক্রমসন্দর্ভঃ।

দৈবেনেত্যুক্তে হপি নেশ্বরস্য নৈর্গুণ্যং ঈশ্বরস্ত পর্য্যাণ্যবং দ্রষ্টব্য ইতি ন্যায়াৎ ॥ ৩১। ৩২। ৩৩ ॥

॥ * ॥ ইতি শ্রীমদ্ভাগবতে তৃতীয়স্কন্ধে শ্রীজীবগোস্বামিকৃত ক্রমসন্দর্ভস্য ত্রিংশোঽধ্যায়ঃ সমাপ্তঃ ॥ * ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

কুশলেতরং পাপমেব পাথেয়ং মরণ পথ ভোগ্যং যস্য সঃ। ভূতদ্রোহেণ যদ্ভৃতং পুষ্টীকৃতং তৎস্থূলং কলেবরং হিত্বা ॥ ৩০ ॥

তস্য পাপকৃতস্য কুটুম্বপোষস্য শমলং মালিন্যং দৈবপ্রাপিতং কুটুম্ববিরহিত এব ভুঙ্ক্তে হৃতবিত্ত ইব ॥ ৩১ ॥

তমসো নরকস্য পদং স্থানং ॥ ৩২ ॥

যাবত্যো যাতনাঃ। যাবচ্ছব্দেন শ্বশূকরাদি যোনয়ো যা স্তাঃ ক্রমেণ প্রাপ্য ভোগেন ক্ষীণপাপঃ শুচিঃ সন্ পুনর্নরত্বং প্রাপ্নুয়াৎ ॥ ৩৩ ॥

॥ * ॥ ইতি সারার্থদর্শিন্যাং হর্ষিণ্যাং ভক্তচেতসাং। ত্রিংশোঽধ্যায়স্তৃতীয়স্য সঙ্গতঃ সঙ্গতঃ সতাং ॥ * ॥

সে ব্যক্তি পাপাচরণ দ্বারা যে ধন অর্জন করিয়া রাখিয়া যায় তজ্জন্য নরক ভোগ কেবল অর্জ্জয়িতাকেই করিতে হয়, সে আপনার কলেবর যাহা প্রাণিদ্রোহ করিয়া পুষ্ট করিত তাহা এবং সেই ধন এই স্থানেই ত্যাগ করিয়া একাকী পাপরূপ পাথেয় লইয়া ঘোর অন্ধকারময় নরকে প্রবিষ্ট হয় ॥ ৩০

মা! ঐ ব্যক্তি যেমন ইহলোকে শরীর ও ধনাদি পরিত্যাগ করিয়া যায় তাহার ন্যায় তাহার অন্যায় রূপে কুটুম্বপোষণের পাপ পরকালে উপস্থিত হয় তাহাতে সে ব্যক্তিকে আতুরের ন্যায় জ্ঞান শূন্য হইয়াও নরকে তাহার ফল ভোগ করিতে হয় ॥ ৩১ ॥

জননি! কুটুম্ব পোষণ বিহিত বটে, কিন্তু যে ব্যক্তি কেবল অধর্ম্ম দ্বারা তাহাদের ভরণার্থ উৎসুক হয় তাহাকে নরকের চরম পদ অন্ধতামিস্রে গমন করিতে হইবে ॥ ৩২ ॥

সেই নরক ভোগের পর পুনর্ব্বার মনুষ্য দেহ প্রাপ্ত হইবার পূর্ব্বে কুক্কুর শূকরাদি যোনিতে যত যত যাতনা হইতে পারে সমুদায় ক্রমে ক্রমে প্রাপ্ত হইয়া ভোগ দ্বারা যখন ক্ষীণপাপ হইবে তখন শুচি হইয়া পুনর্ব্বার এ স্থানে আগমন পূর্ব্বক নরত্ব প্রাপ্ত হইবে ॥ ৩৩ ॥

॥ * ॥ ইতি তৃতীয়ে ত্রিংশ ॥ * ॥

শ্রীভগবানুবাচ ॥

কর্ম্মণা দৈবনেত্রেণ জন্তু র্দেহোপপত্তয়ে। স্ত্রিয়াঃ প্রবিষ্ট উদরং পুংসোরেতঃ কণাশ্রয়ঃ ॥ ১ ॥

কলনং ত্বেকরাত্রেণ পঞ্চরাত্রেণ বুদ্বুদং। দশাহেন তু কর্কন্ধূঃ পেশ্যণ্ডং বা ততঃ পরং ॥ ২ ॥

মাসেন তু শিরোদ্বাভ্যাং বাহ্বঙ্ঘ্র্যাদ্যঙ্গবিগ্রহঃ। নখলোমাস্থি চর্ম্মাণি লিঙ্গচ্ছিদ্রোদ্ভবস্ত্রিভিঃ ॥৩

চতুর্ভি র্ধাতবঃ সপ্ত পঞ্চভিঃ ক্ষুত্তৃড়ুদ্ভবঃ। ষড়্ভির্জরায়ুনা বীতঃ কুক্ষৌ ভ্রাম্যতি দক্ষিণে ॥ ৪ ॥

শ্রীধরস্বামী।

একত্রিংশে বিমিশ্রৈস্তু পুণ্যপাপৈরিহান্তরা। মনুষ্যযোনিসংপ্রাপ্তি র্বর্ণ্যতে রাজসী গতিঃ ॥ ০ ॥

পুনরত্রাত্রজেদিত্যুক্তং তদেব বিশেষতো দর্শয়তি। কর্ম্মণা পূর্ব্বকৃতেন। দৈবমীশ্বরং তদেব নেত্রং নেতৃ প্রবর্ত্তকং যস্য প্রবিষ্টো ভবতি ॥ ১ ॥

কলনং শুক্রশোণিতমিশ্রিতং ভবতি। বুদ্বুদং বর্ত্তুলং ভবতি কর্কন্ধূ বদরীফলং তদাকারং কঠিনং। পেশী মাংসপিণ্ডাকারং অণ্ডং বা যোন্যন্তরে ॥ ২ ॥

বাহ্বঙ্ঘ্র্যাদীনামঙ্গানাং বিগ্রহো বিভাগঃ লিঙ্গঞ্চ ছিদ্রাণিচ তেষামুদ্ভবঃ ॥ ৩ ॥

জরায়ুণা গর্ভবেষ্টনেন বীতঃ প্রাবৃতঃ ॥ ৪ ॥

ক্রমসন্দর্ভঃ।

কলনমিতি। অত্র নিরুক্তমুদাহার্য্যং ॥ ১ ॥ ২ ॥ ৩ ॥

দক্ষিণে কুক্ষাবিতি। পুরুষমধিকৃত্যোক্তত্বাৎ। পুংগর্ভো দক্ষিণে স্ত্রীগর্ভো বামে ভবতীতি প্রসিদ্ধিঃ ॥ ৪ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী

একত্রিংশে গর্ভ জন্ম বাল্য পৌগণ্ডযাতনাঃ। শ্রবণেনৈব জীবস্য ভক্তির্গর্ভেঽপি দর্শ্যতে ॥ ০ ॥

পুনরত্রাত্রজেদিত্যুক্তং তৎপ্রকারং দর্শয়তি কর্ম্মণা প্রাচীনেন দৈবমীশ্বর স্তদেব নেত্রং নেতৃ প্রবর্ত্তকং যস্য তেন। প্রবিষ্টো ভবতি ॥ ১ ॥

কলনং শুক্র শোণিত মিশ্রিতং ভবতি। বুদ্বুদং বুদ্বুদাকারং। কর্কন্ধূ র্বদরীফলাকারং কঠিনং পেশী মাংসপিণ্ডং জরায়ু-প্রকৃতিঃ। অণ্ডং পক্ষ্যাদিযোনিষু ॥ ২ ॥

দ্বাভ্যাং মাসাভ্যাং বিগ্রহো বিভাগঃ ॥ ৩ ॥

জরায়ুণা গর্ভবেষ্টনেন বীতঃ প্রাবৃতঃ। দক্ষিণে কুক্ষাবিতি। পুরুষমধিকৃত্যোক্তত্বাৎ পুংগর্ভোদক্ষিণে স্ত্রীগর্ভো বাম ইতি প্রসিদ্ধেঃ ॥ ৪ ॥

একত্রিংশদধ্যায়ে মিশ্রিত পাপ পুণ্য দ্বারা মনুষ্যযোনি প্রাপ্তিরূপ রাজসী গতি বর্ণন ॥ ০ ॥

ভগবান্ কপিল কহিলেন মা! জীবের পূর্ব্বকৃত কর্ম্ম ঈশ্বর হইতে প্রবর্ত্তিত হয়, তাহাতে জীব সেই কর্ম্ম বশতঃ দেহ ধারণ নিমিত্ত পুরুষের রেতঃকণা আশ্রয় করিয়া স্ত্রীর উদরে প্রবিষ্ট হয় ॥ ১ ॥

শুক্র গর্ভমধ্যে পতিত হইলে তাহা একরাত্রে শোণিতের সহিত মিশ্রিত হয়, ঐ রূপ হইয়া পাঁচ রাত্রি থাকিলে তাহা বুদ্বুদাকারে পরিণত হয়। তাহার পর দশ দিবস গত হইলে তাহা বদরীফল-তুল্য হইয়া কঠিন হয়, তদনন্তর তাহা যোনির মধ্যেই পেশী অর্থাৎ মাংসপিণ্ডের আকার ধারণ করে ॥২

এই রূপে এক মাস গত হইলে তাহার শিরোদেশ এবং দুই মাসে তাহার হস্ত পদাদি অঙ্গ সকলের বিভাগ, তথা নখ, লোম, অস্থি, চর্ম্ম এবং তিনমাসে তাহার লিঙ্গ ও ছিদ্রের উদ্ভব হয় ॥ ৩ ॥

চারিমাসে সপ্তধাতু ( ত্বক্ মাংস রুধির মেদ মজ্জা অস্থি শুক্র ) ও পাঁচ মাসে ক্ষুধা তৃষ্ণা জন্মে। পরে যখন ছয় মাসের হয় তখন জরায়ু, অর্থাৎ গর্ভবেষ্টন চর্ম্ম দ্বারা আবৃত হইয়া মাতার দক্ষিণ কুক্ষিতে ভ্রমণ করে অর্থাৎ পুংগর্ভ হইলে দক্ষিণে আর স্ত্রীগর্ভ হইলে বামদিকে যায় ॥ ৪ ॥

মাতুর্জগ্ধান্ন পানাদ্যৈরেধদ্ধাতুরসম্মতে। শেতে বিণ্মূত্রয়োর্গর্ত্তে স জন্তু র্জন্তুসম্ভবে ॥ ৫ ॥
কৃমিভিঃ ক্ষতসর্ব্বাঙ্গঃ সৌকুমার্য্যাৎ প্রতিক্ষণং। মূর্চ্ছামাপ্নোত্যুরুক্লেশস্তত্রত্যৈঃ ক্ষুধিতৈর্মুহুঃ ॥৬
কটুতিক্তোষ্ণ লবণ ক্ষারাম্লাদিভিরুল্বণৈঃ। মাতৃভুক্তৈরুপস্পৃষ্টঃ সর্ব্বাঙ্গোত্থিতবেদনঃ ॥ ৭ ॥
উল্বেন সম্বৃত স্তস্মিন্নন্ত্রৈশ্চ বহিরাবৃতঃ। আস্তে কৃত্বা শিরঃ কুক্ষৌ ভুগ্নপৃষ্ঠ শিরোধরঃ।
অকল্যঃ স্বাঙ্গচেষ্টায়াং শকুন্ত ইব পঞ্জরে ॥ ৮ ॥

শ্রীধরস্বামী।

মাতুর্জগ্ধেন ভক্ষিতান্নেন পানাদ্যৈশ্চ এধমানা ধাতবো যস্য জন্তূনাং সম্ভবো যস্মিন্ তস্মিন্ অসম্মতে গর্ত্তে শেতে। তথাচ মার্কণ্ডেয়পুরাণং। নাড়ীচাপ্যায়নী নাম নাভ্যাং তস্য নিবধ্যতে। স্ত্রীণাং তথান্ত্র শুষিরে সা নিবদ্ধোপজায়তে। ক্রমন্তে ভুক্তপীতানি স্ত্রীণাং গর্ব্ভোদরে তয়া। তৈরাপ্যায়িত দেহো হসৌ জন্তুর্বৃদ্ধিমুপৈতি বৈ। ইতি ॥ ৫ ॥
তত্রত্যৈঃ কৃমিভিস্ত খাদন্তিঃ সৌকুমার্য্যাৎ কোমলত্বেন ক্ষতানি সর্ব্বাঙ্গানি যস্য ॥ ৬ ॥
উল্বণৈর্দুঃসহৈঃ সর্ব্বেষ্বঙ্গেষু উত্থিতা বেদনা যস্য। আস্তে ইত্যুত্তরেণান্বয়ঃ ॥ ৭ ॥
উল্বেন জরায়ুণা ভুগ্নং কুটিলীভূতং পৃষ্ঠং শিরোধরা গ্রীবা চ যস্য ॥ ৮ ॥

ক্রমসন্দর্ভঃ।

অসম্মতে অনভীষ্টে ॥ ৫। ৬। ৭। ৮ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

এধদ্ধাতুরিতি। নাড়ীচাপ্যায়নী নাম নাভ্যাং তস্য নিবধ্যতে। স্ত্রীণাং তথান্ত্রশুষিরে সা নিবদ্ধোপজায়তে। ক্রমন্তে ভুক্তপীতানি স্ত্রীণাং গর্ব্ভোদরে তথা। তৈরাপ্যায়িত দেহোহসৌ জন্তুর্বৃদ্ধিমুপৈতি চ ইতি মার্কণ্ডেয়পুরাণাৎ ॥ ৫ ॥ ৬ ॥ ৭ ॥
উল্বণৈঃ দুঃসহৈঃ। উল্বেন জরায়ুণা। কুটিলীভূত পৃষ্ঠগ্রীব আস্তে। শকুন্তঃ পক্ষী ॥ ৮ ॥

সেই কাল অবধি মাতৃভুক্ত অন্ন পানাদি দ্বারা তাহার ধাতু সকল ক্রমশঃ বৃদ্ধি পাইতে থাকে। কিন্তু সে ঐ রূপে বৃদ্ধিশীল হইলেও তাহাকে সেই বিষ্ঠামূত্রের গর্ত্তে শয়ন করিয়া থাকিতে হয়, কারণ সেই স্থানেই জন্তু সকলের উৎপত্তি হইয়া থাকে, পরন্তু তাহাতে শয়ন করিতে কাহারও আপনা হইতে ইচ্ছা হয় না, অগত্যা অসম্মত স্থানেও শয়ান হইয়া থাকিতে বাধ্য হয় ॥ ৫ ॥

সেই খানে ঐ জীবের ক্লেশ ভোগের কথা কত কহিব, শরীরের কোমলতা প্রযুক্ত তত্রস্থ ক্ষুধিত কৃমি সকল ভক্ষণ করিয়া তাহার সর্ব্বাঙ্গ ক্ষত বিক্ষত করে, তাহাতে সে অতিশয় ক্লিষ্ট হইয়া ক্ষণে ক্ষণে মূর্চ্ছা প্রাপ্ত হয় ॥ ৬ ॥

অপর, মাতা যে সকল কটু, তীক্ষ্ণ, উষ্ণ, লবণ, ক্ষার, অম্ল প্রভৃতি ভক্ষণ করেন, সে সকলের দুঃসহ রসে স্পৃষ্ট হওয়াতে তাহার সর্ব্বাঙ্গে বেদনা উপস্থিত হয় ॥ ৭ ॥

সে ঐ প্রকার অসহ বেদনায় পীড়িত হইয়াও শরীর বিস্তার করিবার উপায় পায় না, কুক্ষিদেশে মস্তক দিয়া পৃষ্ঠ এবং শিরোধরা ( গ্রীবা ) কুটিল করিয়া থাকে। অপর ভিতরে জরায়ু এবং বাহিরে অন্ত্র ( নাড়ী ) সকল দ্বারা আবৃত হওয়াতে পঞ্জরস্থ শকুন্তের ন্যায় স্বীয় অঙ্গ চেষ্টাতেও তাহার সামর্থ্যমাত্র থাকে না ॥ ৮ ॥

তত্র লব্ধস্মৃতির্দৈবাৎ কর্ম্ম জন্মশতোদ্ভবং। স্মরন্ দীর্ঘমনুচ্ছ্বাসং শর্ম্ম কিং নাম বিন্দতে ॥ ৯ ॥
আরভ্য সপ্তমান্মাসাল্লব্ধবোধো ঽপি বেপিতঃ। নৈকত্রাস্তে সূতিবাতৈ র্বিষ্ঠাভূরিব সোদরঃ ॥১০
নাধমান ঋষির্ভীতঃ সপ্তবধ্রিঃ কৃতাঞ্জলিঃ। স্তুবীত তং বিক্লবয়া বাচা যেনোদরেঽর্পিতঃ ॥ ১১ ॥

শ্রীধরস্বামী।

দৈবাৎ পূর্ব্ব কর্ম্মবশাৎ লব্ধা স্মৃতি র্যেন সঃ। দীর্ঘং দুরন্তং অনুচ্ছ্বাসং যথা ভবতি তথা তত্র স্থিতঃ সন্ ॥ ৯ ॥
সূতিহেতুভির্বাতৈ র্বেপিতঃ সোদরঃ সমানোদর জন্মা। বিষ্ঠাভূঃ কৃমিরিব ॥ ১০ ॥
নাধমানো যাচমানঃ উপতপ্যমান ইতি বা ঋষিঃ দেহাত্মদর্শী ভীতঃ পুনর্গর্ভবাসাৎ। সপ্তবধ্রয়ো বন্ধনভূতা ধাতবো যস্য সঃ। বিক্লবয়া আকুলয়া ॥ ১১ ॥

ক্রমসন্দর্ভঃ।

দীর্ঘং চিরকালং ব্যাপ্য অনুচ্ছ্বাসং যথা ভবতি তথা স্মরন্ ॥ ৯ ॥ বেপিত শ্চালিতঃ স নৈকত্র নাস্তে স্থাতুং ন শক্নোতি ॥১০ ॥
নাধমান ইতি। তাৎপর্য্যং যথা। সকৃন্তজনেনৈব সর্ব্বমপ্যায়ুঃ সফলমিত্যাদাহ তমেব শ্রীশৌনকবাক্যেন। আয়ু র্হরতি বৈ পুংসামিত্যাদি গ্রন্থেন। এবং ভক্ত্যাভাসেনাপ্যজামিলাদৌ পাপঘ্নত্বং দৃশ্যতে। তথা সর্ব্ব কর্ম্মাদিধ্বংস পূর্ব্বক পরমগতি-প্রাপ্তৌ স্বল্পায়াসেনৈব ভক্তেঃ কারণত্বং শ্রূয়তে। লঘুভাগবতে। বর্ত্তমানং চ যৎপাপং যদ্ভূতং যদ্ভবিষ্যতি। তৎ সর্ব্বং নির্দ্দহত্যাশু গোবিন্দ নাম কীর্ত্তনাৎ ইতি। তথৈব চ তত্র যথা কথঞ্চিদ্ভক্তি সম্বন্ধস্য কারণত্বং দৃশ্যতে। ব্রহ্মবৈবর্ত্তে। স সমারাধিতো দেবৈর্ম্মুক্তিকৃৎ স্যাদ্যথা তথা। অনিচ্ছয়াপি হুতভুক্ সংপৃক্তো দহতি দ্বিজ। স্কান্দে উমামাহেশ্বর সংবাদে। দীক্ষা-মাত্রেণ কৃষ্ণস্য নরা মোক্ষং লভন্তি বৈ। কিং পুন র্যে সদা ভক্ত্যা পূজয়ন্ত্যচ্যুতং নরাঃ। বৃহন্নারদীয়ে। অকামাদপি যে বিষ্ণুং সকৃৎ পূজাং প্রকুর্ব্বতে। ন তেষাং ভববন্ধস্তু কদাচিদপি জায়তে। পাদ্মে। সংপর্কাদ্যদি বা মোহাদ্যস্তু পূজয়তে হরিং। সর্ব্ব পাপবিনির্ম্মুক্তঃ প্রয়াতি পরমং পদং। ইতিহাস সমুচ্চয়ে শ্রীনারদপুণ্ডরীকসংবাদে। যে নৃশংসা দুরাচারাঃ পাপাচার-রতাঃ সদা। তেঽপি যান্তি পরং ধাম নারায়ণপরাশ্রয়াঃ। লিপ্যন্তে নচ পাপেন বৈষ্ণবা বীতকল্মষাঃ। পুনন্তি সকলা ল্লোকান্ সহস্রাংশুরিবোদিতঃ। অতএব। সকৃদেব প্রপন্নো য স্তবাস্মীতি চ যাচতে। অভয়ং সর্ব্বদা তস্মৈ দদাম্যেতদ্ব্রতং মমেতিচ।

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

দৈবাৎ পূর্ব্ব কর্ম্মবশাৎ দীর্ঘং চিরকালং ব্যাপ্য অনুচ্ছ্বাসং যথা ভবত্যেবং স্মরন্ ॥ ৯ ॥
সূতিহেতুভির্বাতৈর্বেপিত শ্চালিতঃ সন্ সোদরঃ সমানোদরজন্মা বিষ্ঠাভূঃ কৃমিরিব ॥ ১০ ॥
নাধমানঃ ভগবৎকৃপা ময়ি ভূয়াদিতি স্বস্মিন্নাশিষং কুর্ব্বন্ ঋষিরাত্মদর্শী ভীতঃ সংসারাৎ সপ্তবধ্রয়ো বন্ধন ভূতা ধাতবো যস্য সঃ। বিক্লবয়া বিহ্বলয়া তং স্তুবীতেতি গর্ভে বিধ্যাদেঃ সংভবাভাবাৎ হেতুহেতুমতোর্লিঙিতি ফলে লিঙ্। ততশ্চ যো ভগবন্তং ভজেতেতি হেতুরত্র গম্যঃ। তেনচ যো ভগবন্তং ভজেত স তং গর্ভেঽপি স্তুবীতেত্যন্যো জীবস্তু ন স্তুবীতেত্যর্থো লভ্যতে তস্যৈব স্তুবানস্য জীবস্যাগ্রে সংসারো বর্ণয়িষ্যতে বর্ণিতশ্চ নতু ভগবন্তং স্তুবানস্যাপি। অকামাদপি যে বিষ্ণোঃ সকৃৎ পূজাং প্রকুর্ব্বতে। ন তেষাং ভববন্ধস্তু কদাচিদপি জায়তে ইতি সকৃদেব প্রপন্নো য স্তবাস্মীতি চ যাচতে। অভয়ং সর্ব্বদা তস্মৈ

মা! গর্ভ মধ্যে ঐ জীবের পূর্ব্ব কর্ম্ম বশতঃ স্মৃতি লাভ হয়, কিন্তু তাহাতে তাহার সুখানুভব হয় না, দুরন্ত অনুচ্ছ্বাস প্রায় হইয়া অবস্থিতি করত শত শত জন্মে যে সকল পাপ করিয়াছে তাহা স্মরণ করিতে থাকে, তাহাতে কি সুখ লাভ করিতে পারে? ॥ ৯ ॥

পরে যদিও জ্ঞান প্রাপ্ত হয় তথাচ সপ্তম মাস হইতে আবার প্রসব কারণ বায়ুর দ্বারা সঞ্চালিত হইতে থাকে,, তাহাতে আপনার সমানোদর জন্মা বিষ্ঠাভূ কৃমির ন্যায় এক স্থানেস্থির হইয়া থাকিতেও পায় না ॥ ১০ ॥

অতএব ঐ জীব দেহাত্মদর্শী হইয়া পুনর্ব্বার গর্ভবাসে আসিতে ভীত হয় এবং যাচমান হইয়া অঞ্জলি বন্ধন পূর্ব্বক আকুল বচন দ্বারা যিনি উদরে অর্পণ করিয়াছেন সেই ঈশ্বরের স্তব করিতে প্রবৃত্ত হয় ॥ ১১

শ্রীজীব উবাচ ॥

তস্যোপসন্নমবিতুং জগদিচ্ছয়াত্তনানাতনোর্ভুবি চলচ্চরণারবিন্দং।

শ্রীধরস্বামী।

উপসন্নং জগদ্রক্ষিতুং স্বেচ্ছয়া গৃহীত নানামূর্ত্তে র্ভগবতশ্চরণারবিন্দং অকুতোভয়ং সোঽহং শরণং ব্রজামি। ভুবি চলদিতি

ক্রমসন্দর্ভঃ।

শ্রীরামায়ণে শ্রীরামচন্দ্র বচনং। সকৃদেব প্রপন্নো য স্তবাস্মীতি চ যাচতে। অভয়ং সর্ব্বভূতায় দদাম্যেতদ্ব্রতং হরেরিতি গারুড় বচনং। জীবিতং বিষ্ণুভক্তস্য বরং পঞ্চদিনানি বৈ। নতু কল্প সহস্রাণি ভক্তিহীনস্য কেশব ইতি বিষ্ণুধর্ম্মোত্তর বচনং। অতো যদত্র গর্ভস্থস্য জীবস্য ভগবৎ স্তুতিঃ শ্রূয়তে তস্যৈবচ সংসারোঽপি বর্ণ্যতে। তত্রোচ্যতে। জাত্যৈকত্বেন তদ্বর্ণনমিতি। বস্তুতস্ত কশ্চিদেব জীবো ভাগ্যবান্ স্তৌতি সচ নিস্তরত্যপি। নতু সর্ব্বস্যাপি ভগবজ্জ্ঞানং ভবতি তথাচেতি। নৈরুক্তমতেচ ত্রিবিধা জীবা লভ্যন্তে। একে পূর্ব্ব পূর্ব্ব জন্মমাত্রং স্মরন্তি। একে সাংখ্যযোগাদিকমভ্যস্যন্তি। একেতু পরম পুরুষমিতি। যথোক্তং তত্রৈব তৈঃ নবমে সর্ব্বাঙ্গ পূর্ণো ভবতীতি পঠিত্বা। মৃতশ্চাহং পুনর্জাতো জাতশ্চাহং পুনর্মৃত ইত্যাদি তদ্ভাবনাপাঠানন্তরং অবাঙ্মুখঃ পীড্যমানো জন্তুশ্চৈব সমন্বিতঃ। সাংখ্যং যোগং সমভ্যসেৎ পুরুষং পঞ্চবিংশকং। ততশ্চ দশমে মাসি প্রজায়তে ইত্যাদি পুরুষং বেতি বা শব্দাৎ। কস্যচিদেব ভগবজ্জ্ঞানমিতি গম্যতে। সর্ব্বাস্বপ্যবস্থাসু ভক্তেঃ সমর্থত্বং বর্ণিতং চতুঃশ্লোকীব্যাখ্যায়াং ভেদে ইপ্যেকত্ববর্ণনমন্যত্রাপি দৃশ্যতে। তৃতীয়ে যথা পাদ্মকল্প সৃষ্টি কথনেঽপি সনকাদীনাং সৃষ্টিবর্ণনং। টীকায়াংচ। ব্রহ্মকৃত সৃষ্টি কথনমাত্র সাম্যেনৈকীকৃত্যোক্তিরিয়মিতি যোজিতং। শ্রীবারাহাবতারবচ্চ। তত্র প্রথমমন্বন্তরস্যাদৌ পৃথিবীমজ্জনে ব্রহ্মনাসিকাতোঽবতীর্ণঃ বরাহস্তামুদ্ধরন্ হিরণ্যাক্ষেণ সংগ্রামং কৃতবান্ ইতি বর্ণ্যতে। হিরণ্যাক্ষস্ত ষষ্ঠ মন্বন্তরাবসান জাত প্রাচেতস দক্ষকন্যায়া দিতে র্জাতঃ। তস্মাত্তথা বর্ণনং তদবতারমাত্রত্ব পৃথিবীমজ্জনমাত্রত্বৈক্যবিবক্ষয়ৈব ঘটতে। তদ্বদত্রাপীতি। কশ্চিদেবান্যো জীবঃ স্তৌতি ইত্যন্যঃ সংসরতীত্যেবং মন্তব্যং। অত্র পূর্ব্ববৎ পরগতি প্রাপ্তৌ ভক্তেঃ পরম্পরা কারণত্বঞ্চ দৃশ্যতে। বৃহন্নারদীয়ে। যতীনাং বিষ্ণুভক্তানাং পরিচর্য্যাপরায়ণৈঃ। ঈক্ষিতা অপি গচ্ছন্তি পাপিনোঽপি পরাং গতিং। এবং বিষ্ণুধর্ম্মে। কুলানাং শতমাগামি সমতীতং তথা শতং। কারয়ন্ ভগবদ্ধাম নয়ত্যচ্যুতলোকতাং। যে ভবিষ্যন্তি যে হতীতা আকল্পাৎ পুরুষাঃ কুলে। তাংস্তারয়তি সংস্থাপ্য দেবস্য প্রতিমাং হরেরিতি। দূতান্ প্রতি যমাজ্ঞাচেয়ং। যেনার্চ্চা ভগবদ্ভক্ত্যা বাসুদেবস্য কারিতা। নবাযুতং তৎকুলজং ভবতাং শাসনাতিগমিতি। যথাহ। ত্রিঃ সপ্তভিঃ পিতা পূতঃ পিতৃভিঃ সহ তেঽনঘ। যৎ সাধোঽস্য কুলে জাতো ভবান্ বৈ কুলপাবনঃ। ত্রিঃ সপ্তভিঃ প্রাচীনকল্পগত তদীয় পূর্ব্ব পূর্ব্ব জন্ম সম্বন্ধিভিঃ পিতৃভিঃ সহ। অস্মিন্ জন্মনি হিরণ্যকশিপু কশ্যপ মরীচি ব্রহ্মাণ এব তৎ পিতর ইতি অবতারিকামারভ্য। তদ্বদত্রাপীতি কশ্চিদেবান্যো জীবঃ স্তৌত্যন্যঃ সংসরতীত্যেবমূহ্যেয়ং। স্তবীতেতি লিঙ্ প্রত্যয়ঃ সচ সংভাবনামেব স্পষ্টয়তি। অতএব তাদৃশ ভাগ্যযুক্তমতীতমেকং জীবং লক্ষ্যীকৃত্য জীব উবাচেত্যেকত্ব লিট্ প্রত্যয়াভ্যাং নির্দ্দেশঃ। জীবকাল সামান্য বিবক্ষায়ান্ত জীবো বদতীত্যেব যুজ্যেত ॥ ১১ ॥

ভুবিচলদিতি। নূনং তদানীং শ্রীকৃষ্ণাবতারাৎ তত্র লিঙ্গং গৃহীতনানাতনোরিতি। তস্যৈব সর্ব্বাবতারিত্বাৎ। শ্রীকপি

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

দদাম্যেতদ্ব্রতং মমেত্যাদি পরং সহস্র বচনবিরোধাৎ। অতএব শেতে বিন্মূত্রয়োর্গর্ত্ত ইতি মূর্চ্ছামাপ্নোত্যুরুক্লেশ ইতি আস্তে কৃত্বা শির ইত্যাদিবদ্দশমাস্যো জীবো হরিং স্তৌতীতি বর্ত্তমানপ্রয়োগো ন কৃতঃ কিন্তু জীব উবাচেতি ভূতকাল প্রয়োগএব। তেন চ পূর্ব্বকালভবঃ কশ্চিদুক্তো জীব এবং গর্ত্তে হরিং স্তবান আসীন্নতু সর্ব্ব ইত্যর্থো জ্ঞাপিতঃ। অতএব নৈরুক্তা অপি পঠন্তি। নবমে সর্ব্বাঙ্গ সংপূর্ণো ভবতীতি পঠিত্বা মৃতশ্চাহং পুনর্জাতো জাতশ্চাহং পুনর্মৃত ইত্যাদ্যনন্তরং। অবাঙ্মুখঃ পীড্যমানো জন্তুশ্চৈবং সমন্বিতঃ। সাংখ্যং যোগং সমভ্যসেৎ পুরুষং পঞ্চবিংশকং। ততশ্চ দশমে মাসি প্রজায়ত ইত্যাদি গর্ভোপনিষদ্বাক্যং অত্র বা শব্দ বলাৎ কশ্চিৎ কর্ম্মী জীবো মৃতশ্চাহং পুনর্জাত ইত্যাদি পূর্ব্ব পূর্ব্ব জন্মমাত্রং স্মরতি কশ্চিজ্ জ্ঞানী সাংখ্যং কশ্চিদ্যোগী যোগং কশ্চিদ্ভক্তশ্চতুর্বিংশ প্রধানাৎ পরং পঞ্চবিংশং পুরুষং পরমেশ্বরং অভ্যসেৎ ভজেদিতি পূর্ব্বাভ্যস্তমেব গর্ত্তে স্ফুরেদিতি যুক্তেঃ ॥ ১১ ॥

ভুবিচলদিতি শ্রীকৃষ্ণাবতারাভিপ্রায়েণেতি স্বামিচরণাঃ অত্র লিঙ্গং গৃহীত নানা তনোরিতি তস্যৈব সর্ব্বাবতারিত্বাৎ। কপি-

জীব কহে আমি সেই ভগবানের ভূমিতে বিচরণ শীল অকুতোভয় চরণার বিন্দের শরণ গ্রহণ

সোঽহং ব্রজামি শরণং হ্যকুতোভয়ং মে যেনেদৃশী গতিরদর্শ্যসতোঽনুরূপা ॥ ১২ ॥
যস্ত্বত্র বদ্ধ ইব কর্ম্মভিরাবৃতাত্মা ভূতেন্দ্রিয়াশয়ময়ীমবলম্ব্য মায়াং।
আস্তে বিশুদ্ধমবিকারমখণ্ডবোধমাতপ্যমান হৃদয়েঽবসিতং নমামি ॥ ১৩ ॥

### শ্রীধরস্বামী।

শ্রীকৃষ্ণাবতারাভিপ্রায়েণ অসতো মেঽনুরূপা যোগ্যা যেন ঈদৃশী গর্ভবাস লক্ষণা গতি র্দর্শিতা তস্য ॥১২ ॥

নন্থ ক্বাসৌ যং শরণং ব্রজসি কোবা তব তস্য চ বিশেষঃ যেন সেব্যসেবকত্বমিত্যপেক্ষায়ামাহ অত্র মাতুর্দেহে ভূতেন্দ্রিয়াশয়ময়ীং দেহাকারপরিণতাং মায়ামবলম্ব্য আশ্রিত্য কর্ম্মভিরাবৃতস্বরূপ ইব বদ্ধ ইবচ য আস্তে সোঽহং যস্তু অত্রৈবাস্তে তং নমামি কথম্ভূত মিত্যপেক্ষায়াং তু শব্দোক্তং বিশেষং দর্শয়তি আতপ্যমান হৃদয়েঽবসিতং প্রতীতং। এবমপি অবিকারং কুতঃ বিশুদ্ধং নিরুপাধিং। তৎকুতঃ অখণ্ডো বোধো যস্য তং ॥ ১৩ ॥

### ক্রমসন্দর্ভঃ।

লোক্তিশ্চেয়ং পূর্ব্বকল্প গত তদবতারাপেক্ষয়া। অসতঃ পরমাপত্তি র্নশ্যতো মম যেন অনুরূপা তদুদ্ধরণ ক্ষমা ঈদৃশী স্বস্ফূর্ত্তি লক্ষণা গতিঃ চিত্তবৃত্তিরদর্শি প্রকাশিতা। যদ্বা। মম দুষ্টস্য যোগ্যা ঈদৃশী দুঃখাত্মকাবস্থা যেন কৃপাদৃষ্টি বিষয়ীকৃতা। অন্যথেয়ং তৎস্ফূর্ত্তি র্নস্যাদেবেতি ভাবঃ ॥ ১২ ॥

আতপ্যমানে স্বহৃদয়ে স্থিতস্যাপ্যস্ফুরতস্তস্য তামেবাকস্মিকীং স্ফূর্ত্তিং দর্শয়তি যস্ত্বিতি। অত্র মদ্বিধ জীবশরীরে তৎ সহ স্থায়িত্বাৎ। তৎকর্ম্মভির্ব্বদ্ধ ইব। তস্মিন্ মৎস্ফূর্ত্তেস্তৈরাবৃতাত্মেব চ যস্ত্বাস্তে নত্বহমিব নিরুদ্ধ এবেতি তু শব্দস্যার্থঃ। কিং কৃত্বা। মায়ামবলম্ব্য প্রবর্ত্ত্য। অতো মায়াপ্রবর্ত্তকে তস্মিন্নকর্ম্মবন্ধাদিকং। কিন্ত্ববিবেকিনাং প্রতীতি দোষ এব স ইতি ভাবঃ। বস্তুতস্তু বিশুদ্ধমিত্যাদি। অবসিতমনুভূতং। যদ্বা। অত্রেতি ভুবীত্যর্থঃ। অবতার সময়ে তথাতথানুকরণাৎ তদুক্তং। কৃষ্ণমেনমবেহীত্যাদি ॥ ১৩ ॥

### শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

লোক্তিশ্চেয়ং পূর্ব্বকল্পগত তদবতারাপেক্ষয়েতি সন্দর্ভঃ। ঈদৃশী গর্ভ দুঃখোদধিনিবাস লক্ষণা গতিঃ অসাধো র্মম সমুচিতৈব অদর্শি দর্শিতা। যদ্বা অদর্শি কৃপাদৃষ্টি বিষয়ীকৃতা অন্যথা ইয়ং তদীয় স্ফূর্ত্তি র্মমাতিপাপিষ্ঠস্য ন সম্ভবেদিতি ভাবঃ ॥ ১২ ॥

তস্য স্বপ্রভোরদ্ভুতাং লীলাং কৃপালুতাঞ্চ স্মরন্ সাশ্চর্য্যমাহ। যঃ খলত্র অস্মদ্বিধ দুর্জ্জীবানাং নানা দুঃখময় প্রতিশরীর এবাস্তে কিম স্মান্ পালয়িতুং কিম্বা স্বৈরলীলত্বেনেতি ন বিদ্ম ইতি ভাবঃ। তমহং নমামীত্যন্বয়ঃ। অহং স্বদুষ্কৃত ফলং ভুঞ্জানঃ কর্ম্মবদ্ধো যদত্রাস্মি তদুচিতমেব স কথমত্র দুর্গন্ধে মহানরকে অন্তর্যামিত্বেনাপি তিষ্ঠতীত্যাহ কর্ম্মভি র্বদ্ধ ইব নতু বদ্ধঃ বৃন্দারনভুবি চলচ্চরণারবিন্দত্বাৎ। আবৃতাত্মা অহং যথা তথৈব দেহেনাবৃতস্বরূপ ইব নত্বাবৃতঃ। উক্তযুক্তেরেব কিং কৃত্বা ভূতাদিময়ীং মায়াং স্বশক্তিং অবলম্ব্য প্রবর্ত্ত্য নন্বেবং তর্হি তস্মিন্ মায়াবলম্বান্মালিন্যং বিকারশ্চ প্রসজ্জেতেত্যত আহ বিশুদ্ধং নির্ব্বিকারঞ্চ তত্র হেতুঃ অখণ্ড বোধং মজ্জ্ঞানমিব যস্য জ্ঞানং মায়য়া খণ্ডয়িতুমশক্যমিত্যর্থঃ। নন্থ কথমিদমবগতং ত্বয়েত্যত আহ আসমন্তাত্তপ্যমানেঽত্র হৃদয়ে ময়া অবসিতং প্রতীতং সন্তপ্যোতি মদীয় হৃদয়ে স্থিত্বা যে মহ্যমপ্যেবং জ্ঞানং দত্তং তস্য জ্ঞানং কথং খণ্ডিতং ভবেদিতি ॥ ১৩ ॥

করি, তিনি এই সমীপবর্ত্তি জগতের রক্ষণার্থ স্বেচ্ছাক্রমে নানা মূর্ত্তি গ্রহণ করিয়া থাকেন। আমি যেমন অসৎ এই যে গতি হইয়াছে ইহা আমার উপযুক্ত বটে, তিনিই ইহা দেখাইয়াছেন ॥ ১২ ॥

যাহা হউক, তাঁহাতে আমাতে অনেক বিশেষ আছে এই নিমিত্ত আমি সেবক ভাবে তাঁহার শরণাপন্ন হইতেছি। এই মাতৃদেহে ভূত ইন্দ্রিয় আশয়ময়ী অর্থাৎ দেহাকারে পরিণতা মায়াকে আশ্রয় করিয়া কর্ম্ম দ্বারা আবৃত এবং বদ্ধ তুল্য হইয়া এই যে রহিয়াছে এ আমি, তিনিও এই দেহেই আছেন কিন্তু তিনি অখণ্ড বোধ সম্পন্ন, বিশুদ্ধ এবং নির্ব্বিকার, আমার সন্তাপিত হৃদয়ে তাঁহার ঐ রূপ প্রতীত হইতেছে, তিনিই আমার সেব্য, আমি তাঁহাকেই নমস্কার করি ॥ ১৩ ॥

যঃ পঞ্চভূতরচিতে রহিতঃ শরীরে চ্ছন্নো যথেন্দ্রিয়গুণার্থচিদাত্মকোঽহং।
তেনাবিকুণ্ঠ মহিমানমৃষিং তমেনং বন্দে পরং প্রকৃতিপূরুষয়োঃ পুমাংসং ॥ ১৪ ॥
যন্মায়য়োরু গুণকর্ম্ম নিবন্ধনেঽস্মিন্ সাংসারিকে পথি চরন্ তদভিশ্রমেণ।

শ্রীধরস্বামী।

নন্থ ত্বমপি বস্তুতঃ শুদ্ধ এব অসঙ্গোহ্যয়ং পুরুষ ইত্যাদি শ্রুতেঃ। তৎকথং যুবয়োরয়ং বিশেষস্তত্রাহ যঃ পঞ্চভি র্ভূতৈ রচিতে শরীরে অযথা মিথ্যৈব ছন্নঃ ন বস্তুতঃ যতস্তেন শরীরেণ রহিতঃ অসঙ্গঃ। অতোঽযথৈব ইন্দ্রিয়গুণার্থচিদাত্মকঃ ইন্দ্রিয়াণিচ গুণাশ্চ অর্থাশ্চ চিদাভাসশ্চ তদাত্মকঃ। সোঽহং তং বন্দে কথং ভূতং তেন শরীরেণ অবিকুণ্ঠো মহিমা যস্য তং। অবগুণ্ঠেতি পাঠে অব অবসন্নো গুণ্ঠো গুণ্ঠনমাবরণং যস্য স মহিমা যস্য ইত্যর্থঃ। অত্র হেতুঃ প্রকৃতিপুরুষয়োঃ পরং নিয়ন্তারং কুতঃ ঋষিং সর্ব্বজ্ঞং বিদ্যাশক্তিমিত্যর্থঃ। বিদ্যাঽবিদ্যাকৃতো বিশেষ ইতি ভাবঃ ॥ ১৪ ॥

নন্থ জ্ঞানেনায়ং বন্ধো নিবর্ত্তয়িষ্যতে কিং পরমেশ্বর বন্দনেন তত্রাহ যদ্মায়য়া নষ্টস্মৃতিঃ সন্ সংসার সম্বন্ধিনি পথি তদভি শ্রমেণ তৎকৃতেন ক্লেশেন চরন্নয়ং জীবঃ মহত স্তস্যৈব ঈশ্বরানুগ্রহং বিনা পুনঃ কয়া যুক্ত্যা লোকং নিজ স্বরূপং প্রবৃণীত সংভজেৎ। অতিশ্রম হেতুত্বেন পন্থানং বিশিনষ্টি উরূণি গুণনিমিত্তানি কর্ম্মাণি নিতরাং বন্ধনানি যস্মিন্ ঈশ্বরপ্রসাদং বিনা

ক্রমসন্দর্ভঃ।

তদেবং বন্ধাবন্ধাদিকং যোজয়তি য ইতি। শরীরে যথাহং ছন্ন স্তথান্তর্যামিতয়া তৎ প্রবেশাৎ যস্তত্র ছন্নোঽপি রহিত স্তৎ-স্পর্শ শূন্যঃ। তত্র স্বস্য তৎস্পর্শে হেতুরিন্দ্রিয়েতি। তস্য তু তদস্পর্শেন বিশেষমাহ তেনেতি। শরীরেন্দ্রিয়াদি স্পর্শ-শূন্যত্বেনাবিকুণ্ঠেত্যাদি। যতঃ প্রকৃতি পুরুষয়োঃ পরং। অবিদ্যা স্পর্শাস্পর্শযোগ্য স্বরূপ বৈলক্ষণ্যাদাবয়োরিতি ভাবঃ। যদ্বা। য ইন্দ্রিয়গুণার্থচিদাত্মকো লিঙ্গ শরীরাধ্যস্ত চিদ্রূপো যথা যেন নিজেশ্বরাজ্ঞানাদি প্রকারেণ পঞ্চভূতরচিতে শরীরে ছন্ন স্তেন চাবৃতস্তথা তেনৈব প্রকারেণ সোঽহং তেন পূর্ব্বোক্তেন নিজেশ্বরেণ রহিত স্তস্মাদ্বিমুখতাং প্রাপ্ত স্তমেনমকস্মাত্মনস্যাবি-র্ভবন্তং বন্দে মহাকরুণাময়তয়া স্তৌমি তত্র তস্য মহিম কীর্ত্তন স্বাযোগ্যতাং দর্শয়তি অবিকুণ্ঠেত্যাদিনা। ঋষিং ব্রহ্মা-দীনামপি গুরুং। প্রকৃতে স্তদ্দৃষ্টুর্মহাপুরুষস্যচ পরং পরমং তং নরাকারং শ্রীকৃষ্ণাখ্যং স্বভগবন্তমিত্যর্থঃ ॥ ১৪ ॥

নম্বিতো নিঃসৃত্য ভজনং কুরু ইত্যাশঙ্ক্য তস্য দুর্ল্লভতা মাহ যদিতি। যস্য মায়য়েত্যাদি তং লোকং স্বাশ্রয়ং ত্বাং। পুন-

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

নন্বেবঞ্চেৎ স কথমত্র শরীরে তিষ্ঠেত্তত্রাহ। যঃ শরীরেঽত্র রহিতঃ ইন্দ্রিয়াণি গুণাশ্চ অর্থাশ্চ তেম্বেব চিচ্চৈতন্যং যস্য তথাভূত আত্মা স্বরূপং যস্য সোঽহং যথাত্র শরীরে ছন্ন এব তথাযোঽত্র রহিতঃ স্থিতোপ্যস্থিত এবেত্যর্থঃ। তেন হেতুনা ন বিশেষেণ কুণ্ঠো মহিমা যস্য তং তেনাবগুণ্ঠেতি পাঠে ভাগুরিমতেঽকার লোপোনাত্র সমাসে অবগুণ্ঠ মহিমানমনাবৃতৈশ্বর্য্যং। প্রকৃতেস্তদ্দ্রষ্টু র্মহা-পুরুষস্য চ পরং তাভ্যাং পরস্তং পুমাংসং শ্রীকৃষ্ণং ॥ ১৪ ॥

নম্বীদৃশী ভক্তিস্ত্বয়া কথং প্রাপ্তেতি তত্র ভক্তেঃ প্রাপ্তিকারণং মহদনুগ্রহ এবেত্যাহ যদিতি। তদভিশ্রমেণ তৎপথ পর্য্যটন-শ্রমেণ হেতুনা নষ্টস্মৃতি রয়ং মল্লক্ষণো জনঃ মহদনুগ্রহং বিনা কয়া যুক্ত্যা লোকং ভগবতো ধাম প্রবৃণীত স্বাভীপ্সিত বরত্বেন বৃণু-

আমিও বস্তুতঃ শরীরহীন ও অসঙ্গ হওয়াতে এই পঞ্চভূত নির্ম্মিত দেহে মিথ্যা আচ্ছন্ন, সুতরাং আমারও ইন্দ্রিয় বিষয় এবং চিদাভাস স্বরূপ হওয়া মিথ্যা বটে কিন্তু আমার আরাধ্য পুরুষের মহিমা এই শরীরের দ্বারাও কুণ্ঠিত হয় না, যে হেতু তিনি সর্ব্বজ্ঞ এবং প্রকৃতি পুরুষের নিয়ন্তা অতএব আমি তাঁহারই বন্দনা করি ॥ ১৪ ॥

এই সংসার সম্বন্ধীয় পথে গুণ নিমিত্ত বহু বহু কর্ম্ম আছে সে সকলই বন্ধন। সংসার বর্ত্মে যাঁহার মায়ায় নষ্টস্মৃতি হইয়া এই জীব বিচরণ করিতেছে, সেই মহৎ পুরুষের অনুগ্রহ ব্যতিরেকে কি যুক্তিতে এ জীব নিজ স্বরূপ লোককে সম্যক্ প্রকারে উপাসনা করিতে সমর্থ হইবে ? ফলতঃ ঈশ্বর

নষ্টস্মৃতিঃ পুনরয়ং প্রবৃণীতলোকং যুক্ত্যা কয়া মহদনুগ্রহমন্তরেণ ॥ ১৫ ॥
জ্ঞানং যদেতদদধাৎ কতমঃ স দেবস্ত্রৈকালিকং স্থিরচরেষ্বনুবর্ত্তিতাংশং।
তং জীবকর্ম্মপদবীমনুবর্ত্তমানা স্তাপত্রয়োপশমনায় বয়ং ভজেম ॥ ১৬ ॥
দেহ্যন্যদেহবিবরে জঠরাগ্নিনাঽসৃগ্বিণ্মূত্র কূপপতিতো ভৃশতপ্তদেহঃ।
ইচ্ছন্নিতো বিবসিতুং গণয়ন্ স্বমাসান্ নির্বাস্যতে কৃপণধী র্ভগবন্ কদা নু ॥ ১৭ ॥

শ্রীধরস্বামী।

জ্ঞানাভাবাৎ স এব সেবা ইত্যর্থঃ ॥ ১৫ ॥

ঈশ্বর এব জ্ঞানদ ইত্যুপপাদয়ন্নাহ যদেতৎ ত্রিকাল বিষয় জ্ঞানং তৎ তং বিনা কতমো নযাদধাৎ নকোঽপি কিন্তু স দেব ঈশ্বর এব। অন্যঃ প্রকৃষ্টো জীবো দধাতু নেত্যাহ জীবরূপাং কর্ম্মপদবীং অনুবর্ত্তমানা বয়মিতি তদ্ব্যতিবেকেণ নকোঽপি সমর্থ ইত্যর্থঃ। অন্যস্যাত্রাসম্ভবমুক্ত্বা তস্য সম্ভবমাহ স্থিরেষু চরেষু চান্তর্যামিরূপোঽনুবর্ত্তিতোঽংশো যেন তং ভজেম ॥ ১৬ ॥

স্বদুঃখং বিজ্ঞাপয়ন্নাহ দেহীতি। অন্যদেহবিবরে মাতুরুদর কুহরে যোঽসৃক্ বিণ্মূত্র কূপঃ তস্মিন্ পতিতঃ তত্র জঠরাগ্নিনা ভৃশং তপ্তো দেহো যস্য। অতএব কৃপণধীঃ ইতো বিবরাৎ বিবসিতুং নির্গন্তুমিচ্ছন্ স্বমাসান্ গণয়ন্ অসৌ কদা নু অহো বহি-

ক্রমসন্দর্ভঃ।

স্তৎ প্রাপ্তি কারণং মহদনুগ্রহ এব তাবদ্দুর্ল্লভ ইতি ভাবঃ ॥ ১৫ ॥

তস্মাৎ প্রাচীনমহদনুগ্রহাদরেণ প্রকটিতাত্মজ্ঞানং তমেবাবিস্মৃতয়ে সম্প্রতি প্রপন্না ইত্যাহ জ্ঞানমিতি। বহুত্বং স্বসাধারণ জীবান্তর সম্ভাবনয়া ত্রৈকালিকং নিত্যরূপং তং ॥ ১৬ ॥ ১৭ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী

য়াৎ। অপিতু ন কয়াপীত্যতঃ পূর্ব্ব জন্মনি কৃষ্ণভক্তস্য কস্যচিন্মদ্গুরোঃ প্রসাদ বিলসিতমেবৈতন্মে কৃষ্ণভজনমিতি ভাবঃ ॥ ১৫ ॥

নন্থু তং পরমেশ্বরং কেন প্রমাণেন জ্ঞাত্বা ভজসীতি তত্রানুমানেনৈবেত্যাহ জ্ঞানং যদেতৎ মহ্যধমেঽপি অদধাৎ ধারয়ামাস অর্পয়তি স্মেত্যর্থঃ স কতমো দেবো ভবেৎ। দেবেষু মধ্যে কশ্চিন্মুখ্যো ভবেদিতি মজ্জ্ঞানান্যথানুপপত্ত্যৈবানুমীয়মানং ত্রৈকালিকং ভূতভবিষ্যদ্বর্ত্তমান কালেষু বিরাজমানং স্থিরচরেষ্বনুবর্ত্তিতোঽন্তর্যামিরূপোঽংশো যেন তং। জীবসম্বন্ধিনীং কর্ম্মপদবীং ॥ ১৬ ॥

হে প্রভো মম দুঃখং সুখং ত্বচ্চরণ প্রাপ্তিশ্চেত্যেতৎ সর্ব্বং ত্বদধীনমিত্যহমতিবাল্যাদতিতারুণ্যাচ্চ কিমপি পৃচ্ছামীত্যুদ্দেশেনৈব ভগবন্তমাহ। অহং দেহী অন্যদেহ বিবরে মাতুরুদর কুহরে অত ইতো বিবরাৎ বিবসিতুং বিযুক্তীভবিতুমিচ্ছন্ স্বমাসান্ অয়মষ্টমোঽয়ং নবমো ঽয়ং দশম ইত্যেবং গণয়ন্ কৃপণধীঃ স্বীয় দুঃখ সুখদর্শ্ত দৃষ্টিত্বাৎ কুবুদ্ধির্ম্লক্ষণোঽয়ং জনঃ কদা নির্বাস্যতে বহির্নিক্রাময়িষ্যতে ভবতেত্যত্র তস্য কষ্টস্য সোঢ়ুমশক্যত্বাদ্বহিরেব তত্র ত্বাং ভজেয়েতি ভাবঃ ॥ ১৭ ॥

প্রসাদ বিনা জ্ঞান লাভ হয় না, অতএব তিনিই উপাস্য ॥ ১৫ ॥

অপর, এই যে ত্রৈকালিক জ্ঞান আমি প্রাপ্ত হইয়াছি ইহা তিনি ভিন্ন অন্য কোন্ ব্যক্তি আমাতে বিধান করিতে সমর্থ হন? অর্থাৎ কাহারও সাধ্য নাই, সেই ঈশ্বরই বিধান করিয়াছেন। আমরা জীব রূপ কর্ম্ম পদবীর অনুবর্ত্তী, তাহাতে জীব হইতে যে ঐ জ্ঞান হইয়াছে তাহাও বলিতে পারি না। অতএব যিনি আমাদের জ্ঞানপ্রদ এবং স্থাবর ও জঙ্গমে যাঁহার অংশ অনুবর্ত্তমান আধ্যাত্মিকাদি তাপত্রয়ের উপশমনার্থ তাঁহারই ভজনা করি ॥ ১৬ ॥

জীব এই রূপে তাঁহাকে উপাস্য বলিয়া স্থির করত আত্ম দুঃখ বিজ্ঞাপন পূর্ব্বক সম্বোধন করিয়া কহিল হে ভগবন্! এই দেহী (আমি) অন্য দেহ বিবরে অর্থাৎ মাতার উদর কুহরে শোণিত ও বিষ্ঠা মূত্রের কূপে পতিত হইয়া রহিয়াছে, এখানে কেবল বিষ্ঠা মূত্র জন্য ক্লেশ ভোগ করিতে জঠরাগ্নি দ্বারা দেহ অত্যন্ত সন্তপ্ত হইতেছে, ইহাতে এই দেহী অতিশয় দীনমতি হইয়া এস্থান হইতে নির্গমনের মানসে আপনার মাস গণনা করিতেছে কিন্তু এ কখন বহির্গত হইবে? ॥ ১৭ ॥

**যেনেদৃশীং গতিমসৌ দশমাস্য ঈশ সংগ্রাহিতঃ পুরুদয়েন ভবাদৃশেন।**
**স্বেনৈব তুষ্যতু কৃতেন স দীননাথঃ কো নাম তৎপ্রতিবিনাঞ্জলিমস্য কুর্য্যাৎ॥ ১৮॥**
**পশ্যত্যয়ং ধিষণয়া ননু সপ্তবধ্রিঃ শারীরকে দমশরীর্য্যপরঃ স্বদেহে।**

শ্রীধরস্বামী।

নির্বাস্যতে॥ ১৭॥

তৎকৃতমুপকারং স্মরন্নাহ যেন ঈদৃশীং গতিং জ্ঞানং। ভবাদৃশেনেতি নিরুপমেনেত্যর্থঃ। স্বকৃতেনৈব স্বয়ং তুষ্যতু। অঞ্জলি মাত্রং বিনা তৎকৃতে উপকারে প্রত্যুপকারং কঃ কুর্য্যাদিত্যর্থঃ॥ ১৮॥

ঈদৃশীং গতিমিত্যনেন জাত্যন্তর বিলক্ষণং জ্ঞানং প্রাপিতবানিত্যুক্তং। তদেব বৈলক্ষণ্যমাহ পশ্যতীতি। অয়মপরঃ পশ্বাদিঃ। সপ্তবধ্রি র্জীবঃ স্বদেহে শারীরকে শরীরভবে সুখ দুঃখে কেবলং ননু পশ্যতি অহং পুন র্যৎসৃষ্টয়া ধিষণয়া যদ্দত্তেন বিবেক জ্ঞানেন দমশরীরী দম ইত্যুপলক্ষণং শমদমাদি যুক্ত শরীরবান্ আস অভবং তমেবচ পুরাণং অনাদিং পুরুষং পূর্ণং বহিশ্চ হৃদিচ পশ্যে

ক্রমসন্দর্ভঃ।

ঈদৃশীং স্বভক্তি লক্ষণাং গতিং অবস্থাং ভবতেত্যধ্যাহারাৎ। ভবত্তুল্যেন ভবতেতি নিরুপমত্বং ব্যঞ্জিতং। স্বকৃতেনৈব স্বয়ং তুষ্যত্বিতি দুর্গতত্তমোঽয়ং যদি সকৃন্ময়ানুগৃহীতস্তর্হি কথং ত্যজেতেতি বিচার্য্যেত্যর্থঃ॥ ১৮॥

ঈদৃশীং গতিমিত্যনেন মনুষ্য জাতাবপি অন্য বিলক্ষণং জ্ঞানং প্রাপিতবানিত্যুক্তং তদেব বৈলক্ষণ্যং স্পষ্টয়তি পশ্যতীতি। অয়ং মনুষ্যজাতিমাপন্নঃ সপ্তবধ্রি র্গর্ভগতো জীবঃ সর্ব্ব এব তত্রোৎপন্নয়া ধিষণয়া অনেক জন্মগত শরীর ভবে সুখ দুঃখে কেবলে পশ্যতি। তেষ্বপরস্তু কশ্চিদ্ভাগ্যবান্ দমশরীরী তদুপলক্ষিত-যোগযুক্ত শরীরবানপি ভবতি। অহং পুনঃ স তত্তজ্জীববন্নির্ব্বিশেষো ঽপি যদ্দত্তয়া ধিষণয়া তমপি পশ্যামি। অত্র নিরুক্তঞ্চ দর্শিতং। মৃতশ্চাহং পুনর্জ্জাতো জাতশ্চাহং পুনর্মৃত ইত্যাদি তদ্ভাবনানন্তরং। সাংখ্যং যোগং সমভ্যসেৎ পুরুষং বা পঞ্চবিংশকমিতি। অত্র টীকাকৃদ্ভিরপি অহং পুনরিত্যনেন মনুষ্য

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

